




ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম ২০১৪ - ২০১৫



ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম ২০১৪-২০১৫

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



আবুল মাল আবদুল মুহিত এম. পি.

মন্ত্রী

অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



মুখবন্ধ

আবুল মাল আবদুল মুহিত
মন্ত্রী

আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের গুরুত্বপূর্ণ তথ্য-উপাত্ত সম্বলিত “ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম ২০১৪-২০১৫” শিরোনামে একটি পুস্তিকা প্রকাশিত হচ্ছে যেনে আমি অত্যন্ত আনন্দিত। একটি দেশের স্থিতিশীল আর্থিক খাত সে দেশের ভারনাম্যপূর্ণ ও গতিময় অর্থনীতির পরিচয় বহন করে এবং আর্থিক খাতের স্থিতিশীলতা রক্ষা ও দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করতে ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ভূমিকা সর্বাধিক গুরুত্বপূর্ণ।

০২। আর্থিক বাজারে সুশাসন প্রতিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এ খাতে সুখম উন্নয়নের অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ামক। আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ইতোমধ্যে বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেয়া হয়েছে। ব্যাংক কোম্পানি আইনের ধ্বংসাত্মক সংশোধনের মাধ্যমে কেন্দ্রীয় ব্যাংকের তদারকির ক্ষমতা বৃদ্ধিসহ এ কার্যক্রমকে আধুনিকীকরণ ও জোরদার করা হয়েছে। দেশে উন্নত ঋণ সংস্কৃতি গড়ে তোলার লক্ষ্যে উত্তম ঋণ পরিশোধকারীদের প্রণোদনা প্রদানের ব্যবস্থা গৃহীত হয়েছে।


০৩। মানুষের জীবন ও সম্পদের ঝুঁকি হ্রাস এবং সামাজিক ও অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিতকরণে বীমা শিল্পের সঠিক লক্ষ্য, উদ্দেশ্য ও করণীয় নির্ধারণে “জাতীয় বীমা নীতি ২০১৪” প্রণয়ন করা হয়েছে। এই নীতিতে প্রণীত ৫০টি সমন্বিত কর্মকৌশল এর বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়েছে, যা সকল স্তরের জনগণের কাছে বীমার সুফল বিতরণে সহায়তা করবে। সরকারী বীমা প্রতিষ্ঠানে সামাজিক নিরাপত্তা বীমা বিষয়ক নতুন বীমা কিম চালু করা হয়েছে। এছাড়া, অনলাইন ইনস্যুরেন্স সিস্টেম চালুসহ মোবাইল ফোনের মাধ্যমে পলিসির প্রিমিয়াম পরিশোধের কার্যক্রম শুরু হয়েছে।

০৪। অর্থনৈতিক উন্নয়নের জন্য দেশের পুঁজিবাজারের উন্নয়ন অত্যাবশ্যক। বাজার সংস্কারের অংশ হিসেবে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের মালিকানা ও ব্যবস্থাপনা পৃথকীকরণের মাধ্যমে উভয় স্টক এক্সচেঞ্জের ডিভিউচ্যুয়ালাইজেশন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং পুঁজিবাজার সংক্রান্ত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে Special Tribunal গঠন করা হয়েছে। তাছাড়া বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন- IOSCO Multilateral Memorandum of Understanding এর “A” ক্যাটাগরীর পূর্ণাঙ্গ সদস্যপদ লাভ করেছে। ফলে সকল আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের প্রতিনিধিত্ব নিশ্চিত হয়েছে।

০৫। ক্ষুদ্রঋণ প্রদানের মাধ্যমে দারিদ্র বিমোচনে বিশ্বব্যাপী বাংলাদেশের সুনাম রয়েছে। দেশের ক্ষুদ্রঋণ পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। এমআরএ কর্তৃক এ পর্যন্ত ৭৫৩টি প্রতিষ্ঠানকে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার জন্য সনদ প্রদান করা হয়েছে এবং বিবিধ কারণে ৫৬টি প্রতিষ্ঠানের সনদ বাতিল হয়েছে, যা ক্ষুদ্রঋণ খাতে শৃঙ্খলা বজায় রাখতে সহায়তা করছে।

০৬। দেশে টেকসই অর্থনৈতিক স্থিতিশীলতা অর্জনের বৃহত্তর লক্ষ্যে দ্রুত পৌঁছানোর জন্য সরকারি সকল আর্থিক প্রতিষ্ঠানকে এবার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যা নিবিড় মনিটরিং ব্যবস্থা গড়ে তুলতে সহায়তা করবে। আর্থিক খাতে সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং উত্তাবনী কর্মকাণ্ডের মাধ্যমে সকলের সম্মিলিত প্রয়াসে একটি দক্ষ, উন্নত ও গতিশীল আর্থিক ব্যবস্থা গড়ে তোলা সম্ভব হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

০৭। পরিশেষে, যে সকল ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান এ পুস্তিকাটি প্রণয়নে তথ্য-উপাত্ত সরবরাহ করে সহযোগিতা করেছে তাদের ধন্যবাদ জানাই। অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকের পরবেষণা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রতিবেদনটি প্রণয়নের সার্বিক কর্মকাণ্ডে যথেষ্ট পরিশ্রম করেছেন, আমি তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। এ প্রতিবেদনে উপস্থাপিত তথ্য-উপাত্ত থেকে নীতি-নির্ধারক, গবেষক, শিক্ষার্থী ও আগ্রহী পাঠকবৃন্দ উপকৃত হবেন এ প্রত্যাশা করি।


(আবুল মাল আবদুল মুহিত এম পি)
মন্ত্রী ২৯/৫/১৫

অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



বাণী

এম.এ.মান্নান এমপি
প্রতিমন্ত্রী

অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দেশে যথাযথ বিনিয়োগ পরিবেশ বজায় রাখার মাধ্যমে উচ্চতর প্রবৃদ্ধি ধারা অব্যাহত রাখার জন্য উন্নত ব্যাংক, বীমা ও আর্থিক পরিসেবা অপরিহার্য। দেশে আর্থিক ঋতে দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির নিরলস প্রয়াস অব্যাহত রয়েছে। ২০১৪ সালের ডিসেম্বর পর্যন্ত তফসিলী ব্যাংকগুলো মোট ৯ হাজার ৪০টি শাখার মাধ্যমে জনগণকে আর্থিক সেবা প্রদান করেছে। সম্প্রসারণ ও অন্তর্ভুক্তিমূলক কার্যক্রম গ্রহণের ফলে সকল তফসিলী ব্যাংকের আমানতের পরিমাণ ফেব্রুয়ারি ২০১৪ পর্যন্ত ৬ হাজার ৩ শত ২০ বিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারি ২০১৫-তে ৭ হাজার ১ শত ১০ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে; যার প্রবৃদ্ধির হার ১২.৬১%।

টেকসই অর্থনৈতিক কাঠামো গড়ে তোলার লক্ষ্যে প্রান্তিক কৃষক, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী, মুক্তিযোদ্ধা, পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোর, পোশাক শিল্পে কর্মরত শ্রমিক, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, অতি-দরিদ্র মহিলা, সকল প্রতিবন্ধী ব্যক্তি, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত শ্রমিক ও স্কুলগামী ছাত্র-ছাত্রীদের জন্য ডিসেম্বর, ২০১৪ তারিখ পর্যন্ত মোট ১,৫৩,৯১,৮০৭ (এক কোটি তিরিশান্ন লক্ষ একানব্বই হাজার আটশত সাত)টি বিশেষ ব্যাংক হিসাব খোলা হয়েছে। এছাড়া সকলের নিকট ব্যাংকিং সেবা পৌঁছানোর লক্ষ্যে মোবাইল ব্যাংকিং ও এজেন্ট ব্যাংকিং সেবা প্রদান কার্যক্রম চালু করা হয়েছে। ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত এ কার্যক্রমে গ্রাহক সংখ্যা ২৫.৮ মিলিয়নে উন্নীত হয়েছে এবং মাসিক গড় লেনদেনের পরিমাণ দাঁড়িয়েছে ১০ বিলিয়ন টাকায়।

অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য শিল্প বিকাশের অনুকূল অর্থায়নের উৎস হিসাবে পুঁজিবাজার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। পুঁজিবাজার খাতে সংস্কার কার্যক্রমসমূহের আওতায় পুঁজিবাজার সংক্রান্ত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে Special Tribunal গঠন, নতুন Index প্রবর্তন, বিগত ২ বছরে ১৫৬টি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানকে বিএসইসি কর্তৃক নিবন্ধন সমন্বয় প্রদান, বৈদেশিক প্রাতিষ্ঠানিক এবং অনিবাসী বাংলাদেশীদের পুঁজিবাজারে অর্জিত লাভের উপর আরোপিত ১০% Capital gain tax প্রত্যাহার, সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ে ব্রোকারেজ কমিশন হিসেবে লেনদেন মূল্যের উপর উৎসে আয়কর কর্তনের হার ০.১০% থেকে হ্রাস করে ০.০৫% নির্ধারণ, ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের ৯ বিলিয়ন টাকার প্রণোদনা তহবিলের ৬ বিলিয়ন টাকা বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

বীমা খাতে আর্থিক শৃঙ্খলা ও পেশাদারিত্ব সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশে প্রথমবারের মত “জাতীয় বীমা নীতি, ২০১৪” প্রণয়ন করা হয়েছে। “জাতীয় বীমা নীতি, ২০১৪”-তে ৫০টি সমন্বয়কর্মকৌশল নির্ধারণ করা হয়েছে। “The Insurance Corporations Act, 1973”-কে যুগোপযোগী করে “বীমা কর্পোরেশন আইন” প্রণয়নের কাজ এগিয়ে চলছে। বীমা সুবিধা থেকে বঞ্চিত বৃহত্তর জনগোষ্ঠীর কল্যাণে উপযুক্ত পেনশন স্কিম চালুর বিষয়টি বিবেচনা করা হচ্ছে।

সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচনের লক্ষ্যে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন কর্তৃক জুলাই ২০১৩ হতে জুন ২০১৪ সময়কালে ৮১ লক্ষ উপকারভোগীর মাঝে ১৮৪.৬০ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে। মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির নিয়ন্ত্রণাধীন ক্ষুদ্রঋণ বিতরণকারী প্রতিষ্ঠানসহ সমগ্র ক্ষুদ্র ঋণ সেটরে জুলাই ২০১৩ হতে জুন ২০১৪ সময়কালে প্রায়

৩ কোটি ৬২ লক্ষ উপকারভোগীর মাঝে ৬৬৫.৭৮ বিলিয়ন টাকা মুদ্রা ঋণ বিতরণ করা হয়েছে। সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের নতুন জীবন কর্মসূচির আওতায় একই সময়কালে ১ লক্ষ ২৮ হাজার উপকারভোগীর মধ্যে ২.৫৫ বিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত গৃহায়ন তহবিলের আওতায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের অনুকূলে ০.১১ বিলিয়ন টাকা অনুদান প্রদান করা হয়েছে। সরকারের 'ঘরে ফেরা' কর্মসূচির মাধ্যমে ৩১.০৩.২০১৫ তারিখ পর্যন্ত ঢাকাহু ৮২৪টি বস্তিবাসী পরিবারকে ০.০৩ বিলিয়ন টাকা জামানত ও সুদ বিহীন ঋণ বিতরণের মাধ্যমে নিজ নিজ গ্রামে পুনর্বাসিত করা হয়েছে।

পরিশেষে, পুস্তিকাটি প্রণয়নে যারা পরিশ্রম করেছেন, আমি তাঁদের সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি। পুস্তিকাটিতে প্রকাশিত তথ্য-উপাত্ত ব্যবহারে নীতিনির্ধারণক, গবেষক, শিক্ষার্থী ও আহুহী পাঠকবৃন্দ উপকৃত হবেন এরূপ আশা করছি।



এম.এ.মান্নান



সচিব
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের সার-সংক্ষেপ

একটি দক্ষ, অন্তর্ভুক্তিমূলক ও শক্তিশালী আর্থিক বাজার এবং সেবা ব্যবস্থা গড়ে তোলার প্রত্যয়ে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ষাটতম কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং বর্ধিত মাত্রায় প্রযুক্তি প্রয়োগের ফলে দেশে আর্থিক স্থিতিশীলতা ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। আর্থিক খাতে নানামুখী সংস্কার ও অন্তর্ভুক্তিমূলক পদক্ষেপ গ্রহণের ফলে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধি বিগত পাঁচ বছরে গড়ে ৬.১৪ শতাংশ অর্জনে ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। দেশে মূল্যস্ফীতির হার নিয়মিত হওয়ায় ঋণের সুদ হারও কমছে এবং বৈদেশিক মুদ্রার বিজার্ত ক্রমগতভাবে বৃদ্ধি ও টাকার বিনিময় হার স্থিতিশীল থাকায় অর্থনীতিতে বর্তমানে একটি বিনিয়োগ-বান্ধব পরিস্থিতি বিরাজ করছে। জাতীয় অর্থনীতির সামগ্রিক অবস্থান আন্তর্জাতিক ঋণমান নির্ণয়কারী সংস্থা Standard & Poor's (S&P) এবং Moody's প্রকাশিত সতরেন রেটিং এ Stable Outlook-সহ যথাক্রমে BB- এবং Ba3 মান বজায় থাকা দেশের সুদৃঢ় ও স্থিতিশীল অর্থনীতির ইঙ্গিত বহন করে।

০২। বাংলাদেশ ব্যাংকের কার্যক্রমকে আরো গতিশীল ও যুগোপযোগী করার লক্ষ্যে সেন্ট্রাল ব্যাংক স্ট্রেন্ডেনিং প্রজেক্টের আওতায় এর কর্মপদ্ধতি ব্যাপকভাবে পরিবর্তন করে অটোমেশন জোরদার করা হয়েছে। বর্তমানে কেন্দ্রীয় ব্যাংকের মানব সম্পদ ব্যবস্থাপনা, স্থাবর-অস্থাবর সম্পদ ক্রয় ও ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা, বেতন-ভাতা পরিশোধ সংক্রান্ত ষাটতম কার্যক্রম এন্টারপ্রাইজ রিসোর্সেস প্রানিং (ERP) সিস্টেমের মাধ্যমে এখন স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হচ্ছে। কেন্দ্রীয় ব্যাংকের ব্যাংকিং কার্যক্রমকেও কোর ব্যাংকিং সল্যুশন (Core Banking Solution) সিস্টেমের আওতায় অটোমেটেড করা হয়েছে এবং অভ্যন্তরীণ কার্যক্রমে ইআরপি পদ্ধতি প্রচলন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকে স্থাপিত এন্টারপ্রাইজ ডেটা ওয়্যারহাউজের মাধ্যমে ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেম, ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন মনিটরিং সিস্টেম, এলসি মনিটরিং সিস্টেম, ইন্ড্রপি ম্যাচিং সিস্টেম ইত্যাদি কাজে দক্ষতা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং কিছু ক্ষেত্রে তা সরকারের অন্যান্য প্রতিষ্ঠান যেমন-এনবিআর এর সাথে সমন্বিত (integrated) করা হয়েছে। ঋণ প্রদানের পূর্বে ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ অনলাইনে ঋণ সময়ে গ্রাহকদের ঋণ তথ্য সংগ্রহ করতে পারায় সারা দেশে ঋণ প্রদান প্রক্রিয়া অত্যন্ত সহজ ও দ্রুত হয়েছে এবং ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকাণ্ড আরও গতিশীল হয়েছে।

০৩। মুদ্রানীতি বাস্তবায়নের পাশাপাশি দেশের তফসিলি ব্যাংকগুলোর তত্ত্বাবধান/তদারকির কার্যক্রম জোরদার এবং পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক নানাবিধ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আন্তর্জাতিক মানের সাথে সঙ্গতি রেখে বাংলাদেশের ব্যাংকসমূহকে অধিকতর ঝুঁকি-সংবেদনশীল এবং ব্যাংকিং ব্যবস্থাকে অধিকতর সহনক্ষম করে সুদৃঢ় ভিত্তির উপর স্থাপনের লক্ষ্যে ব্যাংকিং খাতে রেগুলেটরি বাধ্যবাধকতা হিসেবে ব্যাসেল-২ এর আলোকে মূলধন পর্যাপ্ততা সংক্রান্ত রূপরেখা বাস্তবায়ন শেষ করা হয়েছে। বর্তমানে বাংলাদেশ ব্যাংক ব্যাসেল-৩ বাস্তবায়ন কর্মপরিকল্পনা ঘোষণা করেছে। এই কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যাংকগুলোর জন্য সংরক্ষিতব্য মূলধন পর্যাপ্ততার সংশোধিত হার নির্ণয়ের প্রক্রিয়া জানুয়ারি, ২০১৫ হতে ধাপে ধাপে জানুয়ারি, ২০২০ সাল নাগাদ বাস্তবায়ন করা হবে। ইতোমধ্যে বাস্তবায়িত ব্যাসেল-২ নীতিমালা অনুযায়ী তফসিলি ব্যাংকগুলোর ৩১ ডিসেম্বর, ২০১৪ তারিখ ভিত্তিক মূলধন পর্যাপ্ততার হার ১১.৩৫% এ দাঁড়িয়েছে। মূলধন পর্যাপ্ততার হার বৃদ্ধির পাশাপাশি তারল্য ব্যবস্থাপনায় উন্নতির কারণে বর্তমানে সামগ্রিকভাবে ব্যাংকগুলোর কোন তারল্য ঘাটতি নেই। ফলে, কল মানি মার্কেটে সুদের হার স্থিতিশীল রয়েছে।

০৪। ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ প্রদান প্রক্রিয়া অত্যন্ত সহজ ও দ্রুততর করার পাশাপাশি দেশের লেনদেন ব্যবস্থা বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (BACH), বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN) ও ন্যাশনাল পেমেন্ট সুইচ (NPS) স্থাপনসহ রিয়েল টাইম গ্রুপ সেটেলমেন্ট (RTGS) বাস্তবায়নে নানাবিধ পদক্ষেপ নেয়া হয়েছে। NPS স্থাপনের ফলে যে কোন ব্যাংকের গ্রাহক যে কোন ব্যাংকের এটিএম থেকে টাকা উত্তোলন এবং পয়েন্ট অব সেল (POS) সেবা গ্রহণ করতে পারছে। এর ফলে দেশে ই-কমার্সের

ব্যক্তি বৃদ্ধি পাচ্ছে। মোবাইল ব্যাংকিং ব্যবস্থা প্রবর্তনের ফলে দেশের পেমেন্ট সিস্টেমে যুগান্তকারী পরিবর্তন এসেছে। এর মাধ্যমে বিদেশ থেকে প্রেরিত রেমিট্যান্স ও দেশের অভ্যন্তরে অর্থ বিতরণ, ইউটিলিটি বিল পরিশোধ, কেনাকাটা, পরীক্ষার ফি প্রদান, সরকারি অনুদান ও সরকারের সামাজিক নিরাপত্তা বেটনীর অর্থ দেশব্যাপী স্বল্প সময়ে ও সহজে প্রদান করা যাচ্ছে। তদুপরি, দেশব্যাপী আধুনিক ব্যাংকিং সেবা নিশ্চিত করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে ২০১৬ সালের মধ্যে অনলাইন ব্যাংকিং ব্যবস্থা সকল শাখায় চালুর জন্য সকল বাণিজ্যিক ব্যাংককে যথাশীঘ্র কোর ব্যাংকিং সল্যুশন (CBS) এবং আন্তঃশাখা সংযোগ নেটওয়ার্ক স্থাপন করার পরামর্শ দিয়ে নির্দেশনা জারী করা হয়েছে। এ প্রেক্ষিতে, ইতোমধ্যে দেশে কার্যরত ৫৬টি ব্যাংকের মধ্যে ৫০টি ব্যাংকে সম্পূর্ণ কিংবা আংশিকভাবে অনলাইন ব্যাংকিং ব্যবস্থা চালু হয়েছে।

০৫। বৈদেশিক মুদ্রা সেনদেন ব্যবস্থা উদারীকরণের পাশাপাশি রেমিট্যান্স গ্রহণ ও তা গ্রাহকের নিকট সরাসরি পৌঁছে দেবার লক্ষ্যে নানামুখী পদক্ষেপ গ্রহণের ফলে দেশে বৈদেশিক মুদ্রার অন্তর্মুখী প্রবাহের আশাব্যঞ্জক প্রবৃদ্ধি সত্ত্ব হয়েছে। ফলশ্রুতিতে, সাম্প্রতিককালে আমদানি ব্যয় বৃদ্ধি সত্ত্বেও মার্কিন ডলারের বিপরীতে টাকার মূল্যমান স্থিতিশীল থাকার পাশাপাশি দেশে বৈদেশিক মুদ্রার রিজার্ভ রেকর্ড পরিমাণ বৃদ্ধি পেয়েছে। সর্বশেষ ৬ মে, ২০১৫ তারিখে যার পরিমাণ দাঁড়িয়েছে ২৪.১৪ বিলিয়ন মার্কিন ডলারে, যা জুন, ২০১৪ শেষে ছিল ২১.৫৬ বিলিয়ন মার্কিন ডলার। বৈদেশিক মুদ্রা রিজার্ভের পরিমাণের দিক থেকে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ দ্বিতীয় অবস্থানে রয়েছে।

০৬। গত ২৯ জানুয়ারি, ২০১৫ তারিখে জার্মানীর বার্লিনে অনুষ্ঠিত ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (এফআইইউ)-সমূহের আন্তর্জাতিক সংগঠন এগমেন্ট গ্রুপের এফআইইউ প্রধানদের সভায় জানুয়ারি, ২০১৫ হতে জুন, ২০১৭ সময়কালের জন্য মানিলাভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে গঠিত 'বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (এফআইইউ)' এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রতিনিধি নির্বাচিত হয়েছে। এছাড়া, মানিলাভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বিভিন্ন তথ্যাদি বিশ্লেষণের ক্ষেত্রে বিএফআইইউ নির্বাচন কমিশনের আওতাধীন জাতীয় পরিচয়পত্রের ডাটাবেইজ ব্যবহার করছে। মানিলাভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিএফআইইউ ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ অটোমেটেড ক্রিয়ারিং হাউজ এবং আমদানি, রপ্তানি, ভ্রমণ ও বিবিধ বিষয়ে অন্তর্মুখী রেমিট্যান্স প্রবাহের ডাটাবেইজে প্রবেশাধিকার পেয়েছে। ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও বীমা প্রতিষ্ঠানসমূহ বিএফআইইউ কর্তৃক সংগৃহীত gOAML সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে নগদ সেনদেন রিপোর্ট ও সন্দেহজনক লেনদেন রিপোর্ট প্রেরণ শুরু করেছে। পাশাপাশি মূলধন বাজারে নিয়োজিত স্টক ডিলার, স্টক ব্রোকার ও পোর্টিফোলিও ম্যানেজার এবং ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের সাবসিডিয়ারি হিসেবে কার্যরত মার্চেন্ট ব্যাংকার এবং সম্পদ ব্যবস্থাপকগণ বিএফআইইউ এর চাহিদা মোতাবেক gOAML সফটওয়্যারের মাধ্যমে বিভিন্ন তথ্যাদি প্রেরণ করছে।

০৭। বর্তমান সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত খাতগুলোর মধ্যে কৃষি অন্যতম। কৃষি ও পল্লী খাত এক দিকে যেমন দেশের বিশাল জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে অন্যদিকে তেমনি মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধিতেও উল্লেখযোগ্য অবদান রাখে। সে বিবেচনায় সময়মত কৃষি উৎসাহকরণ সংগ্রহে সহায়তার জন্য ভূমিহীন কৃষক ও বর্গাচাষীসহ প্রকৃত কৃষকদের কাছে যথাসময়ে প্রয়োজনীয় পরিমাণ কৃষি ঋণ সরবরাহকে গুরুত্ব দিয়ে এবং সরকারের কৃষি ও কৃষকবান্ধব নীতির সাথে সঙ্গতি রেখে দেশব্যাপী সরকারি, বেসরকারি ব্যাংকের মাধ্যমে কৃষি ও পল্লী ঋণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। আমানত ও ঋণের সুদ হারের নিম্নমুখী প্রবণতা বিবেচনায় নিয়ে সম্প্রতি অগ্রাধিকার খাত হিসেবে কৃষি ও পল্লী ঋণের সুদ হারের উর্ধ্বসীমা ১৩ শতাংশের পরিবর্তে ১১ শতাংশে নামিয়ে আনে। কৃষি খাতের উৎপাদন ও ঋণের প্রবাহ বৃদ্ধির পাশাপাশি দেশে কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য হ্রাসকরণ, স্বল্প আয়ের লোকদের জীবন বাতায় মানোন্নয়ন ও নারীর ক্ষমতায়নের লক্ষ্যে এসএমই খাত এবং নারী উদ্যোক্তাদের মাঝে ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে এসএমই খাতে ঋণ বিতরণের পরিমাণ ছিল ৫৪০ বিলিয়ন টাকা। এ ঋণের বিকাশ ও সম্প্রসারণে বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তায় গঠিত বিভিন্ন হুর্গায়মান পুনঃঅর্থায়ন তহবিল হতে অর্থায়ন করা হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের ব্যবস্থাপনায় বিভিন্ন ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত মোট ৪৪ হাজার উদ্যোক্তাকে ৩৯ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করেছে।

০৮। ব্যাংকের পাশাপাশি দেশে কার্যরত নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ দেশের শিল্প, বাণিজ্য, গৃহায়ন, পরিবহণ ও তথ্যপ্রযুক্তি খাতে অর্থায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখছে। পাশাপাশি দুর্বল ও সমস্যাপ্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠানসমূহকে সনাক্ত করার মাধ্যমে তাদের অবস্থার উন্নতির জন্য সঠিক দিক নির্দেশনা ও কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য প্রয়োজনীয় গাইডলাইন প্রণয়ন করা হয়েছে। এছাড়া, আর্থিক প্রতিষ্ঠানসমূহের সেবার মূল্য নির্ধারণে স্বচ্ছতা এবং সুস্থ প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে 'গাইডলাইন অন দি বেইজ রেট সিস্টেম ফর নন-ব্যাংক ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশনস' প্রণয়ন করা হয়েছে। উক্ত গাইডলাইনের আলোকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের তহবিল ব্যয় সূচক (Cost of Fund Index) মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শন করা হচ্ছে।

০৯। বাংলাদেশে কার্যরত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের আমানতকারী ও গ্রাহকদের স্বার্থ সংরক্ষণ, যে কোন ধরনের ব্যাংকিং সেবা পেতে গ্রাহকদের হররানি বন্ধসহ আর্থিক খাতের জালিয়াতি ও প্রতারণা রোধকল্পে বাংলাদেশ ব্যাংকের ফিন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রয়েছে। তাছাড়া, ব্যাংকিং কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন হররানি প্রতিকারের বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ডিসপ্লেবোর্ড, সংবাদপত্র ও টেলিভিশনে বিজ্ঞাপনের মাধ্যমে প্রচারণমূলক কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া, বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'গাইডলাইন ফর কাস্টমার সার্ভিসেস এন্ড কমপ্লেইন ম্যানেজমেন্ট' শীর্ষক একটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে, যা আর্থিক খাতে শৃঙ্খলা আনয়ন, গ্রাহক স্বার্থ সংরক্ষণ ও গ্রাহক সেবার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সাধারণ মানুষের নিকট ব্যাংকিং সেবা পৌঁছানোর লক্ষ্যে মোবাইল ব্যাংকিং ও এজেন্ট ব্যাংকিং সেবা প্রদান কার্যক্রম চালু করা হয়েছে। ২০১১ সালে এ সেবা শুরু হবার পর এ পর্যন্ত ২৮টি ব্যাংককে মোবাইল ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য অনুমতি দেওয়া হয়েছে। ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত এ কার্যক্রমে গ্রাহক সংখ্যা ২৫.৮ মিলিয়নে উন্নীত হয়েছে এবং মাসিক গড় লেনদেনের পরিমাণ দাঁড়িয়েছে ১০ বিলিয়ন টাকায়। এছাড়া, ২টি ব্যাংক এজেন্ট ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে।

১০। ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানগুলোর পাশাপাশি দেশের বীমা খাতের উন্নয়নেও ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে, জাতীয় বীমা নীতি ২০১৪ প্রণয়ন করা হয়েছে। প্রণীত এ নীতিতে দেশে বীমা শিল্পের ভিশন, মিশন ও উদ্দেশ্য নির্ধারণপূর্বক এ খাতের মূল চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করা হয়েছে। এছাড়া, বীমা খাত উন্নয়নের লক্ষ্যে বীমা আইন ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর আলোকে বীমা ব্যবসা তত্ত্বাবধানের জন্য "বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ" কাজ করছে। বীমা শিল্পে শৃঙ্খলা আনার লক্ষ্যে ইতোমধ্যে ৩টি আইন, ৩টি বিধি ও ৯টি প্রবিধানমালা জারি করা হয়েছে। এ সব বিধি ও প্রবিধি প্রয়োগ করার মাধ্যমে একদিকে যেমন বীমা গ্রাহকদের স্বার্থ সুরক্ষিত হচ্ছে; অন্যদিকে বীমা শিল্পে গতিশীলতাও উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। বিগত বছরে প্রণীত জাতীয় বীমা নীতি ইতোমধ্যে বাস্তবায়ন শুরু হয়েছে।

১১। সরকারী বীমা প্রতিষ্ঠানে সামাজিক নিরাপত্তা বীমা, কমিউনিটি বেজড ইন্স্যুরেন্স ফর ফিশারম্যান, কমিউনিটি বেজড গ্রুপ ইন্স্যুরেন্স ফর কনস্ট্রাকশন ওয়ার্কার, মটরযান মেকানিকদের জন্য কমিউনিটি বেজড গ্রুপ ইন্স্যুরেন্স প্রভৃতি নতুন স্কিম চালু করা হয়েছে। এছাড়া, অনলাইন ইনস্যুরেন্স সিস্টেম চালুসহ মোবাইল ফোনের মাধ্যমে পলিসির প্রিমিয়াম পরিশোধের কার্যক্রম চালু করা হয়েছে। বীমা খাতে প্রিমিয়াম আয় ২০১০ এ ৬৮ বিলিয়ন হতে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে অনির্ধারিত তথ্য অনুযায়ী ১০২ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। একইভাবে এ খাতে সম্পদের পরিমাণ ২০১০ এ ২১৩ বিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে অনির্ধারিত তথ্যমতে ৩৮৪ বিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। এ খাতের লাইফ ফান্ডের পরিমাণ ২০০৯ এ ১১৬ বিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে অনির্ধারিত তথ্যমতে ২৭০ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

১২। এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর অনুদান সহায়তায় Weather Index Based Crop Insurance (WIBCI)-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি পাইলট ভিত্তিতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর আওতায় সাধারণ বীমা কর্পোরেশন ও বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। এই প্রকল্পের আওতায় অন্তত ২০টি আবহাওয়া কেন্দ্রের উন্নয়ন করা হবে; কমপক্ষে ১২ হাজার কৃষক পরিবারকে এই কৃষি বীমার অন্তর্ভুক্ত করা হবে। এছাড়াও সামাজিক বীমা ব্যবস্থা গড়ে তোলার এবং বীমা সুবিধা থেকে বঞ্চিত বৃহত্তর জনগোষ্ঠীর কল্যাণে উপযুক্ত পেনশন স্কিম চালুর বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে।

১৩। দেশের শিল্পায়ন তথা অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য শিল্প প্রতিষ্ঠান বিকাশের অনুকূল দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসাবে পুঁজিবাজার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। পুঁজিবাজারে নানাবিধ অর্জনের মধ্যে বাজার মূলধন, সিকিউরিটিজ লেনদেন, বৈদেশিক লেনদেন, মূলধন সরবরাহ, বি,ও, একাউন্টের সংখ্যা, তালিকাভুক্ত সিকিউরিটিজের সংখ্যা এবং বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধি অন্যতম। পুঁজিবাজার খাতে সাফল্য অর্জনের জন্য ২০১৩-১৪ অর্থবছর হতে ২০১৪-১৫ অর্থবছরের এপ্রিল পর্যন্ত নতুন ১টি আইন ও ২টি বিধি প্রণয়ন এবং ৩টি বিধি সংশোধন করা হয়েছে।

১৪। পুঁজিবাজার খাতে বিভিন্ন সংস্কার কার্যক্রমসমূহের আওতায় পুঁজিবাজার সংক্রান্ত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে Special Tribunal গঠন ও এর কার্যক্রম শুরু, টাকা ও চাইগাম স্টক এক্সচেঞ্জের মালিকানা ও ব্যবস্থাপনা পৃথকীকরণের মাধ্যমে উভয় স্টক এক্সচেঞ্জের ডিমিউচুয়ালাইজেশন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। তাছাড়া, আইপিওতে আবেদনকৃত কোম্পানির সম্পদ পুনঃমূল্যায়নের নীতিমালা প্রণয়ন, নতুন Index প্রবর্তন, মিউচুয়াল ফান্ডের নীতিমালা প্রণয়ন, বিগত ২ বছরে ১৫৬টি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানকে বিএসইসি কর্তৃক নিবন্ধন সনদ প্রদান, অডিটরদের প্যানেলভুক্তির লক্ষ্যে গাইডলাইন প্রণয়ন, বৈদেশিক প্রাতিষ্ঠানিক এবং অনিবাসী বাংলাদেশীদের পুঁজিবাজারে বিনিয়োগ থেকে অর্জিত লাভের উপর আরোপিত ১০% Capital gain tax প্রত্যাহার, সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ে ব্রেকারের কমিশন হিসেবে লেনদেন মূল্যের উপর উৎসে আয়কর কর্তনের হার ০.১০% থেকে হ্রাস করে ০.০৫% নির্ধারণ, ক্ষতিহু ক্ষুদ্র বিনিয়োগকারীদের ৯ বিলিয়ন টাকার প্রণোদনা তহবিলের ৬ বিলিয়ন টাকা বিতরণ এবং বিএসইসির IOSCO এর পূর্ণাঙ্গ সদস্য পদ লাভকরত: Appendix 'B' হতে Appendix 'A' ক্যাটাগরীতে উন্নীতকরণ ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। আইপিও, আরপিও, রাইট ইস্যু, মূলধন উত্তোলন এবং ডাইরেট লিস্টিং এর

মাধ্যমে ২০১৩-১৪ অর্থবছরে ১৭৮ বিলিয়ন টাকা এবং ২০১৪-১৫ অর্থবছরের এপ্রিল পর্যন্ত ১০৪ বিলিয়ন টাকার নতুন পুঁজির যোগান ও বিনিয়োগের অনুমোদন দেয়া হয়েছে। পুঁজিবাজারে স্থিতিশীলতা বজায় রাখার অন্যতম একটি ইনস্ট্রুমেন্ট হল-মিউচুয়াল ফান্ড। মিউচুয়াল ফান্ড খাতে কমিশন ২০১৩ সালে ২টি ফান্ডে ২ বিলিয়ন টাকা এবং ২০১৪-১৫ অর্থবছরে (এপ্রিল পর্যন্ত) ৩টি ফান্ডে ১.২ বিলিয়ন টাকা বিনিয়োগ অনুমোদন করেছে।

১৫। একটি শক্তিশালী পুঁজিবাজার গঠনের লক্ষ্যে Capital Market Development Program-III এর আওতায় কারিগরি সহায়তা প্রকল্প এবং Enhancing Efficiency of the Capital Market নামে ২টি প্রকল্প চলমান রয়েছে। উল্লেখ্য, বিএসইসি কর্তৃক বাস্তবায়িত "Second Capital Market Development Program (CMDP-II)" শীর্ষক প্রকল্পটি ২০১৪ সালের সর্বোত্তম বাস্তবায়িত প্রকল্প হিসেবে এডিবি কর্তৃক সম্মাননা পেয়েছে। পুঁজিবাজারে দীর্ঘমেয়াদে স্থিতিশীলতা বজায় রাখার জন্য Capital Market Development Program-III এর PPTA এর বাস্তবায়ন, স্টক এক্সচেঞ্জসমূহের ট্রেড পরবর্তী ক্লিয়ারিং ও সেটেলমেন্ট ফাংশনের জন্য একটি পৃথক ক্লিয়ারিং কোম্পানি প্রতিষ্ঠা, পুঁজিবাজারে ডেরিভেটিভ Products চালু, Bangladesh Securities and Exchange Commission (Alternative Investment) Rules, ২০১৫ প্রণয়ন, স্টক এক্সচেঞ্জে Separate Small Cap Trading Board গঠন এবং Exchange Traded Fund চালুর পরিকল্পনা রয়েছে।

১৬। মাইক্রোক্রেডিট রেশলটরি অধিষ্ঠিত কর্তৃক ৩১ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ৭৫৩টি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে সনদ প্রদান করা হয়েছে এবং সন্তোষজনক কার্যক্রম পরিচালনা না করায় ও বিধিমালায় নির্দেশিত পছন্দ্য কাজ না করায় ৫৬টি প্রতিষ্ঠানের সনদ বাতিল করা হয়েছে। এছাড়া, ২০১২ সালে গৃহীত আবেদনের ভিত্তিতে যাচাই-বাছাই করে ২০১৫ সালের ৩১ মার্চ পর্যন্ত মোট ১৭৯টি প্রতিষ্ঠানকে ক্ষুদ্রঋণ পরিচালনার জন্য প্রাথমিক অনুমোদন দেওয়া হয়েছে। ৩০ জুন ২০১৪ পর্যন্ত এমআরএ হতে সনদপ্রাপ্ত ৬৯৭টি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসহ সমগ্র ক্ষুদ্রঋণ সেট্টরে ঋণ বিতরণ করা হয় ৬৬৫.৭৮ বিলিয়ন টাকা, সঞ্চয়স্থিতি ছিল ২৭২ বিলিয়ন টাকা এবং ঋণস্থিতি ছিল ৪২০ বিলিয়ন টাকা। দারিদ্র বিমোচনের লক্ষ্যে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ২০১৪ সালের ডিসেম্বর পর্যন্ত সহযোগী সংস্থার মাঝে ১৮৪.৬০ বিলিয়ন টাকার ঋণ বিতরণ করেছে। পিকেএসএফ প্রায় ৩০ লক্ষ উপকারভোগীকে বিভিন্ন ধরনের আয়বৃদ্ধিমূলক বিষয়ের উপর প্রশিক্ষণ দিয়েছে। সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এ পর্যন্ত মোট ১৬টি জেলার ৫১টি উপজেলায় মোট ৩২৬২টি গ্রামে নতুন জীবন দল, গ্রাম সমিতি ইত্যাদি গঠনের মাধ্যমে মোট ৬.৫২ লক্ষ দরিদ্র ও অতিদরিদ্র পরিবারকে সুসংগঠিত করেছে; যার মধ্যে শতকরা ৯৪ জন নারী সদস্য। প্রকল্পের অন্তর্ভুক্ত মোট ৪২,৫৩৮টি দুঃস্থ ও ঋণিপূর্ণ পরিবারকে এককালীন অনুদান হিসেবে ১৩.২৪ কোটি টাকা প্রদান করার ফলে প্রায় ৩৮,৭১০ (৯১%)টি দুঃস্থ ও ঋণিপূর্ণ পরিবার আয় বৃদ্ধিমূলক কাজ শুরু করেছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত গৃহায়ন তহবিলের আওতায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের অনুকূলে ০.১১ বিলিয়ন টাকা অনুদান প্রদান করা হয়েছে। এ তহবিল দ্বারা এ পর্যন্ত ৩ লক্ষ ৫ হাজার ৪৬০ জন উপকৃত হয়েছে। গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর গৃহ নির্মাণের জন্য এ পর্যন্ত মোট ১.৯০ বিলিয়ন টাকা ছাড় ও ৬১,০৯২ টি গৃহের নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। দেশের হতদরিদ্র মহিলা শ্রমিকদের আবাসনের জন্য গৃহায়ন তহবিলের অর্থায়নে মহিলা বিষয়ক অধিদপ্তরের তত্ত্বাবধানে ০.২৫ বিলিয়ন টাকা ব্যয়ে সাভার উপজেলার আগুলিয়া মৌজায় একটি মহিলা হোস্টেল নির্মিত হচ্ছে; যাতে ৭৪৪ জন মহিলা শ্রমিকের আবাসন সুবিধা প্রদান করা সম্ভব হবে। বাংলাদেশ সরকারের 'ঘরেফেরা' কর্মসূচির মাধ্যমে ৩১ মার্চ ২০১৫ তারিখ পর্যন্ত ৮২৪টি তাকাস্থ বস্তিবাসী পরিবারকে ৩ কোটি ১৪ লক্ষ টাকা জামানত ও সুদ বিহীন ঋণ বিতরণের মাধ্যমে নিজ গ্রামে পুনর্বাসিত করা হয়েছে।

১৭। ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকাণ্ডের বিস্তৃতিতে বর্তমানে মোট দেশজ উৎপাদনের প্রবৃদ্ধি ত্বরান্বিত হচ্ছে, যা দেশকে বর্তমান সরকার ঘোষিত ২০৪১ সালের মধ্যে বহুল প্রতীক্ষিত উন্নত ও সমৃদ্ধিশালী দেশে রূপান্তরিতকরণে সহায়ক ভূমিকা রাখবে বলে আশা করা যায়।


(ড. এম আসলাম আলম)

	পৃষ্ঠা
প্রথম অধ্যায় : ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	০১
<input type="checkbox"/> ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫	০৩
দ্বিতীয় অধ্যায় : ব্যাংক	১৩
<input type="checkbox"/> বাংলাদেশ ব্যাংক	১৫
রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬)	৪৫
<input type="checkbox"/> রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর সার-সংক্ষেপ	৪৭
<input type="checkbox"/> বিগত পাঁচ বছরে রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর অগ্রগতি	৪৯
<input type="checkbox"/> সোনালী ব্যাংক লিমিটেড	৫০
<input type="checkbox"/> জনতা ব্যাংক লিমিটেড	৫১
<input type="checkbox"/> অগ্রণী ব্যাংক লিমিটেড	৫২
<input type="checkbox"/> রূপালী ব্যাংক লিমিটেড	৫৩
<input type="checkbox"/> বেসিক ব্যাংক লিমিটেড	৫৪
<input type="checkbox"/> বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড	৫৫
<input type="checkbox"/> রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা, অর্থনৈতিক ঋাততিসিক ঋণের স্থিতি এবং ঋাততিসিক ঋণ বিতরণ ও আদায়	৫৬
বিশেষায়িত ব্যাংক (২)	৬১
<input type="checkbox"/> বিশেষায়িত ব্যাংকগুলোর কার্যক্রমের সার-সংক্ষেপ	৬৩
<input type="checkbox"/> বিশেষায়িত ব্যাংকগুলোর বিগত পাঁচ বছরের অগ্রগতি	৬৫
<input type="checkbox"/> বাংলাদেশ কৃষি ব্যাংক	৬৬
<input type="checkbox"/> রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	৬৭
<input type="checkbox"/> বিশেষায়িত ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা, অর্থনৈতিক ঋাততিসিক ঋণের স্থিতি এবং ঋাততিসিক ঋণ বিতরণ ও আদায়	৬৮
বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (৩৯)	৭৩
<input type="checkbox"/> বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর কার্যক্রমের সার-সংক্ষেপ	৭৫
<input type="checkbox"/> বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর বিগত পাঁচ বছরের অগ্রগতি	৭৭
<input type="checkbox"/> পূবালী ব্যাংক লিমিটেড	৭৮
<input type="checkbox"/> উত্তরা ব্যাংক লিমিটেড	৭৯
<input type="checkbox"/> এবি ব্যাংক লিমিটেড	৮০
<input type="checkbox"/> ন্যাশনাল ব্যাংক লিমিটেড	৮১
<input type="checkbox"/> দি সিটি ব্যাংক লিমিটেড	৮২
<input type="checkbox"/> ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড	৮৩
<input type="checkbox"/> ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স (আইএফআইসি) ব্যাংক লিমিটেড	৮৪
<input type="checkbox"/> ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	৮৫
<input type="checkbox"/> আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড	৮৬
<input type="checkbox"/> ইস্টার্ন ব্যাংক লিমিটেড	৮৭
<input type="checkbox"/> ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড	৮৮
<input type="checkbox"/> গ্রাইম ব্যাংক লিমিটেড	৮৯
<input type="checkbox"/> সাউথইস্ট ব্যাংক লিমিটেড	৯০
<input type="checkbox"/> ঢাকা ব্যাংক লিমিটেড	৯১
<input type="checkbox"/> আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড	৯২
<input type="checkbox"/> সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড	৯৩
<input type="checkbox"/> ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	৯৪
<input type="checkbox"/> মার্কেটইল ব্যাংক লিমিটেড	৯৫
<input type="checkbox"/> স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড	৯৬
<input type="checkbox"/> ওয়ান ব্যাংক লিমিটেড	৯৭
<input type="checkbox"/> এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড	৯৮

□ বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড	৯৯
□ মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড	১০০
□ ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড	১০১
□ দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড	১০২
□ ব্যাংক এশিয়া লিমিটেড	১০৩
□ ট্রাস্ট ব্যাংক লিমিটেড	১০৪
□ শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড	১০৫
□ যমুনা ব্যাংক লিমিটেড	১০৬
□ ব্র্যাক ব্যাংক লিমিটেড	১০৭
□ দি ফার্মার্স ব্যাংক লিমিটেড	১০৮
□ মেঘনা ব্যাংক লিমিটেড	১০৯
□ মিডল্যান্ড ব্যাংক লিমিটেড	১১০
□ সাউথ বাংলা এগ্রিকালচার অ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড	১১১
□ এনআরবি গ্লোবাল ব্যাংক লিমিটেড	১১২
□ মধুমতি ব্যাংক লিমিটেড	১১৩
□ এনআরবি ব্যাংক লিমিটেড	১১৪
□ এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	১১৫
□ ইউনিয়ন ব্যাংক লিমিটেড	১১৬
□ বেসরকারি বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা, অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি এবং খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়	১১৭
বিদেশি বাণিজ্যিক ব্যাংক (৯)	১৪৫
□ বিদেশি বাণিজ্যিক ব্যাংকগুলোর কার্যক্রমের সার-সংক্ষেপ	১৪৭
□ বিদেশি বাণিজ্যিক ব্যাংকগুলোর বিগত পাঁচ বছরের অগ্রগতি	১৪৮
□ স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	১৪৯
□ হাবিব ব্যাংক লিমিটেড	১৫০
□ স্টেট ব্যাংক অব ইন্ডিয়া	১৫১
□ কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি	১৫২
□ ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান	১৫৩
□ সিটি ব্যাংক এন.এ.	১৫৪
□ উরি ব্যাংক	১৫৫
□ হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড	১৫৬
□ ব্যাংক আলফালাহ লিমিটেড	১৫৭
□ বিদেশি বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা, অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি এবং খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়	১৫৮
তফসিল বহির্ভূত ব্যাংক	১৬৭
□ তফসিল বহির্ভূত ব্যাংকগুলোর কার্যক্রমের সার-সংক্ষেপ	১৬৯
□ তফসিল বহির্ভূত ব্যাংকগুলোর বিগত পাঁচ বছরের অগ্রগতি	১৭০
□ আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক	১৭২
□ বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড	১৭৩
□ গ্রামীণ ব্যাংক	১৭৪
□ কর্মসংস্থান ব্যাংক	১৭৫
□ ধবাসী কল্যাণ ব্যাংক	১৭৬
□ তফসিল বহির্ভূত ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা, অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি এবং খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়	১৭৭
তৃতীয় অধ্যায় : অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (৩৩)	১৮৩
□ আর্থিক প্রতিষ্ঠানগুলোর কার্যক্রমের সার-সংক্ষেপ	১৮৫
□ আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিগত পাঁচ বছরের অগ্রগতি	১৮৬
□ সৌদি-বাংলাদেশ ইন্ভেস্টিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (সাবিনকো)	১৮৭
□ ইন্ভেস্টিয়াল ডেভেলপমেন্ট লীজিং কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (আইডিএলসি)	১৮৮

□ জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড	১৮৯
□ বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানি লিমিটেড	১৯০
□ লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড	১৯১
□ দি ইউএই-বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড	১৯২
□ ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড	১৯৩
□ বে-লীজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	১৯৪
□ প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	১৯৫
□ ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড	১৯৬
□ ইন্টারন্যাশনাল লীজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড	১৯৭
□ রিলায়েন্স ফাইন্যান্স লিমিটেড	১৯৮
□ ইন্ডাস্ট্রিয়াল প্রমোশন এন্ড ডেভেলপমেন্ট কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড	১৯৯
□ উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২০০
□ ইউনাইটেড লীজিং কোম্পানি লিমিটেড	২০১
□ ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড	২০২
□ পিপলস লীজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড	২০৩
□ ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড	২০৪
□ ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড	২০৫
□ মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড	২০৬
□ ফার্স্ট ফাইন্যান্স লিমিটেড	২০৭
□ বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড	২০৮
□ ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানি লিমিটেড	২০৯
□ ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২১০
□ কারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২১১
□ এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২১২
□ জিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স	২১৩
□ ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড	২১৪
□ হজ্ব ফাইন্যান্স কোম্পানি লিমিটেড	২১৫
□ অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানি লিমিটেড	২১৬
□ বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড	২১৭
□ ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ	২১৮
□ বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন	২১৯
□ অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা, অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি এবং খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়	২২১

চতুর্থ অধ্যায় : বীমা

□ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	২৪৫
লাইফ ইনসিওরেন্স কোম্পানী	২৪৭
□ জীবন বীমা কর্পোরেশন	২৫৪
□ আলফা ইসলামী লাইফ ইস্যুরেন্স লিমিটেড	২৫৫
□ বায়রা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ	২৫৬
□ বেস্ট লাইফ ইস্যুরেন্স লিমিটেড	২৫৭
□ চার্টার্ড লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ	২৫৮
□ ডেল্টা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড	২৫৯
□ ডায়মন্ড লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড	২৬০
□ ফারইস্ট ইসলামী লাইফ ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	২৬১
□ গোল্ডেন লাইফ ইনস্যুরেন্স লিঃ	২৬২
□ গার্ডিয়ান লাইফ ইস্যুরেন্স লিমিটেড	২৬৩
□ হোমল্যান্ড লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ	২৬৪
□ যমুনা লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড	২৬৫
□ মেঘনা লাইফ ইস্যুরেন্স কোম্পানী লিঃ	২৬৬

☐ মার্কেটহিল ইসলামী লাইফ ইস্যুরেন্স লিমিটেড	২৬৭
☐ মেট লাইফ	২৬৮
☐ ন্যাশনাল লাইফ ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	২৬৯
☐ এনআরবি গ্লোবাল লাইফ ইস্যুরেন্স কোম্পানী লিঃ	২৭০
☐ পদ্মা ইসলামী লাইফ ইস্যুরেন্স লিমিটেড	২৭১
☐ প্রগতি লাইফ ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	২৭২
☐ পপুলার লাইফ ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	২৭৩
☐ প্রাইম ইসলামী লাইফ ইস্যুরেন্স লিমিটেড	২৭৪
☐ প্রত্নেসিত লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ	২৭৫
☐ প্রোটেক্টিভ ইসলামী লাইফ ইস্যুরেন্স লিমিটেড	২৭৬
☐ রূপালী লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ	২৭৭
☐ সফানী লাইফ ইস্যুরেন্স কোম্পানী লিঃ	২৭৮
☐ সোনালী লাইফ ইস্যুরেন্স কোম্পানী লিঃ	২৭৯
☐ স্বদেশ লাইফ ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	২৮০
☐ সানফ্লাওয়ার লাইফ ইস্যুরেন্স কোম্পানী লিঃ	২৮১
☐ সানলাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড	২৮২
☐ ট্রাস্ট ইসলামী লাইফ ইনসিওরেন্স লিমিটেড	২৮৩
☐ জেনিথ ইসলামী লাইফ ইস্যুরেন্স লিমিটেড	২৮৪
সাধারণ বীমা কোম্পানী	
☐ সাধারণ বীমা কর্পোরেশন	২৮৫
☐ অজর্বা ইস্যুরেন্স কোম্পানী লিঃ	২৮৬
☐ এশিয়া ইস্যুরেন্স লিমিটেড	২৮৭
☐ এশিয়া প্যাসিফিক জেনারেল ইস্যুরেন্স কোম্পানী লিঃ	২৮৮
☐ বাংলাদেশ কো-অপারেটিভ ইস্যুরেন্স লিঃ	২৮৯
☐ বাংলাদেশ জেনারেল ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড	২৯০
☐ বাংলাদেশ ন্যাশনাল ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	২৯১
☐ সেন্ট্রাল ইনস্যুরেন্স কোম্পানী লিঃ	২৯২
☐ সিটি জেনারেল ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	২৯৩
☐ কন্টিনেন্টাল ইস্যুরেন্স লিমিটেড	২৯৪
☐ ক্রিস্টাল ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	২৯৫
☐ দেশ জেনারেল ইস্যুরেন্স কোঃ লিমিটেড	২৯৬
☐ ঢাকা ইস্যুরেন্স লিমিটেড	২৯৭
☐ ইউল্যান্ড ইস্যুরেন্স কোম্পানী লিঃ	২৯৮
☐ ইস্টার্ন ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	২৯৯
☐ এক্সচেস ইস্যুরেন্স লিমিটেড	৩০০
☐ ফেডারেল ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩০১
☐ গ্লোবাল ইস্যুরেন্স লিমিটেড	৩০২
☐ গ্রীন ডেল্টা ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩০৩
☐ ইসলামী কমার্শিয়াল ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩০৪
☐ ইসলামী ইস্যুরেন্স বাংলাদেশ লিমিটেড	৩০৫
☐ জনতা ইস্যুরেন্স কোম্পানী লিঃ	৩০৬
☐ কর্ণফুলী ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩০৭
☐ মেঘনা ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩০৮
☐ মার্কেটহিল ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩০৯
☐ নিটস ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩১০
☐ নর্দার্ন জেনারেল ইস্যুরেন্স কোম্পানী লিঃ	৩১১
☐ প্যারামাউন্ট ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩১২
☐ পিপলস ইস্যুরেন্স কোম্পানী লিঃ	৩১৩
☐ ফিনিথ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড	৩১৪
☐ পাইওনিয়ার ইস্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩১৫

<input type="checkbox"/>	প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেড	৩১৬
<input type="checkbox"/>	প্রাইম ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩১৭
<input type="checkbox"/>	প্রভাতী ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ	৩১৮
<input type="checkbox"/>	পুরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী	৩১৯
<input type="checkbox"/>	রিলায়েন্স ইন্স্যুরেন্স লিমিটেড	৩২০
<input type="checkbox"/>	রিপাবলিক ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩২১
<input type="checkbox"/>	রূপালী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩২২
<input type="checkbox"/>	সেনা কল্যান ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড	৩২৩
<input type="checkbox"/>	স্ট্যান্ডার্ড ইন্স্যুরেন্স লিমিটেড	৩২৪
<input type="checkbox"/>	সোনার বাংলা ইন্স্যুরেন্স লিমিটেড	৩২৫
<input type="checkbox"/>	সিকদার ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩২৬
<input type="checkbox"/>	সাঁউথ এশিয়া ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড	৩২৭
<input type="checkbox"/>	তাকাফুল ইসলামী ইন্স্যুরেন্স লিমিটেড	৩২৮
<input type="checkbox"/>	ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ	৩২৯
<input type="checkbox"/>	ইউনাইটেড ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড	৩৩০
পঞ্চম অধ্যায় : পুঁজিবাজার		৩৩১
<input type="checkbox"/>	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন	৩৩৩
<input type="checkbox"/>	ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড	৩৩৯
<input type="checkbox"/>	চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড	৩৪২
<input type="checkbox"/>	বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)	৩৪৫
<input type="checkbox"/>	সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)	৩৪৭
<input type="checkbox"/>	পুঁজিবাজার মধ্যস্থতাকারীদের তালিকা ও কার্যক্রম:	
➤	ঢাকা স্টক এক্সচেঞ্জের ট্রেডহোস্টারদের তালিকা ও কার্যক্রম (২৩৭)	৩৪৯
➤	চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ট্রেডহোস্টারদের তালিকা ও কার্যক্রম (১৩৮)	৩৭৬
➤	মার্চেন্ট ব্যাংকার এর তালিকা ও কার্যক্রম (৫৫)	৩৯৬
➤	সম্পদ ব্যবস্থাপকের তালিকা ও কার্যক্রম (২২)	৪০৩
➤	ট্রাস্টের তালিকা ও কার্যক্রম (১৫)	৪০৬
➤	ক্রেডিট রেটিং কোম্পানির তালিকা ও কার্যক্রম (৮)	৪০৮
➤	কাউন্সিলর এর তালিকা ও কার্যক্রম (১৯)	৪০৯
ষষ্ঠ অধ্যায় : ক্ষুদ্র ঋণ		৪১৩
<input type="checkbox"/>	মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) এবং বাংলাদেশে ক্ষুদ্র ঋণ কার্যক্রমে	৪১৫
সপ্তম অধ্যায় : অন্যান্য উন্নয়ন প্রতিষ্ঠান		৪৪৭
<input type="checkbox"/>	পলী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)	৪৪৯
<input type="checkbox"/>	সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)	৪৫১
<input type="checkbox"/>	বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফাউ (বিএমডিএফ)	৪৫৬
<input type="checkbox"/>	বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ)	৪৫৮
অষ্টম অধ্যায় : বিবিধ		৪৬১
<input type="checkbox"/>	বাংলাদেশের আর্থ-সামাজিক নির্দেশকসমূহ	৪৬৩
<input type="checkbox"/>	২০১৪-২০১৫ অর্থবছরের আর্থিক খাত সংক্রান্ত তথ্যাবলী	৪৬৫
<input type="checkbox"/>	দেশের কতিপয় আর্থিক সূচকের গতিধারা	৪৬৭
<input type="checkbox"/>	Abbreviation	৪৭০

প্রথম অধ্যায়

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫

দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাংক ও আর্থিক খাতের অপরিসীম গুরুত্বের কথা বিবেচনা করে এ খাতে অধিকতর স্বচ্ছতা, জবাবদিহিতা ও পরিবীক্ষণ কার্যক্রম নিবিড়তর করার লক্ষ্যে জানুয়ারি ২০১০-এ অর্থ মন্ত্রণালয়ের অধীনে 'ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ' প্রতিষ্ঠিত হয়।

ব্যাংক, নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান, বীমা, পুঁজিবাজার, ক্ষুদ্র ঋণ সংক্রান্ত সকল আইন, বিধি, প্রবিধান ও নীতিমালা প্রণয়নসহ এগুলোর ব্যাখ্যা, সচিবালয় প্রশাসন, ব্যাংক, বীমা, পুঁজিবাজার সংক্রান্ত সকল প্রকার আন্তর্জাতিক চুক্তি ও লিয়ার্জো রক্ষাসহ এ সংক্রান্ত সকল সরকারি কার্যাদি নির্বাহের লক্ষ্যে প্রতিষ্ঠার পর থেকেই আর্থিক খাতের উন্নয়ন এবং শৃঙ্খলা রক্ষায় এ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

ভিশন

একটি দক্ষ, অন্তর্ভুক্তিমূলক ও শক্তিশালী আর্থিক বাজার ও সেবা ব্যবস্থা গড়ে তোলা।

মিশন

আর্থিক বাজার ও সেবা ব্যবস্থার মানোন্নয়নের লক্ষ্যে নীতিগত ও প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের কর্মকর্তা-কর্মচারির পরিসংখ্যান

জনবল	কর্মকর্তা		কর্মচারী		মোট
	১ম শ্রেণী	২য় শ্রেণী	৩য় শ্রেণী	৪র্থ শ্রেণী	
১. অনুমোদিত	৪১	৩৬	৩২	৩৪	১৪৩
২. বিদ্যমান	২৩	১৪	৩	৬	৪৬
২.১ পুরুষ	১৭	১০	১	৪	৩২
২.২ মহিলা	৬	৪	২	২	১৪

Allocation of Business: Bank and Financial Institutions Division

1. Administration and interpretation of the Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 1972) and orders relating to specialised banks and other matters relating to state owned banks, Insurance and financial institutions.
2. Insurance and law of Insurance.
3. Banking including Co-operative Banking.
4. Regulation of share market and future markets.
5. Co-ordination matters relating to-(a) Capital issue; (b) Credit rate policy; (c) Interest rate policy.
6. Review of investment policies and programs.
7. Secretariat administration including financial matters.
8. Administration and control of subordinate offices and organizations under this Division.
9. Liaison with International Organizations and matters relating to treaties and agreements with other countries and world bodies relating to subjects allotted to this Division.
10. All laws on subjects allotted to this Division.
11. Inquiries and statistics of any of the subjects allotted to this Division.
12. Fees in respect of any of the subjects allotted to this Division except fees taken in courts.

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য কার্যক্রমসমূহ	
মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ
১. ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানে স্বচ্ছতা, জবাবদিহিতা, পেশাদারিত্ব এবং আর্থিক শৃঙ্খলা প্রতিষ্ঠা	<ul style="list-style-type: none"> ▪ আর্থিক ও অ-আর্থিক প্রতিষ্ঠান, অধীনস্থ দপ্তর-সংস্থা সম্পর্কিত আইন, বিধি/নীতিমালা প্রণয়ন ও সংশোধন; ▪ কৃষি, ক্ষুদ্র, মাঝারি ও অন্যান্য শিল্পসহ উৎপাদনমুখী অর্থনৈতিক কার্যক্রমে আর্থিক সহায়তা-সুলভ ঋণ প্রদানের ব্যবস্থা গ্রহণ।
২. অধিকতর কার্যকর পুঁজিবাজার প্রতিষ্ঠা	<ul style="list-style-type: none"> ▪ পুঁজিবাজারে ডাল মৌলভিসিসম্পন্ন সিকিউরিটিজ-এর সরবরাহ নিশ্চিতকরণ, বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ এবং পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন ও নিয়ন্ত্রণ; ▪ পুঁজিবাজারের উন্নয়নে প্রচলিত বিধি-বিধানের সংস্কার ও নতুন বিধি-বিধান প্রণয়নের মাধ্যমে পুঁজিবাজারের ব্যবসা নিয়ন্ত্রণ; ▪ পুঁজিবাজার সংক্রান্ত কার্যক্রম তদারকি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; ▪ পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত প্রশিক্ষণ; ▪ মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণের জন্য প্রাক-যোগ্যতামূলক প্রশিক্ষণ; ▪ পুঁজিবাজার সংক্রান্ত কার্যক্রম পরিচালনা; ▪ পুঁজিবাজার সংক্রান্ত দেশীয় ও আন্তর্জাতিক সেমিনার, ওয়ার্কশপ আয়োজন ও পবেষণা পরিচালনা।
৩. সুশৃঙ্খল ও অন্তর্ভুক্তিমূলক বীমা ঋত প্রতিষ্ঠা করা	<ul style="list-style-type: none"> ▪ বিভিন্ন বীমা প্রতিষ্ঠানের কার্যক্রম তদারকি; ▪ বীমা পলিসি গ্রাহক ও উপকারভোগীদের স্বার্থ সংরক্ষণ।
৪. সুনিয়ন্ত্রিত ক্ষুদ্রঋণ কার্যক্রম সমন্বয়সারণ ও পরিচালনায় সহায়তা	<ul style="list-style-type: none"> ▪ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের অনুমতি প্রদান ও নিয়ন্ত্রণ; ▪ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ; ▪ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের দক্ষতা বৃদ্ধিকরণ।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ

- বাংলাদেশ ব্যাংক :
 - ৫৬ টি তফসিলভুক্ত ব্যাংক (রাষ্ট্র মালিকানাধীন ৮ টি সহ)
 - ৩৩ টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান
- ইন্স্যুরেন্স ডেভেলপমেন্ট ও রেসল্‌টরি অথরিটি :
 - ৩১টি জীবন বীমা কোম্পানী (রাষ্ট্র মালিকানাধীন ১ টি সহ)
 - ৪৬ টি সাধারণ বীমা কোম্পানী (রাষ্ট্র মালিকানাধীন ১ টি সহ)
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন :
 - স্টক এক্সচেঞ্জ - ২ টি
 - স্টক ডিলার ব্রোকার (টেক হোস্টার) - ৩৭৫টি
 - সম্পদ ব্যবস্থাপক - ২২টি
 - কাস্টডিয়ান - ১৯টি
 - মার্চেন্ট ব্যাংকার - ৫৫টি
 - জেনিটিক রেটিং এজেন্সি - ৮টি
 - ট্রাস্টি-১৫টি
- মাইক্রোক্রেডিট রেসল্‌টরি অথরিটি :
 - ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠান - ৬৯৭টি

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	সংশোধিত	প্রকৃত	লক্ষ্যমাত্রা	সংশোধিত	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
			লক্ষ্যমাত্রা	অর্জন		লক্ষ্যমাত্রা	২০১৫-২০১৬	২০১৬-২০১৭	২০১৭-২০১৮
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১. রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের শ্রেণীকৃত ঋণের (Classified Loans) হার	১	%	১৭.০২	২৩.০৮	১২.৮৮	১২.৮৮	১০.৭৯	৮.৯৪	৮.৯৪
২. ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান প্রবৃদ্ধির হার	৪	%	১৫.০০	১৩.০০	১৪.৩০	১৪.৩৩	১৪.২০	১৪.০০	১৪.০০
৩. ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানসমূহ তদারকি	৪	%	৪৮	৪২	৫০	৫০	৫১	৫২	৫২
৪. বিভিন্ন বীমা প্রতিষ্ঠানের কার্যক্রম তদারকি	৩	%	৩৯	৩০	৪৫	৪০	৪৮	৫০	৫৫

অর্জিত সাফল্য

(ক) ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান সংক্রান্ত কার্যক্রম

সরকারের “রূপকল্প ২০২১” বাস্তবায়নকল্পে দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা ও এর সূচকগুলোর উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর থেকে ব্যাংক ও আর্থিক খাতের ক্রান্তিত সংস্কার এবং উন্নয়নে নানামুখী কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন অব্যাহত রয়েছে। এর মধ্যে আইনী কাঠামোর পরিবর্তন ও ব্যাংক ব্যবস্থাপনায় গৃহীত বিভিন্ন সংস্কারমূলক কাজ উল্লেখযোগ্য।

আইনী সংস্কার

বিবেচনামূলক সময়ে পল্লী এলাকার দরিদ্র জনগোষ্ঠীকে সঞ্চয়মুখী ও আত্মনির্ভরশীল করার লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংক আইন-২০১৪, গ্রামীণ ব্যাংক আইন-২০১৩, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক আইন-২০১৪ এবং ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন-২০১৪ গ্রহণ এবং ব্যাংক কোম্পানী (সংশোধন) আইন-২০১৩ জারি করা হয়েছে।

ব্যাংকিং খাতে অনিয়মের পুনরারূঢ়ি রোধ ও আর্থিক জালিয়াতি বন্ধের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারসহ প্রাসঙ্গিক জ্ঞানবোর্ড চালু করে নজরদারি আরো জোরদার করা হয়েছে। রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহে উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়োগ ও বরখাস্তের বিষয়ে কেন্দ্রীয় ব্যাংককে সর্বময় ক্ষমতা অর্পণ করা হয়েছে। বেসিক ব্যাংকসহ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের ঋণ প্রবৃদ্ধির উর্ধ্বসীমা নির্ধারণসহ তাদের জন্য কঠোর আর্থিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উৎপাদনশীল খাতে ঋণ যোগান কার্যক্রম নিশ্চিত করার পাশাপাশি অত্যাসগত খণ্ডবেলাপীদের বিকল্পে কঠোর অবস্থান এবং অনিচ্ছাকৃত খেলাপীদের ঋণস্তর লাঘবে বাস্তবসম্মত পুনর্গঠনের ব্যবস্থা বিবেচনামূলক রয়েছে।

ব্যাংকিং খাতের সকল কর্মকাণ্ডে গতিশীলতা আনয়ন ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য ইতোমধ্যে রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকসমূহের পরিচালনা কর্তৃপক্ষের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করে তা বাস্তবায়ন করা হচ্ছে।

তথ্য-প্রযুক্তির ব্যবহার

কেন্দ্রীয় ব্যাংক এবং রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকসমূহকে তথ্যপ্রযুক্তিভিত্তিক ব্যাংক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নানামুখী কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ অটোমোটেড ক্রিয়ারিং হাউজ ও বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক স্থাপনের ফলে চেক ক্রিয়ারিং এর সময় কমে আসার পাশাপাশি অর্ধের ব্যাপক সাশ্রয় হয়েছে এবং সংশ্লিষ্ট জনবলের দক্ষতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়সহ সরকারের ৪১টি মন্ত্রণালয় ও বিভাগের কর্মকর্তাদের বেতন ভাতাদি বর্তমানে সরাসরি তাদের ব্যাংক হিসাবে প্রদান করা হচ্ছে। এছাড়াও, জাতীয় তথ্য ও যোগাযোগ নীতির আলোকে বাংলাদেশে ইলেক্ট্রনিক পেমেন্টের জন্য একটি কার্যকরী প্রুটফর্ম তৈরির উদ্দেশ্যে স্থাপিত ন্যাশনাল পেমেন্ট সুইচ দেশে ই-কমার্স ব্যবস্থা বিস্তারে সহায়ক ভূমিকা পালন করবে।

বাংলাদেশে সন্ত্রাসে অর্থায়ন ও মানিশস্ত্রিঃ প্রতিরোধে সম্মেলনজনক সেনসেন এবং নগর সেনসেন প্রতিবেদন সংক্রান্ত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করার লক্ষ্যে একটি তথ্য-প্রযুক্তিভিত্তিক সিস্টেম স্থাপন করা হয়েছে, যা উক্ত প্রতিরোধ কার্যক্রমকে আরো সুসংহত এবং এর সচিব্য উৎস সহজে সনাক্তকরণে অবদান রাখছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো এখন ঋণ গ্রহীতাদের বাধ্যতামূলক ত্রেডিট ইনকরমেশন ব্যুরো (সিআইবি) প্রতিবেদন অনলাইনের মাধ্যমে তাৎক্ষণিকভাবে সংগ্রহ করতে পারছে, যা ঋণগ্রহীতাদের ঋণ অনুমোদনের সময়কালে উল্লেখযোগ্য অবদান রাখছে এবং বেসালাপী ঋণ গ্রহীতার অনুকূলে নতুন করে ঋণ মঞ্জুরী সহজতর করেছে। এছাড়াও বিভিন্ন ব্যাংকে ই-টেভারিং ব্যবস্থা চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

সাধারণ মানুষের নিকট ব্যাংকিং সেবা পৌঁছানোর লক্ষ্যে মোবাইল ব্যাংকিং ও এজেন্ট ব্যাংকিং সেবা প্রদান কার্যক্রম চালু করা হয়েছে। ২০১১ সালে এ সেবা শুরু হবার পর এ পর্যন্ত ২৮টি ব্যাংককে মোবাইল ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য অনুমতি দেওয়া হয়েছে। ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত এ কার্যক্রমে গ্রাহক সংখ্যা ২৫.৮ মিলিয়নে উন্নীত হয়েছে এবং মাসিক গড় লেনদেনের পরিমাণ দাঁড়িয়েছে ১০ বিলিয়ন টাকায়। মোবাইল ব্যাংকিং ব্যবস্থা প্রবর্তনের ফলে বিদেশ থেকে প্রেরিত রেমিট্যান্স ও দেশের অভ্যন্তরে অর্থ লেনদেন, ইউটিপিটি বিল প্রদান, কেসাকাটা করা, সরকারি অনুদান ও সরকারের সামাজিক নিরাপত্তা বেটনীর অর্থ প্রদান ইত্যাদি সেবা স্বল্প সময়ে সহজতর উপায়ে প্রদান করা সম্ভব হচ্ছে। এছাড়া, দুইটি ব্যাংককে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য অনুমতি দেওয়া হয়েছে। এছাড়াও বিভিন্ন ব্যাংক ই-টেভারিং ব্যবস্থা চালু করার উদ্যোগ গ্রহণ করেছে।

অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি সহায়ক কার্যক্রম

অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জনের জাতীয় লক্ষ্য বাস্তবায়নে দেশের বৃহত্তর জনগোষ্ঠী, যারা কখনো ব্যাংকিং সেবা পেতেন না, তাদেরকে ব্যাংকিং সেবার আওতায় আনতে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এজন্যে কৃষি, এসএমইসহ উৎপাদনমুখী খাত ও পরিবেশবান্ধব খাতগুলোতে পর্যাপ্ত ঋণের যোগান নিশ্চিত করা হয়েছে।

ব্যাংকিং সেবা জনসাধারণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে ২০১৪ সালের ডিসেম্বর পর্যন্ত তফসিলী ব্যাংকগুলো মোট ৯ হাজার ৪০টি শাখার মাধ্যমে জনগণকে আর্থিক সেবা প্রদান করেছে। সকল তফসিলী ব্যাংকের আমানতের পরিমাণ ফেব্রুয়ারী ২০১৪ পর্যন্ত ৬ হাজার ৩শত ২০ বিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারী ২০১৫-তে ৭ হাজার ১শত ১০ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে; যার প্রবৃদ্ধির হার ১২.৬১%। এ সময়ে রজনী উন্নয়ন তহবিল, ঋণের সুদ হার

হ্রাস এবং চামড়া ও সিরমিকসের মত নতুন খাতকে এর আওতায় আনয়ন, বর্গাচাষি, কৃষিভিত্তিক শিল্প, এসএমই ও পরিবেশবান্ধব প্রকল্পে আর্থিক সহায়তা প্রদান, নতুন উদ্যোক্তাদের জন্য পুনঃঅর্থায়ন তহবিলের ব্যবসা প্রবর্তনের ফলে উৎপাদন সহায়ক ও বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টি হয়েছে।

অগ্রাধিকার খাত হিসেবে কৃষি ও পল্লী ঋণের সুদহারের উচ্চসীমা ১৩ শতাংশ হতে কমিয়ে ১১ শতাংশে নির্ধারণ করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে কৃষিঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে মোট ১৫৫.৫০ বিলিয়ন টাকা; যা পূর্ববর্তী অর্থবছরের লক্ষ্যমাত্রা ১৪৫.৯৫ বিলিয়ন টাকার তুলনায় শতকরা ৬.৫৪ ভাগ বেশি। চলতি অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই ২০১৪ থেকে ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত) বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৯৯.১৪ বিলিয়ন টাকা; যা লক্ষ্যমাত্রার শতকরা ৬৩.৭৬ ভাগ।

জাতীয় অর্থনৈতিক অগ্রগতি ও স্থিতিশীলতায় কৃষি খাতের অপরিণীম গুরুত্ব বিবেচনায় কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারের কৃষি বান্ধব নীতি বাস্তবায়নে এবং কৃষি ঋণ আদায়কল্পে স্বল্প মেয়াদি কৃষি ঋণ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের উন্নতিতে ক্ষেত্র বিশেষে বিনা ডাউন পেমেণ্টে পুনঃতফসিল, ঋণ পুনঃতফসিলের পর কৃষকদেরকে পুনরায় কোন নতুন জমা ব্যতিরেকেই নতুন করে স্বল্পমেয়াদি কৃষি ঋণ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। খেলাপী ঋণ পরিশোধকারীগণের বেশায় সার্টিফিকেট মামলা দায়ের করার ব্যাপারে ব্যাংকসমূহকে নিরুৎসাহিত থাকার পরামর্শ দেয়া হয়েছে।

টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে অর্থনৈতিক উন্নয়নের মূল স্রোতে নারীদের সক্রিয় ও অর্থপূর্ণ অংশগ্রহণের গুরুত্ব বিবেচনায় কৃষি ও পল্লীঋণ নীতিমালা ও কর্মসূচির অধীনে নারীদের কৃষি ও পল্লীঋণ বিতরণের জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। অগ্রাধিকার ভিত্তিতে ৯৮ হাজার নারী উদ্যোক্তাদের শস্য/ফসল উৎপাদন, ছোট আকারের কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি সম্পর্কিত ক্ষুদ্র ব্যবসা কর্মকাণ্ড (বাগান করা, নার্সারী, শস্য উত্তোলন পরবর্তী কর্মকাণ্ড, বীজ উৎপাদন ও সংরক্ষণ, মৌমাছি পালন ও মধু চাষ), খাদ্য প্রক্রিয়াকরণ, মৎস্য চাষ, প্রাণি সম্পদ ইত্যাদি খাতে ২০১৪-২০১৫ অর্থবছরের ডিসেম্বর ২০১৪ পর্যন্ত মোট ২.৮৭ বিলিয়ন টাকার কৃষি ও পল্লী ঋণ বিতরণ করা হয়েছে। বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের বর্তমান গতিধারা বিবেচনায় সরকার ক্ষুদ্র ও মাঝারি শিল্প বিকাশে ২০১৫ সালের জানুয়ারি-ডিসেম্বর সময়ের জন্য এসএমই খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে ১০০০ বিলিয়ন টাকা। ২০১৪-১৫ অর্থবছরের প্রথম ছয়মাসে এ খাতে ঋণ বিতরণের পরিমাণ দাঁড়িয়েছে ৫৪০ বিলিয়ন টাকা। বিভিন্ন ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত মোট ৪৪ হাজার উদ্যোক্তাকে ৩৯ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করেছে। নারী উদ্যোগপণকে ক্ষুদ্র ও মাঝারী ঋণ প্রদানের জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবসা ও বিশেষ কার্যক্রম

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর অধীনে লাইসেন্সপ্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা ৩৩টি, যার মধ্যে ৫টি রুই-মালিকানাধীন, ৮টি Joint Venture (দেশি-বিদেশি মালিকানাধীন) এবং ২০টি বেসরকারি মালিকানাধীন। এসব প্রতিষ্ঠান দেশের শিল্প, বাণিজ্য, পুঁজু, পরিবহন, এসএমই, কৃষি ও তথ্যপ্রযুক্তি খাতে অর্থায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখছে। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ সংশোধনের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ আরও যুগোপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় সংশোধনের উদ্যোগ নেয়া হয়েছে।

বাস্তবায়নধীন এডিপিভুক্ত প্রকল্প

(১) দেশের এসএমই খাতের উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জাইকা-এর ৫০০ মিলিয়ন ইয়েন আর্থিক সহায়তায় ফাইনেঞ্জিয়াল সেটর ফর সি ডেভেলপমেন্ট অব এসএমই (এফএসপিডিএসএমই) শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মাধ্যমে এসএমই উদ্যোক্তাদের জন্য দীর্ঘ ও মধ্য মেয়াদি উৎপাদনমুখী বিনিয়োগ তহবিল সরবরাহ এবং এসএমই খাতে দীর্ঘ ও মধ্য মেয়াদি ঋণ প্রদানে সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি, দরিদ্র বিমোচন এবং দেশের টেকসই উন্নয়ন সাধন করা হবে। প্রকল্পটির মেয়াদ সেপ্টেম্বর ২০১১ হতে মার্চ ২০১৬।

(২) এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর ২.০০ মিলিয়ন মার্কিন ডলার অনুদান সহায়তায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'Institutional Support for Migrant Workers Remittances: Real Time Gross Settlement (RTGS)' শীর্ষক অপর একটি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মাধ্যমে দেশের Payment Systems-এর বিভিন্ন ক্ষেত্রে উন্নয়ন সাধিত হবে, যেমন-দেশের আন্তঃব্যাংক এবং কলমনি মার্কেট এর লেনদেনসমূহ তাত্ক্ষণিক, স্বীকৃতিবিহীন, সহজে অনলাইনে নিষ্পন্ন করা সম্ভব হবে। সামগ্রিকভাবে দেশের Payment Systems উন্নয়ন এর মাধ্যমে আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ রেমিট্যান্স-এর প্রবাহ বৃদ্ধি দ্রুত ও সহজতর এবং দেশের অভ্যন্তরে বৈদেশিক মুদ্রার আন্তঃব্যাংক লেনদেনসমূহ তাত্ক্ষণিকভাবে নিষ্পত্তি সম্ভব হবে। প্রকল্পের মেয়াদ জুলাই ২০১৩ হতে মার্চ ২০১৬ পর্যন্ত নির্ধারিত রয়েছে।

বাস্তবায়নাত্মক এডিপি বহির্ভূত প্রকল্প

বাংলাদেশ ব্যাংক

- (১) দেশের ইট ভাটগলোতে কার্বন নির্গমন হ্রাস এবং জ্বালানির যথাযথ ব্যবহারক্রমে ইট ভাটের চুল্লীর দক্ষতা উন্নয়নের মাধ্যমে পরিবেশবান্ধব ইট ভাটা স্থাপনের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর আর্থিক সহযোগিতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক "Financing Brick Kila Efficiency Improvement Project" শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এর আওতায় অদ্যাবধি ৪.৬২ মিলিয়ন মার্কিন ডলার পুনঃপর্যায়ন সুবিধা অনুমোদনপূর্বক ছাড় করা হয়েছে।
- (২) জাইকা-এর ৫০০ মিলিয়ন ইয়েন আর্থিক সহায়তায় দেশের এসএমই খাতের উন্নয়নকল্পে ফাইন্যান্সিয়াল সেক্টর ফর দি ডেভেলপমেন্ট অব এসএমই (এফএসপিডিএসএমই) শীর্ষক কর্মসূচির আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন সহযোগী আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ছুদ ও মাঝারি উদ্যোক্তাগণের কাছে ঋণ বিতরণের কার্যক্রম বাস্তবায়নাত্মক রয়েছে। চলতি অর্থ বছরে প্রকল্পের অনুকূলে এডিপি বহির্ভূত অংশের জন্য বরাদ্দকৃত ১.২০ বিলিয়ন টাকা হতে মার্চ, ২০১৫ পর্যন্ত ০.৯৯ বিলিয়ন টাকা ব্যয় করা হয়েছে। এসএমই খাতের এই রিফাইন্স/প্রি-ফাইন্স এর ফলে এ খাতের উদ্যোক্তাদের ব্যবসা সম্প্রসারণের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।
- (৩) জাইকা (JICA) অর্থায়নপুষ্ট 'Small and Marginal Sized Farmers Agricultural Productivity Improvement and Diversification Financing Project (SMAP)' শীর্ষক প্রকল্পের মাধ্যমে দেশের ছুদ ও প্রান্তিক কৃষকদের উন্নয়নের জন্য অর্থায়নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

গৃহায়ন তহবিল

গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর গৃহায়ন তথা দারিদ্র বিমোচনের লক্ষ্যে সরকার ১৯৯৭-৯৮ সালে গৃহায়ন তহবিল গঠন করে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত এ তহবিলের অনুকূলে সরকারের বরাদ্দকৃত ২.৯৮ বিলিয়ন টাকার মধ্যে এ পর্যন্ত ১.৬০ বিলিয়ন টাকা ছাড় করা হয়েছে। এ কর্মসূচীর আওতায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের অনুকূলে ০.১১ বিলিয়ন টাকা অনুদান প্রদান করা হয়েছে। এ তহবিল দ্বারা এ পর্যন্ত ৩ লক্ষ ৫ হাজার ৪৬০ জন উপকৃত হয়েছে। গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর গৃহ নির্মাণের জন্য এ কর্মসূচিতে গৃহায়ন তহবিল হতে ফেব্রুয়ারী ২০১৫ পর্যন্ত মোট ২.৬৬ বিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়েছে। এ বরাদ্দের বিপরীতে ফেব্রুয়ারী ২০১৫ পর্যন্ত মোট ১.৯০ বিলিয়ন টাকা ছাড় ও ৬১,০৯২ টি গৃহের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। সারাদেশে মোট ৫১৩টি এনটিও ও ৬৪টি জেলায় ৪৫০টি উপজেলায় গৃহায়ন ঋণ কার্যক্রম বাস্তবায়ন করছে। দেশের হত দরিদ্র মহিলা শ্রমিকদের আবাসনের জন্য গৃহায়ন তহবিলের অর্থায়নে মহিলা বিবয়ক অধিদপ্তরের তত্ত্বাবধানে ০.২৫ বিলিয়ন টাকা ব্যয়ে সাভার উপজেলার আওলিয়া মৌজায় একটি মহিলা হোষ্টেল নির্মিত হচ্ছে, যাতে ৭৪৪ জন মহিলা শ্রমিকের আবাসন সুবিধা প্রদান করা সম্ভব হবে। গৃহায়ন তহবিলের অর্থায়নে বিজিএমইএ এবং এর সদস্যভুক্ত কোম্পানীতে কর্মরত শ্রমিকদের আবাসনের জন্য হোষ্টেল/ডরমিটরী নির্মাণের নিমিত্ত বিজিএমইএ এবং গৃহায়ন তহবিলের মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে।

বাংলাদেশ কৃষি ব্যাংক (ঘরে ফেরা কর্মসূচি)

ঢাকার বস্তিতে মানবতের জীবনযাপনকারী ছিন্নমূল অসহায় বস্তিবাসী মানুষদের স্বাস্থ্যকর পরিবেশে নিজ এলাকায় বাসগৃহে প্রত্যাবাসন, বস্তিতে বসবাসকারী দুর্ভাগ্যবীর্ণ মানুষদের ভবিষ্যৎ প্রজন্মকে একটি উন্নত পরিবেশে বেড়ে উঠার সুযোগ প্রদান, শহরের নোংরা গুঁতগন্ধময় পরিবেশের উন্নতি, কর্মসংস্থান এবং নিরাপত্তা বেষ্টনী নিশ্চিতকল্পে বাংলাদেশ সরকারের 'ঘরে ফেরা' কর্মসূচিটি বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে পরিচালিত হচ্ছে। এ লক্ষ্যে সরকার ২০০৯-২০১০ অর্থ বছরের বাজেটে 'ঘরে ফেরা' কর্মসূচির জন্য ৫ কোটি টাকা বাংলাদেশ কৃষি ব্যাংক এর অনুকূলে ছাড় করেছে। কর্মসূচির আওতায় জরিপ, প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও তদারকির কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে।

বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড

পরিকল্পিত নগর উন্নয়নে লক্ষ্যে ১৯৯৯ সালে বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) একটি অলাভজনক সরকারি কোম্পানী হিসেবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতায় বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) গঠন করা হয়। এ কোম্পানি গঠনের মূল উদ্দেশ্য হল সুনির্দিষ্ট যোগ্যতা নির্ধারনী নীতিমালার ভিত্তিতে নির্বাচিত পৌরসভা ও সিটি কর্পোরেশনের পরিবেশ ও অবকাঠামোগত উন্নয়ন কাজ সম্পাদনে অর্থ যোগান দেয়া। বিএমডিএফ ২০০৪ সালে বাংলাদেশ সরকারের গৃহিত বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রকল্প (MSP) এর মাধ্যমে মার্চ পর্যায়ে কার্যক্রম শুরু করে। ২০১৪-২০১৫ অর্থ বছরে বিএমডিএফ এর অনুকূলে ০.৮০ বিলিয়ন টাকা বরাদ্দ রয়েছে।

বাস্তবায়িতব্য প্রকল্প

- (১) দেশের আর্থিক খাতের অবকাঠামো শক্তিশালীকরণ, কেন্দ্রীয় ব্যাংকের রেগুলেশন ও তত্ত্বাবধান ব্যবস্থার উন্নয়ন এবং উৎপাদনশীল খাতে দীর্ঘ মেয়াদে প্রয়োজনীয় ঋণ চাহিদা পূরণের লক্ষ্যে বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট-শীর্ষক একটি কারিগরী সহায়তা প্রকল্প গ্রহণ করা হবে। এই প্রকল্পের সর্বমোট প্রস্তাবিত ব্যয় ২৭.৫১ বিলিয়ন টাকা। তন্মধ্যে এডিপিভুক্ত প্রকল্প ব্যয় ৪.৬১ বিলিয়ন টাকা এবং এডিপি বহির্ভূত ব্যয় ২২.৮৯ বিলিয়ন টাকা। সর্বমোট প্রকল্প ব্যয়ের মধ্যে বিশ্বব্যাংক মোট ২৩.৫৮ বিলিয়ন টাকা প্রদান করবে এবং সরকার নিজস্ব উৎস হতে ৩.৯৩ বিলিয়ন টাকা ব্যয় করবে।

- (২) দেশের মাইক্রো এবং ছোট উদ্যোক্তা প্রতিষ্ঠানের উন্নয়নের মাধ্যমে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধিপূর্বক অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে ডিএফআইডি-এর অনুদানে Business Finance for the poor in Bangladesh শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়িত হবে। এছাড়া এ প্রকল্পের আওতায় ছুদ ঋণ প্রতিষ্ঠানসমূহের জন্য একটি সিআইবি প্রতিষ্ঠান উদ্যোগ গ্রহণ করা হবে।

(৩) রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের অটোমেশন কার্যক্রমকে পূর্ণাঙ্গ রূপদানের মাধ্যমে ব্যাংকিং এ ব্যাংকসমূহের জুমিকা আরো পতিশীল করার লক্ষ্যে এন্টারপ্রাইজ রিসোর্সেস প্র্যানিং (ERP) বাস্তবায়নকল্পে একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।

(খ) বীমা সংক্রান্ত কার্যক্রম

ব্যবসা-বাণিজ্যের প্রসার এবং ঋকি প্রশমনে শক্তিশালী বীমা খাতের গুরুত্ব অপরিণীম। Insurance Act, 1938 রহিতপূর্বক ২০১০ সালে বীমা আইন, ২০১০ প্রণয়ন করা হয়। বীমা ব্যবসার তত্ত্বাবধানের জন্য সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী পৃথক আইনের অধীনে ২০১১ সালে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয়। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের জন্য একটি উপযুক্ত সাংগঠনিক কাঠামো অনুমোদনের পদক্ষেপ প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে। উক্ত সাংগঠনিক কাঠামো চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পরবর্তীতে যথাবিধি উপযুক্ত লোক নিয়োগের মাধ্যমে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ পূর্ণাঙ্গ সাংগঠনিক রূপ পাবে। বীমা শিল্পে শৃঙ্খলা আনার লক্ষ্যে ইতোমধ্যে ৩টি আইন, ৩টি বিধিমালা ও ৯টি প্রবিধানমালা জারি করা হয়েছে। এসব বিধি ও প্রবিধি প্রয়োগের মাধ্যমে একনিকে যেমন বীমা গ্রাহকদের স্বার্থ সুরক্ষিত হচ্ছে, অন্যদিকে বীমা শিল্পে গতিশীলতাও উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এছাড়াও আরও কয়েকটি বিধি-প্রবিধি প্রণয়ন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। বর্তমান সরকারের সময়ে বীমা শিল্পের আরও প্রসারের লক্ষ্যে ১৩টি জীবন বীমা এবং ০২টি সাধারণ বীমা কোম্পানী প্রতিষ্ঠার অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে একটি সুসম বীমা বাজার প্রতিষ্ঠার পাশাপাশি উপযুক্ত প্রতিযোগিতামূলক ব্যবস্থা গড়ে উঠবে।

২০১৪-২০১৫ সালে বাজেটের প্রতিশ্রুতি অনুযায়ী বীমা খাতে আর্থিক শৃঙ্খলা ও শেখানাবিহীন সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশে প্রথমবারের মত “জাতীয় বীমা নীতি, ২০১৪” প্রণয়ন করা হয়েছে। “জাতীয় বীমা নীতি, ২০১৪”-তে ৫০টি সময়সীমা কর্মকৌশল রয়েছে এবং এর বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত আছে। The Insurance Corporations Act, 1973-কে যুগোপযোগী করে বাংলায় ‘বীমা কর্পোরেশন আইন’ প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

বাংলাদেশের বীমা শিল্পের সার্বিক চিত্র

- বর্তমানে বাংলাদেশে মোট ইন্স্যুরেন্স কোম্পানি ৭৭টি, এর মধ্যে নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি ৪৬টি এবং লাইফ ৩১টি। ৩০টি লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ৫৪৩৮টি শাখা কার্যালয়ের মাধ্যমে ব্যবসা পরিচালনা করছে। ৪৫টি নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ১২১১টি শাখা কার্যালয়ের মাধ্যমে ব্যবসা পরিচালনা করছে।
- সরকারী বীমা প্রতিষ্ঠানে সামাজিক নিরাপত্তা বীমা কমিউনিটি বেজড ইন্স্যুরেন্স ফর ফিশারম্যান, কমিউনিটি বেজড গ্রুপ ইন্স্যুরেন্স ফর কনস্ট্রাকশন ওয়ার্কস, মটরযান মেকানিকদের জন্য কমিউনিটি বেজড গ্রুপ ইন্স্যুরেন্স প্রভৃতি নতুন বীমা কিম চালু করা হয়েছে। এছাড়া, অনলাইন ইনস্যুরেন্স সিস্টেম চালুসহ মোবাইল ফোনের মাধ্যমে পলিসির প্রিমিয়াম পরিশোধের কার্যক্রম চালু করা হয়েছে। বীমা খাতের প্রিমিয়াম আয় ২০১০ এর ৬৮ বিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে অনির্ধারিত তথ্যানুযায়ী ১০২ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। একইভাবে এ খাতে সম্পদের পরিমাণ ২০১০ এর ২১৩ বিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে অনির্ধারিত তথ্যমতে ৩৮৪ বিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। এ খাতের লাইফ ফান্ডের পরিমাণ ২০০৯ এর ১১৬ বিলিয়ন টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে অনির্ধারিত তথ্যমতে ২৭০ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।
- সরকারি ও বেসরকারি বিভিন্ন খাতে বিনিয়োগ, বিভিন্ন মেয়াদে ব্যাংকে জমা, স্থায়ী ও অস্থায়ী সম্পদসহ ২০১৪ সালের অনির্ধারিত তথ্য হতে মোট সম্পদের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ২০১৩ সালে বীমা শিল্পের মোট সম্পদের পরিমাণ ছিল ৩৪৮ বিলিয়ন টাকা, যা ২০১৪ সালের অনির্ধারিত তথ্য হতে বৃদ্ধি পেয়ে ৩৮৫ বিলিয়ন টাকায় উন্নীত হয়েছে।

বাস্তবায়নধীন এডিসিভুক্ত প্রকল্প

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর অনুদান সহায়তায় Weather Index Based Crop Insurance (WIBCI)-পীর্বেক কারিগরী সহায়তা প্রকল্পটি পাইলট ভিত্তিতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এর আওতায় সাধারণ বীমা কর্পোরেশন ও বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের মেয়াদ জুলাই ২০১৩ হতে জুন ২০১৬ পর্যন্ত নির্ধারিত রয়েছে। ক্ষতিগ্রস্ত কৃষক পরিবারের উপর জলবায়ুর নেতিবাচক প্রভাব ও চরম আবহাওয়াগত দুর্ঘটনের প্রভাব হ্রাসের জন্য একটি সহযোগী হাতিয়ার হিসেবে আবহাওয়ার সূচক ভিত্তিতে শস্য বীমার উন্নয়ন ও বাস্তবায়ন, আবহাওয়া সংশ্লিষ্ট অবকাঠামোর উন্নয়ন ঘটানো, জলবায়ু ও দুর্ঘটনা ঝুঁকির বিরুদ্ধে কৃষক পরিবারগুলোর প্রতিরোধ সক্ষমতা ও সচেতনতা বৃদ্ধি করা, দুর্ঘটনাকালীন সময়ে শস্য উৎপাদন ব্যাহত হলে বীমার ক্ষতিপূরণের মাধ্যমে ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক সহযোগিতা দেয়া প্রভৃতি উল্লেখযোগ্য প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এই প্রকল্পের আওতায় অন্তত ২০টি আবহাওয়া কেন্দ্রের উন্নয়ন এবং প্রায় ১২ হাজার কৃষক পরিবারকে কৃষি বীমার অন্তর্ভুক্ত করা হবে। মোট প্রকল্প ব্যয় ০.১৯ বিলিয়ন টাকা। এর মধ্যে এডিবি ০.১৬ বিলিয়ন টাকা প্রদান করবে।

বাস্তবায়িতব্য প্রকল্প

বীমা খাতের ব্যাপক উন্নয়ন সাধনের লক্ষ্যে বিশ্বব্যাংকের অর্থায়নে একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। এর মাধ্যমে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষকে একটি শক্তিশালী নিয়ন্ত্রক প্রতিষ্ঠানে পরিণত করার জন্য দক্ষতা বৃদ্ধিমূলক পদক্ষেপ গ্রহণ করা হবে। এছাড়া সাধারণ বীমা কর্পোরেশন এবং জীবন বীমা কর্পোরেশন এর দক্ষতা বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় সংস্কার সাধনকল্পে পদক্ষেপ গ্রহণ করা হবে। এর পাশাপাশি পেনশন ফান্ড গঠন সংক্রান্ত বিভিন্ন বিষয়সমূহ পর্যালোচনার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা হবে।

(গ) পুঁজিবাজার সংক্রান্ত কার্যক্রম

- দেশের শিল্পায়ন তথা অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য শিল্প প্রতিষ্ঠান বিকাশের অনুকূল দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। পুঁজিবাজারের মাধ্যমে আর্থিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে বাজারে শৃঙ্খলা ও স্বচ্ছতা বজায় রাখা, বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা, সিকিউরিটিজের যথাযথ ইস্যু ও আইন পরিপালন নিশ্চিতকরণ এবং বাজার সংস্কার সাধন অপরিহার্য।
- এক্সচেঞ্জের ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ এর আওতায় ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জকে ইতোমধ্যে ডিমিউচুয়ালাইজ করা হয়েছে। ফলে মালিকানা ও ব্যবস্থাপনা থেকে ট্রেডিং রাইটস আলাদা হয়েছে এবং স্টক এক্সচেঞ্জ এর পরিচালনা পদ্ধতি বৈশ্বিক মানদণ্ড অর্জন করেছে।
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব সিকিউরিটিজ কমিশন এর চাহিদা ও শর্তাবলী পরিপালন করে - IOSCO Multilateral Memorandum of Understanding এর "A" ক্যাটাগরীর পূর্ণাঙ্গ সদস্যপদ লাভ করেছে। ফলে আন্তর্জাতিক অঙ্গনে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হওয়ার পাশাপাশি দেশে বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির আস্থা তৈরি হয়েছে।
- পুঁজিবাজার বিষয়ক মামলা দ্রুত নিষ্পত্তির জন্য ঢাকায় একটি বিশেষ ট্রাইবুনাল গঠন করা হয়েছে। উক্ত ট্রাইবুনালের বিচার কার্যক্রম শুরু লক্ষ্য সরকার একজন বিচারক (জেলা ও দায়রা জজ) নিয়োগ দিয়েছেন। তাছাড়া এতদসংক্রান্ত মামলাসমূহ ট্রাইবুনালে স্থানান্তরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অতি শীঘ্রই ট্রাইবুনালের বিচার কার্যক্রম শুরু হবে।
- পুঁজিবাজারে স্বস্থিগত ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণে গঠিত বিশেষ স্কিম কমিটির সুপারিশ বাস্তবায়নের জন্য ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তার লক্ষ্যে সরকার ৯ বিলিয়ন টাকার একটি তহবিল গঠন করেছে। উক্ত তহবিল হতে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর মাধ্যমে ৬ বিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।
- বৈদেশিক প্রতিষ্ঠানিক এবং অ-নিবাসী বাংলাদেশীদের পুঁজিবাজারে বিনিয়োগ থেকে অর্জিত লাভের উপর আরোপিত ১০% Capital Gain ট্যাক্স প্রত্যাহার ও সিকিউরিটিজ জন্ম-বিক্রয়ে রোকোরজ কমিশন হিসেবে লেনদেন মূল্যের উপর উৎসে আয়কর কর্তনের হার ০.১০% থেকে হ্রাস করে ০.০৫% নির্ধারণ করা হয়েছে।
- পুঁজিবাজার এর উন্নয়ন, স্বচ্ছতা ও স্থিতিশীলতা নিশ্চিতকরণের লক্ষ্যে ২০১৩-১৪ থেকে ২০১৪-১৫ অর্থবছরের এপ্রিল পর্যন্ত সময়কালে একটি নতুন আইন ও দুইটি বিধিমালা প্রণয়ন এবং তিনটি বিধিমালা সংশোধন করা হয়েছে।
- ২০১৩-১৪ থেকে ২০১৪-১৫ অর্থবছরের এপ্রিল পর্যন্ত মোট ১৫৬টি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানকে বিএসইসি হতে নিবন্ধন সনদ প্রদান করা হয়েছে।
- পুঁজিবাজার হাতে বাজার মূলধন, সিকিউরিটিজ লেনদেন, বৈদেশিক মোট লেনদেন, মূলধন সরবরাহ, বি. ও একাউন্টের সংখ্যা, তালিকাভুক্ত সিকিউরিটিজের সংখ্যা এবং বাজার মধ্যস্থতাকারীর সংখ্যা ২০০৫-০৬ অর্থবছরের তুলনায় ২০১৪-১৫ অর্থবছরের এপ্রিল পর্যন্ত ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে।
- পুঁজিবাজার স্বাভাবিক অধিকতর কার্যকর করার লক্ষ্যে ক্লিয়ারিং কোম্পানী প্রতিষ্ঠা, তেরিভেটিভ প্রোটারি ও এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড এবং স্টক এক্সচেঞ্জ Separate small cap trading board ইত্যাদি চাপুর পরিকল্পনা রয়েছে।

বাস্তবায়নাবীন এডিপিভুক্ত প্রকল্প

পুঁজিবাজারের উন্নয়ন ও সংস্কারের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংকের করিগরী সহায়তায় ৬৯৭ লক্ষ টাকা ব্যয় সম্পন্ন Enhancing Efficiency of the Capital Market এবং Capital Market Development Program-III এর আওতায় ৪৪০ লক্ষ টাকা ব্যয় সম্পন্ন একটি করিগরী অনুদান সহায়তা প্রকল্প চলমান রয়েছে।

বাস্তবায়িতব্য প্রকল্প

শক্তিশালী পুঁজিবাজার গঠনের লক্ষ্যে প্রয়োজনীয় সংস্কার সাধনকল্পে এডিবি এর অর্থায়নে Capital Market Development Program-III নামক একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।

(ঘ) ক্ষুদ্র ঋণ ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম

বাংলাদেশে ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং দক্ষ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে মাইক্রোফেডেট রেগুলেটরি অথরিটি (এমআরএ) কাজ করে যাচ্ছে। এমআরএ কর্তৃক এ পর্যন্ত ৭৫৩টি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে সনদ প্রদান করা হয়েছে। এই ৬৯৭টি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান সহ সমগ্র ক্ষুদ্রঋণ সেक्टरের ঋণস্থিতি ৪২০.৫৬ বিলিয়ন টাকা। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতায় সামাজিক নিরাপত্তা কর্মসূচির অধীনে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জীবন-স্বাস্থ্যের মানোন্নয়ন এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে পল্লী-কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর মাধ্যমে ঋণ বিতরণ কার্যক্রম, সোশ্যাল ডেভলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর মাধ্যমে নতুন জীবন কার্যক্রম, বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত গৃহায়ন তহবিল এবং কৃষি ব্যাংকের ঘরে ফেরা কর্মসূচি ও স্বনির্ভর বাংলাদেশ কর্তৃক আয়বর্ধক কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে।

বাস্তবায়নমুখী এডিপি বহির্ভূত কর্মসূচি

(১) পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

কোম্পানী আইনের অধীনে ১৯৯০ সালে “লাভের জন্য নয়” (Not for Profit) প্রতিষ্ঠান হিসেবে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) প্রতিষ্ঠিত হয়। দরিদ্র জনগোষ্ঠীকে তাদের উৎপাদনশীল কর্মসংস্থানের জন্য সম্পদে অভিজগমে সক্ষম করা, আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড গ্রহণে অনুপ্রেরণা প্রদান ও দারিদ্র্য দূরীকরণ এবং তাদের জীবন-মানের মান বৃদ্ধিতে সহায়তা প্রদান করা পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের লক্ষ্য ও উদ্দেশ্য। ২০১৪-১৫ অর্থ-বছরে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের ৩০ বিলিয়ন টাকা ঋণ বিতরণের পরিকল্পনা রয়েছে, যা মাঠ পর্যায়ে প্রায় ১৪০ বিলিয়ন টাকার গুঁজি সরবরাহের সম্ভাবনা সৃষ্টি করবে।

(ক) Promoting Agricultural Commercialization and Enterprises (PACE)

International Fund for Agricultural Development (IFAD)-এর অর্থায়নে ‘Promoting Agricultural Commercialization and Enterprises (PACE)’ শিরোনামে ছয় বছর মেয়াদী একটি প্রকল্প পিকেএসএফ বাস্তবায়ন করছে। অনুমোদিত কর্ম-পরিকল্পনা অনুযায়ী ২০১৪-১৫ অর্থ বছরের জন্যে মোট ০.৩২ বিলিয়ন টাকার বাজেট পরিকল্পনা করা হয়েছে।

(খ) Kuwait Fund for Arab Economic Development (KFAED)

বাংলাদেশের খাদ্য নিরাপত্তা কার্যক্রমে সহায়তার লক্ষ্যে বিগত জানুয়ারী ৩০, ২০১১ তারিখে বাংলাদেশ সরকার, Kuwait Fund for Arab Economic Development (KFAED) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর মধ্যে “Kuwait Goodwill Fund for Promotion of Food Securities in Islamic Countries” সংক্ষেপে Kuwait Goodwill Fund-(KGF) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের জন্য ১০ মিলিয়ন মার্কিন ডলারের একটি ত্রিপর্যায়ী অনুদান সহায়তা চুক্তি স্বাক্ষরিত হয়। KGF কর্মসূচির মূল লক্ষ্য হলো-কৃষি সংশ্লিষ্ট খুদ্র ও ছোট ব্যবসার সাথে জড়িত জনগোষ্ঠীর পারিবারিক আয় বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তা বৃদ্ধি করা। পিকেএসএফ তার ১০টি সহযোগী সংস্থার মাধ্যমে ২০টি জেলায় কর্মসূচি পরিচালনা করছে। চলতি অর্থ-বছরের ডিসেম্বর ২০১৪ পর্যন্ত সময়ে এ কার্যক্রমের আওতায় পিকেএসএফ সহযোগী সংস্থাসমূহের অনুকূলে ০.২৩ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে এবং শুরু থেকে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে মোট ২.২৩ বিলিয়ন টাকা। সহযোগী সংস্থাসমূহ চলতি অর্থ-বছরে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত সদস্যদের মধ্যে ঋণ বিতরণ করেছে ০.৪৯ বিলিয়ন টাকা এবং শুরু থেকে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত মাঠ পর্যায়ে ঋণ বিতরণ করেছে ২.৭৩ বিলিয়ন টাকা।

(গ) বাংলাদেশ ক্রাইমেট চেঞ্জ রেজিলিয়েন্স ফান্ড (বিসিসিআরএফ)-এর আওতায় কমিউনিটি ক্রাইমেট চেঞ্জ প্রজেক্ট (সিসিসিপি)

বাংলাদেশ ক্রাইমেট চেঞ্জ রেজিলিয়েন্স ফান্ড (বিসিসিআরএফ)-এর আওতায় কমিউনিটি ক্রাইমেট চেঞ্জ প্রজেক্ট (সিসিসিপি) এর কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। সিসিসিপি-এর মূল কর্মকান্ডের মধ্যে রয়েছে বসতিভিত্তি উচ্চকরণ, প্রাক্করমসহ ডিউবগয়েল স্থাপন, টয়লেট স্থাপন, পুকুর পুনঃখনন, পরিবেশ বান্ধব উন্নত চুলা স্থাপন, অর্ধ-আবদ্ধ পদ্ধতিতে ছাগল/ভেড়া/হাঁস/মুরগী পালনে সহায়তা ইত্যাদি। ২০১৩-২০১৬ সন মেয়াদী এই প্রকল্পের মাধ্যমে দেশের জলবায়ু ঝুঁকিপূর্ণ এলাকায় ৪১ টি এনজিওর মাধ্যমে ১২.৫ মিলিয়ন মার্কিন ডলার বা প্রায় ০.৯৬ বিলিয়ন টাকার প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে।

(২) সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

দরিদ্র জনগোষ্ঠীর জন্য অধিকতর সামাজিক ও অবকাঠামো সুবিধা সৃষ্টি, স্থানীয় পর্যায়ে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং দারিদ্র্য বিমোচনে সহায়ক ভূমিকা পালনের লক্ষ্যে অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) গঠিত হয়। গ্রামীণ অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রমের আওতায় এ পর্যন্ত ২৭২২ কি.মি. কাঁচা রাস্তা, ৫৫১৫টি কলভার্ট, প্রায় ৬১৩৮টি নলকূপ, ৮৯টি বেসরকারী স্থল ঘর মেঝেমত, ৩২টি সাঁকো, ১.৮৭ কি.মি. নালী খনন ইত্যাদি এবং গ্রাম সমিতির স্থায়ীকরণের জন্য ১২৪০টি গ্রাম সমিতির অফিস বিল্ডিং নির্মাণসহ মোট ৫০০৬টি উপ-প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উন্নয়নমূলক কাজ সম্পন্ন হয়েছে। সামাজিক বিনিয়োগ কর্মসূচির আওতায় গ্রামীণ অবকাঠামোগত উন্নয়ন কাজের জন্য এ পর্যন্ত মোট ০.১৪ বিলিয়ন টাকা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নমূলক কাজ সম্পন্ন করা হচ্ছে।

(৩) বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন

এনজিওসমূহের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্যসেবা, নিরাপদ পানি, স্যানিটেশন সহায়তা, পরিবেশ সুবক্ষা, প্রতিবন্ধী পুনর্বাসন, কৃষি উন্নয়ন, আয়বৃদ্ধিমূলক কার্যক্রম এবং পশুচাষ বা অন্যান্য জনগোষ্ঠীর সামর্থ্য উন্নয়ন বিশেষভাবে নারী ও দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন গঠন করা হয়েছে। এনজিওগুলো প্রত্যন্ত অঞ্চলে বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে বিভিন্নমুখী কার্যক্রম বাস্তবায়নে ভূমিকা পালন করছে। এ সকল কর্মসূচির অধীনে ১৬,৪০,৩০০ পরিবারের ৫৩,৩৬,০০০ জন নারী এবং ২৯,১৫,০০০ জন পুরুষসহ মোট ৮২,৫১,০০০ জন সরাসরি উপকৃত হয়েছে। এছাড়া ৬০,০০০ জনের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

(৪) স্বনির্ভর বাংলাদেশ প্রশিক্ষণ কর্মসূচি

দেশের বেকার যুবগোষ্ঠীর মাঝে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সরকারের আর্থিক সহায়তায় স্বনির্ভর বাংলাদেশ কর্তৃক একটি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ কর্মসূচির আওতায় বেকার যুবক-যুবতীদের দক্ষতা বৃদ্ধিকল্পে বিভিন্ন ফেডে যেমন-টেইলারিং, বিউটি পার্লার, মোবাইল, কম্পিউটার বিষয়ে দক্ষতা বৃদ্ধি প্রভৃতি প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া বাংলাদেশ সরকারের আউটসোর্সিং (a2i) প্রোগ্রামে স্বনির্ভর বাংলাদেশ কর্তৃক শিক্ষিত যুবক-যুবতীদের দক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থান ও আয় বাড়ানোর লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করাসহ সোনালী, জন্নতা, অগ্নী, বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-এর ৭৮০টি শাখার মাধ্যমে স্বনির্ভর বাংলাদেশ গ্রামীণ জনগোষ্ঠীর মাঝে ঋণ বিতরণ করে আসছে। ২০১৪-১৫ অর্থ বছরের এ পর্যন্ত ৬১,২৫৪ জনকে ০.৮৯ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

(গ) নিরীক্ষা ও পরিবীক্ষণ সংক্রান্ত কার্যক্রম

- **অডিট আপত্তি নিষ্পত্তি-** রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বহিঃনিরীক্ষা এবং অভ্যন্তরীণ নিরীক্ষায় উত্থাপিত অডিট আপত্তির শ্রেণিক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ নিষ্পত্তির লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ ও নিবিড় তদারকি অব্যাহত আছে। ২০১৪-১৫ অর্থ বছরে (মার্চ-২০১৫ পর্যন্ত) সংবিধিবদ্ধ অডিটে উত্থাপিত মোট ৭৩০২টি অডিট আপত্তি (জড়িত টাকার পরিমাণ ২১৪২ কোটি টাকা) নিষ্পত্তি হয়েছে।
- **সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে অনালোচিত অডিট আপত্তি-** বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে উপস্থাপনের অপেক্ষায় কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সংকলনভুক্ত নিরীক্ষা প্রতিবেদনসমূহের অনালোচিত অডিট আপত্তির হালনাগাদ জবাব সংশ্লিষ্ট ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান হতে আনয়নক্রমে পর্যালোচনা সভা অনুষ্ঠান, প্রযোজ্য ক্ষেত্রে দায়-দায়িত্ব নির্ধারণ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের কার্যক্রম পূর্বীত হয়েছে।
- **ত্রি-পক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠান -** সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির নীতিনির্ধারণী সিদ্ধান্তের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নিয়ন্ত্রণাধীন রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিতভাবে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান অব্যাহত আছে। ২০১৪-১৫ অর্থ বছরে (মার্চ, ২০১৫ পর্যন্ত) ৩৮টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ১০২০টি অডিট আপত্তি আলোচনান্তে ৬৩০টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়।
- **পরিদর্শন সংক্রান্ত কার্যক্রম-** রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক, বীমাসংস্থা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের নিম্নবর্ণিত ইস্যু ভিত্তিক কার্যক্রম পরিদর্শন শেষে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে:
 - (ক) রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের নিরীক্ষিত আর্থিক বিবরণী (Audited Financial Statements) পর্যালোচনা করে অডিটে উত্থাপিত বিভিন্ন অনিয়ম সংশোধনের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
 - (খ) 'বিকল্প খেলাপি ঋণ আদায় পদ্ধতির (ডেট রিকভারি এজেন্ট) বিষয়ে তথ্যানুসন্ধান প্রতিবেদন প্রণয়ন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। দেশের ব্যাংকিং খাতে শৃঙ্খলা আনতে খেলাপি ঋণ আদায়ে প্রচলিত পদ্ধতির বাইরে বিকল্প পদ্ধতি অনুসন্ধান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
 - (গ) রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে মামলাজনিত কারণে অনিষ্পন্ন অডিট আপত্তির ক্ষেত্রে বিভাগীয় প্রশাসনিক ব্যবস্থা সম্পর্কিত একটি কেইস স্টাডি ভিত্তিক প্রতিবেদনের সুপারিশের প্রেক্ষিতে বিভাগীয় শৃঙ্খলামূলক/ প্রশাসনিক ব্যবস্থা সংক্রান্ত কার্যক্রম মন্ত্রণালয় কর্তৃক মনিটরিং করা হচ্ছে।

(ঘ) মামলা সংক্রান্ত কার্যক্রম

- রীট পিটিশন, সিভিল পিটিশন, সিভিল রিভিউ, প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা, দেওয়ানী মামলা, মানি ও অন্যান্য আশীল ইত্যাদি ধরনের অনেক মামলা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে দায়ের করা হয়। এ সকল মামলার লিগ্যাল নোটিশ/ডিম্যান্ড নোটিশ, এডভোকেট সার্টিফিকেট বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ ইত্যাদি ব্যাপক দায়িত্ব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক সম্পাদন করা হয়।
- বিগত ২০১৪ সালে এ বিভাগ সংক্রান্ত রীট মামলার সংখ্যা ছিল (আর্জিসহ)-৩৭৫টি, পক্ষান্তরে ২০১৫ সালের এপ্রিল পর্যন্ত এর সংখ্যা -৯০টি।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে মামলাগুলো সরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হলে সংশ্লিষ্ট ব্যাংকে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য হেরণ করার পাশাপাশি ফলোআপ করা হয়। বেসরকারী ব্যাংক হলে বাংলাদেশ ব্যাংক এ হেরণ করা হয়। অত্র বিভাগের সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ মামলার ক্ষেত্রে দক্ষাওয়ারী জবাব আদালতে নিয়মিত দাখিল করা হয়।
- ইতোমধ্যে সরকারের বিরুদ্ধে আনীত মামলা ব্যবস্থাপনা অটোমেটেড করার উদ্দেশ্যে এ বিভাগের দ্বারা একটি 'কোর্ট কেইস ডাটাবেইজ' তৈরী করার উদ্যোগ নেয়া হয়েছে। এর মাধ্যমে যথাসময়ে ও দ্রুততার সাথে মামলা ব্যবস্থাপনা সহজতর হবে।

(ঙ) তথ্য যোগাযোগ ও প্রযুক্তি সংক্রান্ত

বর্তমান সরকার ঘোষিত রূপকল্প-২০২১ অনুসারে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের Access to Information (a2i) প্রকল্প কম খরচে, স্বল্প সময়ে এবং কিনা ভোগান্তিতে জনগণের দেয়ারগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় এ বিভাগে উচ্চগতির ইন্টারনেট সংযোগ (ন্যূনতম ৪ এমবিপিএস) এবং প্রয়োজনীয় হার্ডওয়্যার সংগ্রহ ও সকল কম্পিউটার LAN এর আওতাভুক্ত করা হয়েছে। তাছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক চালুকৃত ওয়াই ফাই ব্যবহার সুবিধা এ বিভাগের সকল কর্মকর্তাগণ ব্যবহার করছেন।

(জ) ইনোভেশন টিম গঠন

সরকারি সেবাকে আরও জনমুখী করার লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে একটি ইনোভেশন টিম গঠন করা হয়েছে। এ বিভাগের আওতাধীন সংস্থাসমূহও স্ব-স্ব প্রতিষ্ঠানের জন্য ইনোভেশন টিম গঠন করেছে। এ সব টিমের মাধ্যমে নতুন নতুন ধারণা পাওয়া যাবে মর্মে আশা করা যাচ্ছে।

(ঝ) তথ্য অধিকার আইন

তথ্য অধিকার আইন, ২০০৯-এর ২ (ক) ধারা মতে আপীল কর্তৃপক্ষ এবং ১০ (১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য সরবরাহের জন্য এপ্রিল, ২০১৫ পর্যন্ত ১টি আবেদন পাওয়া যায়, যা নিষ্পত্তি করা হয়েছে।

(ঞ) ডিজিটাল লাইব্রেরি

সরকারের রূপকল্প- ২০২১ অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে অত্র বিভাগও কাজ করে যাচ্ছে। ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠিত হলে উন্নত ও দ্রুত জনসেবা প্রদান, সরকারের সকল ধরনের তথ্যে অডিগন (access) নিশ্চিত করে জনসাধারণের ক্ষমতায়ন, মানব সম্পদ উন্নয়ন, দাবিদার বিমোচন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন সম্ভব হবে। এরই ধারাবাহিকতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ নিজস্ব ওয়েবসাইট প্রকাশের সাথে সাথে 'ডিজিটাল লাইব্রেরি' গড়ে তোলার কার্যক্রম শুরু করেছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ডিজিটাল লাইব্রেরি স্থাপনের অধীনত। ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠান ও পূর্জিৎবাজার ইত্যাদি সংশ্লিষ্ট বই ডিজিটাল লাইব্রেরিতে আপলোড করা হচ্ছে। ডিজিটাল লাইব্রেরিতে মে, ২০১৫ মাস পর্যন্ত সর্বমোট ৩৬৪টি eBook বুক ডিউ আকারে আপলোডের কার্যক্রম সম্পন্ন হয়েছে। সকল ইন্টারনেট ব্যবহারকারী ওয়েবসাইট (www.bfid.gov.bd) হতে ডিজিটাল লাইব্রেরির সেবা গ্রহণ করতে পারছে।

द्वितीय अध्याय

ब्यांङ्क

কেন্দ্রীয় ব্যাংক বাংলাদেশ ব্যাংক

বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠানপূর্ণ থেকে দেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে আর্থ-ব্যবস্থাপনাসহ দেশের ব্যাংকিং খাত তথা আর্থিক খাতের সার্বিক ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি ও উন্নয়ন, সার্বিক লেনদেন ব্যবস্থাপনার সুষ্ঠু পরিচালনা, নেট ইস্যুকরণ, বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ এবং সরকারের যাবতীয় লেনদেন ছাড়াও বাংলাদেশ ব্যাংক দেশের মুদ্রা ও ঋণনীতি প্রণয়ন ও বাস্তবায়নের দায়িত্ব পালন করে থাকে। বাংলাদেশ ব্যাংকের মুদ্রানীতির মূল লক্ষ্য হলো মূল্যস্তর স্থিতিশীল রাখার মাধ্যমে টাকার অভ্যন্তরীণ ও বৈদেশিক মূল্যমান যুক্তিসংগত পর্যায়ে রাখা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করা। গতবর্ষসহ ৯ (নয়) সদস্যবিশিষ্ট একটি পরিচালক পর্ষদ বাংলাদেশ ব্যাংকের সার্বিক কর্মকাণ্ড পরিচালনার মূল কেন্দ্রবিন্দু। প্রধান কার্যালয় ছাড়াও বাংলাদেশ ব্যাংকের ঢাকার দু'টি এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বগুড়া, সিলেট, রংপুর, বরিশাল ও মহম্মদসিংহতে একটি করে শাখা কার্যালয় রয়েছে। এ সমস্ত শাখার মাধ্যমে বাংলাদেশ ব্যাংক আর্থ-ব্যবস্থাপনাসহ দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর সার্বিক কার্যক্রম তদারকির গুরুদায়িত্ব পালন করছে। বাংলাদেশের আর্থিক খাতের সুচলনালোর বর্ণনা দেয়া হলো।

মুদ্রানীতি

মূল্যস্ফীতির চাপকে পরিমিত পর্যায়ে রেখে সর্বোচ্চ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক অর্থবছর ২০১৫-এর জন্য প্রবৃদ্ধি সহায়ক, অন্তর্ভুক্তিমূলক ও বিনিয়োগবান্ধব-সতর্ক মুদ্রানীতি অনুসরণ করে আসছে। অর্থবছর ২০১৫ এর মুদ্রানীতি কার্যক্রমের মূল লক্ষ্য হলো উৎপাদনশীল খাতে পর্যাপ্ত ঋণ যোগানের মাধ্যমে বিনিয়োগকে উজ্জীবিতকরণ, অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জন করার সাথে সাথে গড় মূল্যস্ফীতিকে ৬.৫ শতাংশে সীমাবদ্ধ রাখা। এজন্য বাংলাদেশ ব্যাংক মুদ্রানীতি কৌশলটির পাশাপাশি ঋণ ও অর্থায়ন নীতি কৌশলটিও প্রয়োজনমত ব্যবহার করছে এবং আর্থিক খাতে অন্তর্ভুক্তিমূলক ও পরিবেশবান্ধব অর্থায়ন যোগানে সচেষ্ট রয়েছে। মার্চ ২০১৫ শেষে গড় বার্ষিক ভোজ্য মূল্যস্ফীতি ৬.৬৬ শতাংশে দাঁড়ায় যা লক্ষ্যমাত্রা অনুযায়ী মোটামুটি সন্তোষজনক। মূলতঃ খাদ্য মূল্যস্ফীতি হ্রাস পাওয়ার কারণে উল্লিখিত গতিধারা অনেকটা নিম্নগামী হয়েছে বলে অনুমিত হয়। যদিও খাদ্যপণ্য-বহির্ভূত ভোজ্য মূল্যস্ফীতি কিছুটা উর্ধ্বগামী রয়েছে। জুন ২০১৪ শেষে খাদ্য মূল্যস্ফীতি ছিল ৮.৫৭ শতাংশ, যা মার্চ ২০১৫ শেষে হ্রাস পেয়ে দাঁড়ায় ৭.২৪ শতাংশে। অন্যদিকে, জুন ২০১৪ শেষে খাদ্যপণ্য-বহির্ভূত ভোজ্য মূল্যস্ফীতি ছিল ৫.৫৪ শতাংশ, যা মার্চ ২০১৫ শেষে বেড়ে দাঁড়ায় ৫.৭৮ শতাংশে।

গড় ভোজ্য মূল্যস্ফীতি কাঙ্ক্ষিত পর্যায়ে রাখার লক্ষ্যে চলতি অর্থবছরের ব্যাপক মুদ্রা ও রিজার্ভ মুদ্রা সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারিত করা হয়েছে যথাক্রমে ১৬.৫ শতাংশ ও ১৫.৯ শতাংশ। ফেব্রুয়ারি ২০১৫ শেষে বছরভিত্তিতে ব্যাপক মুদ্রা ও রিজার্ভ মুদ্রার প্রবৃদ্ধি দাঁড়ায় যথাক্রমে ১২.৮০ শতাংশ ও ১৫.২৯ শতাংশ। মূলতঃ নীতি বৈদেশিক সম্পদ বৃদ্ধির হার মন্থর ও সরকারি খাতে ঋণের পরিমাণ উল্লেখযোগ্য হারে কমে যাওয়ার প্রেক্ষাপটে ব্যাপক মুদ্রা সরবরাহের প্রবৃদ্ধি অপেক্ষাকৃত কম হয়েছে বলে প্রতীয়মান হয়। চলতি অর্থবছরে প্রথম আট মাসে (ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত) মোট অভ্যন্তরীণ ঋণ ৫.৫৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ৬৭৩৫.৭৬ বিলিয়ন টাকার দাঁড়ায়। জুন ২০১৫ শেষে বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি ১৫.৫ শতাংশ ধার্য করা হয়েছে যা জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রার সঙ্গে সংগতিপূর্ণ। উল্লেখ্য, ফেব্রুয়ারি ২০১৫ শেষে বছরভিত্তিতে বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি দাঁড়ায় ১৩.৬১ শতাংশ। মূলতঃ সাম্প্রতিক সময়ে রাজনৈতিক অস্থিরতার কারণে বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি কম হলেও উৎপাদনমুখী প্রতিষ্ঠানগুলোর জন্য ঋণ ও সীর্ষমের্যাদি বৈদেশিক অর্থায়নের সুযোগ এবং ঋণদান হারের নিম্নমুখীতা ঋণের প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করবে বলে আশা করা যায়। নীতিসুদহার পূর্বের ন্যায় চলতি বছরও অপরিবর্তিত রয়েছে। অর্থবছর ২০১৫ এর জন্য অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে ৬.৫ শতাংশ থেকে ৬.৮ শতাংশের মধ্যে; যেখানে উদীয়মান এশীয় অর্থনীতির জন্য প্রবৃদ্ধি প্রক্ষেপিত হয়েছে ৫.০ শতাংশে। উল্লেখ্য, মুদ্রাযোগানে প্রবৃদ্ধির যে পরিসর মুদ্রানীতি প্রোগ্রামে রাখা হয়েছে তা অনুকূল পরিবেশে জিডিপি'র লক্ষ্যমাত্রা প্রবৃদ্ধি অর্জনের জন্যে পর্যাপ্ত। তাছাড়া, মূলধনী যন্ত্রপাতি ও উৎপাদন উপকরণাদি আমদানিতে গতিশীলতা জিডিপি'র প্রবৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

বহিঃখাতে স্থিতিশীলতা বজায় রাখা কেন্দ্রীয় ব্যাংকের অন্যতম প্রধান উদ্দেশ্য। বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি টাকার মূল্যমানে উর্ধ্বমুখী চাপ সৃষ্টি করছে এবং বৈদেশিক মুদ্রাবাজারে বাংলাদেশ ব্যাংকের পরোক্ষ অংশগ্রহণের কারণে টাকার মান মোটামুটি স্থিতিশীল রয়েছে। বাংলাদেশ ব্যাংক রপ্তানি খাতকে প্রতিযোগিতামূলক করার লক্ষ্যে চলতি মূলধন অর্থায়ন যোগানে রপ্তানিকারকদের জন্য স্বল্পসুদে বৈদেশিক অর্থায়নের সুযোগ বৃদ্ধি, ইডিএফ ঋণের সুদহার হ্রাস এবং ইডিএফ ঋণের আওতা বাড়ানোসহ বিভিন্নমুখী নীতি পদক্ষেপ গ্রহণ করেছে। বৈদেশিক মুদ্রার রিজার্ভে ক্রমবৃদ্ধি, মার্কিন ডলারের বিপরীতে টাকার স্থিতিশীল বিনিময় হার এবং ঋণের নিম্নগামী সুদহারের কারণে বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক পরিবেশ আরো বেশি বিনিয়োগবান্ধব হয়েছে।

অর্থনৈতিক প্রবৃদ্ধিকে প্রসারিত করা এবং তা জনবান্ধব ও টেকসইকরণের লক্ষ্যে ২০১৪-১৫ অর্থবছরের অন্তর্ভুক্তিমূলক ব্যাংকিং ব্যবস্থার উপর গুরুত্ব আরোপ করা হয়: এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে কৃষি এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের জন্য ঋণ সম্প্রসারণ, দরিদ্র জনগোষ্ঠী ও নারীর ক্ষমতায়ন, গ্রিন ব্যাংকিং, আর্থিক খাতের আধুনিকায়ন, মোবাইল ব্যাংকিং, ই-কমার্স, রপ্তানি উন্নয়ন ও বৈদেশিক মুদ্রা লেনদেন উদারিকরণ। বর্ণাঢ্য, কৃষিভিত্তিক শিল্প, এসএমই ও পরিবেশবান্ধব প্রকল্পের অর্থায়ন সহায়তায় পুনঃঅর্থায়ন তহবিল যোগান এবং দশ টাকায় ব্যাংক হিসাব খোলা দরিদ্র উদ্যোক্তাসহ নতুন উদ্যোক্তাদের জন্য পুনঃঅর্থায়ন তহবিল গঠন করেছে। দশ টাকায় ব্যাংক হিসাব খোলা দরিদ্র উদ্যোক্তাদের সংখ্যা জুন ২০১৩ শেষের ১৩.২ মিলিয়ন থেকে বৃদ্ধি পেয়ে জুন ২০১৪ শেষে ১৪.০ মিলিয়নে দাঁড়ায়। মোবাইল ব্যাংকিং ব্যবস্থার দ্রুত প্রসার ব্যাংকগুলোর জন্য ব্যয়সম্প্রীভাবে সেবা সহশ্রিষ্ট গ্রাহকদের কাছে তৎক্ষণাত পৌছাতে বিশেষ সহায়ক হয়েছে। বর্তমানে মোবাইল ব্যাংকিংয়ের গ্রাহক সংখ্যা আড়াই কোটির ওপরে। সামাজিক দায়বদ্ধ ব্যাংকিং ব্যবস্থা শক্তিশালীকরণের লক্ষ্যে বিভিন্ন প্রচেষ্টা নেয়া হয়েছে, যার মধ্যে রয়েছে গ্রিন ব্যাংকিংয়ের উপর গুরুত্বারোপ এবং কর্পোরেট সোশাল রেসপন্সিবিলিটি (CSR) বৃদ্ধিকরণ।

অর্থবছর ২০১৫ এর প্রথমার্ধে বাংলাদেশ ব্যাংক ঋণ ও আর্থিক নীতিতে অনেকগুলো উৎপাদন সহায়ক ও বিনিয়োগবান্ধব প্রণোদনা যোগ্য করেছেন। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে ইডিএফ ঋণের সুদহার হ্রাস, চামড়া ও নিরামিকস এর মতো নতুন খাতগুলোকে ইডিএফ-এর আওতায় আনা এবং কৃষিক্ষেত্রের সুদহারের উর্ধ্বসীমা ১৩ শতাংশ থেকে কমিয়ে ১১ শতাংশে পুনঃনির্ধারণ। রক্তনিমুখী পোশাক খাতের বৃদ্ধিপূর্ণ কারখানা ভবনগুলোর উন্নয়ন অর্থায়নে বাংলাদেশ ব্যাংক জাইকার সহায়তায় একশ' কোটি টাকার একটি তহবিল গঠন করেছে। বিদেশী বিনিয়োগকে আকৃষ্ট করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক স্থানীয় বাজার থেকে বিদেশী বিনিয়োগকারীদের ঋণ গ্রহণ এবং মূল কোম্পানি থেকে ওয়ার্কিং ক্যাপিটাল অর্থায়নের ক্ষেত্রে আরোপিত বিধি-বিধান শিথিল করে। 'Buyers credit'-এর মাধ্যমে স্থানীয় বেসরকারি কর্পোরেশনের জন্য মেয়াদি ঋণ গ্রহণ এবং চলতি মূলধনের জন্য স্বল্পমেয়াদি ঋণ গ্রহণে বৈদেশিক অর্থায়নের সুযোগ থাকায় স্থানীয় ব্যাংকিং খাত থেকে ঋণ চাহিদার চাপ ক্রমান্বয়ে হ্রাস পেয়েছে।

দেশের অর্থনৈতিক উন্নয়নে আর্থিক খাতের স্থিতিশীলতা অপরিহার্য। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক বিশেষভাবে সক্রিয় রয়েছে। ব্যাংকিং খাতে অনিয়মের পুনরাবৃত্তি রোধ ও আর্থিক জালিয়াতি বন্ধ করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ডিজিটাল প্রযুক্তি ব্যবহারসহ নজরদারি আরো জোরদার করা হয়েছে; প্রাসঙ্গিক ড্যাশবোর্ড চালু করে নজরদারিকে আরো তীব্র করা হয়েছে। রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহে উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়োগ ও বরখাস্তের বিষয়ে বাংলাদেশ ব্যাংককে সর্বমমর ক্ষমতা অর্পণ করা হয়েছে। বেসিক ব্যাংকসহ রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের ঋণ প্রবৃদ্ধির উর্ধ্বসীমা নির্ধারণসহ তাদের জন্য কঠোর আর্থিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উৎপাদনশীল খাতে ঋণযোগ্য কার্যক্রম নিশ্চিত করার পাশাপাশি অভ্যাসগত ঋণখেলাপীদের বিরুদ্ধে কঠোর অবস্থান এবং অনিচ্ছাকৃত খেলাপীদের ঋণভার লাঘবে বাস্তবসম্মত পুনর্গঠনের ব্যবস্থা বাংলাদেশ ব্যাংকের বিবেচনায় রয়েছে। আর্থিক খাতের স্থিতিশীলতা রক্ষায় পুঁজিবাজারকে ধ্বংসের হাত থেকে রক্ষার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ এক্স এক্সচেঞ্জ কমিশনকে (SEC) আইসিবি'র (Investment Corporation of Bangladesh) মাধ্যমে পুনঃঅর্থায়ন সুবিধা দিচ্ছে বাংলাদেশ ব্যাংক।

ব্যাপক মুদ্রা (M2)

২০১৪-১৫ অর্থবছরের প্রথম আট মাসে (ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত) ব্যাপক মুদ্রা (Broad Money-M2) ৬.৬৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ৭৪৭০.৮৭ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী অর্থবছরের অনুরূপ সময়ে ৯.৭৪ শতাংশ বৃদ্ধি পেয়েছিল। এ সময়ে ব্যাপক মুদ্রা (এম২) বৃদ্ধির কারণগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, বৈদেশিক সম্পদ খাতে ৭.২১ শতাংশ, রাষ্ট্রায়ত্ত্ব খাতে ঋণ ৩৬.১৪ শতাংশ এবং বেসরকারি খাতে ঋণ ৭.৪৬ শতাংশ বৃদ্ধি মুদ্রা যোগান বৃদ্ধিতে প্রভাব রাখে। তবে, সরকারি খাতে (নীট) ঋণ ৫.৮১ শতাংশ হ্রাস পায়। ২০১৪-১৫ অর্থবছরের ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত ব্যাপক মুদ্রা (এম২) বৃদ্ধির কারণসূচক বিশ্লেষণ সারণি-১ এ দেখানো হলো।

বিবরণ	জুন ২০১২	জুন ২০১৩	জুন ২০১৪	ফেব্রুয়ারি ২০১৫	শতকরা পরিবর্তন	
					জুলাই-ফেব্রুয়ারি ২০১৪-১৫	জুলাই-ফেব্রুয়ারি ২০১৩-১৪
ব্যাপক মুদ্রা (এম২)-এর উপাদানসমূহ						
ব্যাপক মুদ্রা (এম২) (ক+খ+গ) বা (১+২)	৫১৭১.০৯	৬০৩৫.০৫	৭০০৬.২৩	৭৪৭০.৮৭	৬.৬৩	৯.৭৪
ক) জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	৫৮৪.১৭	৬৭৫.৫৩	৭৬৯.০৮	৮৩০.৬৮	৮.০১	৮.৬২
খ) ভলবি আমানত	৫১৩.০৪	৫৬০.৫	৬৪৭.৩৭	৬২৪.৪২	-৩.৫৫	৫.০৮
গ) মেয়াদি আমানত	৪০৭৩.৮৮	৪৭৯৯.০২	৫৫৬৯.৭৮	৬০১৫.৭৭	৭.৬২	১০.৪৫
ব্যাপক মুদ্রা (এম২)-এর উৎসসমূহ						
১) ব্যাংক ব্যবস্থায় নীট বৈদেশিক সম্পদ	৭৮৮.১৯	১১৩৩.৮৫	১৬০০.৫৭	১৭১৫.৯৪	৭.২১	২৬.২৭
২) ব্যাংক ব্যবস্থায় নীট অভ্যন্তরীণ সম্পদ (i+ii)	৪৩৮২.৯১	৪৯০১.২১	৫৪০৫.৬৭	৫৭৫৪.৯৩	৬.৪৬	৫.৯২
i) অভ্যন্তরীণ ঋণ	৫১৪৯.৭৩	৫৭১৭.৩৭	৬৩৭৯.০৬	৬৭৩৫.৭৬	৫.৫৯	৬.৪৮
ক) সরকারি ঋণ (নীট)	৯১৭.২৯	১১০১.২৫	১১৭৫.২৯	১১০৭.০১	-৫.৮১	৫.৩৫
খ) রাষ্ট্রায়ত্ত্ব ঋণ	১৫৩.৪২	৯৪.৫৫	১২৭.৩৭	১৭৩.৪০	৩৬.১৪	৩৩.৩৯
গ) বেসরকারি ঋণ	৪০৭৯.০২	৪৫২১.৫৭	৫০৭৬.৪	৫৪৫৫.৩৫	৭.৪৬	৬.২০
ii) অন্যান্য পরিসম্পদ (নীট)	-৭৬৬.৮২	-৮১৬.১৬	-৯৭৩.৩৯	-৯৮০.৮৩	০.৭৬	৯.৮৭


*অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান ও সরকারি সংস্থার আমানতসহ

উৎস: পরিচালনা বিভাগ, বাংলাদেশ ব্যাংক

ব্যাপক মুদ্রার উপাদান বিশ্লেষণ

আলোচ্য অর্থবছরের প্রথম আট মাসে ব্যাপক মুদ্রার উপাদানগুলোর মধ্যে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ৮.০১ শতাংশ বৃদ্ধি পেয়ে ৮৩০.৬৮ বিলিয়ন টাকায়, তলবি আমানত ৩.৫৫ শতাংশ হ্রাস পেয়ে ৬২৪.৪২ বিলিয়ন টাকায় এবং মেয়াদি আমানত ৭.৬২ শতাংশ বৃদ্ধি পেয়ে ৬০১৫.৭৭ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ৮.৬২ শতাংশ, মেয়াদি আমানত ১০.৪৫ এবং তলবি আমানত ৫.০৮ শতাংশ বৃদ্ধি

পেয়েছিল। ২০১৪-১৫ অর্থবছরের ফেব্রুয়ারি ২০১৫ শেষে ব্যাপক মুদ্রার শতকরা অংশ হিসেবে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা, তলবি আমানত (অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান ও সরকারি সংস্থার আমানতসহ) এবং মেয়াদি আমানতের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে শতকরা ১১.১২, ৮.৩৬ ও ৮০.৫২ ভাগ। জুন ২০১৪ শেষে যার পরিমাণ ছিল যথাক্রমে শতকরা ১০.৯৮, ৯.২৪ ও ৭৯.৭৮ ভাগ। বিগত পাঁচ বছরে জুন শেষে এবং ফেব্রুয়ারি ২০১৫ শেষে ব্যাপক মুদ্রার উপাদানসমূহ সারণি-২ ও চার্ট-১ এ দেখানো হলো।



সারণি-২	ব্যাপক মুদ্রার উপাদানসমূহের শতকরা অংশ				(বিলিয়ন টাকা)			
	বছর/মাস	জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত*	মেয়াদি আমানত	ব্যাপক মুদ্রা (এম২)	জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত*	মেয়াদি আমানত
	জুন ২০১০	৮৬১.৫৭	৪১৮.৩১	২৭৫০.৪৩	৩৬৩০.৩১	১২.৭১	১১.৫২	৭৫.৭৬
	জুন ২০১১	৫৪৭.৯৫	৪৮৩.০৬	৩৩৭৪.১৯	৪৪০৫.২	১২.৪৪	১০.৯৭	৭৬.৬০
	জুন ২০১২	৫৮৪.১৭	৫১৩.০৪	৪০৭১.৮৮	৫১৭১.০৯	১১.৩০	৯.৯২	৭৮.৭৮
	জুন ২০১৩	৬৭৫.৫৩	৫৬০.৫	৪৭৯৯.০২	৬০৩৫.০৫	১১.১৯	৯.২৯	৭৯.৫২
	জুন ২০১৪	৭৬৯.০৮	৬৪৭.৩৭	৫৫৮৯.৭৮	৭০০৬.২৩	১০.৯৮	৯.২৪	৭৯.৭৮
	ফেব্রুয়ারি ২০১৫	৮৩০.৬৮	৬২৪.৪২	৬০১৫.৭৭	৭৪৭০.৮৭	১১.১২	৮.৩৬	৮০.৫২

নোট : তলবি ও মেয়াদি আমানতে ব্যাংকগুলোতে পছন্দ সরকারি আমানত এবং অন্তর্ভুক্ত করা হয় না।

* অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান ও সরকারি সংস্থার আমানতসহ।

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক

রিজার্ভ মুদ্রা


সাম্প্রতিক বছরগুলোতে সার্বিক মুদ্রা প্রক্ষেপণের সাথে সঙ্গতিপূর্ণ মুদ্রানীতি ও তারল্য ব্যবস্থাপনায় অপারেটিং টার্গেট (operating target) হিসেবে ব্যবহৃত হচ্ছে রিজার্ভ মুদ্রা। ২০১৪-১৫ অর্থবছরের প্রথম আট মাসে রিজার্ভ মুদ্রা জুন ২০১৪ শেষের ১২৯৮.৭৫ বিলিয়ন টাকা থেকে শতকরা ৭.৮১ ভাগ বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারি ২০১৫ শেষে ১৪০০.১২ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে রিজার্ভ মুদ্রা শতকরা ৭.৯৬ ভাগ বৃদ্ধি পেয়েছিল। ২০১৪-১৫ অর্থবছরের প্রথম আট মাসে রিজার্ভ মুদ্রা বৃদ্ধির কারণগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, বাংলাদেশ ব্যাংকের নীট বৈদেশিক সম্পদ ৯.০৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। তবে, সরকারের নিকট বাংলাদেশ ব্যাংকের পাওনা এবং অন্যান্য নীট পরিসম্পদ ব্যাপক হারে হ্রাসের ফলে বাংলাদেশ ব্যাংকের নীট অভ্যন্তরীণ সম্পদ ১৮.৪৩ শতাংশ হ্রাস পাওয়ায় রিজার্ভ মুদ্রা বৃদ্ধির হার কিছুটা হ্রাস পায়। অর্থ গুণক (Money Multiplier) জুন ২০১৪ শেষের ৫.৩৯৫ হতে বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারি ২০১৫ শেষে ৫.৩৩৬ এ দাঁড়ায়। এ সময়ে মুদ্রা/আমানত অনুপাত এবং রিজার্ভ/আমানত অনুপাত উভয়ই জুন ২০১৪ শেষের তুলনায় সামান্য বৃদ্ধি পেয়ে যথাক্রমে ০.১২৩ হতে ০.১২৫ এবং ০.০৮৫ হতে ০.০৮৬-এ দাঁড়ায়। জুন' ১২, জুন' ১৩, জুন' ১৪ শেষে এবং ফেব্রুয়ারি ২০১৫ শেষে রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণগুলোর বিশ্লেষণ সারণি-৩ এ দেখানো হলো।

বিবরণ	জুন	জুন	জুন	ফেব্রুয়ারি	শতকরা পরিবর্তন	
	২০১২	২০১৩	২০১৪	২০১৫	জুলাই-ফেব্রুয়ারি ২০১৪-১৫	জুলাই-ফেব্রুয়ারি ২০১৩-১৪
রিজার্ভ মুদ্রা (ক+খ+গ+ঘ)	৯৭৮.০৩	১১২৪.৮৯	১২৯৮.৭৫	১৪০০.১২	৭.৮১	৭.৯৬
ক) ইস্যুকৃত মুদ্রা ও নোট	৬৪৮.৯৭	৭৫৩.৭২	৮৫৪.৮৫	৯২৪.৬৫	৮.১৬	৬.৭৮
খ) বাংলাদেশ ব্যাংকে বাংলাদেশের নগদ জমা	৩২৬.৬২	৩৬৮.০৩	৪৩৯.৯৮	৪৭০.৯২	৭.০৩	১০.৩৩
গ) অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলোর নগদ জমা	২.৩৯	৩.১২	৩.৮২	৪.২৬	১১.৫২	১০.২৬
ঘ) সরকারি সংস্থার আমানত	০.৫৫	০.০২	০.১	০.৩১	২১০.০০	১০০.০০
রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণসূচক উপাদান						
ক) বাংলাদেশ ব্যাংকের নীট বৈদেশিক সম্পদ	৬৪৯.৩	১০৩২.৪৬	১৪৭৪.৯৭	১৬০৮.৮১	৯.০৭	২৩.২৮
খ) বাংলাদেশ ব্যাংকের নীট অভ্যন্তরীণ সম্পদ (১+২)	২৮৮.৭৩	৯২.৪৪	-১৭৬.২১	-২০৮.৬৯	-১৮.৪৩	-১৯৬.৭২
১) অভ্যন্তরীণ ঋণ (ক+খ+গ+ঘ)	৬৫২.৬৩	৪২৮.২৩	১২৫.৯৬	৭৩.৬৮	-৫০.৮৩	-৪০.৯৩
ক) সরকারের কাছে বাংলাদেশ ব্যাংকের পাওনা (নীট)	৩৭৮.৫৫	২৭০.৬৯	৩৮.৪১	-৬৫.২১	-২৬৯.৭৭	-৫০.৬৬
খ) রাষ্ট্রায়ত্ত্বাধীন ঋণের কাছে পাওনা	১১.৮২	১৩.৫৫	১২.০৩	২০.৭১	৭২.১৫	-৪.৩৫
গ) তফসিলি ব্যাংকগুলোর কাছে পাওনা	২২৬.২৭	১০২.১৯	৬২.৭৯	৭৫.৩৯	২০.০৭	-৩৬.৯৪
ঘ) অন্যান্য প্রতিষ্ঠানগুলোর কাছে পাওনা	৩৫.৯৯	৪১.৮	৪২.৭৩	৪৫.৭৯	৭.১৬	০.৭৭
২) অন্যান্য পরিসম্পদ (নীট)	-৩৩৩.৯	-৩৩৫.৭৯	-৩৩২.১৭	-২৮৫.৩৭	-১৪.০৯	২.০০

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক

ব্যাংক আমানত

২০১৪-১৫ অর্থবছরের প্রথম আট মাসে ব্যাংকগুলোর মোট আমানতের পরিমাণ (আন্তঃব্যাংক লেনদেন বাদে) ৬.৯০ শতাংশ বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারি ২০১৫ শেষে ৭০৮২.৯০ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে ৯.৩১ শতাংশ বৃদ্ধি পেয়েছিল। আলোচ্য সময়ে মোট ব্যাংক আমানতের উপাদানগুলোর অবদান ছিল যথাক্রমে মেয়াদি আমানত শতকরা ৮৪.৯৩ ভাগ, তলবি আমানত শতকরা ৮.৭৫ ভাগ এবং অন্যান্য আমানত (সরকারি ও নিয়ন্ত্রিত আমানত) শতকরা ৬.৩২ ভাগ, যা জুন ২০১৪ শেষে ছিল যথাক্রমে মেয়াদি আমানত শতকরা ৮৪.৩৬ ভাগ, তলবি আমানত শতকরা ৯.৭১ ভাগ এবং অন্যান্য আমানত (সরকারি ও নিয়ন্ত্রিত আমানতসহ) শতকরা ৫.৯২ ভাগ। মোট ব্যাংক আমানতের উপাদানগুলো সারণি-৪ এবং চার্ট-২ এ দেখানো হলো।



সারণি-৪

ব্যাংক আমানত

(বিলিয়ন টাকা)

বছর/মাস	তলবি আমানত	মেয়াদি আমানত	অন্যান্য আমানত	মোট আমানত*	মোট আমানতের অংশ		
					তলবি আমানত	মেয়াদি আমানত	অন্যান্য আমানত
জুন ২০১০	৪১৬.২২	২৭৫০.৪৩	২০২.১৪	৩৩৬৮.৭৯	১২.৩৬	৮১.৬৪	৬.০০
জুন ২০১১	৪৮১.০৬	৩৩৭৪.১৯	২৪৯.৫৪	৪১০৪.৭৯	১১.৭২	৮২.২০	৬.০৮
জুন ২০১২	৫১০.৬০	৪০৭৩.৮৮	৩১৫.৯৯	৪৯০০.৪৭	১০.৪২	৮৩.১৩	৬.৪৫
জুন ২০১৩	৫৫৭.৩৭	৪৭৯৯.০২	৩৭৩.৩০	৫৭২৯.৬৯	৯.৭৩	৮৩.৭৬	৬.৫২
জুন ২০১৪	৬৪৩.৪৪	৫৫৮৯.৭৮	৩৯২.৫০	৬৬২৫.৭২	৯.৭১	৮৪.৩৬	৫.৯২
ফেব্রুয়ারি ২০১৫	৬১৯.৮৪	৬০১৫.৭৭	৪৪৭.২৯	৭০৮২.৯০	৮.৭৫	৮৪.৯৩	৬.৩২

* আন্তঃ ব্যাংক লেনদেন বাদে

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক

ব্যাংক ঋণ

২০১৪-১৫ অর্থবছরের প্রথম সাত মাসে তফসিলি ব্যাংকগুলোর প্রদত্ত ঋণের স্থিতির পরিমাণ (বৈদেশিক বিল ও আন্তঃব্যাংক লেনদেন বাদে) ৭.৫২ শতাংশ বৃদ্ধি পেয়ে জানুয়ারি ২০১৫ শেষে ৫৪২৭.২৬ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের অনুরূপ সময়ে ব্যাংক ঋণের স্থিতির পরিমাণ ৪৭৫৪.২৭ বিলিয়ন টাকা ছিল। আলোচ্য অর্থবছরের জানুয়ারি ২০১৫ পর্যন্ত মোট ব্যাংক ঋণের মধ্যে বেসরকারি ঋতে ঋণ ৬.৮৩ শতাংশ ও সরকারি ঋতে ঋণ ৩২.০৫ শতাংশ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৫২৪৫ বিলিয়ন ও ১৮২.২৬ বিলিয়ন টাকায় দাঁড়ায়। খাতভিত্তিক ব্যাংক ঋণের স্থিতি সারণি-৫ এ দেখানো হলো।

সারণি-৫

খাতভিত্তিক ব্যাংক ঋণের স্থিতি

(বিলিয়ন টাকা)

সময় শেষে	সরকারি ঋণ	বেসরকারি ঋণ	মোট
জুন ২০০৮	৯৭.৫৬	১৮৬৮.৮৫	১৯৬৬.৪১
জুন ২০০৯	১২২.৫৬	২১৩৬.৭৮	২২৫৯.৩৪
জুন ২০১০	১৪৫.৯২	২৬৩৬.৫৮	২৭৮২.৫
জুন ২০১১	১৮২.০৩	৩২৯৯.৭৪	৩৪৮১.৭৭
জুন ২০১২	১৬২.০৪	৩৯৪৯.৫২	৪১১১.৫৬
জুন ২০১৩	১১৩.৬৫	৪৩৬৮.৫২	৪৪৮২.১৭
জুন ২০১৪	১৩৯.০২	৪৯০৯.৪৭	৫০৪৮.৪৯
জানুয়ারি ২০১৫	১৮২.২৬	৫২৪৫.০০	৫৪২৭.২৬

নেটঃ বৈদেশিক বিল ও আন্তঃব্যাংক লেনদেন বাদে

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক

শহর ও পল্লী এলাকায় আমানত ও আগাম

শহর ও পল্লী এলাকার মধ্যে আমানত সংগ্রহ ও আগাম প্রবাহের ক্ষেত্রে সামান্য পরিবর্তন পরিলক্ষিত হয়। ২০১৪-১৫ অর্থবছরের ডিসেম্বর ২০১৪ শেষে পল্লী এলাকায় আমানত সংগ্রহের পরিমাণ এবং আগাম প্রবাহের পরিমাণ পূর্ববর্তী অর্থবছরের জুন শেষের তুলনায় কিছুটা বৃদ্ধি পায়। ২০০৯ সালের জুন শেষে মোট আমানতের মধ্যে পল্লী এলাকার আমানতের অংশ ছিল শতকরা ১৩.২৪ ভাগ, যা ২০১৪-১৫ অর্থবছরের ডিসেম্বর ২০১৪ শেষে শতকরা ১৯.১৪ ভাগে দাঁড়িয়েছে। একইভাবে, পল্লী এলাকার আগামের অংশ জুন ২০০৯ শেষে শতকরা ৮.০৯ ভাগ থেকে ডিসেম্বর ২০১৪ শেষে শতকরা ১০.০০ ভাগে দাঁড়িয়েছে। উল্লেখ্য, পল্লী এলাকা হতে আমানত সংগ্রহের পরিমাণ বস্তুটা বৃদ্ধি পেয়েছে, আগাম প্রবাহের হার ততটা বৃদ্ধি পায়নি। আলোচ্য অর্থবছরেও পল্লী এলাকায় সংগৃহীত আমানতের তুলনায় শ্রদান্ত আগামের হার বরাবরের মত কম, যা পল্লী এলাকায় সংগৃহীত আমানত শহর এলাকায় স্থানান্তরের প্রবণতা নির্দেশ করে। পল্লী ও শহর এলাকায় ব্যাংক আমানত ও আগামের শতকরা অংশ সারণি-৬ এ দেখানো হলো।

সারণি-৬ **পল্লী ও শহর এলাকায় আমানত ও আগামের শতকরা অংশ** (বিলিয়ন টাকা)

বছর/মাস শেষে	আমানত		আগাম	
	পল্লী	শহর	পল্লী	শহর
জুন ২০০৯	১৩.২৪	৮৬.৭৬	৮.০৯	৯১.৯১
জুন ২০১০	১২.৯৩	৮৭.০৭	৮.০৪	৯১.৯৬
জুন ২০১১	১৩.০২	৮৬.৯৮	৭.৯২	৯২.০৮
জুন ২০১২	১৭.৫৪	৮২.৪৬	১০.৫১	৮৯.৪৯
জুন ২০১৩	১৮.০২	৮১.৯৮	১০.২২	৮৯.৭৮
জুন ২০১৪	১৮.৬২	৮১.৩৮	৯.৮৭	৯০.১৩
ডিসেম্বর ২০১৪*	১৯.১৪	৮০.৮৬	১০.০০	৯০.০০

*Provisional

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক

বৈদেশিক মুদ্রা বিনিময় হার

বাংলাদেশে বাজারভিত্তিক ভাসমান বিনিময় হার ব্যবস্থা চালু থাকায় বৈদেশিক মুদ্রার বিনিময় হার বাজারে মুদ্রার চাহিদা ও যোগানের ভিত্তিতে নির্ধারিত হয়। এ ব্যবস্থায় বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রা বাজারে সরাসরি অংশগ্রহণ না করে কেবল বৈদেশিক মুদ্রা বিনিময় হার স্থিতিশীল রাখার লক্ষ্যে মাঝে মাঝে মুদ্রা বাজারে অংশগ্রহণ করে বৈদেশিক মুদ্রা (মার্কিন ডলার) ক্রয়-বিক্রয় করে থাকে। সম্প্রতি রপ্তানি আয়ের প্রবৃদ্ধির কিছুটা শ্লথগতি ও আমদানি ব্যয় বৃদ্ধি সত্ত্বেও রেমিট্যান্সের সম্ভাব্যজনক প্রবৃদ্ধি এবং সর্বোপরি



বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিচক্ষণ * জুলাই- মুদ্রানীতি

বাস্তবায়নের কারণে মার্কিন ডলারের বিপরীতে টাকার মূল্যমান মোটামুটি স্থিতিশীল রয়েছে। ৩০ জুন ২০১৪ শেষে টাকার গড়ভারিত মূল্যমান ছিল প্রতি মার্কিন ডলারে ৭৭.৭২ টাকা।

উল্লেখ্য, ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে টাকার গড়ভারিত মূল্যমান প্রতি মার্কিন ডলারে ৭৭.৬০ টাকায় দাঁড়ায়। ২০১৩-১৪ অর্থবছরে পূর্ববর্তী অর্থবছরের তুলনায় মার্কিন ডলারের বিপরীতে টাকার মূল্য ২.৭৬ শতাংশ বৃদ্ধি পায়। বাজারে ভার্য্য পরিস্থিতি ও টাকার বিনিময় মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক সময়ের সাথে সাথে প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে থাকে। প্রয়োজনমত বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে বৈদেশিক মুদ্রা বাজারে বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয় অব্যাহত রেখেছে। ২০১৪-১৫ অর্থবছরের ০২ এপ্রিল ২০১৫ পর্যন্ত সময়ে বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রাবাজার থেকে ২.৫৬ বিলিয়ন মার্কিন ডলার ক্রয় করেছে, যা ডলারের বিপরীতে টাকার মূল্য স্থিতিশীল রাখতে সহায়তা করেছে। উল্লেখ্য, ২০১৩-১৪ অর্থবছরে বাংলাদেশ ব্যাংক আন্তঃব্যাংক বৈদেশিক মুদ্রা বাজার হতে সর্বমোট ৫.১৫ বিলিয়ন মার্কিন ডলার ক্রয় করেছিল। এছাড়াও, একই সময়ে বিনিময় হার স্থিতিশীল রাখার জন্য মুদ্রা বাজারের হাতিয়ারগুলো (রিপো, রিভার্স রিপো ইত্যাদি) ব্যবহার অব্যাহত রয়েছে। ২০০৩-০৪ অর্থবছর থেকে ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-মার্চ পর্যন্ত মার্কিন ডলারের সাথে টাকার গড় বিনিময় হার চার্ট-৩ ও সারণি-৭ এ দেখানো হলো।

সারণি-৭	মার্কিন ডলারের সঙ্গে টাকার গড় বিনিময় হার
অর্থবছর	গড় বিনিময় হার (টাকা প্রতি ডলার)
২০০৩-০৪	৫৮.৯৪
২০০৪-০৫	৬১.৩৯
২০০৫-০৬	৬৭.০৮
২০০৬-০৭	৬৯.০৩
২০০৭-০৮	৬৮.৬
২০০৮-০৯	৬৮.৮
২০০৯-১০	৬৯.১৮
২০১০-১১	৭১.১৭
২০১১-১২	৭৯.১
২০১২-১৩	৭৯.৯৩
২০১৩-১৪	৭৭.৭২
২০১৪-১৫*	৭৭.৬০

* জুলাই-মার্চ উৎস : বাংলাদেশ ব্যাংক

প্রবাসীদের প্রেরিত অর্থ (রেমিট্যান্স)

সারণি-৮	প্রবাসীদের প্রেরিত বছরওয়ারি অর্থের পরিমাণ
অর্থবছর শেষে	বিলিয়ন মার্কিন ডলার
২০০৩-০৪	৩.৩৭
২০০৪-০৫	৩.৮৫
২০০৫-০৬	৪.৮
২০০৬-০৭	৫.৯৮
২০০৭-০৮	৭.৯২
২০০৮-০৯	৯.৬৯
২০০৯-১০	১০.৯৯
২০১০-১১	১১.৬৫
২০১১-১২	১২.৮৪
২০১২-১৩	১৪.৪৬
২০১৩-১৪	১৪.২৩
২০১৪-১৫*	১১.২৫

* জুলাই-মার্চ উৎস : বাংলাদেশ ব্যাংক




দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিতকরণে প্রবাসীদের প্রেরিত অর্থ ব্যাপক অবদান রাখছে। একইভাবে, দেশের ক্রমবর্ধমান কর্মসূচনের পাশাপাশি বেকার সমস্যা হ্রাস, দারিদ্র্য বিমোচন এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধিতে বৈদেশিক কর্মসংস্থান ব্যাপক ভূমিকা রেখে চলেছে। দেশের শ্রমশক্তির উল্লেখযোগ্য অংশ মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত আছে। ২০১৪ সালে (জানুয়ারি-ডিসেম্বর) প্রায় ৪.২৬ লাখ বাংলাদেশী নাগরিক কাজের সন্ধানে বিদেশে গমন করেছে। ২০১৩ সালে প্রায় ৪.০৯ লাখ বাংলাদেশী বিদেশে গমন করেছিল। সরকার কর্তৃক বৈদেশিক কর্মসংস্থান তথা শ্রমিক রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ অব্যাহত রয়েছে। এ লক্ষ্যে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান ও প্রবাসী বাংলাদেশীদের দেশে বিনিয়োগ সুবিধা সম্প্রসারণসহ প্রবাসীদের কল্যাণার্থে সরকার কর্তৃক প্রতিষ্ঠিত 'প্রবাসী কল্যাণ ব্যাংক' তাদের কার্যক্রম আরো জোরদার করেছে। আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার সাথে সঙ্গতিপূর্ণ, দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য National Skill Development Council কে আরও কার্যকর করার উদ্যোগ গৃহীত হয়েছে। রেমিট্যান্সের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে গৃহীত নানাবিধ পদক্ষেপ অব্যাহত রয়েছে। ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থের পরিমাণ ১১.২৫ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে, যা পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় ৭.৩৫ শতাংশ বেশি। ২০০৩-০৪ অর্থবছর থেকে ২০১৪-১৫ অর্থবছরের মার্চ ২০১৫ পর্যন্ত প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থের পরিমাণ চার্ট-৪ ও সারণি-৮ এ দেখানো হলো।

বৈদেশিক মুদ্রার রিজার্ভ

সারণি-৯	বৈদেশিক মুদ্রার রিজার্ভ
অর্ধবছর শেষে	বিলিয়ন মার্কিন ডলার
২০০৩-০৪	২.৭১
২০০৪-০৫	২.৯৩
২০০৫-০৬	৩.৪৮
২০০৬-০৭	৫.০৮
২০০৭-০৮	৬.১৫
২০০৮-০৯	৭.৪৭
২০০৯-১০	১০.৭৫
২০১০-১১	১০.৯১
২০১১-১২	১০.৬৬
২০১২-১৩	১৫.৩২
২০১৩-১৪	২১.৫৬
২০১৪-১৫*	২৩.৬৪

* ২১ এপ্রিল ২০১৫ পর্যন্ত
উৎস: বাংলাদেশ ব্যাংক



২০১৩-১৪ অর্ধবছরে প্রবাসীদের প্রেরিত রেমিট্যান্সের পরিমাণ কিছুটা হ্রাস এবং আমদানি ব্যয় বৃদ্ধি সত্ত্বেও দেশের রপ্তানি আয় বৃদ্ধির কারণে বৈদেশিক মুদ্রার বহিঃপ্রবাহের তুলনায় অন্তঃপ্রবাহের পরিমাণ বৃদ্ধি পায়। ফলে বৈদেশিক মুদ্রার স্থিতির পরিমাণ জুন ২০১৩ শেষে ১৫.৩২ বিলিয়ন মার্কিন ডলার হতে বৃদ্ধি পেয়ে জুন ২০১৪ শেষে ২১.৫৬ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। সাম্প্রতিক সময়ে রপ্তানি আয়ের আশাব্যঞ্জক প্রবৃদ্ধির পাশাপাশি আমদানি ব্যয়ের পরিমিত প্রবৃদ্ধি এবং দেশে পোর্টফোলিও বিনিয়োগ ও প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগের প্রবাহ (FDI) বৃদ্ধির কারণে সামগ্রিকভাবে দেশের বৈদেশিক মুদ্রা রিজার্ভ রেকর্ড পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। এরই ধারাবাহিকতায় ২৬ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে দেশের ইতিহাসে সর্বপ্রথম বৈদেশিক মুদ্রার স্থিতি ২৩ বিলিয়ন মার্কিন ডলারের মাইলফলক অতিক্রম করে। জুন ২০০৪ থেকে জুন ২০১৪ পর্যন্ত বছরভিত্তিক এবং সর্বশেষত্রাণ্ড ২১ এপ্রিল ২০১৫ তারিখে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভের গতিধারা চার্ট-৫ ও সারণি-৯ এ দেখানো হলো।

নগদ জমা সংরক্ষণ আবশ্যিকতা (CRR)

মুদ্রানীতির উদ্দেশ্য পূরণকল্পে ও ব্যাংকগুলোর অতিরিক্ত জমার ব্যবহার সীমিতকরণের লক্ষ্যে ২৪ জুন ২০১৪ হতে বাংলাদেশ ব্যাংকে তফসিলি ব্যাংকগুলোর নগদ জমা সংরক্ষণের হার (CRR) দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের ন্যূনতম ৬.০০ শতাংশ থেকে বৃদ্ধি করে ৬.৫০ শতাংশে নির্ধারণ করা হয়। তবে, কোন দিনই এ সংরক্ষণের পরিমাণ ৬.০০ শতাংশের কম হবে না। আর্থিক প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে এ হার ২.৫০ শতাংশে অপরিবর্তিত রয়েছে। আর্থিক প্রতিষ্ঠানগুলো দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক ২.৫০ শতাংশ হারে নগদ জমা (CRR) সংরক্ষণ করবে এবং কোন দিনই এ সংরক্ষণের পরিমাণ ২.০০ শতাংশের কম হবে না।

তফসিলি ব্যাংকগুলোর তরল সম্পদ সংরক্ষণ আবশ্যিকতা (SLR)


১ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ হতে তফসিলি ব্যাংকগুলোর দৈনিক ভিত্তিতে রক্ষণীয় সহজে বিনিময়যোগ্য সম্পদের পরিমাণ বাংলাদেশ ব্যাংকের সংগে দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে রক্ষণীয় নগদ জমা (সিআরআর) থেকে আলাদাভাবে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে, প্রচলিত ধারার ব্যাংকিং-এর ক্ষেত্রে সিআরআর-এর অতিরিক্ত নগদ জমাসহ বাংলাদেশের অভ্যন্তরে সহজে বিনিময়যোগ্য সম্পদের রক্ষণীয় হার (SLR) তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের ন্যূনতম ১৩.০ শতাংশ এবং ইসলামি শরীয়াহুভিত্তিক ব্যাংকিং-এর ক্ষেত্রে এই হার ন্যূনতম ৫.৫ শতাংশ ধার্য করা হয়েছে। অপরদিকে, বিশেষায়িত ব্যাংকগুলোকে তরল সম্পদ সংরক্ষণের দায় হতে অব্যাহতি দেয়া হয়েছে, যা আলোচ্য সময়েও বলবৎ রয়েছে। তবে, আমানত গ্রহণ করে না এমন আর্থিক প্রতিষ্ঠানের জন্য SLR ২.৫ শতাংশ এবং আমানত গ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য SLR ৫.০ শতাংশ ধার্য করা হয়েছে।

ব্যাংক রেট

ব্যাংক ঋণে উচ্চমাত্রার প্রকৃত সুদের হার কমিয়ে আনার লক্ষ্যে ৬ নভেম্বর ২০০৩ তারিখে ব্যাংক রেট শতকরা ৬ ভাগ থেকে হ্রাস করে শতকরা ৫ ভাগে নির্ধারণ করা হয়, যা আলোচ্য সময়েও অপরিবর্তিত আছে।

সুদের হার পরিস্থিতি

ব্যাংকগুলোর মধ্যে প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টির মাধ্যমে সুদ হার যৌক্তিকীকরণে বাংলাদেশ ব্যাংক ব্যাংকসমূহকে বিভিন্ন সময় নির্দেশনা প্রদান অব্যাহত রেখেছে। ব্যাংকসমূহ আমানত ও ঋণের সুদ/মুনাফা হার প্রতি মাসে শুধুমাত্র একবার পরিবর্তন করবে এবং পরিবর্তিত সুদ হার তাৎক্ষণিকভাবে তাদের স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করার পাশাপাশি বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে। এছাড়া, উচ্চতর ঝুঁকিবাহী ভোক্তা ঋণ (ক্রেডিট কার্ড ঋণসহ) ও এসএমই ঋণ ছাড়া অন্যান্য খাতে ঋণ এবং আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান বা intermediation spread নিম্নতর এক অংক (lower single digit) পর্যায়ে সীমিত রাখার জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে।



সাম্প্রতিক সময়ে ঋণ প্রদানের সুদের হার এবং আমানতের সুদের হার ক্রমশ হ্রাস পেয়েছে। ঋণের গড়-ভারিত সুদ হার জুন ২০১৩ শেষে ১৩.৬৭ শতাংশ ছিল, যা কিছুটা হ্রাস পেয়ে জুন ২০১৪ শেষে ১৩.১০ শতাংশে দাঁড়ায়। জানুয়ারি ২০১৫ শেষে তা আরও হ্রাস পেয়ে ১২.৩২ শতাংশে দাঁড়ায়। একইভাবে, আমানতের গড়ভারিত সুদ হার ২০১৩ শেষে ৮.৫৪ শতাংশ ছিল যা, জুন ২০১৪ শেষে হ্রাস পেয়ে ৭.৭৯ শতাংশে দাঁড়ায় এবং আমানতের গড়ভারিত সুদ হার জানুয়ারি ২০১৫ শেষে আরও হ্রাস পেয়ে ৭.২৬ শতাংশে দাঁড়ায়। জুন ২০১৩ শেষের ঋণ ও আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান (spread) ৫.১৩ শতাংশ থেকে কিছুটা বৃদ্ধি পেয়ে জুন ২০১৪ শেষে ৫.৩১ শতাংশে দাঁড়ায়। আমানতের গড়ভারিত সুদ হার এবং ঋণের গড়ভারিত সুদ হার ক্রমাগতভাবে হ্রাসের ফলে ঋণ ও আমানতের গড়-ভারিত সুদ হারের ব্যবধান (spread) জুন ২০১৪ শেষের ৫.৩১ শতাংশ থেকে কিছুটা হ্রাস পেয়ে জানুয়ারি ২০১৫ শেষে ৫.০৬ শতাংশে দাঁড়ায়। জুন ২০১৩ থেকে জানুয়ারি ২০১৫ পর্যন্ত মাসভিত্তিক ঋণের গড়ভারিত সুদ হার, আমানতের গড়ভারিত সুদ হার এবং ঋণ ও আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান চার্ট-৬-এ দেখানো হলো।

রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের সংস্কার

জানুয়ারি ২০১৫ থেকে বেসিক ব্যাংক কে বিশেষায়িত ব্যাংক থেকে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকে রূপান্তর করা হয়। রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণ ব্যবস্থাপনার মান উন্নয়ন এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক হতে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং পরিপালন ব্যবস্থার উপর বিশেষ পরিদর্শন সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে, সরকার কর্তৃক ডিসেম্বর ২০১৪ সালে সোনালী ব্যাংককে ৭১০ কোটি এবং বেসিক ব্যাংককে ৭৯০ কোটি টাকা পুনঃমূলধন হিসেবে প্রদান করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, জুন, ২০১৪ ভিত্তিক ব্যালেন্স-২ অনুযায়ী রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মধ্যে ৩টি ব্যাংকের মূলধন ঘাটতি ছিল। ডিসেম্বর, ২০১৪ শেষে দুটি ব্যাংকের মূলধন ঘাটতি পরিলক্ষিত হয়েছে। উল্লেখ্য, সমঝোতাস্থারকের (MOU) আওতায় রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী এবং বেসিক) ও বিশেষায়িত ব্যাংক (বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক)-এর কার্যক্রম পর্যালোচনা অব্যাহত আছে।

মুদ্রা ও আর্থিক বাজার সংস্কার

আন্তর্জাতিকমানের ব্যাংক ব্যবস্থা গড়ে তোলা ও দেশের সামগ্রিক ব্যাংকিং ব্যবস্থার তিষ্ঠি আরও মজবুত ও শক্তিশালী করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক মুদ্রা ও আর্থিক বাজার সংস্কার সংক্রান্ত নানাবিধ উদ্যোগ গ্রহণ অব্যাহত রয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে (জুলাই-ফেব্রুয়ারি সময়ে) গৃহীত পদক্ষেপগুলো নিম্নরূপঃ

- আর্থিক ব্যবস্থা ও সামষ্টিক অর্থনীতির স্টেকহোল্ডারগণকে সামগ্রিক আর্থিক খাতের গতি প্রকৃতি এবং আর্থিক ব্যবস্থার স্থিতিশীলতার বিষয়ে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে নিয়মিতভাবে ২০১০ সাল থেকে বার্ষিকভিত্তিতে ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি রিপোর্ট প্রস্তুত ও প্রকাশ করা হচ্ছে।
- সিস্টেমিক ঝুঁকি মোকাবেলার লক্ষ্যে ব্যাংকগুলোর আর্থিক বিবরণী নিয়মিতভাবে পর্যালোচনার মাধ্যমে স্ট্রেস টেস্টিং কার্যক্রম পরিচালনা করতঃ উচ্চ ঝুঁকিসম্পন্ন প্রতিষ্ঠানসমূহ চিহ্নিতকরণ ও আগাম সতর্কতা সংকেত প্রদান করা হচ্ছে।
- আর্থিক ব্যবস্থার সম্ভাব্য ঝুঁকি ও দুর্বলতা চিহ্নিত/অনুধাবন করার নিমিত্তে বিশ্বমানের উন্নত ঝুঁকি নিরূপণ ফ্রেমওয়ার্ক প্রতিষ্ঠার লক্ষ্যে বিশ্ব ব্যাংকের সহায়তায় Financial Projection Model Customizations চূড়ান্ত পর্যায়ে রয়েছে।
- আর্থিক ব্যবস্থার সাথে সামষ্টিক অর্থনীতির যোগসূত্র স্থাপনের লক্ষ্যে দেশীয় আর্থিক কাঠামোর সাথে সঙ্গতিপূর্ণ নিত্যনতুন ম্যাক্রোপ্রডেজিয়াল সুপারভিশন কৌশল যেমন সমন্বিত সুপারভিশন, Domestic Systemically Important Banks (DSIBs) চিহ্নিতকরণের লক্ষ্যে আন্তর্জাতিক মান অনুসরণপূর্বক বাংলাদেশের জন্য উপযোগী একটি পদ্ধতি প্রণয়ন ও এ সকল ব্যাংক তদারকির জন্য বিশেষ কৌশল প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।
- ব্যাংকিং খাতের তারল্য ঘাটতির কারণে সম্ভাব্য বিপর্যয় রোধ অথবা তা মোকাবেলা করার লক্ষ্যে কেন্দ্রীয় ব্যাংক-কে ‘স্বর্ণের শেষ আশ্রয়স্থল বা Lender of Last Resort’ হিসেবে অধিকতর কার্যকর করার জন্য একটি ফ্রেমওয়ার্ক প্রণয়নের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে, যা স্বাভাবিক পরিস্থিতিতে অথবা আর্থিক সংকটকালীন সময়ে সামগ্রিক আর্থিক ব্যবস্থাকে স্থিতিশীল রাখতে সহায়ক ভূমিকা পালন করবে। তদুপরি, কোন ব্যাংকের মূলধন ঘাটতি দেখা দিলে কিংবা নিয়মিত মূলধনের উৎস নিঃশেষিত হয়ে গেলে উক্ত ব্যাংক কিভাবে বিকল্প উৎস হতে মূলধন সংগ্রহ করবে সে বিষয়ে রূপরেখা প্রস্তুত করার জন্য Contingency Funding Plan/Framework প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে।
- আন্তর্জাতিক সর্বোত্তম রীতির সাথে সংগতি রেখে ব্যাংকসমূহের মূলধন ভিত্তিকে অধিকতর ঝুঁকি সহনশীল ও সুসংহতকরণের লক্ষ্যে ডিসেম্বর, ২০১৪ সালে বাংলাদেশ ব্যাংক মূলধন পর্যাপ্ততার সংশোধিত নীতিমালা “Guidelines on Risk Based Capital Adequacy (Revised Regulatory Capital Framework for banks in line with Basel III)” জারি করেছে। ১ জানুয়ারি ২০১৫ থেকে ২০১৯ সাল পর্যন্ত সময়ে উক্ত গাইডলাইন নীতিমালা অনুসারে বাংলাদেশ ব্যাংকের সার্বিক তত্ত্বাবধানে পর্যায়ক্রমে বাস্তবায়িত হবে এবং ২০২০ সালের ১ জানুয়ারি হতে বাসেল-৩ নীতিমালা পূর্ণাঙ্গ বাস্তবায়ন হবে। ইতোপূর্বে বাসেল-৩ বাস্তবায়নের সম্ভাব্যতা পর্যালোচনার জন্য Quantitative Impact Study (QIS) পরিচালনা করা হয় এবং প্রস্তুতি হিসেবে ২০১৪ সালের জুলাই এ একটি রোডম্যাপ ইস্যু করা হয়। বাসেল-৩ নীতিমালার মূল উদ্দেশ্য হলো এককভাবে ব্যাংকসমূহকে অধিকতর স্থিতিশীলতা প্রদানের পাশাপাশি তাদের নিজস্ব নীতিমালা ও নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের পরিদর্শন কাঠামো মজবুত করা। এ লক্ষ্যে ন্যূনতম মূলধনের পাশাপাশি আপেক্ষিক মূলধন (Capital Buffer) সংরক্ষণের নীতিমালা চালু করা হয়েছে যা প্রতিকূল পরিস্থিতি মোকাবেলায় ব্যাংকসমূহের জন্য সহায়ক ভূমিকা পালন করবে। উক্ত নীতিমালার নির্দেশনার আলোকে বাণিজ্যিক ব্যাংকসমূহ কর্তৃক ঋণ ঝুঁকি (Credit Risk), বাজার ঝুঁকি (Market Risk) ও পরিচালন ঝুঁকির (Operational Risk) বিপরীতে ন্যূনতম আবশ্যিকীয় মূলধন সংরক্ষণের রীতি অনুসৃত হচ্ছে। উল্লিখিত তিনটি ঝুঁকি ছাড়াও ব্যাংকসমূহ তাদের Supervisory Review Process (SRP)-এর আওতার অন্যান্য ঝুঁকি যেমনঃ Residual Risk, Evaluation of Core Risk Management, Credit Concentration Risk, Interest Rate Risk in the Banking Book (IRRBB), Liquidity Risk, Reputation Risk, Settlement Risk, Strategic Risk এবং Environmental & Climate Change Risk সহ অন্যান্য সকল বস্ত্রগত ঝুঁকির বিপরীতে পর্যাপ্ত মূলধন সংরক্ষণ করবে।

- ব্যাংকিং খাতে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়নের লক্ষ্যে ব্যাসেল-৩ এর আওতায় ন্যূনতম আবশ্যিকীয় মূলধন সংরক্ষণ ও SRP বাস্তবায়নের পাশাপাশি বাজার শৃঙ্খলার অধীনে ব্যাংকসমূহ মূলধন পর্যাঙ্কতার বিভিন্ন বিষয়ের উপর Public Disclosure Framework অনুসরণ করছে। জুলাই ২০১১ হতে ব্যাংকসমূহকে ন্যূনতম মূলধন পর্যাঙ্কতার হার তাদের মোট ঝুঁকিভারিত সম্পদের অন্যান্য শতকরা ১০ ভাগ সংরক্ষণ করতে হচ্ছে। উল্লেখ্য, ব্যাসেল-২ অনুযায়ী ডিসেম্বর ২০১৪ শেষে ব্যাংকসমূহের গড় মূলধন পর্যাঙ্কতার হার দাঁড়িয়েছে ১১.৩৫ শতাংশে যা ডিসেম্বর ২০১৩ শেষের মূলধন পর্যাঙ্কতার হার ১১.৫২ শতাংশের তুলনায় কিছুটা কম।
- বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক অগ্রগতি ও স্থিতিশীলতায় কৃষি খাতের অপরিসীম গুরুত্ব বিবেচনায় কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারের কৃষি বাস্তব নীতি বাস্তবায়নে এবং কৃষি ঋণ আদায়কল্পে ঋণ মেয়াদি কৃষি ঋণ পুনঃতফসিলের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ডাউন পেমেট গ্রহণের শর্ত (ক্ষেত্র বিশেষে বিনা ডাউন পেমেটেও) শিথিল করা হয়েছে। ঋণ পুনঃতফসিলের পর কৃষকদেরকে পুনরায় নতুন করে ঋণ মেয়াদি কৃষি ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে কোন নতুন জমা ব্যতিরেকেই পুনঃতফসিল পরবর্তী নতুন ঋণ সুবিধা প্রদান করা যাবে। সার্টিফিকেট মামলা দায়েরকৃত থাকলে মামলা চলাকালীন সময়ে গ্রাহকের সাথে সমঝোতা (সোলেনামা)-এর মাধ্যমে সার্টিফিকেট মামলা উত্তোলন/নিষ্পত্তিপূর্বক ঋণ পুনঃতফসিল করা যাবে।
- যে সব ঋণ গ্রহীতা অপরিহার্য কারণে যথাসময়ে ঋণ পরিশোধে অসমর্থ হয়ে পড়েছেন তাদের ঋণ পরিশোধে কিছু নীতি সহায়তা প্রদানের মাধ্যমে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডকে বেগবান করার পাশাপাশি ব্যাংকের ঋণ আদায় নিশ্চিতকল্পে এ জাতীয় ঋণগুলোর জন্য আলোচ্য পুনর্গঠন নীতিমালা প্রণয়ন করা হয়েছে। নীতিমালার উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হচ্ছে যে, আশ্রয়ী ঋণগ্রহীতা এক/একাধিক ব্যাংকের সাথে দায়গ্রস্ত এবং পুনর্গঠনের জন্য আবেদনকৃত ঋণের বকেয়া অংক অন্যান্য পাঁচশত কোটি টাকা হতে হবে। প্রতারণা এবং জাল-জালিয়াতির সাথে জড়িত কোন ঋণগ্রহীতা এ পুনর্গঠনের সুযোগ পাবেন না। এ ক্ষেত্রে পুনর্গঠনের মেয়াদ মেয়াদী ঋণের ক্ষেত্রে সর্বোচ্চ ১২ বছর এবং চলমান ও তলবি ঋণের ক্ষেত্রে সর্বোচ্চ ০৬ বছর হবে। ব্যাংকের ঘোষিত সুদ হার হতে রেয়াত দিয়ে পুনর্গঠিত ঋণে সুদ আরোপ করা যাবে। তবে, কোন অবস্থাতেই তা তহবিল ব্যয় অপেক্ষা কম হবে না। গ্রাহকের অসামর্থ্যতা বিবেচনায় সুদ মওকুফ সুবিধা এবং সর্বোচ্চ ১২ মাস পর্যন্ত গ্রেস-পিরিয়ড দেয়া যাবে।
- পেনশনার সঞ্চয়পত্র ও ওয়েজ আর্নাস ডেভেলপমেন্ট বন্ডে ৫ লক্ষ টাকা পর্যন্ত বিনিয়োগের সুদ আয় করমুক্ত করা হয়েছে এবং ৫ লক্ষ টাকার অধিক বিনিয়োগের সুদের উপর ৫% হারে উৎসে কর কর্তন পূর্বের ন্যায় বহাল রাখা হয়েছে। উৎসে কর্তিত এ কর চূড়ান্ত করদায় হিসাবে গণ্য হবে। এছাড়া অন্যান্য সঞ্চয়পত্রের ক্ষেত্রে বিদ্যমান ৫% হারে করারোপ ও সাধারণ হারে করারোপ করার বিধানটি বলবৎ রয়েছে।
- Sanchayapatra Rules, 1977 (First Amendment 2002) এর Rule-5(5) অনুযায়ী কোন প্রতিষ্ঠানের স্বীকৃত ভবিষ্য তহবিল ৫(পাঁচ) বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে বিনিয়োগের সুযোগ ছিল। কর কমিশনার কর্তৃক স্বীকৃত ভবিষ্য তহবিল ছাড়া গ্র্যাচুয়িটি ফান্ড এর অর্থ ৫(পাঁচ) বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে বিনিয়োগের সুযোগ ছিল না। বর্তমানে, 'গ্র্যাচুয়িটি ফান্ড' এর অর্থ ৫(পাঁচ) বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে বিনিয়োগ করা হলে সেগুলো Sanchayapatra Rules, 1977 (First Amendment 2002) অনুযায়ী নগদায়ন করে নেয়ার জন্য পরামর্শ দেয়া হয়েছে।
- বিপরীত পুনঃক্রয় (Reverse Repo) ব্যবস্থায় বাংলাদেশ ব্যাংকের সাথে তারল্য বিনিয়োগ ০১ দিন (ওভার নাইট) মেয়াদী হবে, তবে সাপ্তাহিক ছুটি/সরকারী ছুটির দিনে মেয়াদপূর্তির বেলায় এই মেয়াদ পরবর্তী কার্যদিবস পর্যন্ত বর্ধিত হবে। বিপরীত পুনঃক্রয় (Reverse Repo) চুক্তির বিড স্ব স্ব প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক বাংলাদেশ ব্যাংকের Market Infrastructure (MI) মডিউলে দুপুর ২:০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে। নিলামের ফলাফল MI মডিউলে একই কার্যদিবসে দুপুর ৩:০০ ঘটিকায় প্রকাশ করা হবে। সফল বিডের বিপরীতে তারল্য সংশ্লিষ্ট বিড দাতা প্রতিষ্ঠানের বাংলাদেশ ব্যাংকের সাথে পরিচালিত টাকা হিসাব বিকলন করে গৃহীত হবে, মেয়াদপূর্তিতে সুদ সমেত পরিশোধ ঐ একই হিসাবে আকলন দ্বারা সম্পাদিত হবে।

পেমেন্ট সিস্টেমস্-এর অগ্রগতি

দেশে একটি জনস্বার্থমুখী আধুনিক পেমেন্ট সিস্টেমস প্রতিষ্ঠা করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কাজ করে যাচ্ছে। এগুলোর মধ্যে- পেমেন্ট সিস্টেমস্-এর কৌশলপত্র প্রণয়ন; অটোমেটেড ক্রিয়ারিং হাউজ স্থাপন ও এর সামগ্রিক কার্যক্রম পরিচালনা, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-এর অনুমোদন প্রদান ও যথাযথ পর্যবেক্ষণ (Oversight), ন্যাশনাল পেমেন্ট সুইচ্-এর উন্নয়ন ও ই-পেমেন্ট সিস্টেম প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ, পেমেন্ট সিস্টেমস্ সংক্রান্ত আইন ও প্রবিধিগত অবকাঠামো প্রণয়ন, রেমিট্যান্স প্রবাহ ত্বরান্বিতকরণ এবং RTGS বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ উল্লেখযোগ্য।

- আধুনিক পেমেন্ট সিস্টেমস প্রতিষ্ঠা করার পদক্ষেপ হিসেবে বাংলাদেশ অটোমেটেড ক্রিয়ারিং হাউজ (BACH) প্রতিষ্ঠা করা হয়েছে। অক্টোবর ২০১০ চেক ইমেজিং এন্ড ট্রানকেশন সিস্টেম (Cheque Imaging and Truncation System- CITS) প্রযুক্তিনির্ভর বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS)-এর সরাসরি কার্যক্রম শুরু হয়েছে। অক্টোবর ২০১১ হতে দেশব্যাপী t+০ (হাই ভ্যালু চেক এর ক্ষেত্রে) ও t+১ (রেগুলার চেক-এর ক্ষেত্রে) সময়ে চেক নিকাশ সম্ভবপর হচ্ছে।
- দেশব্যাপী আধুনিক ব্যাংকিং ব্যবস্থা নিশ্চিত করার জন্য দেশের সকল ব্যাংক শাখায় জরুরিভিত্তিতে অনলাইন ব্যাংকিং ব্যবস্থা চালুর জন্য একটি পরিপত্রের মাধ্যমে দেশের বাণিজ্যিক ব্যাংকসমূহকে যথাশীঘ্র Core Banking Solution (CBS) এবং আন্তঃশাখা সংযোগ নেটওয়ার্ক (Inter-Branch Connectivity Network) স্থাপন করার পরামর্শ দেয়া হয়েছে। এরই প্রেক্ষিতে ইতোমধ্যে দেশে কার্যরত ৫৬টি ব্যাংকের মধ্যে ৫০টি ব্যাংকে অনলাইন ব্যাংকিং ব্যবস্থা চালু হয়েছে। সোনালী, অগ্রণী, জনতা ও বাংলাদেশ কৃষি ব্যাংকে আংশিক (সীমিত সংখ্যক শাখায়) অনলাইন ব্যাংকিং ব্যবস্থা চালু হয়েছে। রূপালী এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে অনলাইন ব্যাংকিং বাস্তবায়নের কার্যক্রম বিবেচনাধীন আছে।
- ফেব্রুয়ারি ২০১১ হতে শুধুমাত্র ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) ক্রেডিট লেনদেন এবং সেপ্টেম্বর ২০১১ হতে ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) ডেবিট লেনদেনের কার্যক্রম চালু রয়েছে। রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রী পরিষদ, অর্থ মন্ত্রণালয়, দুর্নীতি দমন কমিশনসহ সরকারের ৪১টি মন্ত্রণালয় তাদের কর্মকর্তা কর্মচারীদের বেতন/ভাতা EFT-এর মাধ্যমে প্রদান করছে। চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ তাদের সদস্যদের মধ্যকার লেনদেনসমূহের নিষ্পত্তি EFT-এর মাধ্যমে সম্পন্ন করছে।
- সম্প্রতি উপজেলা পর্যায়ে অনলাইন ব্যাংকিং-এর বিকল্প ব্যবস্থা হিসেবে দেশব্যাপী স্থাপিত Union Information and Services Center (UISC)-গুলোতে মোবাইলভিত্তিক আর্থিক ও ব্যাংকিং সেবা প্রদান করা হচ্ছে, যা প্রত্যন্ত অঞ্চলের গ্রামীণ জনগোষ্ঠী যারা ব্যাংকের গ্রাহক নয় তাদের কাছে সীমিত আকারে ব্যাংকিং সেবা পৌঁছে দিচ্ছে।
- ই-কমার্স কার্যক্রম শুরু করার লক্ষ্যে Online Utility Bill Payment, একই ব্যাংকের গ্রাহকদের মধ্যে Online Funds Transfer এবং Credit Card based Internet Payment চালু করার জন্য ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা সম্বলিত পরিপত্র জারী করা হয়েছে। ইতোমধ্যে ২টি ব্যাংক ই-কমার্স কার্যক্রম শুরু করেছে এবং অন্যান্য ব্যাংকসমূহও এ বিষয়ে উদ্যোগ নিয়েছে।
- মোবাইল হিসাব নেই-এরকম ব্যক্তিও এজেন্ট কিংবা অন্য গ্রাহকের মোবাইল হিসাব ব্যবহার করে ক্যাশ ইন/আউটসহ অর্থ স্থানান্তর করছে মর্মে অভিযোগ রয়েছে, যা ঝুঁকিপূর্ণ এ বং Guidelines on Mobile Financial Services for the Banks এর পরিপন্থী। বাংলাদেশ ব্যাংকের Guidelines যথাযথভাবে অনুসৃত না হওয়ার কারণে মোবাইল হিসাব ব্যবহার করে জালিয়াতি ও প্রতারণার ঘটনা ঘটছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট পক্ষসমূহের সঙ্গে আলোচনাক্রমে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস এ জালিয়াতি রোধকল্পে নির্দেশনাসমূহ প্রস্তুত করা হয়েছে।

- বিভিন্ন প্রদান মাধ্যম যেমনঃ এটিএম (ATM), পিওএস (POS) ইন্টারনেট, মোবাইল এপ্লিকেশন ইত্যাদি থেকে উদ্ভূত আন্তঃব্যাংক ইলেক্ট্রনিক পেমেন্টগুলো সহজীকরণের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক ন্যাশনাল পেমেন্ট সুইচ (NPS) প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে। NPS প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য হলো বেসরকারি উদ্যোগে ইতোমধ্যে স্থাপিত বিভিন্ন অংশীদারী সুইচ (switch) সমূহের জন্য একটি সাধারণ প্রোটোকল তৈরি করা। ডিসেম্বর ২০১২ এ প্রাথমিকভাবে National Payment Switch, Bangladesh (NPSB) সীমিত আকারে আন্তঃব্যাংক এটিএম লেনদেনের মাধ্যমে শুরু হয়। বর্তমানে ৪০ (চল্লিশ) টি বাণিজ্যিক ব্যাংক National Payment Switch, Bangladesh (NPSB) এর সাথে যুক্ত রয়েছে। অবশিষ্ট ব্যাংকগুলো উক্ত কার্যক্রমে অংশগ্রহণ করতে যাচ্ছে। উল্লেখ্য, ডিসেম্বর ২০১৪ পর্যন্ত বর্তমানে দেশে বিভিন্ন ব্যাংক কর্তৃক পরিচালিত এটিএম বুথের সংখ্যা প্রায় ৬,২০২ টি এবং মোট ডেবিট ও ক্রেডিট কার্ডের সংখ্যা প্রায় ৮০ লক্ষ।
- কার্ড ও একাউন্ট নম্বর ব্যবহার করে ইন্টারনেট-এর মাধ্যমে সরকারি বিলসমূহের অনলাইন পেমেন্ট করার জন্য NPSB এর আওতায় ই-পেমেন্ট গেটওয়ে কার্যক্রম গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।
- National Payment Systems Act (NPSA) এর খসড়া প্রণয়নপূর্বক বাংলায় অনুবাদ বিভাগীয় পর্যায়ে ইতোমধ্যে চূড়ান্ত করা হয়েছে। জনমত গ্রহণের জন্যে ব্যাংকের ওয়েব সাইটে খসড়া আইনের সন্নিবেশন এবং জনমতসহ প্রতিটি তফসিলী ব্যাংকের পর্যদের মতামত গ্রহণের জন্যে ০৪টি দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। জুলাই ২০১৫ এর মধ্যে National Payment Systems Act চূড়ান্তকরণ সম্ভব হবে বলে আশা করা যায়।
- বাংলাদেশ ব্যাংক Real Time Gross Settlement (RTGS) পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে দাতাসংস্থা এডিবি ও বিশ্ব ব্যাংকের পেমেন্ট সিস্টেমস ডেভেলপমেন্ট গ্রুপ এর সাথে কাজ করে চলেছে। নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সুপারিশকৃত শর্ত এওয়ার্ড অব কন্ট্রোল এবং Work Order-এ সন্নিবেশনের প্রক্রিয়াটি এডিবি'র সাথে যৌথভাবে সম্পন্ন করার পর CMA Small System AB-এর সাথে বাংলাদেশ ব্যাংক ২০ নভেম্বর ২০১৪ তারিখে চুক্তি স্বাক্ষর সম্পন্ন করেছে। ইতোমধ্যে ১৪/০২/২০১৫ থেকে ১৮/০২/২০১৫ তারিখের মধ্যে CMA Small System AB-এর একটি টেকনিক্যাল টিম বাংলাদেশে অবস্থান করে প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় Assessment, Gap Analysis, Time Line ও এক্ষেত্রে আমাদের করণীয় সম্পর্কে আলোচনা করেছে।

মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস- এর আওতায় জানুয়ারি, ২০১৫ সালের তথ্য অনুসারে মোট এজেন্ট সংখ্যা ছিলো ৫,৩৫,৮২১ এবং নিবন্ধিত গ্রাহক সংখ্যা প্রায় ২৫২ লক্ষ যার মধ্যে সক্রিয় একাউন্টের সংখ্যা প্রায় ১১০ লক্ষ। জানুয়ারি, ২০১৫ তে মোট লেনদেনের সংখ্যা এবং পরিমাণ ছিলো যথাক্রমে ৩,৩২,৪৬,২১৪টি এবং ৭১৪৮.৮৮ কোটি টাকা। Alternative Payment Channels হিসেবে ব্যাংকিং খাতে মোবাইল প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে ২৮টি ব্যাংককে মোবাইল প্রযুক্তিভিত্তিক আর্থিক সেবা প্রদানের অনুমোদন দেয়া হয়েছে যার মধ্যে ১৯টি ব্যাংক ইনওয়ার্ড রেমিট্যান্সের অর্থ বিতরণ, এজেন্ট/ব্যাংক শাখা/এটিএম/মোবাইল অপারেটর আউটলেট এর মাধ্যমে অর্থ আদান প্রদান/লেনদেন, ব্যক্তি কর্তৃক বাণিজ্যিক প্রতিষ্ঠানের অর্থ পরিশোধ (যেমনঃ ইউটিলিটি বিল), বাণিজ্যিক প্রতিষ্ঠান কর্তৃক ব্যক্তির অর্থ পরিশোধ (যেমনঃ কর্পোরেট/শিল্প কারখানা/অফিস সমূহের বেতন বিতরণ), সরকার কর্তৃক ব্যক্তির অর্থ পরিশোধ (যেমনঃ বয়স্ক ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা ইত্যাদি), ব্যক্তি কর্তৃক সরকারের অর্থ পরিশোধ (যেমন কর পরিশোধ), ব্যক্তি থেকে ব্যক্তির লেনদেনসমূহ (একজনের নিবন্ধনকৃত মোবাইল একাউন্ট থেকে আরেকজনের নিবন্ধনকৃত মোবাইল একাউন্টে) এবং অন্যান্য লেনদেনসমূহ যেমন মাইক্রোফাইন্যান্স, ওভারড্রন সুবিধা (উত্তোলিত সুবিধা), ইন্স্যুরেন্স প্রিমিয়াম, ইত্যাদি কার্যক্রম করেছে।

মানি লন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপ

- মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক তথ্য আদান প্রদানের প্রয়োজনে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) সর্বমোট ৩০টি দেশের ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (এফআইইউ) -এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে যার মধ্যে ২০১৪ -১৫ অর্থবছরে ৫টি দেশের এফআইইউ-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। দেশগুলো হচ্ছে- ভুটান, ডিয়েতনাম, মরক্কো, বাহরাইন ও ক্রেনাই দারুস -সালাম।

- বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) জুলাই ২০১৩ এ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটসমূহের আন্তর্জাতিক সংগঠন EGMONT GROUP-এর সদস্যপদ লাভ করেছে। উল্লেখ্য, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) ২৯ জানুয়ারি, ২০১৫ তারিখে জার্মানীর বার্লিনে অনুষ্ঠিত এগমন্ট গ্রুপের এফআইইউ প্রধানদের সভায় এগমন্ট গ্রুপের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রতিনিধি (জানুয়ারি, ২০১৫ হতে জুন, ২০১৭ সময়কালের জন্য) নির্বাচিত হয়েছে। আঞ্চলিক প্রতিনিধি হিসাবে বিএফআইইউ এ অঞ্চলের এফআইইউসমূহ, এগমন্ট কমিটি, এগমন্ট গ্রুপ সেক্রেটারিয়েট ও ওয়ার্কিং গ্রুপসমূহের মধ্যে অন্যতম প্রধান সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবে।
- প্যারিসে অনুষ্ঠিত Financial Action Task Force (FATF)-এর প্লেনারিতে FATF-এর International Cooperation Review Group (ICRG) প্রক্রিয়া হতে বাংলাদেশ অব্যাহতি লাভ করেছে, যা আন্তর্জাতিক বাণিজ্য এবং বিভিন্ন দেশের সাথে সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলবে।
- এশিয়া প্যাসিফিক গ্রুপ অন মানিলভারিং (এপিজি) এর ১৭তম বার্ষিক সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ ২০১৮-২০২০ মেয়াদে এপিজি-এর কো-চেয়ার নির্বাচিত হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশ ২০১৬ সালে এপিজি-এর বার্ষিক সভা আয়োজন করবে এবং কো-চেয়ারের মেয়াদকালে বাংলাদেশে আরেকটি বার্ষিক সভা অনুষ্ঠিত হবে।
- মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিএফআইইউ ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরোর (CIB) ডাটাবেইজ, বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজের (BACH) ডাটাবেইজ এবং আমদানি (Import), রপ্তানি (Export), ভ্রমণ ও বিবিধ (Travel & Miscellaneous) এবং অন্তর্মুখী রেমিট্যান্স (Inward Remittance) প্রবাহের ডাটাবেইজে প্রবেশাধিকার অর্জন করেছে।
- ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও বীমাকারী প্রতিষ্ঠানসমূহ বিএফআইইউ কর্তৃক সংগৃহীত goAML সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে নগদ লেনদেন রিপোর্ট ও সন্দেহজনক লেনদেন রিপোর্ট প্রেরণ শুরু করেছে। পাশাপাশি মূলধন বাজারে (Capital Market) নিযুক্ত স্টক ডিলার ও স্টক ব্রোকার এবং পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার (ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সার্বসিডিয়ারি) এবং সম্পদ ব্যবস্থাপকগণ বিএফআইইউ-এর চাহিদা মোতাবেক goAML সফটওয়্যারের মাধ্যমে বিভিন্ন তথ্যাদি প্রেরণ করছে।
- মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বিভিন্ন তথ্যাদি বিশ্লেষণে বিএফআইইউ নির্বাচন কমিশনের আওতাধীন জাতীয় পরিচয়পত্রের ডাটাবেইজ ব্যবহার করছে। বিএফআইইউ বর্তমানে উক্ত ডাটাবেইজে সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রবেশাধিকারের জন্য উদ্যোগ গ্রহণ করেছে।

ব্যাংক-বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান

আর্থিক প্রতিষ্ঠানসমূহ দেশের শিল্প, বাণিজ্য, গৃহায়ন, পরিবহন ও তথ্যপ্রযুক্তি খাতে অর্থায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখছে। ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত দেশে কার্যরত মোট আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা ৩১টি। এসব প্রতিষ্ঠানের মোট ১৯৮টি শাখা দেশের বিভিন্ন স্থানে কার্যক্রম পরিচালনা করে আসছে। ডিসেম্বর ২০১৪ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর পরিশোধিত মূলধন ও রিজার্ভের পরিমাণ ছিল ৯,৫৮১.২৩ কোটি টাকা; তন্মধ্যে পরিশোধিত মূলধনের পরিমাণ ৫,৮৭৬.৬৭ কোটি টাকা। ডিসেম্বর ২০১৪ শেষে আর্থিক প্রতিষ্ঠানগুলোর মোট সম্পদের পরিমাণ দাঁড়ায় ৫২,০০৫.২৯ কোটি টাকা এবং মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ২৪,৫৭০.৫৫ কোটি টাকা। শিল্প, বাণিজ্য, গৃহায়ন ছাড়াও দেশের পুঁজিবাজারেও তারা বিনিয়োগ করে থাকে। ডিসেম্বর ২০১৪ শেষে প্রতিষ্ঠানগুলোর পুঁজিবাজারে মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ১,৬১৫.৮২ কোটি টাকা। ডিসেম্বর ২০১৪ পর্যন্ত বিভিন্ন খাতে আর্থিক প্রতিষ্ঠানগুলোর মোট বকেয়া ঋণ/লিজের পরিমাণ দাঁড়ায় ৩৭,১০০.২৪ কোটি টাকা; তন্মধ্যে মোট শ্রেণীকৃত ঋণ/লিজের পরিমাণ ১,৯৭৪.৭৮ কোটি টাকা (৫.৩০ শতাংশ)।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিবিধ পণ্য ও সেবার অসঙ্গতি ও অসামঞ্জস্যতা দূরীকরণের লক্ষ্যে এবং প্রতিষ্ঠানসমূহকে দক্ষতার সাথে নিয়ন্ত্রণের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য Guidelines on Products and Services of Financial Institutions in Bangladesh জারী করা হয়। তাছাড়া, আর্থিক প্রতিষ্ঠানসমূহের সেবার মূল্য নির্ধারণে স্বচ্ছতা আনয়ন এবং সুস্থ প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য Guidelines on the Base Rate System for Non-Bank Financial Institutions জারী করা হয়। উক্ত গাইডলাইনের আলোকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের তহবিল ব্যয় সূচক (Cost of Fund Index) মাসিকভিত্তিতে বাংলাদেশের ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শন করা হচ্ছে। এছাড়াও দুর্বল ও সমস্যাগ্রস্থ আর্থিক প্রতিষ্ঠানসমূহকে সনাক্ত করার মাধ্যমে তাদের অবস্থার উন্নতির জন্য সঠিক দিকনির্দেশনা ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য Guidelines on Early Warning System for Weak and Problem Financial Institutions প্রণয়ন করা হয়। তাছাড়াও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যবলী ও ঝুঁকিসমূহ সুষ্ঠুভাবে তদারকির জন্য বাৎসরিক নিরীক্ষিত হিসাব বিবরণীর উপর ভিত্তি করে Diagnostic Review Report (DRR) প্রস্তুত করা হচ্ছে।

ইকুইটি এন্ড অস্ট্রাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ)

বর্তমানে দেশের ঝুঁকিপূর্ণ কিন্তু সম্ভাবনাময় সফটওয়্যার শিল্প এবং খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক শিল্প প্রকল্পে বিনিয়োগ উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ২০০০-০১ অর্থবছরের জাতীয় বাজেটে প্রাথমিকভাবে ১.০০ বিলিয়ন টাকা বরাদ্দের মাধ্যমে ইইএফ তহবিল গঠন করা হয়। অর্থ মন্ত্রণালয়ের ১৬ এপ্রিল ২০০৯ তারিখের অনুমোদনের সূত্রে বাংলাদেশ ব্যাংকের সাব-এজেন্ট হিসেবে ইকুইটি এন্ড অস্ট্রাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ)-এর অপারেশনাল কার্যক্রম ১ জুন, ২০০৯ তারিখে বাংলাদেশ ব্যাংক হতে আইসিবি'র নিকট হস্তান্তর করা হয়। ইইএফ-এর নীতি নির্ধারণ, তহবিল ব্যবস্থাপনা ও পারফরমেন্স মনিটরিং-এর কাজ বাংলাদেশ ব্যাংকের ইইএফ ইউনিট কর্তৃক সম্পাদিত হচ্ছে। ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত বিভিন্ন বছরের বাজেটে ইইএফ বাবদ মন্ত্রণালয় কর্তৃক ছাড়কৃত অর্থের পরিমাণ ১৮.২৫ বিলিয়ন টাকা। উল্লেখ্য, প্রথম বিতরণের তারিখ হতে ৮-বছরের মধ্যে ইইএফ সহায়তার অর্থ বাই-ব্যাংক করার বিধান রয়েছে। ১ম তিন বছরের মধ্যে অভিহিত মূল্যে শেয়ার বাই-ব্যাংক করা যায়। পরবর্তী পাঁচ বছরের মধ্যে Break-up-value অথবা অভিহিত মূল্যের যেটি অধিক সেই মূল্যে বাই-ব্যাংক করতে হয়। ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত ৯৬টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্প ১.৪৯ বিলিয়ন টাকা এবং ১৪টি আইসিটি প্রকল্প ০.১৬ বিলিয়ন টাকার শেয়ার বাই-ব্যাংক করেছে।

২০১৪-১৫ অর্থবছরের ফেব্রুয়ারি মাস শেষে আইসিবি'র ইইএফ ডিভিশন কর্তৃক ১৪৬টি কৃষিভিত্তিক প্রকল্পে মঞ্জুরি প্রদান করা হয়েছে। মঞ্জুরকৃত প্রকল্পগুলোর মোট প্রকল্প ব্যয় ৪.৮৫ বিলিয়ন টাকা এবং মঞ্জুরকৃত ইইএফ সহায়তার পরিমাণ ২.৩৮ বিলিয়ন টাকা। এছাড়া এ সময়ে আইসিটি খাতে ৩টি প্রকল্পের মঞ্জুরি দেয়া হয়েছে। এ প্রকল্পগুলোর মোট মঞ্জুরকৃত ব্যয় ০.৮৫ বিলিয়ন টাকা এবং মঞ্জুরকৃত ইইএফ সহায়তার পরিমাণ ০.৪২ বিলিয়ন টাকা।

ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত ১৫৮৯টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পে ২৮.৮৫ বিলিয়ন টাকা এবং ১০৩টি আইসিটি প্রকল্পে ১.৫৬ বিলিয়ন টাকা ইইএফ সহায়তা মঞ্জুর করা হয়েছে এবং এর বিপরীতে ৬২৬টি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পের অনুকূলে ১০.৩১ বিলিয়ন টাকা এবং ৭৪টি আইসিটি প্রকল্পের অনুকূলে ০.৮৭ বিলিয়ন টাকা অর্থাৎ সর্বমোট ১১.১৮ বিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।

ইইএফ সহায়তার মাধ্যমে কৃষিভিত্তিক ও আইসিটি প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে এ যাবত প্রায় ৩৯৯০০ লোকের স্থায়ী ও মৌসুমী কর্মসংস্থান হয়েছে। এছাড়া, কৃষিভিত্তিক প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে দেশের গ্রামীণ অর্থনীতিতে অবকাঠামোগত উন্নয়ন হয়েছে। কৃষিজাত পণ্যের উৎপাদন বৃদ্ধিতে প্রকল্পগুলো বিশেষ অবদান রাখছে। আইসিটি প্রকল্পগুলোর উৎপাদিত বিশ্বমানের সফটওয়্যার দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে ব্যবহৃত হচ্ছে এবং বিদেশেও রপ্তানী হচ্ছে।

প্রসঙ্গতঃ উল্লেখ্য ইইএফ সরকারের অনুম্নয়ন খাতভুক্ত একটি চলমান প্রকল্প। ইইএফ কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে কৃষিখাতে যন্ত্রপাতি ভিত্তিক প্রকল্পে মোট প্রকল্প ব্যয় ০.১০ বিলিয়ন থেকে ০.১২ বিলিয়ন টাকায় উন্নীত করা হয়েছে। উদ্যোক্তাগণের চলতি মূলধনের ঘাটতি পূরণকল্পে উদ্যোক্তাগণ মোট প্রকল্প ব্যয়ের সর্বোচ্চ ৫১ শতাংশ বিনিয়োগকৃত স্থায়ী সম্পদ (ভূমি/ভবন/যন্ত্রপাতি) বন্ধক রেখে ব্যাংক হতে চলতি মূলধন ঋণ গ্রহণ করতে পারবে। এছাড়া ইইএফ এর আওতায় রাইস ব্র্যান অয়েল, ডেইরী ফার্ম, পাম অয়েল, কর্ন ফ্ল্যান্ড, বাদাম, সরিষা, কালোজিরা ও অন্যান্য তৈলবীজ হতে তৈল উৎপাদনসহ নতুন নতুন খাত অন্তর্ভুক্তির মাধ্যমে ইইএফ অর্থায়নের ব্যাপ্তি সম্প্রসারণ করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অগ্রযাত্রায় সহায়ক ভূমিকা পালনের পথ প্রশস্তকরণের লক্ষ্যে আইসিটি খাতে উদ্যোক্তাদেরকে আবেদন দাখিলে উৎসাহিত করার জন্য আবেদনকারী কোম্পানীর আইসিটি খাতে ব্যবসার অভিজ্ঞতা ও বছরের ভূলে ১ বছরে হ্রাস করা হয়েছে। উল্লেখ্য, ২০১৪-২০১৫ অর্থবছরে ইইএফ এর আওতায় নতুন কোন সার্কুলার লেটার ইস্যু করা হয়নি। তবে কৃষিভিত্তিক প্রকল্প স্থাপনের নিমিত্তে অনলাইনে ইওআই আবেদন গ্রহণের লক্ষ্যে সফটওয়্যার ডেভেলপমেন্টের কাজ প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

গৃহায়ন তহবিল

গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর গৃহায়ন তথা দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সরকার কর্তৃক ১৯৯৭-৯৮ সালে গৃহায়ন তহবিল গঠন করা হয়। বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত এ তহবিলের অনুকূলে সরকার কর্তৃক বরাদ্দকৃত ২.৯৮ বিলিয়ন টাকার মধ্যে এ পর্যন্ত ১.৬১ বিলিয়ন টাকা ছাড় করা হয়েছে। এ কর্মসূচীর আওতায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের অনুকূলে ০.১১ বিলিয়ন টাকা অনুদান প্রদান করা হয়েছে। এ তহবিল দ্বারা এ পর্যন্ত ৩ লক্ষ ৫ হাজার ৪৬০ জন উপকৃত হয়েছে। গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর গৃহ নির্মাণের জন্য এ কর্মসূচীতে গৃহায়ন তহবিল হতে ফেল্ডারি ২০১৫ পর্যন্ত মোট ২.৬৬ বিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়েছে এবং এ বরাদ্দের বিপরীতে ফেল্ডারি ২০১৫ পর্যন্ত মোট ১.৯০ বিলিয়ন টাকা ছাড় ও ৬১০৯২ টি গৃহের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। সারাদেশে মোট ৫১৩টি এনজিও ৬৪টি জেলার ৪৫০টি উপজেলায় গৃহায়ন ঋণ কার্যক্রম বাস্তবায়ন করছে। এ পর্যন্ত ছাড়কৃত ঋণের বিপরীতে আদায়যোগ্য মোট ১.৩১ বিলিয়ন টাকার মধ্যে ১.১৯ বিলিয়ন টাকা আদায় করা হয়েছে। মোট আদায়যোগ্য ঋণের তুলনায় আদায় হার শতকরা ৯১.৪৫ ভাগ। দেশের হত দরিদ্র মহিলা শ্রমিকদের আবাসনের জন্য গৃহায়নতহবিলের অর্থায়নে মহিলা বিষয়ক অধিদপ্তরের তত্ত্বাবধানে ০.২৫ বিলিয়ন টাকা ব্যয়ে সাতার উপজেলার আভলিয়া মৌজায় একটি মহিলা হোস্টেল নির্মিত হচ্ছে, যাতে ৭৪৪ জন মহিলা শ্রমিকের আবাসন সুবিধা প্রদান করা সম্ভব হবে। গৃহায়ন তহবিলের অর্থায়নে বিজিএমইএ এবং এর সদস্যসত্ত্ব কোম্পানিতে কর্মরত শ্রমিকদের আবাসনের জন্য হোস্টেল/ডরমিটরী নির্মাণের নিমিত্ত বিজিএমইএ এবং গৃহায়ন তহবিলের মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। এছাড়া, বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) কর্তৃক বাস্তবায়নধীন 'ঘরে ফেরা' প্রকল্পের অনুকূলে ০.০২ বিলিয়ন টাকা মঞ্জুর করা হয়েছে যার ১ম কিস্তি বাবদ ০.০১ বিলিয়ন টাকা ছাড় করা হয়েছে।

ইনভেস্টমেন্ট প্রমোশন এন্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) প্রকল্প

সরকার অনুমোদিত বেসরকারি খাতের অংশগ্রহণের মাধ্যমে পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) তিষ্ঠিতে অবকাঠামো উন্নয়ন প্রকল্পে অর্থায়ন ও দেশে পিপিপি বিষয়ক সামর্থ্য বৃদ্ধির নিমিত্তে বিশ্বব্যাংক কর্তৃক অর্থায়িত ইনভেস্টমেন্ট প্রমোশন এন্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) নামক একটি প্রকল্প বাংলাদেশ ব্যাংক অর্থ বিভাগের পক্ষে বাস্তবায়ন (জানুয়ারি ২০০৭ - ডিসেম্বর ২০১৫) করছে। প্রকল্পটি বাস্তবায়নের প্রথম পর্যায়ে (জানুয়ারি ২০০৭-ডিসেম্বর ২০১১) বিশ্বব্যাংকের ৫০.০০ মিলিয়ন মার্কিন ডলারের পাশাপাশি বাংলাদেশ সরকার ১০ মিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ অর্থ প্রদান করে। ৫-বছর মেয়াদী আইপিএফএফ প্রকল্পের প্রথম ৪ বছরেই অন-লেভিং বাবদ মোট বরাদ্দের ১০০ শতাংশ (৪.২২ বিলিয়ন টাকা) ব্যবহৃত হওয়ায় বিশ্বব্যাংক প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত বর্ধিত করে এর অনুকূলে আরো ২৫৭.০০ মিলিয়ন মার্কিন ডলারের বর্ধিত ঋণ সহায়তা অনুমোদন করে এবং বর্ধিত ঋণ সহায়তার আওতায় বাংলাদেশ সরকারও ৪৯.৪০ মিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ অর্থ প্রদান করেছে।

আইপিএফএফ মূলত: অন-লেভিং/ভিত্তিক কারিগরী সহায়তা প্রকল্প। আইপিএফএফ এর টিপিপি অনুযায়ী মোট ব্যয় ২৯.৪৭ বিলিয়ন টাকা (এর মধ্যে এডিপিভুক্ত কারিগরী সহায়তা হলো ০.৯৪ বিলিয়ন টাকা আর এডিপি বহির্ভূত অন-লেভিং অংশ হলো ২৮.৫৩ বিলিয়ন টাকা)। আইপিএফএফ প্রকল্পের আওতায় সরকার অনুমোদিত বেসরকারি উদ্যোগে গৃহীত/গৃহীতব্য বিভিন্ন অবকাঠামো যেমন: বিদ্যুৎ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ, বন্দর (হুল, জল ও বিমান) নির্মাণ ও উন্নয়ন, বর্জ্য ব্যবস্থাপনা, সড়ক-মহাসড়ক, ক্রাইওভার ও বিভিন্ন এল্লপ্রেসওয়ে নির্মাণ, পানি সরবরাহ ও স্যুরাজ ব্যবস্থাপনা এবং শিল্প এস্টেট ও পার্ক উন্নয়ন, স্বাস্থ্য ও শিক্ষা, তথ্য ও যোগাযোগ প্রভৃতি খাতে আইপিএফএফ প্রকল্পে অংশগ্রহণকারী বেসরকারি বাণিজ্যিক ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে সর্বোচ্চ ২০ বছর মেয়াদী ঋণদানের ব্যবস্থা আছে। এতদুদ্দেশ্যে ১২টি বাণিজ্যিক ব্যাংক ও ৭টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (পিএফআই) হিসেবে তালিকাভুক্ত করা হয়েছে। তাছাড়া, পিপিপি বিষয়ে সংশ্লিষ্টদের সম্যক ধারণা প্রদান এবং সম্ভাব্য উদ্যোক্তাদের সচেতনতা বৃদ্ধিসহ সংশ্লিষ্ট সকলের সক্ষমতা বৃদ্ধির জন্য এ প্রকল্পের কারিগরী সহায়তা অংশ ব্যবহৃত হচ্ছে। উপরন্তু, আইপিএফএফ এর আওতায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন পিপিপি অফিসের পরিচালন ব্যয় ও পরামর্শক সেবা সংগ্রহে সহায়তা প্রদান করার পাশাপাশি অর্থ বিভাগের পিপিপি ইউনিটেও বিভিন্ন ধরনের ত্রুটি ও পরামর্শক সেবা সরবরাহ করা হচ্ছে।

আইপিএফএফ প্রকল্প হতে ফেল্ডারি, ২০১৫ পর্যন্ত প্রকল্পে অংশগ্রহণকারী ৭টি বাণিজ্যিক ব্যাংক ও ৬টি অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে মোট ২৮৩ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ৯ (নয়) টি বিদ্যুৎ প্রকল্প, ৩ (তিন) টি পানি শোধন প্রকল্প, ১ (এক) টি ইনল্যান্ড কন্টেইনার ডিপো প্রকল্প ও দেশব্যাপী ফাইবার অপটিক ক্যাবল স্থাপন সংক্রান্ত ১ (এক) টি আইটি প্রকল্পে সর্বমোট ১১.৪৮ বিলিয়ন টাকা দীর্ঘমেয়াদী ঋণ প্রদান করা হয়েছে। পক্ষান্তরে ফেল্ডারি ২০১৫ পর্যন্ত প্রকল্পে অংশগ্রহণকারী ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ সুদসহ মোট ৩.৫১ বিলিয়ন টাকা পরিশোধ করেছে, যা ঋণায়তভাবে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে। অধিকন্তু, আইপিএফএফ প্রকল্পের কারিগরী সহায়তা (টিএ) হতে ফেল্ডারি ২০১৫ পর্যন্ত মোট ০.৩৩ বিলিয়ন টাকা ব্যয় হয়েছে। উল্লেখ্য, কারিগরী সহায়তা (টিএ) ঋণ হতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন পিপিপি অফিসের জন্য

বিভিন্ন দ্রব্যসামগ্রী ও পরামর্শক সেবা সংগ্রহ ও পরিচালনা ব্যয় নির্বাহ, আইপিএফএফ প্রজেক্ট সেল ও অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের পিপিপি ইউনিটের জন্য বিভিন্ন ধরনের দ্রব্য ও পরামর্শক সেবা সংগ্রহের পাশাপাশি পিপিপিবিষয়ে সংশ্লিষ্ট সকলের সক্ষমতা ও সম্ভাব্য উদ্যোক্তাদের সচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করা হচ্ছে। প্রসংগত: আইপিএফএফ এর আওতায় ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত পিপিপি ও পিপিপি সম্পর্কিত অন্যান্য বিষয়ে স্থানীয়ভাবে মোট ৩৬টি প্রশিক্ষণ ও কর্মশালা এবং ৩৬টি বৈদেশিক প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়েছে। এসব প্রশিক্ষণ ও কর্মশালায় সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর, দপ্তর, এজেন্সী, প্রধানমন্ত্রীর কার্যালয়, বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মোট ১৩৮৯ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।

ক্ষুদ্র ঋণ কার্যক্রম (মাইক্রো ফাইন্যান্স)

বর্তমানে দেশের ব্যাংকিং সুবিধাবঞ্চিত, অবহেলিত বিশাল জনগোষ্ঠী 'ক্ষুদ্র ঋণ কার্যক্রম'- এর আওতায় আর্থিক সেবা প্রদানের মাধ্যমে অর্থনৈতিক প্রবাহকে অধিকতর গতিশীল করা হচ্ছে। এসব ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানকে সুষ্ঠু তদারকির মাধ্যমে ক্ষুদ্র ঋণ ষাতকে আরও সুশৃঙ্খল করা, কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে 'মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি আইন ২০০৬'- এর মাধ্যমে মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) প্রতিষ্ঠিত হয়েছে। সেটরের আমানতকারীদের আমানতের নিরাপত্তা বিধানকল্পে এমআরএ ০.৩০ বিলিয়ন টাকার আমানতকারী নিরাপত্তা তহবিল গঠনের কার্যক্রম গ্রহণ করেছে।

এমআরএ থেকে জুন ২০১৪ পর্যন্ত সনদপ্রাপ্ত ৬৯৭টি প্রতিষ্ঠানের মোট ঋণস্থিতি ২৮২.২০ বিলিয়ন টাকা, ঋণগ্রহীতা ১৯.৪২ মিলিয়ন, সঞ্চয়স্থিতি ১০৬.৯৯ বিলিয়ন টাকা এবং শ্রাহক সংখ্যা ২৫.১১ মিলিয়ন। ৩১ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ৭৫৩টি প্রতিষ্ঠানকে সনদ প্রদান করা হয় এবং আইন ও বিধির আলোকে সন্তোষজনক কার্যক্রম পরিচালনা না করায় সনদপ্রাপ্ত ৫৬টি প্রতিষ্ঠানের সনদ বাতিল করা হয়।

জুন ২০১৩ হতে জুন ২০১৪ পর্যন্ত সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের ঋণস্থিতি এবং সঞ্চয়স্থিতি যথাক্রমে ২৫৭০১০ মিলিয়ন টাকা হতে শতকরা ৯.৮০ ভাগ বৃদ্ধি পেয়ে ২৮২২০০ মিলিয়ন টাকা এবং ৯৩৯৯০ মিলিয়ন টাকা হতে শতকরা ১৩.৮৩ ভাগ বৃদ্ধি পেয়ে ১০৬৯৯০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৯ সালের তুলনায় ২০১৪ সালে ঋণগ্রহীতা, ঋণস্থিতি ও সঞ্চয়স্থিতি বৃদ্ধি পেয়েছে যথাক্রমে ২.৮১, ৯৭.১৫ ও ১১১.৪০ শতাংশ।

প্রতিষ্ঠানগু হতে কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক কার্যক্রম দক্ষতা ও স্বচ্ছতার সংগে পরিচালনার লক্ষ্যে এটিকে তথ্যপ্রযুক্তিনির্ভর প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়। এ লক্ষ্যে আইসিটি প্রাটফর্ম প্রতিষ্ঠার মাধ্যমে অথরিটির কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশিত সকল তথ্য ও সম্পাদিত সকল ইভেন্ট নিয়মিতভাবে হালনাগাদ করা হয়। ইতোমধ্যে কর্তৃপক্ষের সাথে সর্বসাধারণের সহজে যোগাযোগ প্রতিষ্ঠার জন্য একটি হটলাইনের ব্যবস্থা করা হয়েছে; বিটিআরসি থেকে নম্বর নিয়ে গ্রামাঞ্চলিক ও বাংলালিংকের সাথে চুক্তি সম্পন্ন হয়েছে। ডিজিটাল বাংলাদেশ গঠনের অংশ হিসেবে এমআরএ ইতোমধ্যে ই-রেগুলেটরী সিস্টেম গড়ে তুলেছে। ডিসেম্বর ২০১৫ সালের মধ্যে ক্ষুদ্র ঋণ সেটরের সকল তথ্য সম্বলিত ন্যাশনাল ডাটাবেইজ তৈরীর প্রক্রিয়া চলছে। এছাড়া কর্তৃপক্ষের সার্ভারে রক্ষিত তথ্যের নিরাপত্তার জন্য Disaster Recovery সেন্টার প্রতিষ্ঠার কাজ চলছে। এ কর্তৃপক্ষ বাংলাদেশে সরকারি ও বেসরকারি পর্যায়ে কার্যরত সকল ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহের মাধ্যমে একটি তথ্যভান্ডার গড়ে তোলার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। একই গ্রাহকের একাধিক (Over Lapping) ঋণগ্রহণজনিত সমস্যা মোকাবেলায় এ খাতের জন্য CIB প্রতিষ্ঠার কার্যক্রমও চলছে।

কৃষি ঋণ

বাংলাদেশের কৃষি ভরণপোষণ পর্যায়ে (Subsistence Level) পরিচালিত হচ্ছে বিধায় প্রয়োজনীয় উপকরণ হিসেবে কৃষি ঋণ একটি ভিন্নমাত্রার গুরুত্ব বহন করে। দেশের খাদ্য নিরাপত্তা জোরদার তথা সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে কৃষি খাত এবং পল্লী অঞ্চলের ভূমিকা সমুন্নত রাখার লক্ষ্যে ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে কৃষি ও পল্লী ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রান্তিক পর্যায়ে কৃষি ঋণ কার্যক্রম আরও গতিশীল করতে বেসরকারি ও বিদেশি ব্যাংকসহ বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংককে কৃষি ঋণ কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে। পাশাপাশি, কৃষি ঋণ বিতরণ সহজতর করে এবং নতুন নতুন বিষয় সন্নিবেশ করে অর্ধবছর ২০০৯-১০ হতে ২০১৪-১৫ অর্ধবছর পর্যন্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক বর্ধিত কলেবরে কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি প্রণয়ন করা হয়েছে।

২০১৩-১৪ অর্থবছরে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, বেসরকারী ব্যাংক ও বিদেশী ব্যাংকসমূহের মাধ্যমে মোট ১৪৫.৯৫ বিলিয়ন টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ১৬০.৩৭ বিলিয়ন টাকা (লক্ষ্যমাত্রার ১০৯.৮৮%) কৃষি ও পল্লী ঋণ বিতরণ করা হয়েছে। চলতি ২০১৪-১৫ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচিতে বিগত নীতিমালার মূল দিকগুলো বিদ্যমান রেখে কয়েকটি নতুন বিষয় এ নীতিমালায় সংযোজন করা হয়েছে। এর মধ্যে কৃষি ও পল্লী ঋণের আওতা বৃদ্ধি, পল্লী এলাকায় ব্যাংকিং কর্মকাণ্ড সম্প্রসারণে কৌশলগত পদ্ধতি গ্রহণ, কৃষকদের অধিক হারে ব্যাংকমুখী করা তথা আর্থিক সেবায় অন্তর্ভুক্তিকরণ



(Financial Inclusion), আমদানি বিকল্প ফসল চাষে বাড়তি উৎসাহ প্রদান, বীজ উৎপাদন খাতে ঋণ প্রদান, কেঁচো কম্পোস্ট সার উৎপাদনে ঋণ প্রদান, উদ্ভাবিত নতুন ফসল ও প্রযুক্তি সম্পর্কে ধারণা দেয়া ইত্যাদি উল্লেখযোগ্য। এ নীতিমালা কাজকর্ম কৃষি উৎপাদনে প্রত্যক্ষ সহায়তার পাশাপাশি কৃষকদের অনুকূলে অর্থপ্রবাহ বৃদ্ধি, আয়উৎসারী কর্মকাণ্ডের সম্প্রসারণের মাধ্যমে পল্লী দারিদ্র্য বিমোচন এবং পল্লী অঞ্চলের জনসাধারণের জীবনমান উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০১৪-১৫ অর্থবছরে মোট ১৫৫.৫০ বিলিয়ন টাকা কৃষি ও পল্লী ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত মোট ৯৯.১৪ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৬৩.৭৬ শতাংশ। ২০১৪-১৫ অর্থবছরের ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত ব্যাংকসমূহ মোট ১০৩.৯৬ বিলিয়ন টাকা কৃষি ও পল্লী ঋণ আদায় করেছে। ২০০১-০২ অর্থবছর থেকে ২০১৪-১৫ অর্থবছরের ফেব্রুয়ারি, ২০১৪ পর্যন্ত কৃষি ও পল্লী ঋণ বিষয়ক উপাত্ত সারণি-৭.৫ এ দেয়া হ'লঃ

সারণি-১০	বছরভিত্তিক কৃষি ও পল্লী ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি			(বিলিয়ন টাকা)
অর্থ বছর	বিতরণ লক্ষ্যমাত্রা	বিতরণ	ঋণ আদায়	বকেয়া (ক্রমপঞ্জীভূত)
২০০১-২০০২	৩৩.২৭	২৯.৫৫	৩২.৬০	১১৪.৯৮
২০০২-২০০৩	৩৫.৬১	৩২.৭৮	৩৫.১৬	১১৯.১৩
২০০৩-২০০৪	৪৩.৭৯	৪০.৪৮	৩১.৩৫	১২৭.০৬
২০০৪-২০০৫	৫৫.৩৮	৪৯.৫৭	৩১.৭১	১৪০.৪০
২০০৫-২০০৬	৫৮.৯২	৫৪.৯৬	৪১.৬৪	১৫৩.৭৭
২০০৬-২০০৭	৬৩.৫১	৫২.৯৩	৪৬.৭৬	১৪৫.৮৩
২০০৭-২০০৮	৮৩.০৯	৮৫.৮১	৬০.০৪	১৭৮.২৩
২০০৮-২০০৯	৯৩.৭৯	৯২.৮৪	৮৩.৭৮	১৯৫.৯৮
২০০৯-২০১০	১১৫.১২	১১১.১৭	১০১.১৩	২২৫.৮৯
২০১০-২০১১	১২৬.১৭	১২১.৮৪	১২১.৪৯	২৫৪.৯২
২০১১-২০১২	১৩৮.০০	১৩১.৩২	১২৩.৫৯	২৫৯.৭৫
২০১২-২০১৩	১৪১.৩০	১৪৬.৬৭	১৪৩.৬২	৩১০.৫৮
২০১৩-২০১৪	১৪৫.৯৫	১৬০.৩৭	১৭০.৪৬	৩৪৬.৩৩
২০১৪-২০১৫*	১৫৫.৫০	৯৯.১৪	১০৩.৯৬	৩০৫.৯৫

* (ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত) উৎস: বাংলাদেশ ব্যাংক।

ক্ষুদ্র ও মাঝারি শিল্প

ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে (Small and Medium Enterprises-SMEs) নতুন কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বেকার সমস্যা সমাধানের একটি সম্ভাবনাময় খাত হিসেবে গণ্য করা হয়ে থাকে। ব্যবসায়িক কর্মকাণ্ডকে উৎসাহিতকরণ ও সম্প্রসারণের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং বৈদেশিক মুদ্রা অর্জনেও এ খাত প্রশংসনীয় অবদান রাখছে। এসব সম্ভাবনাকে সামনে রেখে স্বল্পআয়ের জনগণের জীবনযাত্রার মানোন্নয়ন এবং নারীর ক্ষমতায়নের মাধ্যমে নারী-পুরুষের বৈষম্য লাঘবে ক্ষুদ্র এবং মাঝারি শিল্পে ঋণ বিতরণে নানাবিধ উদ্যোগ গ্রহণসহ এ শিল্পের বিকাশ ও সম্প্রসারণের জন্য বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিতরণকৃত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত পুনঃঅর্থায়ন সুবিধা ২০১৪-১৫ অর্থবছরেও অব্যাহত আছে। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক তহবিল, জাহিকা তহবিল এবং নারী উদ্যোক্তা তহবিল হতে পুনঃঅর্থায়ন সুবিধা চালু রয়েছে। এছাড়া, নতুন উদ্যোক্তাদের স্টার্ট আপ ক্যাপিটাল সরবরাহের জন্য 'কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তা খাতে নতুন উদ্যোক্তা তহবিল' এবং ইসলামী ব্যাংকসমূহ কর্তৃক পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের সুবিধার্থে ইসলামী শরিয়াহ মোতাবেক পুনঃঅর্থায়ন তহবিল চালু করা হয়েছে।

বিভিন্ন প্রতিবন্ধকতা সত্ত্বেও ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংকের সার্বিক তত্ত্বাবধানে এসএমই অর্থায়ন ও উন্নয়নে উদ্যোগী ভূমিকা নিয়ে এগিয়ে এসেছে। দেশে কার্যরত সকল ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ ২০১৩-১৪ অর্থবছরে (জুলাই-জুন) ৫৭৮০১৮টি এসএমই উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে সর্বমোট ৯০৬.০৫ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে, যা ২০১২-১৩ অর্থবছরের তুলনায় ১৪.১৯ ভাগ বেশী। একই সময়কালে (২০১৩-১৪ অর্থবছরে) ২৮,৯৮৩টি এসএমই নারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে ঋণ বিতরণের পরিমাণ ৩৬.৪৩ বিলিয়ন টাকা, যা পূর্ববর্তী ২০১২-১৩ অর্থবছরের তুলনায় ৪৭.৩৫ ভাগ বেশী। অন্যদিকে, ২০১৪-১৫ অর্থবছরের প্রথম ষান্মাসিকে ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ ২৭৯১৯০টি এসএমই উদ্যোক্তা প্রতিষ্ঠানকে ৫৩৯.১৫ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

এসএমই খাতে ঋণ বিতরণ

এসএমই খাতকে অর্থনৈতিক উন্নয়নের অন্যতম গুরুত্বপূর্ণ খাত বিবেচনায় ২০১০ সাল থেকে প্রথমবারের মতো ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক স্বনির্দেশিত লক্ষ্যমাত্রান্তিতিক বছরওয়ারী (জানুয়ারি-ডিসেম্বর) ঋণ বিতরণ কার্যক্রম শুরু হয়েছে। এসএমই খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের সফলতাকে সংশ্লিষ্ট ব্যাংকের নতুন শাখা খোলার ক্ষেত্রে অন্যতম ইতিবাচক মাপকাঠি এবং ক্যামেলস্ রেটিং নির্ণয়ের একটি নিয়ামক হিসেবে বিবেচনা করা হয়ে থাকে। ২০১৪ সালে সকল ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ এসএমই খাতে ১০০৯.১০ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে, যা উক্ত বছরের স্বনির্ধারিত লক্ষ্যমাত্রা ৮৯০.৩১ বিলিয়ন টাকার তুলনায় শতকরা ১৩ ভাগ বেশী। বাংলাদেশ ব্যাংকের গৃহীত পদক্ষেপের ফলে ২০১৪ (জানুয়ারি-জুন) সালে মোট বিতরণকৃত এসএমই ঋণের মধ্যে ক্ষুদ্র ঋণের অংশ ৫২ শতাংশে উন্নীত হয়েছে, যা ২০১০ সালে ছিল যথাক্রমে ৪৩ শতাংশ। পাশাপাশি নারী উদ্যোক্তা খাতে ঋণ বিতরণও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে। ২০১০ সালে যেখানে এসএমই খাতে মোট বিতরণকৃত ঋণের মধ্যে নারী উদ্যোক্তা খাতে বিতরণের হার ছিল ৩.৩৭ শতাংশ; ২০১৪ সালে তা ৪.০০ শতাংশে উন্নীত হয়েছে।

পুনঃঅর্থায়ন স্কীম(Refinance Scheme)

ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোগ (এসএমই) খাতের বিকাশ ও সম্প্রসারণের জন্য বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিতরণকৃত এসএমই ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংক তাদেরকে সরকার ও বিভিন্ন উন্নয়ন সহযোগীদের সহায়তায় ঘূর্ণায়মান পদ্ধতিতে পুনঃঅর্থায়ন সুবিধাদির মাধ্যমে অর্থায়ন করে যাচ্ছে (বাংলাদেশ ব্যাংক ফান্ড, বিবি-ওমেন, জাইকা ফান্ড) পরিচালিত হচ্ছে। পুনঃঅর্থায়ন তহবিলগুলোর সার্বিক অবস্থা ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত সারণি-১১-এ দেখানো হলোঃ

সারণি-১১	এসএমই খাতে বাংলাদেশ ব্যাংক পরিচালিত বিভিন্ন তহবিলের মাধ্যমে পুনঃঅর্থায়নকৃত অর্থের বিবরণী*			(বিলিয়ন টাকা)
তহবিলের নাম	বাজেট/তহবিল	পুনঃঅর্থায়নের পরিমাণ	এন্টারপ্রাইজের সংখ্যা	মন্তব্য
বাংলাদেশ ব্যাংক তহবিল	৬.৫ বিলিয়ন টাকা (০.৫ বিলিয়ন টাকা সম্প্রসারণসহ)	২২.৮০	২৩৫২৮	চলমান
ইজিবিএমপি (আইডিএ) তহবিল	১.১৬ বিলিয়ন টাকা	৩.১৩	৩১৬০	পুনঃঅর্থায়ন বন্ধ
এডিবি-১ তহবিল	২.০২ বিলিয়ন টাকা	৩.৩৫	৩২৬৪	পুনঃঅর্থায়ন বন্ধ
এডিবি-২ তহবিল	৭.০০ বিলিয়ন টাকা	৭.৪৭	১৩৬৪৫	পুনঃঅর্থায়ন বন্ধ
জাইকা তহবিল	৫০০০ মিলিয়ন জাপানীজ ইয়েন	২.৭৮	৩৮১	চলমান
সর্বমোট		৩৯.৫২	৪৪৯৭৮	
এর মধ্যে মোট নারী উদ্যোক্তা		১১.০৪	১২৪১৯	

*ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত

ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত চুক্তিবদ্ধ ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ৪৪৯৭৮টি উদ্যোক্তা প্রতিষ্ঠানকে অর্থায়নের বিপরীতে ৩৯.৫২ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয়েছে। মোট পুনঃঅর্থায়নের মধ্যে ৮.৩৯ বিলিয়ন টাকা চলতি মূলধন খাতে, ২০.৭২ বিলিয়ন টাকা মধ্যমেয়াদী ঋণ ও ১০.৪১ বিলিয়ন টাকা দীর্ঘমেয়াদী ঋণ প্রদান করা হয়েছে। এ সকল পুনঃঅর্থায়ন তহবিলসমূহ এসএমই খাতে একটি মধ্য ও দীর্ঘমেয়াদী ঋণ বাজার সৃষ্টিতে অবদান রেখে কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখছে।

বাংলাদেশ ব্যাংক পরিচালিত ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে পুনঃঅর্থায়ন তহবিলগুলোর সার্বিক অবস্থা নিম্নরূপ

বাংলাদেশ ব্যাংক তহবিলঃ

২০০৪ সালে প্রথমবারের মত ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল এর মাধ্যমে ১.০ বিলিয়ন টাকার ঘূর্ণায়মান "বাংলাদেশ ব্যাংক তহবিল" গঠন করা হয়। ক্রমবর্ধমান চাহিদার পরিশ্রেক্ষিতে পরবর্তীকালে এ তহবিলের আকার ৬.০ বিলিয়ন টাকায় উন্নীত করা হয়েছে। দেশের শিল্পোন্নয়নকে সুশ্রম ও সংগঠিত করার লক্ষ্যে এসএমই মহিলা উদ্যোক্তাদের জন্য সহজশর্তে স্বল্পসুদে (ব্যাংক রেট+ ৫%) অধিকতর প্রাতিষ্ঠানিক ঋণ সুবিধা নিশ্চিত করতে ফেব্রুয়ারি, ২০০৭ সালে এ তহবিলের সমুদয় অর্থের ন্যূনতম ১০% বরাদ্দ রাখা হয় এবং মে, ২০০৮ সালে এ হার ১৫%-এ উন্নীত করা হয়। ক্ষুদ্র উদ্যোক্তা ও নারী উদ্যোক্তাকে অর্থায়নের বিপরীতে চুক্তিবদ্ধ ২৮টি ব্যাংক ও ২৪টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে শতভাগ পুনঃঅর্থায়ন প্রদান করা হয়ে থাকে। ২৮ ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত এ তহবিল হতে ২৪৫২৮ জন উদ্যোক্তাকে ২২.৮০ বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন প্রদান করা হয়েছে; তন্মধ্যে ১১৮৩৬ জন নারী উদ্যোক্তার অনুকূলে পুনঃঅর্থায়নের পরিমাণ ১০.৫৮ বিলিয়ন টাকা।

ইজিবিএমপি তহবিল (আইডিএ ফান্ড)

২০০৪ সালে Enterprises Growth and Bank Modernization Programme (EGBMP)-এর আওতায় বিশ্বব্যাংক প্রদত্ত এসএমই খাতে পুনঃঅর্থায়নের জন্য ১০(দশ) মিলিয়ন মার্কিন ডলার এবং বাংলাদেশ সরকারের সরবরাহকৃত ১০(দশ) মিলিয়ন মার্কিন ডলার সহযোগে এ তহবিল গঠন করা হয়েছিল।

এডিবি-১ তহবিল

এসএমই খাতকে উৎসাহিত করার লক্ষ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) ২০০৫ সালে ৩০(ত্রিশ) মিলিয়ন মার্কিন ডলার প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকের সাথে চুক্তি সম্পাদন করে এ তহবিল হতে এসএমই খাতে ৯টি ব্যাংক ও ৭টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে ৩২৬৪টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে মোট ৩.৩৫বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, এশীয় উন্নয়ন ব্যাংকের প্রকল্পটি সেপ্টেম্বর, ২০০৯ এ সমাপ্ত হয়েছে। ফলে বর্তমানে এডিবি তহবিল-১ হতে আর কোন পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে না।

এডিবি-২ তহবিল

এডিবি-১ প্রকল্পের সাফল্যের ধারাবাহিকতায় এসএমই খাতে পুনঃঅর্থায়ন স্কীম এর সুবিধা সম্প্রসারণের নিমিত্তে এডিবি'র আর্থিক সহায়তায় [এডিবি লোন নং-২৫৪৯ বিএএন(এসএফ)] বাংলাদেশ সরকার কর্তৃক অক্টোবর ২০০৯ সালে “স্মল এন্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি)” গঠন করা হয়। এডিবি প্রদত্ত এসডিআর ৪৮.৯৩ মিলিয়ন (সমপরিমাণ মাঃডঃ ৭৬.০০ মিলিয়ন) এবং বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত টাকা ১.৪৩বিলিয়ন (সমপরিমাণ মাঃ ডঃ ১৯.০০ মিলিয়ন) এর সমন্বয়ে গঠিত এসএমইডিপি তহবিলেরমোট পরিমাণ মাঃডঃ ৯৫.০০ মিলিয়ন। এডিবি-২ তহবিল হতে পুনঃঅর্থায়ন কার্যক্রম ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখে সমাপ্ত হয়েছে। চুক্তিবদ্ধ ৩৯টি ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে টাকা এবং চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার বাহিরের ১৩৬৪৫ টি উদ্যোক্তাকে টাকা ৭.৪৭ বিলিয়ন টাকা মধ্য ও দীর্ঘমেয়াদী তহবিল সরবরাহ করা হয়েছে।

৬) জাইকা তহবিল

ক্ষুদ্র ও মাঝারি খাতে মধ্য ও দীর্ঘমেয়াদী ঋণ সরবরাহের মাধ্যমে বাংলাদেশে এসএমই খাত উন্নয়নের লক্ষ্যে ২০১১ সালে জাইকা, জাপান এবং বাংলাদেশ সরকারের মধ্যে একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। এ ঋণচুক্তির আওতায় জাইকা সহায়তাপুষ্টি “ কিন্নারিয়া সেন্টার প্রজেক্ট ফর দ্য ডেভেলপমেন্ট অব স্মল এন্ড মিডিয়াম-সাইজড এন্টারপ্রাইজ (এফএসপিডিএসএমই, বিডি-পি ৬৭) প্রকল্পের মাধ্যমে উৎপাদনশীল খাতে স্থায়ী সম্পদে বিনিয়োগ সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে কারিগরি সহায়তাসহ ৫০০০ মিলিয়ন ইয়েন এর সমপরিমাণ টাকার একটি দ্বি-ধাপ তহবিল গঠন করা হয়। এ উদ্যোগের আওতায় ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান (পিএফআই) হিসেবে অদ্যবধি ২৫টি বাণিজ্যিক ব্যাংক ও ২১টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ হয়েছে। বিগত অক্টোবর ২০১২ সাল থেকে এ তহবিলের আওতায় এসএমই উদ্যোক্তাদেরকে বাজারভিত্তিক সুদহারে পুনঃঅর্থায়ন/পূর্ব-অর্থায়ন কার্যক্রম শুরু করা হয়েছে। পরবর্তীতে প্রকল্পের সিঁদুরিং কমিটি প্রত্যাশিত সুবিধাজোগীর আওতা বৃদ্ধি করার নিমিত্তে অক্টোবর ২০১৩ সালে মাইক্রো উদ্যোগকেও প্রকল্পের দ্বি-ধাপ তহবিলের আওতায় যোগ্য এন্টারপ্রাইজ হিসেবে বিবেচনা করা হয়েছে এবং মাইক্রো এন্টারপ্রাইজসমূহের অর্থায়ন চাহিদার বিষয় বিবেচনার নিয়ে সাব-লোনের ন্যূনতম পরিমাণ পাঁচ লক্ষ টাকা থেকে কমিয়ে দুই লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে।

এতদ্বিধি, সাম্প্রতিক সময়ে মর্মান্তিক রানা প্রাজ দুর্ঘটনার ফলে সৃষ্ট তৈরী পোষাক ও নীটওয়ার খাতে সমস্যার কারণে তৈরীপোষাক খাতে কর্মরত শ্রমিকদের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে এফএসপিডিএসএমই প্রকল্পের দ্বি-ধাপ তহবিলের আওতায় তৈরী পোষাক ও নীটওয়ার খাতে সহায়তা প্রদানের জন্য একটি ব্যতিক্রমী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বিজেএমইএ এবংবিকেএমইএ সদস্যজুক্ত তৈরী পোষাক ও নীটওয়ার শিল্প প্রতিষ্ঠান যেখানে ১০০-২০০০ জন শ্রমিক কর্মরত আছে এবং যাদের নিজস্ব কারখানা রয়েছে তারা কারখানার সংস্কার, পুনর্গঠন ও প্রতিস্থাপন কাজের জন্য সর্বোচ্চ ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত অর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবেন। এফএসপিডিএসএমই প্রকল্পের দ্বি-ধাপ তহবিল এর আওতায় সাব-লোনের শতভাগ প্রি-ফিন্যান্স আকারে সহায়তা প্রদান করা হবে। ইতোমধ্যে দুটি গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠান এ তহবিল হতে অর্থায়ন গ্রহণের জন্য নির্বাচিত হয়েছে।

কৃষিভিত্তিক শিল্প স্থাপনে মফস্বলভিত্তিক পুনঃঅর্থায়ন তহবিলঃ

কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণ শিল্পকে আরো উৎসাহিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০০১ সালে ১.৫০ বিলিয়ন টাকার একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করে ১০% সুদহারে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান শুরু করা হয়। পরবর্তীতে, এ তহবিলের আকার বৃদ্ধি করে ২০১২ সালে ২.০বিলিয়ন টাকায় এবং সর্বশেষ ২০১৩ সালে ৪.০বিলিয়ন টাকায় উন্নীত করা হয়। ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত এ তহবিল হতে ২০৫৯ টি কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণ শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে সর্বমোট ৬.৫৪বিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা দেয়া হয়েছে। বর্তমানে মোট ৩৭টি কৃষিভিত্তিক শিল্পখাত এ তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে।

কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিলঃ

বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক সফলভাবে পরিচালিত উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচীর অধীনে নির্বাচিত ও প্রশিক্ষিত কিংবা স্ব-প্রশিক্ষিত নতুন উদ্যোগ গ্রহণে ইচ্ছুক উদ্যোক্তাদের অর্থায়ন সহজলভ্য করে আত্মকর্মসংস্থানে উৎসাহিত করতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক “ কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল” নামে ১.০ বিলিয়নটাকার একটি তহবিল গঠন করা হয়েছে। এই তহবিল হতে নতুন উদ্যোক্তারা সর্বোচ্চ ১০ শতাংশ সুদে সহায়ক জামানতসহ সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা এবং সহায়ক জামানতবিহীন সর্বোচ্চ ১০ লক্ষ টাকা পর্যন্ত চলতি মূলধন কিংবা মেয়াদী ঋণ গ্রহণ করতে পারেন।

ইসলামী শরিয়াহভিত্তিক অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন তহবিলঃ

অর্থনৈতিক কর্মকাণ্ডে গতিশীলতা আনয়ন এবং শিল্পায়নে বিশেষ করে কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণ, ক্ষুদ্র উদ্যোক্তা খাত এবং নতুন উদ্যোক্তাগণকে অর্থায়নে ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সম্পৃক্ততা বৃদ্ধিকল্পে একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠনকরা হয়েছে। ইসলামী শরিয়াহ মোতাবেক পরিচালিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ এসএমই খাত ও কৃষিজাতপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে।

এসএমই খাতের উন্নয়নে গৃহীত পদক্ষেপসমূহ :

- ❖ এসএমই (ক্ষুদ্র উদ্যোক্তা) খাতে পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় এসএমই ঋণ এর নিম্নসীমাহ্রাস করে ৫০ হাজার টাকায় নির্ধারণ করা হয়েছে।
- ❖ ক্লাস্টার ভিত্তিক শিল্পে অর্থায়ন জোরদার করা হয়েছে। বিদ্যমান ক্লাস্টারগুলো শক্তিশালীকরণ ও নতুন নতুন ক্লাস্টার উন্নয়ন এর লক্ষ্যে প্রতিটি ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহকে কমপক্ষে একটি ক্লাস্টার উন্নয়নের সার্বিক দায়িত্ব নেয়ার নির্দেশনা দেয়া হয়েছে। একই সাথে প্রতিটি জেলায় একটি ব্যাংককে মূল ভূমিকা গ্রহণের সুপারিশ প্রদান করা হয়েছে।
- ❖ কৃষিভিত্তিক শিল্পে অর্থায়নের জন্য এ খাতের আওতা সম্প্রসারণ করা হয়েছে।
- ❖ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো ঋণ নীতিমালা প্রণয়নের সময় প্রয়োজ্যক্ষেত্রে এসএমই খাতে যুক্তিসঙ্গত গ্রেস পিরিয়ড প্রদানের বিষয়টি বিবেচনা করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে।
- ❖ প্রত্যেক ব্যাংক উদ্যোক্তাদের অভিযোগ জ্ঞাত হওয়া ও নিষ্পত্তির জন্য একজন ফোকাল কর্মকর্তা নিয়োগ করে কর্মকর্তার নাম প্রত্যেক শাখায় প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়েছে।
- ❖ বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ সহ প্রত্যেকটি শাখায় এসএমই মনিটরিং সেল গঠন করা হয়েছে। প্রত্যেক ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানেও এসএমই মনিটরিং সেল কার্যরত রয়েছে।
- ❖ দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী এসএমই উদ্যোক্তা এবং সৃজনশীল লেখনী প্রকাশ ও বিপণনে নিয়োজিত উদ্যোক্তাগণকে স্বল্পসুদে (ব্যাংক রেট+৫%) এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ পরিচালিত স্মল এন্টারপ্রাইজ খাতের পুনঃঅর্থায়ন তহবিল “ বাংলাদেশ ব্যাংক তহবিল” এর আওতায় অর্থায়ন গ্রহণের সুযোগ প্রদান করা হয়েছে।
- ❖ জাইকা সহায়তাপুট “এফএসপিডিএসএমই” প্রকল্পের দ্বি-ধাপ তহবিল হতে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের পাশাপাশি মাইক্রো উদ্যোক্তাদেরকেও মধ্য ও দীর্ঘমেয়াদী তহবিল গ্রহণের সুযোগ প্রদান করা হয়েছে।
- ❖ বাংলাদেশ ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়ন তহবিলের সমুদয় অর্থের ন্যূনতম ১৫% মহিলা উদ্যোক্তাদের জন্য বরাদ্দ রাখা হয়েছে। পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় নারী উদ্যোক্তাদের ক্ষেত্রে এস এমই ঋণের সুদের হার হ্রাসকৃত রেটে ১০% (ব্যাংক রেট + ৫%), নির্ধারণের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ❖ প্রতিটি ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে স্বতন্ত্র “ Women Entrepreneur’s Dedicated Desk” স্থাপন ও তাতে প্রয়োজনীয় উপযুক্ত জনবল নিয়োগ করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে।
- ❖ ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ পুনঃঅর্থায়ন তহবিলের বিপরীতে ঋণ গ্রহীতা ‘নারী শিল্প উদ্যোক্তা’ হলে বা ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের মালিকানায় কমপক্ষে ৫১% শেয়ার মালিক নারী হলে সে সকল প্রতিষ্ঠান/উদ্যোক্তাকে সহায়ক জামানত হিসেবে শুধুমাত্র ব্যক্তিগত গ্যারান্টির বিপরীতে সর্বোচ্চ ২৫.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ সুবিধা প্রদান করতে পারে।

- ❖ মাইক্রো নারী উদ্যোক্তা কর্তৃক এসএমই ঋণ গ্রহণের সুবিধার্থে গ্রুপভিত্তিক ৫০ হাজার টাকা ও তদুর্ধ্ব ক্ষুদ্র ঋণ বিতরণের নীতিমালা প্রবর্তন করা হয়েছে ।
- ❖ এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় বাংলাদেশ সরকার কর্তৃক Skill for Employment Investment Program নামক একটি কর্মসূচী গ্রহণ করা হয়েছে । এ কর্মসূচীর আওতায় প্রথম ধাপে আগামী ৩ বছরে ২ লক্ষ ৩০ হাজার জনকে বাজারভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে ।

আর্থিক খাতে উৎকর্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত সাম্প্রতিক কর্মসূচী :

আন্তর্জাতিকমানের ব্যাংক ব্যবস্থা গড়ে তোলা ও দেশের সামগ্রিক ব্যাংকিং ব্যবস্থার ভিত্তি আরও মজবুত ও শক্তিশালী করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক মুদ্রা ও আর্থিক বাজার সংস্কার সংক্রান্ত নানাবিধ উদ্যোগ গ্রহণ অব্যাহত রয়েছে । জানুয়ারি ২০১৫ থেকে বেসিক ব্যাংককে বিশেষায়িত ব্যাংক থেকে রপ্ত মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকে রূপান্তর করা হয় । জুন, ২০১৪ ভিত্তিক ব্যাসেল-২ অনুযায়ী রপ্ত মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মধ্যে ৩টি ব্যাংকের মূলধন ঘটিত ছিল । সরকার কর্তৃক ডিসেম্বর ২০১৪ এ সোনালী ব্যাংক ৭১০ কোটি টাকা এবং বেসিক ব্যাংক ৭৯০ কোটি টাকা পুনঃমূলধন হিসাবে প্রদান করা হয়েছে । ডিসেম্বর, ২০১৪ শেষে দু'টি ব্যাংকের মূলধন ঘটিত রয়েছে । উল্লেখ্য, সমঝোতা স্মারকের (MOU) আওতায় রপ্ত মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী এবং বেসিক) ও বিশেষায়িত ব্যাংক (বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক)-এর কার্যক্রম পর্যালোচনা অব্যাহত আছে । সিস্টেমিক ঝুঁকি মোকাবেলার লক্ষ্যে ব্যাংকগুলোর আর্থিক বিবরণী নিয়মিতভাবে পর্যালোচনার মাধ্যমে স্ট্রেস টেস্টিং কার্যক্রম পরিচালনা করতঃ উচ্চ ঝুঁকিসম্পন্ন প্রতিষ্ঠানসমূহ চিহ্নিতকরণ ও আগাম সতর্কতা সংকেত প্রদান করা হচ্ছে । আর্থিক ব্যবস্থার সম্ভাব্য ঝুঁকি ও দুর্বলতা চিহ্নিত/অনুধাবন করার নিমিত্তে বিশ্বমানের উন্নত ঝুঁকি নিরূপণ ফ্রেমওয়ার্ক প্রতিষ্ঠার লক্ষ্যে বিশ্ব ব্যাংকের সহায়তায় Financial Projection Model Customizations চূড়ান্ত পর্যায়ে রয়েছে । আর্থিক ব্যবস্থার সাথে সামষ্টিক অর্থনীতির যোগসূত্র স্থাপনের লক্ষ্যে দেশীয় আর্থিক কাঠামোর সাথে সঙ্গতিপূর্ণ ম্যাক্রোপ্রডেপ্লিমাল সুপারভিশন কৌশল, যেমন- সমন্বিত সুপারভিশন, Domestic Systemically Important Banks (DSIBs) চিহ্নিতকরণের লক্ষ্যে আন্তর্জাতিক মান অনুসরণপূর্বক বাংলাদেশের জন্য উপযোগী একটি পদ্ধতি প্রণয়ন এবং এ সকল ব্যাংক তদারকির জন্য বিশেষ কৌশল প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে । আন্তর্জাতিক সর্বোত্তম রীতির সাথে সংগতি রেখে ব্যাংকসমূহের মূলধন ভিত্তিকে অধিকতর ঝুঁকি সহনশীল ও সুসংহতকরণের লক্ষ্যে ডিসেম্বর, ২০১৪ শেষে বাংলাদেশ ব্যাংক মূলধন পর্যাপ্ততার সংশোধিত নীতিমালা “Guidelines on Risk Based Capital Adequacy (Revised Regulatory Capital Framework for banks in line with Basel III)” জারি করেছে । ১ জানুয়ারি ২০১৫ থেকে ২০১৯ সাল পর্যন্ত সময়ে উক্ত নীতিমালা অনুসারে বাংলাদেশ ব্যাংকের সার্বিক তত্ত্বাবধানে পর্যায়ক্রমে বাস্তবায়িত হবে এবং ২০২০ সালের ১ জানুয়ারি হতে বাসেল-৩ নীতিমালা পূর্ণাঙ্গ বাস্তবায়ন হবে । ইতোপূর্বে বাসেল-৩ বাস্তবায়নের সম্ভাব্যতা পর্যালোচনার জন্য Quantitative Impact Study (QIS) পরিচালনা করা হয় এবং প্রকৃতি হিসেবে ২০১৪ সালের জুলাই এ একটি রোডম্যাপ ইস্যু করা হয় । এ লক্ষ্যে ন্যূনতম মূলধনের পাশাপাশি আপেক্ষিক মূলধন (Capital Buffer) সংরক্ষণের নীতিমালা চালু করা হয়েছে যা প্রতিকূল পরিস্থিতি মোকাবেলায় ব্যাংকসমূহের জন্য সহায়ক ভূমিকা পালন করবে । উক্ত নীতিমালার আলোকে বাণিজ্যিক ব্যাংকসমূহ কর্তৃক ঋণ ঝুঁকি (Credit Risk), বাজার ঝুঁকি (Market Risk) ও পরিচালন ঝুঁকির (Operational Risk) বিপরীতে ন্যূনতম আবশ্যিকীয় মূলধন সংরক্ষণের রীতি অনুসৃত হচ্ছে ।

প্রতিযোগিতামূলক বৈশ্বিক অর্থনৈতিক বাস্তবতায় উন্নয়নশীল একটি দেশের এগিয়ে চলার জন্য আর্থিক অন্তর্ভুক্তি একটি অন্যতম হাতিয়ার। দেশের টেকসই অর্থনৈতিক কাঠামো গড়ে তোলার লক্ষ্যে আর্থিক সেবা বর্ধিত ও তৃণমূল বিশাল জনসাধারণকে আর্থিক অন্তর্ভুক্তির আওতায়ভুক্ত করার উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে, যেমন- চার্জ ও ফি ব্যতীত কৃষক, মুক্তিযোদ্ধা ও সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাজোগী, ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাজোগী শ্রমিক এবং অন্যান্যদের জন্য সহজে ব্যাংক হিসাব খোলার সুযোগ দেয়া হয়েছে। ব্যাংকগুলোতে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ১০/- টাকায় কৃষকের ৯৭২৬৬৪৫টি, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাজোগীদের ৩৩৮৪৯৬১টি, মুক্তিযোদ্ধাদের ১৫২৫২৮টি, ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতাদের ২১,৪৪৭টি এবং অন্যান্য ১০/- টাকায় হিসাব ১৬৬৯৩৫৭টি হিসাব খোলা হয়েছে। অর্থাৎ, ডিসেম্বর ২০১৪ পর্যন্ত উল্লিখিত খাতে মোট ১৪৯৬০৯৩৮টি ব্যাংক হিসাব খোলা হয়েছে।

ছাত্র-ছাত্রীদেরকে আধুনিক ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে সম্পৃক্ত করে তাদের সঞ্চয়ের মানসিকতা সৃষ্টি করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য তফসিলী ব্যাংকগুলোকে পরামর্শ প্রদান করে। এরই ধারাবাহিকতায় অধিকাংশ তফসিলী ব্যাংক স্কুল ব্যাংকিং কার্যক্রম চালু করেছে এবং ডিসেম্বর ২০১৪ শেষে ৪৯টি ব্যাংকে মোট স্কুল ব্যাংকিং হিসাব সংখ্যা ৮.৫০ লক্ষ, যার বিপরীতে মোট স্থিতি প্রায় ৭১৭.৪৯কোটি টাকা।

Alternative Payment Channels হিসেবে ব্যাংকিং ঋতে মোবাইল প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে ২৮টি ব্যাংককে মোবাইল প্রযুক্তি ভিত্তিক আর্থিক সেবা প্রদানের অনুমোদন দেয়া হয়েছে যার মধ্যে ১৯টি ব্যাংক ইনওয়ার্ড রেমিটেন্স-এর অর্থ বিতরণ, এজেন্ট/ব্যাংক শাখা/এটিএম/মোবাইল অপারেটর ইউটিলিটি-এর মাধ্যমে অর্থ প্রদান প্রদান/লেনদেন, ব্যক্তি কর্তৃক বাণিজ্যিক প্রতিষ্ঠানের অর্থ পরিশোধ (যেমনঃ ইউটিলিটি বিল), বাণিজ্যিক প্রতিষ্ঠান কর্তৃক ব্যক্তির অর্থ পরিশোধ (যেমনঃ কর্পোরেট/শিল্প কারখানা/অফিস সমূহের বেতন বিতরণ), সরকার কর্তৃক ব্যক্তির অর্থ পরিশোধ (যেমনঃ বয়স্ক ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা ইত্যাদি), ব্যক্তি কর্তৃক সরকারের অর্থ পরিশোধ (যেমন কর পরিশোধ), ব্যক্তি থেকে ব্যক্তির লেনদেনসমূহ (একজনের নিবন্ধনকৃত মোবাইল একাউন্ট থেকে আরেকজনের নিবন্ধনকৃত মোবাইল একাউন্টে) এবং অন্যান্য লেনদেনসমূহ, যেমন মাইক্রোফাইন্যান্স, গুভারডন সুবিধা (উত্তোলিত সুবিধা), ইন্স্যুরেন্স প্রিমিয়াম ইত্যাদি কার্যক্রম করেছে। মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস- এর আওতায় জানুয়ারি, ২০১৫ পর্যন্ত মোট এজেন্ট সংখ্যা ছিলো ৫,৩৫.৮২১টি এবং নিবন্ধিত গ্রাহক সংখ্যা প্রায় ২.৫২ কোটি, যার মধ্যে সক্রিয় একাউন্টের সংখ্যা প্রায় ১.১০ কোটি। জানুয়ারি ২০১৫ তে মোট লেনদেনের সংখ্যা এবং পরিমাণ যথাক্রমে ৩,৩২,৪৬,২১৪টি এবং ৭১৪৮.৮৮ কোটি টাকা।

মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিএফআইইউ ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংকের গ্রেনডিট ইনফরমেশন ব্যুরোর (CIB) ডাটাবেইজ, বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজের (BACH) ডাটাবেইজ এবং আমদানি, রপ্তানি, ভ্রমণ ও বিবিধ এবং অন্তর্মুখী রেমিট্যান্স প্রবাহের ডাটাবেইজে প্রবেশাধিকার অর্জন করেছে। ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও বীমাকারী প্রতিষ্ঠানসমূহ বিএফআইইউ কর্তৃক সংগৃহীত goAML সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে নগদ লেনদেন রিপোর্ট ও সন্দেহজনক লেনদেন রিপোর্ট হেরণ শুরু করেছে। পাশাপাশি, মূলধন বাজারে নিযুক্ত স্টক ডিলার ও স্টক ব্রোকার এবং পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার (ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাবসিডিয়ারি) এবং সম্পদ ব্যবস্থাপকগণ বিএফআইইউ-এর চাহিদা মোতাবেক goAML সফটওয়্যারের মাধ্যমে বিভিন্ন তথ্যাদি প্রেরণ করেছে। মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বিভিন্ন তথ্যাদি বিশ্লেষণে বিএফআইইউ নির্বাচন কমিশনের আওতাধীন জাতীয় পরিচয়পত্রের ডাটাবেইজ ব্যবহার করেছে। বিএফআইইউ বর্তমানে উক্ত ডাটাবেইজে সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রবেশাধিকারের জন্য উদ্যোগ গ্রহণ করেছে।

প্রান্তিক পর্যায়ে কৃষি ঋণ কার্যক্রম আরও গতিশীল করতে বেসরকারি ও বিদেশি ব্যাংকসহ বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংককে কৃষি ঋণ কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে। পাশাপাশি, কৃষি ঋণ বিতরণ সহজতর করে এবং নতুন নতুন বিষয় সন্নিবেশ করে অর্থবছর ২০০৯-১০ হতে বর্ধিত কলেবরে কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি প্রণয়ন করা হচ্ছে। ২০১৩-১৪ অর্থবছরে রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, বেসরকারি ব্যাংক ও বিদেশি ব্যাংকসমূহের মাধ্যমে মোট ১৪,৫৯৫.০০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ১৬,০৩৬.৮১ কোটি টাকা (লক্ষ্যমাত্রার ১০৯.৮৮%) কৃষি ও পল্লী ঋণ বিতরণ করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচিতে বিগত নীতিমালার মূল দিকগুলো বিদ্যমান রেখে কয়েকটি নতুন বিষয় এ নীতিমালায় সংযোজন করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে মোট ১৫,৫৫০ কোটি টাকা কৃষি ও পল্লী ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় এবং ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত মোট ৯,৯১৪.১০ কোটি টাকা কৃষি ও পল্লী ঋণ বিতরণ করা হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৬৩.৭৬ শতাংশ। ২০১৪-১৫ অর্থবছরের ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত ব্যাংকসমূহ মোট ১০৩৯৫.৮৪ কোটি টাকা কৃষি ও পল্লী ঋণ আদায় করেছে।

বিভিন্ন প্রতিবন্ধকতা সত্ত্বেও ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংকের সার্বিক তত্ত্বাবধানে এসএমই অর্থায়ন ও উন্নয়নে উদ্যোগী ভূমিকা নিয়ে এগিয়ে এসেছে। দেশে কার্যরত সকল ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ ২০১৩-১৪ অর্থবছরে ৫,৭৮,০১৮টি এসএমই উদ্যোক্তা প্রতিষ্ঠানের বিপরীতে সর্বমোট ৯০,৬০৫.১৫ কোটি টাকা ঋণ বিতরণ করেছে। ২০১৪-১৫ অর্থবছরের প্রথম হান্সাসিকে ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ ২,৭৯,১৯০টি এসএমই উদ্যোক্তা প্রতিষ্ঠানকে ৫৩,৯১৪.৭৩ কোটি টাকা ঋণ বিতরণ করেছে।

রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬)		শহর	গ্রাম	মোট
১	সোনালী ব্যাংক লিমিটেড	৩৮৫	৮২১	১২০৬
২	জলদা ব্যাংক লিমিটেড	৩৩৭	৫৬৩	৯০০
৩	অগ্রণী ব্যাংক লিমিটেড	৩১০	৬০৩	৯১৩
৪	রূপালী ব্যাংক লিমিটেড	২৫০	২৮৪	৫৩৪
৫	বেসিক ব্যাংক লিমিটেড	৪৪	২১	৬৫
৬	বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড	২৪	৭	৩১
উপ-মোট		১৩২৬	২২৯২	৩৬১৮
বিশেষায়িত ব্যাংক (২)				
৭	বাংলাদেশ কৃষি ব্যাংক	৭৭	৯৫২	১০২৯
৮	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	৩৩	৩৪২	৩৭৫
উপ-মোট		১৩৪	১৩০১	১৪৩৫
বেসরকারি ব্যাংক (৩৯)				
৯	পূবালী ব্যাংক লিমিটেড	২১৭	২১২	৪২৯
১০	উত্তরা ব্যাংক লিমিটেড	১৫৯	৬১	২২০
১১	এবি ব্যাংক লিমিটেড	৬৪	২৭	৯১
১২	ন্যাশনাল ব্যাংক লিমিটেড	৯৬	৮৪	১৮০
১৩	দি সিটি ব্যাংক লিমিটেড	৮৪	২৭	১১১
১৪	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড	১৬০	১৩৪	২৯৪
১৫	ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড	৭৫	৪৫	১২০
১৬	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	৯৩	৫৪	১৪৭
১৭	আইসিবি ইসলামী ব্যাংক লিমিটেড	২৯	৪	৩৩
১৮	ইস্টার্ন ব্যাংক লিমিটেড	৫৩	২৩	৭৬
১৯	ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড	৬২	৪১	১০৩
২০	প্রাইম ব্যাংক লিমিটেড	৮৬	৫০	১৩৬
২১	সাইব্রিস্ট ব্যাংক লিমিটেড	৬৪	৪৬	১১০
২২	ঢাকা ব্যাংক লিমিটেড	৫৩	২৮	৮১
২৩	আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড	৬৭	৫১	১১৮
২৪	সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড	৫৫	৪৫	১০০
২৫	ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	৮০	৬৩	১৪৩
২৬	মার্কেটাইল ব্যাংক লিমিটেড	৬৫	৩৫	১০০
২৭	স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড	৬২	৩৫	৯৭
২৮	ওয়ান ব্যাংক লিমিটেড	৪৮	৩০	৭৮
২৯	এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড	৫২	৩৫	৮৭
৩০	বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড	৩৮	১০	৪৮
৩১	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড	৫৯	৪৪	১০৩

বেসরকারি ব্যাংক (৩৯)	শহর	গ্রাম	মোট
৩২ ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড	৬৬	৬৯	১৩৫
৩৩ দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড	৫৬	২৭	৮৩
৩৪ ব্যাংক এশিয়া লিমিটেড	৫৯	৩৪	৯৩
৩৫ দি ট্রাস্ট ব্যাংক লিমিটেড	৬২	৩৪	৯৬
৩৬ শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড	৫৭	৩৬	৯৩
৩৭ যমুনা ব্যাংক লিমিটেড	৬০	৩৬	৯৬
৩৮ ব্র্যাক ব্যাংক লিমিটেড	৯০	৫৫	১৪৫
৩৯ দি ফার্মার্স ব্যাংক লিমিটেড	১৩	১৩	২৬
৪০ মেঘনা ব্যাংক লিমিটেড	৮	৮	১৬
৪১ মিডল্যান্ড ব্যাংক লিমিটেড	৬	৫	১১
৪২ সাত্ত্বি বাংলা এগিকালচারএন্ড কমার্স	১৭	১৭	৩৪
৪৩ এনআরবি গ্রোবাল ব্যাংক লিমিটেড	৮	৮	১৬
৪৪ মধুমতি ব্যাংক লিমিটেড	৬	৪	১০
৪৫ এনআরবি ব্যাংক লিমিটেড	৬	৫	১১
৪৬ এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	১৩	১৩	২৬
৪৭ ইউনিয়ন ব্যাংক লিমিটেড	১৪	১৩	২৭
উপ-মোট	২৩৬২	১৫৬১	৩৯২৩
বিদেশি বাণিজ্যিক ব্যাংক(৯)			
৪৮ স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	১৯	০	১৯
৪৯ হাবিব ব্যাংক লিমিটেড	৭	০	৭
৫০ স্টেট ব্যাংক অব ইন্ডিয়া	৬	০	৬
৫১ কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি	১০	০	১০
৫২ ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান	৪	০	৪
৫৩ সিটি ব্যাংক এন.এ.	৪	০	৪
৫৪ উরি ব্যাংক	৫	০	৫
৫৫ দি হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড	১৩	০	১৩
৫৬ ব্যাংক আলফালাহ লিমিটেড	৭	০	৭
উপ-মোট	৭৫	০	৭৫
সর্বমোট	৩৮৯৭	৫১৫৪	৯০৫১

বিবরণ	২০১৪	২০১৩
সম্পদ		
বৈদেশিক মুদ্রায় আর্থিক সম্পদ		
বৈদেশিক মুদ্রা হিসাব	৫০১৭৩৫০৫৫	৪০০৬৬৮৯০২
বৈদেশিক বিনিয়োগ	৯৩৩০১৭১৯৩	৬১৯৪৯৮০৭৩
আইএমএফ সংশ্লিষ্ট সম্পদ	১৪৮৪৬৮১১০	১২৯৫৩৫০৫৮
স্বর্ণ এবং স্ট্রোপা	২৫২৮৩৬৭৮	৩০৮৮৮৯৯৯
স্বর্ণ লেনদেনজনিত দাবি	১৯৪৫১৯৬৩	৯৮৮৮১৭০
ব্যাংক-কে বৈদেশিক মুদ্রায় প্রদত্ত ঋণ	১০৫১৮৬৭৬৩	৬২২০১৮১৮
অন্যান্য বৈদেশিক সম্পদ	৪৫৯৫২৫৩	৩২৫৭৪৫৩
মোট-বৈদেশিক মুদ্রায় আর্থিক সম্পদ	১৭৩৭৭৩৮০১৫	১২৫৫৯৩৮৪৭৩
স্থানীয় মুদ্রায় আর্থিক সম্পদ		
নগদ ও নগদ সমতুল্য	৫৪৬২৪০	৩৮৭০৫৩
রিভার্স রিপো	৯৮০০০০	৩২৬৯০১৭০
সরকারকে প্রদত্ত ঋণ	১৬৮৮৩১৯৪৩	৩০৪৬৭৬৯৮৬
স্থানীয় মুদ্রায় বিনিয়োগ	৭০০৫০০০	৭০৪০০০০
স্থানীয় মুদ্রায় ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও কর্মচারীদের প্রদত্ত ঋণ	১০৮৬২৮০৭৭	১১৭০৮৭৪৬৪
স্থানীয় মুদ্রায় অন্যান্য আর্থিক সম্পদ	৯৯	২১৯৯৮২৭
মোট-স্থানীয় মুদ্রায় আর্থিক সম্পদ	২৮৬৯৫০৯৪২	৪৬৪৮৮১৫০০
মোট আর্থিক সম্পদ	২০২৪৬৮৮৯৫৭	১৭২০১১৯৯৭৩
অ-আর্থিক সম্পদ		
সম্পদ, স্থাপনা এবং সরঞ্জামাদি	৩৮৭০০৭৮৫	২৬১৯২২২২
অস্পর্শীয় সম্পদ	৬৭৮২৪২	৯১১৯১৫
অন্যান্য অ-আর্থিক সম্পদ	৩৮০০১০৪	৪২৩২৫৯২
মোট-অ-আর্থিক সম্পদ	৪৩১৭৯১৩১	৩১৩৩৬৭২৯
মোট সম্পদ	২০৬৭৮৬৮০৮৯	১৭৫১৩৫৬৭০২
দায়সমূহ এবং ইকুইটি		
দায়সমূহ		
বৈদেশিক মুদ্রায় আর্থিক দায়		
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	১৪৯৮৯৭৫৩৬	১৪০০৪০২০৬
আইএমএফ সংশ্লিষ্ট দায়	১৮৮৩৩১৮৩৬	১৬৮৭২৯৮২০
মোট-বৈদেশিক মুদ্রায় আর্থিক দায়	৩৩৮২২৯৩৭২	৩০৮৭৭০০২৬
স্থানীয় মুদ্রায় আর্থিক দায়		
প্রচলিত নোট	৮৪৭১৭০৬০০	৭৪৬৩৮২৫৬৪
খল্পমেয়াদি দেনা	৫৭৬৬৪৬৯০	৪৯৮৩০৯৯৬
স্থানীয় মুদ্রায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	৪৪৩৭৮২০০৩	৩৭১১৪৯৯০৮
স্থানীয় মুদ্রায় অন্যান্য আর্থিক দায়	১৯২৮১৭৮৭৭	৯২১৩৭৬৪৫
মোট-স্থানীয় মুদ্রায় আর্থিক দায়	১৫৪১৪৩৫১৫১	১২৫৯৫০১১১৩
মোট দায়	১৮৭৯৬৬৪৫২৩	১৫৬৮২৭১১৩৯
ইকুইটি		
মূলধন	৩০০০০	৩০০০০
আ-বস্তুিত মুনাকা	১৫৬৪৩৮৩১	৪০৭৩৩২৫৪
পুনর্মূল্যায়ন সঞ্চিতি	১০১১১৬৪৪৩	৭৩৫৫২৯৮
মুদ্রায় বিনিয়োগ হার ভারতম্যজনিত সঞ্চিতি	২৬৭৬০২৩৬	২৪৭৫৯২৭৯
বিধিবদ্ধ তহবিল	১৫০১৭০৪৬	১৪৪৬৭০৪৬
অবিধিবদ্ধ তহবিল	১৪২২২৪৫২	১৪২২৬২৯০
অন্যান্য সঞ্চিতি	১১১৬৩০৫৯	১১০৬৩৮৯৬
সাধারণ সঞ্চিতি	৪২৫০৫০০	৪২৫০৫০০
মোট-ইকুইটি	১৮৮২০৩৫৬৭	১৮৩০৮৫৫৬৩
মোট দায় এবং ইকুইটি	২০৬৭৮৬৮০৮৯	১৭৫১৩৫৬৭০২

বিবরণ	২০১৪	২০১৩
আয়		
বৈদেশিক মুদ্রার আর্থিক সম্পদ হতে আয়		
সুদ আয়-বৈদেশিক মুদ্রা আর্থিক সম্পদ হতে	১০০৫৯৯৬৬	১০৩৫১৬২২
কমিশন এবং বাট্টা-বৈদেশিক মুদ্রা আর্থিক সম্পদ হতে	৫৯০১২	১৩২১৬০
পুনর্মূল্যায়ন (ক্ষতি)-বৈদেশিক মুদ্রায় আর্থিক সম্পদের অভিজিত মূল্যের ওপর	(২৪৯৮৯)	(৪৫৩৪৪১)
মোট-বৈদেশিক মুদ্রার আর্থিক সম্পদ হতে আয়	১০০৯৩৯৮৯	১০৫৩০৩৪১
স্থানীয় মুদ্রার আর্থিক সম্পদ হতে আয়		
সুদ আয়-স্থানীয় মুদ্রায় আর্থিক সম্পদ হতে	২৫৭৮৯০২২	৪৪১৮০৪৪২
কমিশন এবং বাট্টা-স্থানীয় মুদ্রায় আর্থিক সম্পদ হতে	১১৯১৪৯৮	৩৩০৪৫৫
লভ্যাংশ হারদ আয়	২৫০০০	-
বিবিধ আয়-স্থানীয় মুদ্রায় আর্থিক সম্পদ হতে	১৬৫৮৮৯	২৬১৯৩৮
মোট-স্থানীয় মুদ্রার আর্থিক সম্পদ হতে আয়	২৭১৭১৪০৮	৪৪৮০২৮৩৫
বৈদেশিক মুদ্রা পুনর্মূল্যায়নজনিত আয় - উসুলকৃত	২০০০৯৫৭	২১৯৬৯২৭
বৈদেশিক মুদ্রা পুনর্মূল্যায়নজনিত (ক্ষতি)/আয় - অউসুলকৃত	(১১১৩৯৯৮৭)	(৪০৬৭৬৬৮৭)
মোট আয়	৫০৪০৬৩৪১	১৬৮৫৩৪১৬
ব্যয়সমূহ		
বৈদেশিক মুদ্রায় আর্থিক দায়ের ব্যয়		
সুদ ব্যয়	(১৯৫২৬৭)	(২৯০৫৪১)
কমিশন এবং অন্যান্য ব্যয়	(৪৭৭৮৪)	(৬১৩৩৪)
মোট-বৈদেশিক মুদ্রায় আর্থিক দায়জনিত ব্যয়	(২৪৩০৫১)	(৩৫১৮৭৫)
স্থানীয় মুদ্রার আর্থিক দায়ের ব্যয়		
সুদ ব্যয়	(২৮৬২৭৩৮)	(১১৪৮০৭০)
কমিশন এবং অন্যান্য ব্যয়	(২৮৫৪০০২)	(২৭২৩৯২৬)
মোট-স্থানীয় মুদ্রার আর্থিক দায়ের ব্যয়	(৫৭১৬৭৪০)	(৩৮৭১৯৯৬)
অন্যান্য ব্যয়		
নোট মুদ্রণজনিত ব্যয়	(৩৮৮৫৯২৪)	(৩৩৬৯৮৮৬)
সাধারণ এবং প্রশাসনিক খরচ	(৭০৪২৩৭২)	(৬২১৫৬০৮)
মোট অন্যান্য ব্যয়	(১০৯২৮২৯৭)	(৯৫৮৫৪৯৪)
মোট ব্যয়	(১৬৮৮৮০৮৭)	(১৩৮০৯৩৬৫)
আর্থিক বছরের মুনাফা	৩৩৫১৮২৫৪	৩৪৪০৫১
দফাসমূহ- যা লাভ-ক্ষতি হিসাবে পুনঃশ্রেণিকৃত হতে পারে		
স্বর্ণ পুনর্মূল্যায়ন (ক্ষতি)/আয়	৪০৯৯২৩৩	(১৬৫৭৪৬০৪)
বৌদ্ধ পুনর্মূল্যায়ন ক্ষতি	২১৬৯৮	(১৩৬৮০৭)
সম্পত্তি, স্থাপনা ও যন্ত্রপাতি পুনর্মূল্যায়ন আয়/(ক্ষতি)	১২০১১৮৩৮	-
মোট-অন্যান্য সমন্বিত (ক্ষতি)/আয়	১৬৪৩২৭৬৯	(১৬৭১১৪১১)
মোট-সমন্বিত (ক্ষতি)/আয়-সমগ্র আর্থিক বছরের	৪৯৯৫১০২৩	(১৩৬৬৭৩৬০)

বিবরণ	মুদ্রা	মুদ্রায়ত্ত্ব সঞ্চিতি			প্রারম্ভিক সঞ্চিতি	বিবর্তিত তথ্যিক	অধিকার তহবিল	বাক্যে অবশিষ্ট পুঙ্খানুপুঙ্খ সঞ্চিতি	মুদ্রা সঞ্চিতি	সংযায় সঞ্চিতি	আধিকৃত মুদ্রা	মোট
		বর্ত্তমান	বৈদেশিক মুদ্রা	সঞ্চয়, প্রাপ্ত ও								
১ জুলাই ২০১২ তারিখে স্থিতি	৩০,০০০	২৪,১৪১,১২৩	৪৯,৪০০,৪৪০	২২,২০৯,০৪৩	২২,৪০২,৩২২	১৩,১১৭,০৪৬	১৪,২০০,০০০	২,০১১,০২৪	৪,২৪১,০২৪	৪,২০০,০০০	৩৬,৪৪২,০২৪	২৪,২,৪৪৪,০০০
২০১১-১২ অববহরে প্রাপ্ত লাভাংশ	-	-	-	-	-	-	-	-	-	-	(৩৬,১৪২,০২৪)	(৩৬,১৪২,০২৪)
বহুরে প্রাপ্ত সঞ্চিতি	-	(১৬,০১১,৪১৩)	(৪০,৬৭০,৬৬১)	-	-	-	-	-	-	-	৫২,৭৩০,৫৪০	(১৬,০৬০,৬৬০)
অন্যান্য অধিকৃত মুদ্রার আদান	-	-	-	-	২,১৪৬,১২৭	৩৪০,০০০	-	১৪১,০০০	৬২,১০০	-	(৩,০০০,০০০)	-
শুধুমাত্র বিক্রিতে প্রাপ্ত	-	-	(১,৪২২,৬১৮)	(৩৪,০৪০)	-	-	(৩৬,১৭৭)	৩৪,৬০০	-	-	১০,০৪৭	(১,৩৪১,১৪৭)
৩০ জুন ২০১৩ তারিখে স্থিতি	৩০,০০০	১১,১২৯,৭১০	৩৪,১৬১,৪৪২	২১,১১৪,০৪৩	২৪,৫৪৮,৬৪৯	১৪,৪৫৭,০৪৬	১৪,১৬০,০০০	২,১৪৬,৬২৪	৪,২৪১,১২৪	৪,২০০,০০০	৪০,৭০০,০০০	১৪,১৬০,০০০
সংযায় সঞ্চিতি	-	-	-	-	-	-	-	-	-	-	(৪,০০০,০০০)	(৪,০০০,০০০)
অন্যান্য অধিকৃত মুদ্রার	-	-	-	-	-	-	-	-	-	-	(৪,০০০,০০০)	(৪,০০০,০০০)
২০১২-১৩ অববহরে প্রাপ্ত লাভাংশ	-	৪,১২০,০০০	১১,১০০,০০০	১১,১০০,০০০	২,০০০,০০০	৩৪০,০০০	৩৪০,০০০	২,১২০,০০০	(১১,১০০,০০০)	-	১৬,৬৬০,০০০	১৬,৬৬০,০০০
বহুরে সঞ্চিতি	-	-	-	(১১,১০০,০০০)	-	-	-	১২,০০০	-	-	(১১,১০০,০০০)	(১১,১০০,০০০)
৩০ জুন ২০১৪ তারিখে স্থিতি	৩০,০০০	১৫,২৪৯,৭১০	৪৫,২৬১,৪৪২	৩২,২১৪,০৪৩	২৬,৫৪৮,৬৪৯	১৪,৭৯৭,০৪৬	১৪,৫০০,০০০	৪,২৬৬,৬২৪	৪,২৪১,১২৪	৪,২০০,০০০	৫৭,৩৬০,০০০	১৬,৬৬০,০০০

প্রয়োজনীয় ছাে পূর্বকি ব্যতীে সংযায় পরিবর্তন করা হয়েছে।

রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সার-সংক্ষেপ

বাংলাদেশের ব্যাংকিং ষাতে মোট চার ধরনের তফসিলি ব্যাংক রয়েছে। এ গুলো হচ্ছেঃ রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (SCB), রাষ্ট্র-মালিকানাধীন বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান (DFI), বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (PCB) এবং বিদেশি বাণিজ্যিক ব্যাংক (FCB)। রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের সংখ্যা মোট ছয়টি। এ ছয়টি ব্যাংক হচ্ছে-সোনালী ব্যাংক লিমিটেড, জনতা ব্যাংক লিমিটেড, অগ্রণী ব্যাংক লিমিটেড, রূপালী ব্যাংক লিমিটেড বেসিক ব্যাংক লিমিটেড ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড। বাংলাদেশ ব্যাংকের পরিচালক পর্ষদের ৩৫৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক বেসিক ব্যাংক লিমিটেড রাষ্ট্র-মালিকানাধীন ব্যাংকরূপে গণ্য করা হচ্ছে।

মূলধন, রিজার্ভ ফান্ড এবং মোট পরিসম্পদ

২০১৪ সালের ডিসেম্বর শেষে ৬টি রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৩৭.০০ বিলিয়ন, ৮০.০১ বিলিয়ন ও ৮৩.৯৮ বিলিয়ন টাকা। রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট পরিসম্পদের পরিমাণ ২০১৩ সাল শেষের ২৩০৫.৯১ বিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৪ সাল শেষে ২৫৪৯.৬৮ বিলিয়ন টাকায় দাঁড়ায়। রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর (বেসিক ব্যাংক লিমিটেড ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড সহ) অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের গতিধারা চার্ট-১ এ দেখানো হলো।



আমানত এবং ঋণ ও অগ্রিম

রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট আমানতের পরিমাণ ডিসেম্বর ২০১৩ শেষের ১৮৪৫.৫৪ বিলিয়ন টাকা থেকে শতকরা ১১.৭৮ ভাগ বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৪ শেষে ২০৬২.৯১ বিলিয়ন টাকায় দাঁড়ায়। এর মধ্যে তলবি আমানত ও মেয়াদি আমানতের পরিমাণ যথাক্রমে ৩৩৫.০২ বিলিয়ন এবং ১৭২৭.৮৯ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা মোট আমানতের যথাক্রমে শতকরা ১৬.২৪ ভাগ এবং ৮৩.৭৬ ভাগ। ২০১৩ সালের তুলনায় আলোচ্য বছরে রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর তলবি আমানত ও মেয়াদি আমানত যথাক্রমে শতকরা ৪.৮৭ ভাগ ও ১৩.২৩ ভাগ বৃদ্ধি পায়। রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণ ও অগ্রিমের স্থিতি ২০১৩ শেষের ১০৬৪.৪৭ বিলিয়ন টাকার তুলনায় ২০১৪ শেষে শতকরা ৮.৩৫ ভাগ বৃদ্ধি পেয়ে ১১৫৩.৩১ বিলিয়ন টাকায় দাঁড়ায়। ঋণ-আমানত অনুপাতের হার ডিসেম্বর ২০১৩ শেষের শতকরা ৫৭.৬৮ ভাগ হতে বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৪ শেষে শতকরা ৫৫.৯১ ভাগে দাঁড়িয়েছে। রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর (বেসিক ব্যাংক লিমিটেড ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড সহ) আমানত, ঋণ ও অগ্রিম এবং ঋণ-আমানত অনুপাত এর গতিধারা চার্ট-২ এ দেখানো হলো।



বৈদেশিক বাণিজ্য

ডিসেম্বর ২০১৪ শেষে রপ্তা-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর বৈদেশিক বাণিজ্য পরিচালনার পরিমাণ পূর্ববর্তী বছরের ১৩৫৮.৯৫ বিলিয়ন টাকা থেকে শতকরা ৬.৫০ ভাগ বৃদ্ধি পেয়ে ১৪৪৭.২২ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে রপ্তানি ও আমদানির পরিমাণ ২০১৩ সালের ৩৪৩.৫৪ বিলিয়ন ও ৬৪০.৩৫ বিলিয়ন টাকা থেকে যথাক্রমে ৪.২৯ বিলিয়ন ও ৭৯.৪৯ বিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩৪৭.৮৩ বিলিয়ন ও ৭১৯.৮৪ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, রেমিট্যান্স ২০১৩ সালের ৩৭৫.০৬ বিলিয়ন টাকার তুলনায় ৪.৪৯ বিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩৭৯.৫৫ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। রপ্তা-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর (বেসিক ব্যাংক লিমিটেডসহ) বৈদেশিক বাণিজ্যের গতিধারা চার্ট-৩ এ দেখানো হলো।



আয় ও ব্যয় এবং ব্যয়-আয় অনুপাত

ডিসেম্বর ২০১৪ শেষে রপ্তা-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট আয় ও ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ২০৫.৩৩ বিলিয়ন এবং ১৭১.৯৬ বিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে হার পরিমাণ ছিল যথাক্রমে ১৮৮.৯২ বিলিয়ন ও ১৫৭.৪০ বিলিয়ন টাকা। ২০১৪ সাল শেষে নীট মুনাফা পরিমাণ দাঁড়ায় ৩৩.৩৭ বিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছর শেষে ছিল নীট মুনাফা ৩১.৫২ বিলিয়ন টাকা। রপ্তা-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর ব্যয়-আয় অনুপাত ডিসেম্বর ২০১৩ শেষের ৮৩.৩২ শতাংশের তুলনায় সামান্য বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৪ শেষে ৮৩.৭৫ শতাংশে দাঁড়িয়েছে। রপ্তা-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর (বেসিক ব্যাংক লিমিটেড ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড সহ) আয় ও ব্যয় এবং ব্যয়-আয় অনুপাত এর গতিধারা চার্ট-৪ এ দেখানো হলো।



অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি

ডিসেম্বর ২০১৪ শেষে রপ্তা-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, কৃষি, মৎস্য ও বনায়ন খাতে ৭৪ বিলিয়ন টাকা (শতকরা ৬.৪ ভাগ), শিল্প খাতে ২৪২ বিলিয়ন টাকা (শতকরা ২১.০ ভাগ), চলতি মূলধনে অর্থায়ন খাতে ১৭৪ বিলিয়ন টাকা (শতকরা ১৫.১ ভাগ), নির্মাণ খাতে ৩৬ বিলিয়ন টাকা (শতকরা ৩.২ ভাগ), বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ খাতে ১৭ বিলিয়ন টাকা (শতকরা ১.৫ ভাগ), পরিবহন ও যোগাযোগ খাতে ৮ বিলিয়ন টাকা (শতকরা ০.৭ ভাগ), ব্যবসা-বাণিজ্য খাতে ৪১৪ বিলিয়ন টাকা (শতকরা ৩৫.৯ ভাগ), দারিদ্র্য বিমোচন খাতে ২২ বিলিয়ন টাকায় (শতকরা ১.৯ ভাগ) এবং অন্যান্য খাতে ১৬৬ বিলিয়ন টাকায় (শতকরা ১৪.৪ ভাগ) দাঁড়ায়। ডিসেম্বর ২০১৪ শেষে রপ্তা-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট ঋণ ও অগ্রিমের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক অবদানের ক্ষেত্রে 'ব্যবসা বাণিজ্য' ও 'শিল্প' খাত (যথাক্রমে শতকরা ৩৫.৯ ভাগ ও ২০.৯ ভাগ) অগ্রণী ভূমিকা পালন করে। ২০১৪ সালে রপ্তা-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলো সর্বমোট ৩২৯ বিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ২৯২ বিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। ডিসেম্বর ২০১৪ শেষে রপ্তা-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর (বেসিক ব্যাংক লিমিটেড ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড সহ) অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-৫ এ দেখানো হলো।



বিগত পাঁচ বছরে রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর অর্জিত অগ্রগতি

রাষ্ট্র-মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর অগ্রগতি নিম্নে দেয়া হলোঃ

- ব্যাংকগুলোর মোট পরিসম্পদ ২০১০ সালের তুলনায় ২০১৪ সালে শতকরা ৭৬.৩৪ ভাগ বৃদ্ধি পেয়েছে। আলোচ্য সময়ে রাষ্ট্র-মালিকানাধীন ৬টি ব্যাংকের মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ যথাক্রমে শতকরা ১৪০.৩৫ ভাগ, ১৯৯.৮৩ ভাগ এবং ৭৯.৮০ ভাগ বৃদ্ধি পায়। মোট আমানত এবং ঋণ ও অগ্রিমের পরিমাণও যথাক্রমে শতকরা ৮৫.৩৪ ভাগ এবং ৪০.৭৬ ভাগ বৃদ্ধি পায়। ব্যর-আয় অনুগত ২০১০ সালের ৬৯.৯৪ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮৩.৭৫ শতাংশে দাঁড়ায়।
- ২০১৪ সালে রাষ্ট্র-মালিকানাধীন ৬টি ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম-এর মধ্যে SME ঋণের অবদান ২৩.১৯ শতাংশ। SME ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের ২৪২.৮৩ বিলিয়ন টাকার তুলনায় ৮.৫৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৬৩.৬২ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ SME ঋণকে উৎসাহিত করার, নতুন নতুন প্রকল্পে ঋণ প্রদান, পরিবেশবান্ধব ব্যবসায় ঋণ প্রদান ইত্যাদি কারণে SME ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।
- রাষ্ট্র-মালিকানাধীন ৬টি ব্যাংকের মোট কৃষি ঋণ স্থিতির পরিমাণ ২০১০ সালের ৪১.৪৪ বিলিয়ন টাকার তুলনায় ৩২.২১ বিলিয়ন টাকা বা ৭৭.৭৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭৩.৬৫ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।
- ২০১৪ সালে রাষ্ট্র-মালিকানাধীন ৬টি ব্যাংকের মোট ঋণের মধ্যে গ্রীন ব্যাংকিং-এর অবদান বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে পরিবেশবান্ধব খাতে অর্থায়নকে অধিক গুরুত্ব আরোপ করার কারণে গ্রীন ব্যাংকিং কার্যক্রমের সম্প্রসারণ ঘটছে। এছাড়া, বায়োগ্যাস প্র্যান্ট, সোলার প্যানেল, হাইব্রিড হফম্যান কিন, ইজি বাইক, ডার্মিকম্পোষ্ট খাতসমূহে অধিকতর অর্থায়নের ফলে ২০১৩ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।
- সোনালী ব্যাংকের ১১৯২টি শাখার Foreign Remittance সংক্রান্ত কাজ RMS+ সফটওয়্যার-এর মাধ্যমে পরিচালিত হয়। ব্যাংকগুলো দেশব্যাপী Electronic Fund Transfer (EFT) এর মাধ্যমে অনলাইনে সকল শাখায় ফরেন রেমিটেন্স পেমেন্ট সিস্টেম চালু, ইন্সট্যান্ট ক্যাশ এবং ওয়েব বেইজড স্পটক্যাশ (Spot Cash) পেমেন্ট সিস্টেম পদ্ধতিতে গ্রাহকের হিসাব নম্বর ছাড়া তাৎক্ষণিকভাবে নগদে রেমিট্যান্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।
- গ্রাহকসেবার মানোন্নয়ন ও সম্প্রসারণকল্পে ২০১৫ সালের মধ্যে শাখাগুলোকে অধুঘিষৎব Branch Banking (ABB) এর আওতার আনা হচ্ছে।
- রাষ্ট্র-মালিকানাধীন ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক “নৈতিকতা কমিটি” গঠন করা হয়েছে এবং বিভিন্ন মেয়াদের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
- রাষ্ট্র-মালিকানাধীন ব্যাংকগুলোতে বাংলাদেশ ব্যাংক-এর নির্দেশনা মোতাবেক Risk Based Capital নিরূপণের রোডম্যাপ অনুযায়ী যথাসময়ে Basel-III বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

সোনালী ব্যাংক লিমিটেড

www.sonalibank.com.bd

বাংলাদেশ স্বাধীন হওয়ার পর “বাংলাদেশ ব্যাংক’স (ন্যাশনালাইজেশন) অর্ডার, ১৯৭২ ও রপ্তিপত্রির অধ্যাদেশ নম্বর ২৬, ১৯৭২” অনুসারে সোনালী ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। পরবর্তীতে ০৩ জুন, ২০০৭ তারিখে সোনালী ব্যাংক লিমিটেড নামে কোম্পানি হিসেবে নিবন্ধন করা হয়। অতঃপর বাংলাদেশ ব্যাংক কর্তৃক সোনালী ব্যাংক লিমিটেড-এর অনুকূলে ব্যাংকিং লাইসেন্স প্রদানের পর ১৫ নভেম্বর ২০০৭ তারিখ হতে সোনালী ব্যাংক লিমিটেড কোম্পানি হিসেবে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকের মোট ১২০৫টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রায় ৪৬টি।

২০১৪ সালে সোনালী ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ব্যাংকিং খাতের মোট আমানত এবং মোট ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১০.৭২ শতাংশ ও ৬.২৪ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.৩৮ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অভিরিক্ত তরলতা ২০১৩ সালের তুলনায় ২৬.১১ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৯৮৮৬৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ২০১৪ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

উল্লেখযোগ্য কার্যক্রমঃ

শিল্পঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম ১৬৫৮১৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের পরিমাণ ৮.৯১ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ২৫.২৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

SME ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম-এর মধ্যে SME ঋণের অবদান ৪.৭৮ শতাংশ। SME ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৭৬.৪২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মূলতঃ SME খাতকে উৎসাহিত করার কারণে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণের অংশ মোট ঋণের ২.২ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ৪.৬৪ শতাংশ। ২০১৪ সালে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ১৪৪.৬০ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।


ক্ষুদ্র ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম-এর মধ্যে ক্ষুদ্র ঋণের অবদান ২.৬৯ শতাংশ। ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ১৪.৮০ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

রেমিট্যান্স : ২০১৪ সালে ব্যাংকের মোট রেমিট্যান্স-এর পরিমাণ ছিল ১২৭৬৫৬ মিলিয়ন টাকা, যা ২০১৩ সালের তুলনায় ৩.৯২ শতাংশ কম। সোনালী ব্যাংক ৫৭টি কোম্পানির সাথে ড্রয়িং এ্যারেঞ্জমেন্টের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে, যার মধ্যে উল্লেখযোগ্য হলো: গুয়েস্টার্ন ইউনিয়ন, এক্সপ্রেস মানি, ন্যাশনাল ব্যাংক ওমান, IME SDN, সোনালী এক্স ইউএসএ ইত্যাদি।

সিএসআর : ২০১৩ সালে ৪৯ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে ৪৫ মিলিয়ন টাকা ব্যয় করে সোনালী ব্যাংক লিমিটেড সিএসআর কার্যক্রমে তার ভূমিকা অব্যাহত রেখেছে।

মোবাইল ব্যাংকিং : সোনালী ব্যাংক এখনও মোবাইল ব্যাংকিং কার্যক্রম শুরু করেনি। তবে পরিচালনা পর্ষদ-এর নির্দেশনা মোতাবেক ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায় এবং Profit Sharing এর ভিত্তিতে মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালুর ক্ষেত্রে আর্থিক সংশ্লেষসহ বিভিন্ন বিষয় বিশ্লেষণ এবং মোবাইল ব্যাংকিং কার্যক্রম পরিচালনার বিস্তারিত পদ্ধতি গ্রহণের কাজ চলছে।

অটোমেশন : মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকের ১৮২টি শাখাকে Core Banking System-এর আওতায় আনা হয়েছে। বর্তমানে ব্যাংকের ১) ১১৮৪টি শাখা Online Banking এর আওতাভুক্ত, ২) ১১৯২টি শাখার Foreign Remittance সংক্রান্ত কাজ RMS+ সফটওয়্যার-এর মাধ্যমে পরিচালিত হয়, ৩) ১১৮৭টি শাখার Local Remittance সংক্রান্ত কাজ RMS+ সফটওয়্যার-এর মাধ্যমে পরিচালিত হয়, ৪) ৫৯৪টি শাখা Govt. Transaction System (GTS) এর আওতাভুক্ত, ৫) ৪২৪টি শাখা Data Connectivity (Fiber, Radio link, VSAT) এর আওতাভুক্ত রয়েছে। ২০১৪ সালে ১০৪টি শাখাকে Sonali Bank Clearing System (SBCS) এর আওতায় নেয়া হয়েছে।



জনতা ব্যাংক লিমিটেড

www.janatabank-bd.com

স্বাধীনতাশতাব্দীর ১৯৭২ সালের ব্যাংক জাতীয়করণ অধ্যাদেশ অনুযায়ী জনতা ব্যাংক গঠিত হয়। পরবর্তীতে ১৫ নভেম্বর, ২০০৭ তারিখে জনতা ব্যাংককে জনতা ব্যাংক লিমিটেড-এ রূপান্তর করা হয়। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকের মোট ৯০০টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান শাখাসহ ৫৭টি।

২০১৪ সালে জনতা ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ব্যাংকিং খাতের মোট আমানত এবং মোট ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৭.১১ শতাংশ ও ৫.৯১ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৬.৫৮ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্য ২০১৩ সালের তুলনায় ৫২.১০ শতাংশ হ্রাস পেয়ে ৫৯৮৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ২০১৪ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম ৭৭১১৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের পরিমাণ ৬৩.৮৮ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৮.৫৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৫৬.৪০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৯১৬৯ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১১.৮৯ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME এর অবদান ৩৯.২৫ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ২১.৯৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩০২৬৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের অংশ ৪.৬৬ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ১২.১০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে পবাদিপত্র খাতের উন্নয়নের জন্য ১৩.১৮ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র ঋণ : ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪.৪১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৬৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ গ্রামীণ জনপদের জীবনযাত্রার মানোন্নয়নে সরকারের দিকনির্দেশনার ফলে ২০১৪ সালে ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

খ্রীন-ব্যাংকিং : খ্রীন-ব্যাংকিং কার্যক্রমে ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের ১৬৮৪ মিলিয়ন টাকার তুলনায় ১০৩৪ মিলিয়ন টাকায় হ্রাস পেয়ে ২০১৪ সালে ৬৪৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ২০১৪ সালে ইটিপি সংক্রান্ত কোন ঋণ বিতরণ না করার সংশ্লিষ্ট খাতে ঋণের পরিমাণ হ্রাস পেয়েছে।

রেমিট্যান্স : ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে জনতা ব্যাংকের রেমিট্যান্স প্রবাহের পরিমাণ ২.৫৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। জনতা ব্যাংক ৭২টি কোম্পানির সাথে ড্রয়িং এয়ারেঞ্জমেন্টের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে, যার মধ্যে উল্লেখযোগ্য হলো: ওয়েস্টার্ন ইউনিয়ন, ট্রান্সফাস্ট রেমিট, মানিগ্রাম, এক্সপ্রেস মানি, রিয়া, IME ইত্যাদি।


মোবাইল ব্যাংকিং : ব্যাংকের মোবাইল ব্যাংকিং চালু করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

সিএসআর : ২০১৪ সালে ব্যাংকের সিএসআর কার্যক্রমে বিতরণের পরিমাণ ১৩৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০১৩ সালে এ খাতে বিতরণের পরিমাণ ছিল ২৯২ মিলিয়ন টাকা।

অটোমেশন : জনতা ব্যাংক লিমিটেড এ অন-লাইন ব্যাংকিং ব্যবস্থা চালু করা হয়েছে এবং কম্পিউটারাইজড ক্রিয়বিহীন হাউজের মাধ্যমে কেন্দ্রীয় ব্যাংক এবং অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের সাথে লেনদেন করা হচ্ছে। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকের ১৭৪টি শাখাকে Core Banking System-এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৩১১ জন নারী উদ্যোক্তাকে ২০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৩৪ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১৪ মিলিয়ন টাকার তুলনায় ৪৮ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ভবিষ্যতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক Bangladesh Electronic Fund Transfer Network- এর কার্যক্রম আরও কার্যকরী ও সম্প্রসারণ করা হবে ও অন-লাইন ব্যাংকিং কার্যক্রম চালু করা হবে।



অগ্রণী ব্যাংক লিমিটেড

www.agranibank.org

১৯৭২ সালে বাংলাদেশ ব্যাংক জাতীয়করণ আদেশ বলে অগ্রণী ব্যাংক প্রতিষ্ঠিত হয়। ১৭ মে ২০০৭ তারিখে অগ্রণী ব্যাংক একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে আত্মপ্রকাশ করে। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকের মোট ৯১৩টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান শাখাসহ ৪১টি।

২০১৪ সালে অগ্রণী ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ব্যাংকিং খাতের মোট আমানত এবং মোট ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৫.২৯ শতাংশ ও ৪.৩৫ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৫৬ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্য ২০১৩ সালের তুলনায় ২.৯৫ শতাংশ হ্রাস পেয়ে ৯৮৬০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ২০১৪ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির ঋণভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম ৪৮৫১০ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের পরিমাণ ৬২.১৭ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৬১.৩২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মূলতঃ নতুন প্রকল্প স্থাপনে ঋণ প্রদানের পাশাপাশি বিদ্যমান প্রকল্পে অর্থায়নের কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ২৫.৯৬ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় টেটরী পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৬১০৩ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১২.৫৮ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ৪০.৩৩ শতাংশ। ২০১৪ সালে SME খাতে বিতরণকৃত ঋণ ৩৯.৪১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৪.৫১ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের অংশ ১২.৫৮ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ১৬৩.৭৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ১৬৭.১১ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

সুদ্র ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত সুদ্র ঋণ শতকরা ৫ ভাগ বৃদ্ধি পেয়ে ১১৫৫৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

খিন ব্যাংকিং : ২০১৩ সালে ৪৭টি প্রকল্পে ২২.৮৩ মিলিয়ন টাকা বিতরণ করা হয় এবং ২০১৪ সালে ১৭৮ প্রকল্পে ২৮.৪২ মিলিয়ন টাকা বিতরণ করা হয়। ২০১৪ সালে বায়োগ্যাস প্ল্যান্ট, সোলার প্যানেল, হাইব্রিড হফম্যান কিন, ইজি বাইক, ভার্ভিকম্পোষ্ট খাতসমূহে অধিকতর অর্থায়নের ফলে ২০১৩ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

রেমিট্যান্স : ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে ৩২২৩ মিলিয়ন টাকা রেমিট্যান্স বৃদ্ধি পেয়েছে। অগ্রণী ব্যাংক ৬৪টি কোম্পানির সাথে ডব্লিউ এয়ারেঞ্জমেন্টের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে, যার মধ্যে উল্লেখযোগ্য হলো: ডয়েস্টোন, ইউনিয়ন, ট্রান্সফার্ট রেমিট, মানিহাম, এলগ্রেস মানি, IME ইত্যাদি।

মোবাইল ব্যাংকিং : ব্যাংকের মোবাইল ব্যাংকিং চালু করার কার্যক্রম প্রক্রিয়াক্রমিত।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর কার্যক্রমে বরাদ্দ ছিল ৮৩.৭১ মিলিয়ন টাকা যা ২০১৪ সালে দাঁড়ায় ৬৪.৫১ মিলিয়ন টাকায়।

অটোমেশন : মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকের ৩২১টি শাখাকে Core Banking System-এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৭৪২ জন নারী উদ্যোক্তাকে ৫৯০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১০৪১ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৪১০ মিলিয়ন টাকার তুলনায় ৪৪ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকের সম্পদের গুণগতমান উন্নয়ন, উচ্চ অপারেটিং মুনাফা অর্জন, ন্যূনতম মূলধন সংরক্ষণ, শ্রেণীবিন্যাসিত ঋণ সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনা, প্রতিটি শাখার অনলাইন ব্যাংকিং চালু করা, ব্যবসায়িক সুশাসন ও ঝুঁকি ব্যবস্থাপনার লক্ষ্যে সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করেছে।



রূপালী ব্যাংক লিমিটেড

www.rupalibank.org

১৯৭২ সালে রাষ্ট্রপতির আদেশবলে পাকিস্তান আমলের মুসলিম কমার্শিয়াল ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ এবং অস্ট্রেলেশিয়া ব্যাংক লিঃকে জাতীয়করণের মাধ্যমে এ ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। অতঃপর ১৯৮৬ সালের ১৪ ডিসেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এক আদেশ অনুসারে ব্যাংকটি রূপালী ব্যাংক লিঃ হিসেবে কার্যক্রম পরিচালনা শুরু করে। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকের মোট ৫৩৪টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান শাখাসহ ২৯টি।

২০১৪ সালে রূপালী ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ব্যাংকিং খাতের মোট আমানত এবং মোট ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৩.০৫ শতাংশ ও ২.৩১ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৬৪ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্য ২৩৫.৫৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ব্যাংকটির ২০১৪ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্পঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম ১১৬৭৫ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের পরিমাণ ৪৫.৪৩ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫.৩২ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৫৩০৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭৯ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৮৩৭.৮৭ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৭.১৮ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ১.৫১ শতাংশ। ২০১৪ সালে SME খাতে ঋণ বিতরণ ৯৯.৪৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের অবদান ৭.৭১ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ২৭.৪৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ৯৭.৮৯ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৩ সালে ৫২.৩০ মিলিয়ন টাকার বিপরীতে ২০১৪ সালে ৫৬.৬০ মিলিয়ন টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। ক্ষুদ্র ঋণ বিতরণের শুরুত্ব প্রদান করার ফলে ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে ক্ষুদ্র ঋণ বিতরণ ৮.২২ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

গ্রিন-ব্যাংকিং : ২০১৪ সালে এ খাতে ব্যাংকের বাজেট ছিল ৩৫১০ মিলিয়ন টাকা, বিতরণ করা হয় ৬৩৩.৭০ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স : ২০১৩ সালে রূপালী ব্যাংক লিমিটেডের অন্তর্ভুক্তি রেমিট্যান্স প্রবাহের পরিমাণ ছিল ১০৮৭৫ মিলিয়ন টাকা যা ২০১৪ সালে ৩৩.৬৬ শতাংশ বৃদ্ধি পায়। রূপালী ব্যাংক ৩৩টি কোম্পানির সাথে ড্রয়িং এয়ারেঞ্জমেন্টের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে, যার মধ্যে উল্লেখযোগ্য হলো: ওয়েস্টার্ন ইউনিয়ন, ট্রান্সফাস্ট রেমিট, এক্সপ্রেস মানি, রিয়া ইত্যাদি।

মোবাইল ব্যাংকিং : রূপালী ব্যাংকে এখনও মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালু হয়নি।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর কার্যক্রমে বরাদ্দ ছিল ৩২.১৮ মিলিয়ন টাকা যা ২০১৪ সালে এ বরাদ্দ দাঁড়ায় ৩০.৭৮ মিলিয়ন টাকায়।

অটোমেশন : ডিজিটালিউটেড ডাটাবেইস সিস্টেম ও CBS এর অধীন কম্পিউটার লাইভ অপারেশন শাখা; Anywhere Branch Banking (ABB), ATM, IWRMS, BEFTN এবং Automated Clearing House (BACH) সুবিধা সহজিত শাখার কার্যক্রম শুরু হয়েছে। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকের ২টি শাখাকে Core Banking System-এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৭৮৭ জন নারী উদ্যোক্তাকে ১৭৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১২৬৪ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৫০৮.৫০ মিলিয়ন টাকার তুলনায় ৬৫.৩৯ শতাংশ কম।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকের সকল কার্যক্রমকে অটোমেশন এর মাধ্যমে On-line banking সেবার আওতায় আনার পরিকল্পনা রয়েছে। এছাড়া, ২০১৫ সালে ৩০০টি শাখা এবং ২০১৬ সালের মধ্যে সকল শাখাকে CBS এর আওতায় আনা; ATM সার্ভিসকে আরো সম্প্রসারিত করা এবং ২৪ ঘন্টার বৈদেশিক রেমিট্যান্স পরিশোধের ক্ষেত্রে ২০১৫ সালের মধ্যে সকল শাখায় Foreign Remittance System বাস্তবায়ন করা।



বেসিক ব্যাংক লিমিটেড

www.basicbanklimited.com

বেসিক ব্যাংক লিমিটেড ১৯৮৯ সালের ২১ জানুয়ারি কার্যক্রম শুরু করে। ৬ জুন, ১৯৯১ তারিখে বিশ্বব্যাপী বিসিসিআই কাউন্সেল অকার্যকর হয়ে গেলে উদ্ধৃত অচলাবস্থা রোধ করতে বাংলাদেশ সরকার ৪ জুন, ১৯৯২ তারিখে কাউন্সেলের ৭০ শতাংশ শেয়ারসহ ব্যাংকটি অধিগ্রহণ করে। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকের মোট ৬৫টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান শাখাসহ ১৭টি।

২০১৪ সালে বেসিক ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ব্যাংকিং খাতের মোট আমানত এবং মোট ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৯৩ শতাংশ ও ২.২১ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.৭০ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অভিরিক্ত তারলা ২০১৩ সালের তুলনায় ১৭.২৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ব্যাংকটির ২০১৪ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্পঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম ২১৮৮৩ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের পরিমাণ ৮৭.৯৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৩১.০১ শতাংশ হ্রাস পেয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ১৬.৮৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ২৪২২ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২.০৩ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ৭৬.৪২ শতাংশ। ২০১৪ সালে SME খাতে ঋণ বিতরণ ৩.৮১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণের অংশ মোট ঋণের ১.২৭ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণের মধ্যে কৃষি ঋণের শেয়ার ৫.৮০ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৪ সালে ৯০.২৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ৪০.৬১ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৩ ও ২০১৪ সালে ক্ষুদ্র ঋণের পরিমাণ যথাক্রমে ছিল ৫৫৪ মিলিয়ন এবং ৯৫৩ মিলিয়ন টাকা। মূলতঃ ক্ষুদ্র ঋণের চাহিদা বৃদ্ধির কারণে এই ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

গ্রিন-ব্যাংকিং : গ্রিন ব্যাংকিং খাতে ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে ৩৯৭ মিলিয়ন টাকা হ্রাস পেয়েছে।

রেমিট্যান্স : ২০১৩ ও ২০১৪ সালে রেমিট্যান্সের পরিমাণ যথাক্রমে ৭৭২ মিলিয়ন এবং ৮৮৯ মিলিয়ন টাকা। বেসিক ব্যাংক ওয়েস্টার্ন ইউনিয়ন-এর সাথে ড্রয়িং এয়ারেঞ্জমেন্টের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

মোবাইল ব্যাংকিং : বেসিক ব্যাংক এখনো মোবাইল ব্যাংকিং কার্যক্রম শুরু করেনি।

সিএসআর : ব্যাংকের সিএসআর কার্যক্রমে বিতরণের পরিমাণ ২০১৩ সালে ছিল ৩৬.৯৭ মিলিয়ন টাকা ও ২০১৪ সালে ৩০.১৬ মিলিয়ন টাকা।

অটোমেশন : বেসিক ব্যাংক অটোমেশন কার্যক্রমে বেসিক ব্যাংক লিমিটেড বাংলাদেশ ব্যাংকের National Payment Switch of Bangladesh (NPSB)এ সংযুক্ত হয়ে ATM/Debit Card এর Transaction সুবিধা জোগ করেছে। বেসিক ব্যাংক ইতোমধ্যে Credit Card Service চালু করার জন্য VISA এর Principal Membership গ্রহণ করেছে। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকের সকল শাখাকে Core Banking System-এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৪৮৫ জন নারী উদ্যোক্তাকে ১৯৯৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৪৭০ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১৮০৮ মিলিয়ন টাকার তুলনায় ১০.৩০ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : অডিট, মনিটরিং এবং ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্সের সকল কার্যক্রম ডিজিটাল ইজড করা হবে। ঋণ প্রস্তাবনা, কেওয়াইসি এবং অন্যান্য করেসপন্ডিং প্রক্রিয়াসমূহ অটোমেশন করারও পরিকল্পনা ব্যাংকটির রয়েছে।



বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

www.bdbi.com.bd

সরকারি সিদ্ধান্তের আলোকে ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখে সরকার ও সরকার কর্তৃক মনোনীত বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ-এর পরিচালনা পর্ষদের মধ্যে Vendors' Agreement স্বাক্ষরের মাধ্যমে বাংলাদেশ শিল্প ব্যাংক (বিএসবি) ও বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা (বিএসআরএস) নামক প্রতিষ্ঠান দু'টি একীভূত হয়ে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) গঠিত হয়। বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ ২০১০ সালের ৩ জানুয়ারি থেকে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ৩২টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা (প্রধান কার্যালয়সহ) ৬টি।

২০১৪ সালে বিডিবিএল এর আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.৩২ শতাংশ ও ০.৩০ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.০০ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্য ২০১৩ সালের তুলনায় ৫৭.৭৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ৯১২৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ২০১৪ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৪৩০৯ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ১৯.০৩ শতাংশ। শিল্প একক ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪৪.৮৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮২০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৫১.২৩ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণের পরিমাণ ৭২.৩৯ মিলিয়ন টাকা, যা বৃহৎ শিল্পে মোট বিতরণকৃত ঋণের ১৭.২৩ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ২৩.৯৭

শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ২৬৩.০১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৩২.৬৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ (স্টাফ লোনসহ) বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১৩.০৮ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ১২.৫৬ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৩.৪৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৫৪১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

জিন ব্যাংকিং : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে জিন ব্যাংকিং খাতে ঋণের শেয়ার ১.৩২ শতাংশ। জিন-ব্যাংকিং খাতে ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২০৪.৮৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫৬.৭৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স : ২০১৪ সালে ব্যাংকের মোট রেমিট্যান্স-এর পরিমাণ ছিল ০.৩০ মিলিয়ন টাকা।


সিএসআর : সিএসআর কার্যক্রম পরিচালনায় বিভিন্ন সামাজিক ও জনকল্যাণমূলক ঋতে ব্যাংক কর্তৃক অর্থ ব্যয়ের পরিমাণ ২০১৩ সালে ১৩.৪৮ মিলিয়ন টাকা থেকে ১১.৭২ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১১.৯০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

মোবাইল ব্যাংকিং : মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালুকরণ প্রক্রিয়াধীন রয়েছে।

অটোমেশন : বিডিবিএল অটোমেশন এবং প্রযুক্তিনির্ভর সেবা প্রদানের উদ্দেশ্যে ৩২টি ব্রাঞ্চে কোর ব্যাংকিং চালু করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকের ৯টি শাখাকে পরীক্ষামূলকভাবে Core Banking System-এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৩০২ জন নারী উদ্যোক্তাকে ৩৮১.৩৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১৪৭ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৮৩.৫০ মিলিয়ন টাকার তুলনায় ৩৫৬.৭২ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : (১) বিদ্যমান লোকসানী শাখাসমূহকে লাভজনক করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ, (২) গ্রাহক সেবা বৃদ্ধির লক্ষ্যে তথ্য-প্রযুক্তিনির্ভর সেবাসমূহ চালুকরণ।



অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি (outstanding)* (মিলিয়ন টাকায়)

বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	পরিবহন ও যোগাযোগ	ব্যবসা বাণিজ্য					পারিদ্য বিমোচন	অন্যান্য	সর্বমোট
		পাইকারী ও খুচরা	রত্নাঙ্গী	আমদানি	হোটেল ও রেস্তোরা	মোট			
৪১৪	০	২৫৪৩০	৫৪৪৭৫	৫৪৭১১	০	১৩৪৬১৬	৯৫৩৯	৩৪৩৪৫১	
৪১২	০	৩১৭৬৭	৩৫৯৩৭	৪৮৮৫৭	০	১১৬৫৬১	১০২০৯	৩৩৭৫৫৪	
১১৪	০	৩৩২৮৪	৩০০৭৭	৫৫০০০	০	১২৬২৮৪	১০১৭১	৩৩৫০০০	
৪০৫	০	৩৪১৭২	৩০০০৪	৫৭০০০	০	১৩৩১৭২	১০১৯৮	৩৩৭০০০	
১৪৭০১	২০১২	২১১৩৪	৩১৩৩৫	৩০৫৪৯	৬০৬	৬৩৬০২	৩১২৬	২০২৯৬৫	
৪১২১	৩১৩	৪৪০০৩	২১১১১	২৭৫৩	৭০৭	৭২৭৪৭	৩১২৭	২৩৫০৯০	
৩৯৩০১	৩৪৪	৩৬৭৩২	৩২৫১৫	২৫৮২২	৫৯৭	৭৫১০৪	৩২৫৭	২৪১০০০	
১০৫১৫	৬৪৭	৩৭৬৬২	৩৬৫৫৫	২১০৬২	৭০৬	৭৬৮২২	৩৭৫১	২৪৭০০০	
০	০	৬২৩৩৬	৫৬৬২৭	৬৭০০৫	০	১৬৭৩৬১	৫৩৬১	২৮৫৭১৭	
০	৩৪	৫৪৩০৭	৩০৪০৫	৭২২২৪	০	১৬৬৭৫৭	৭৪০৭	৩১৯৭৭৩	
০	৩৪	৫৪৩০৭	৩০৪০৫	৭২২২৪	০	১৬৬৬১	৬৯৯৯	৩১৯৩৪২	
০	৩৪	৬৭৪৬	৩৯৬৫৪	৪৯৬৪৪	০	১৭৭০৫১	৬৭৫৩	৩২৫৭৫১	
৭০৭৫	৩৬৪	৫৩৬৩	৩৩৬৪	১১৮৫	৬৬৬	২৪০২৭	১১১৩	১০৭৪২৬	
৭৪৬৩	৩০৩	৫২২৪	৭৪৪২	২২০০	১৯৭২	৩০৬৯৮	১২১১	১২৫০১২	
৩৯৩	৩৩	৩৫৩৪	৩০৫২	২২৩২	২০১	৩১২১১	১২৫০	১৩০৪০৬	
১১২১	১৪৪	১১৬৬	৭৭৬৩	৬৭	৪০৬	১৬১৭৫	১৩০০	১৩৪৫০০	
৫৪৫	৩৪৫	১১৬৬	১১৬৬	১২২	৪৪	২৪৫২৮	২৬৬৫৫	১১৯৩৭৫	
৫৭৬	১৬৩	১৫০৯	১০৪৬	১৩০	৪৪২	২৬১৩২	২৭৯৫৯	১২৭১৯০	
০	২৯	৩৮৭	৩৮৭	৪৫৯	১০৯	১৮৫১	৩	১৫৪৫৬	
০	৪০	১০৯০	৩৫	১৫০	১৩০	৩৩৩৭	১১৬৯	১৬৪৯৬	
০	৩৯	১০৭২	৫২	১৪৪	১৩৫	২৯৬৯	৪৪৪৫	১৬৫৩৯	
০	৩৯	১০৭৪	২৭	১৫০	১৩৬	২৯৬৭	৪৪৫৭	১৬৫৭১	

* = তথ্য/উপাত্তসমূহ প্রতিবর্ষ অন্তর্গত।

** = সাময়িক।

*** = প্রক্ষেপিত।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকা)

ব্যাহকের নাম	সাল		কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	মোট
				মেয়াদী ঋণ	চলতি ঋণ	মোট		
সোনালী ব্যাংক লিমিটেড	২০১৩	বিতরণ	১৩২০০	৩১৫৩	৮৬৪৭	১১৮০০	১৪৩৭০৬	১৫৯৬০৬
		আদায়	১২২০৬	৭৯৬৭	৫৩৭৩	১৩৩৪৬	১৬৬৮৫৮	১৯২৫০৬
	২০১৪	বিতরণ	৭৬৯৪	৩০২৬	১১৭০৪	১৪৭৮১	১৪৩৩৪২	১৬৫৮১৮
		আদায়	১০৪২২	৫৫০২	৭০৪৫	১২৫৪৭	১৭০৪৭৯	১৯৩৪৮৮
	মার্চ ২০১৫**	বিতরণ	৫০৬৭	১৫০৬	৩৬১৫	৫১২১	৪৪৪৭৪	৫৪৬৬২
		আদায়	৪৭৪৪	১৬৫৮	৩৩৮৬	৫০৪৪	৫৩৩১৮	৬৩১০৬
	জুন ২০১৫***	বিতরণ	৭৬৫৬	১৬৩৫	৬১৯১	৭৮২৬	৯১৯৫৬	১০৭৪৩৮
		আদায়	৭৬০৯	২০১৬	৫৩০০	৭৬১৬	১১১২৮২	১২৬২০৭
আগামী ব্যাংক লিমিটেড	২০১৩	বিতরণ	২৩১৩	১৪১১৬	৪৫৭৮	১৮৬৯৪	১২৩০	২২২৬৭
		আদায়	১৯৩৯	৩৯৯৩	১৮৪১	৫৭২৪	২৫৯২৬	৩১৫৮৮
	২০১৪	বিতরণ	৩১০১	১৪৪৩২	১৫৭২৫	৩০১৫৭	১২২৫২	৪৮৫১০
		আদায়	৫২৩৩	৭৪৫৬	২৪৯৩	৯৯৪৯	১২০৬	১৬৩৮৫
	মার্চ ২০১৫**	বিতরণ	১৫১৯	৩৬০৮	৬৭৬২	১০৩৪০	২৬৯৪	১৪৫৫৩
		আদায়	১৪২০	৯০২	২৩৬৭	৩২৬৯	১৫৬১	৬২৫০
	জুন ২০১৫***	বিতরণ	২৮৯৬	৭২১৬	১৩৫১৯	২০৭৩৫	৫৪৭৫	২৯১০৬
		আদায়	২৭৬৬	১৮০৪	৪৭৮৭	৬৬৪১	৩০৪৩	১২৫০০
জনতা ব্যাংক লিমিটেড	২০১৩	বিতরণ	৩২০৭	২৬৯৪৭	১৮৪৩১	৪৫৫৭৮	২৪৮১৩	৭৩৩৯৮
		আদায়	৩২৪৯	২১৩৪২	১৬৯৬৫	৩৯৩০৭	৮৩০৯	৪৯৮৬৫
	২০১৪	বিতরণ	৩৫৯৫	২৭৭৮৪	২১৪৮০	৪৯২৬৪	২৪২৫৯	৭৭১১৮
		আদায়	৩১৩৯	২২৬৫৫	২০৫৭৭	৪৩২৩২	১০১৩২	৫৬৫০৩
	মার্চ ২০১৫**	বিতরণ	৬৬৩৫	২০১৭৭	১৫৪৯৮	৩৫৬৭৫	২২২২৫	৬৪৫৫৫
		আদায়	৬১৭৮	১৩০৫৪	১৪৪৩৬	২৮২৯০	৯০০৬	৪৪৩২৪
	জুন ২০১৫***	বিতরণ	৭৪৫৯	২১৩২৪	২৩৫৮৯	৪৪৯১৩	২৪৩৩২	৭৬৭০৪
		আদায়	৬৯৮৫	১৪৭৩৮	২১১৭৪	৩৫৯১২	১১২৪৩	৫৪১৪০
রপালী ব্যাংক লিমিটেড	২০১৩	বিতরণ	৭০৬	২৬৬১	২৯৪১	৫৬০১	৫৫২০	১১৮২৭
		আদায়	৯৬৯	৭৯৮	৮৫৪	১৬৫২	২৬১	২৮৮২
	২০১৪	বিতরণ	৯০০	২৪৪০	২৮৬৩	৫৩০৩	৫৪৭২	১১৬৭৫
		আদায়	৮১৩	২৩৭১	১৬২৯	৪০০১	১২৪৭	৬০৬১
	মার্চ ২০১৫**	বিতরণ	২১২	১১১৫	৩৯৭	১৮১১	২৪৯	২২৭২
		আদায়	২২০	৩৩২	২১০	৫৪১	৯৪	৮৫৫
	জুন ২০১৫***	বিতরণ	৬১৮	১৭৪৭	১৫৬৪	৩৩১১	৩৫৯	৪২৮৭
		আদায়	৩৯০	৮১৪	৫৮৯	১৪০৩	২৬৫	২০৫৬
বেঙ্গল ব্যাংক লিমিটেড	২০১৩	বিতরণ	৬৬৭	১১৫৩৫	১৬৩৭৩	২৭৯০৮	৩২৮৫	৩১৮৬০
		আদায়	৫৬৩	৪০১৯	১৩২৯৯	১৭৩১৯	১৭৮৮২	১৭৮৮২
	২০১৪	বিতরণ	১২৬৯	৪১৬৯	১৫০৬৫	১৯২৫৪	১৩৫৯	২১৮৮৩
		আদায়	৮৭৭	২৫২৩	১২৩৭১	১৪৮৯৪	১৫৭৭০	১৫৭৭০
	মার্চ ২০১৫**	বিতরণ	৩০৬	১০৪২	৩৭৭১	৪৮১৪	৫১১৯	৫১১৯
		আদায়	২৩৫	৮৪১	৩০৯৩	৩৯৩৪	৪১৬৮	৪১৬৮
	জুন ২০১৫***	বিতরণ	১১০১	১০৭৪	৩৯৬০	৫০৫৪	৬১৫৫	৬১৫৫
		আদায়	৭৯৫	৮৮৩	৩২৪৭	৪১৩০	৪৯২৫	৪৯২৫
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড	২০১৩	বিতরণ	৭০৭	১১৩	৪৫৩	৫৬৬	৬৩৭১	৪৬৪৪
		আদায়	২৬৫	৯৩৯	২০৩	১১৪৩	৩৫৭১	৪৯৭৮
	২০১৪	বিতরণ	৫৪১	৫৪৮	২৭২	৮২০	২৯৪৭	৪৩০৯
		আদায়	৩২১	১৫৪৩	১৫১	১৬৯৫	১৬৮৬	৩৭০২
	মার্চ ২০১৫**	বিতরণ	৬১	১০০	৯	১০৯	১৯৪	৩৬৯
		আদায়	৩৬	৭৩	২৪	৯৭	২৩৬	৩৬৮
	জুন ২০১৫***	বিতরণ	৩২৫	৩২৯	১৬৩	৪৯২	১৭৬৮	২৫৮৫
		আদায়	১৯৩	৯২৬	১৯	১০১৭	১০১২	২২২১

* = তথ্য/উপাত্তসমূহ পুঞ্জিকাবর্ষ অনুসারে।

** = সাময়িক।

*** = প্রক্ষেপিত।




বিশেষায়িত ব্যাংক

বিশেষায়িত ব্যাংকগুলোর কার্যক্রমের সার-সংক্ষেপ

বাংলাদেশে চার ধরনের তফসিলি ব্যাংক রয়েছে। এর মধ্যে বিশেষায়িত ব্যাংকের সংখ্যা ২টি। তফসিলি ব্যাংকগুলোর মধ্যে বিশেষায়িত ব্যাংকগুলো পরি সম্পদ ও আমানতের দিক দিয়ে চতুর্থ অবস্থানে রয়েছে। জনগণের আমানত গ্রহণ এবং কৃষি, স্বাস্থ্য ও বনায়ন এবং ব্যবসা-বাণিজ্য ও শিল্পখাতসহ বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ এবং অন্যান্য সেবা খাতগুলোতে বিশেষায়িত ব্যাংকগুলো অর্থায়ন করছে। বিশেষায়িত ব্যাংকগুলোর মধ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক দেশের মোট কৃষিক্ষেত্রের সিংহভাগ বিতরণ করছে। ডিসেম্বর ২০১৪ শেষে ব্যাংকিং খাতের মোট পরিসম্পদের শতকরা ৩.০৩ ভাগ, মোট আমানতের শতকরা ২.৫৮ ভাগ এবং মোট কর্মরত জনবলের শতকরা ৮.৫৭ ভাগ বিশেষায়িত ব্যাংকগুলোর অধীন। একইভাবে, বৈদেশিক বাণিজ্য পরিচালনার শতকরা ০.৩৩ ভাগ এবং ঋণ ও অগ্রিম হিসেবে প্রদত্ত অর্থায়নের শতকরা ৩.৮৪ ভাগ বিশেষায়িত ব্যাংকগুলোর মাধ্যমে সম্পন্ন হয়েছে।

মূলধন, রিজার্ভ ফান্ড এবং মোট পরিসম্পদ

২০১৪ সালের ডিসেম্বর শেষে ২টি বিশেষায়িত ব্যাংকের মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২২.৫০ বিলিয়ন, ১৪.৭০ বিলিয়ন ও ৬.৬১ বিলিয়ন টাকা। বিশেষায়িত ব্যাংকগুলোর মোট পরিসম্পদের পরিমাণ ২০১৩ সাল শেষের ২৪৮.৩০ বিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৪ সাল শেষে ২৭৫.০৩ বিলিয়ন টাকায় দাঁড়ায়। বিশেষায়িত ব্যাংকগুলোর অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের বিগত কয়েক বছরের গতিধারা চার্ট-১ এ দেখানো হলো।




আমানত এবং ঋণ ও অগ্রিম

বিশেষায়িত ব্যাংকগুলোর মোট আমানতের পরিমাণ ডিসেম্বর ২০১৩ শেষের ১৮৭.১১ বিলিয়ন টাকা থেকে শতকরা ১৭.৬৬ ভাগ বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৪ শেষে ২২০.১৫ বিলিয়ন টাকায় দাঁড়ায়। এর মধ্যে তলবি আমানত ও মেয়াদি আমানতের পরিমাণ ছিল যথাক্রমে ১৮.৫৮ বিলিয়ন এবং ২০১.৫৭ বিলিয়ন টাকা, যা মোট আমানতের যথাক্রমে শতকরা ৮.৪৪ ভাগ এবং ৯১.৫৬ ভাগ। ২০১৩ সালের তুলনার আলোচ্য বছরে বিশেষায়িত ব্যাংকগুলোর তলবি আমানত ও মেয়াদি আমানত যথাক্রমে শতকরা ৮.৩৬ ভাগ ও ১৮.৬০ ভাগ বৃদ্ধি পায়। বিশেষায়িত ব্যাংকগুলোর ঋণ ও অগ্রিমের স্থিতি ২০১৩ সাল শেষের ১৯৩.৩৫ বিলিয়ন টাকা থেকে শতকরা ৭.৪৬ ভাগ বৃদ্ধি পেয়ে ২০১৪ সাল শেষে ২০৭.৭৭ বিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে, ঋণ-আমানত অনুপাতের হার ডিসেম্বর ২০১৩ শেষের শতকরা ১০৩.৩৪ ভাগ হতে হ্রাস পেয়ে ডিসেম্বর ২০১৪ শেষে শতকরা ৯৪.৩৮ ভাগে দাঁড়িয়েছে। বিশেষায়িত ব্যাংকগুলোর আমানত, ঋণ ও অগ্রিম এবং ঋণ-আমানত অনুপাতের বিগত কয়েক বছরের গতিধারা চার্ট-২ এ দেখানো হলো।




বৈদেশিক বাণিজ্য

ডিসেম্বর ২০১৪ শেষে বিশেষায়িত ব্যাংকগুলোর বৈদেশিক বাণিজ্যের পরিমাণ পূর্ববর্তী বছরের ২৮.৪৭ বিলিয়ন টাকা থেকে শতকরা ৩.১৪ ভাগ বৃদ্ধি পেয়ে ২৯.৩৭ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে রপ্তানির পরিমাণ ২০১৩ সালের ০.৬৯ বিলিয়ন টাকা থেকে ৫.২৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ০.৭২ বিলিয়ন ও রেমিট্যান্স ২০১৩ সালের ১৩.৩৩ বিলিয়ন টাকা থেকে ৩.৯০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৩.৮৫ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে এবং আমদানি ১৪.৪৫ বিলিয়ন টাকা থেকে ২.৩৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৪.৭৯ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। বিশেষায়িত ব্যাংকগুলোর বৈদেশিক বাণিজ্যের গতিধারা চার্ট-৩ এ দেখানো হলো।




আয় ও ব্যয়

ডিসেম্বর ২০১৪ শেষে বিশেষায়িত ব্যাংকগুলোর মোট আয় ও ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ১৮.৫২ বিলিয়ন এবং ২৩.৪৭ বিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ১৬.২৯ বিলিয়ন ও ২০.৩৫ বিলিয়ন টাকা। অর্থাৎ বিগত দু'বছরেই বিশেষায়িত ব্যাংকগুলোতে নেট লোকসান পরিলক্ষিত হয়েছে। বিশেষায়িত ব্যাংকগুলোর ব্যয়-আয় অনুপাত ডিসেম্বর ২০১৩ শেষের ১২৪.৯৬ শতাংশের তুলনায় বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৪ শেষে ১২৬.৭২ শতাংশে দাঁড়িয়েছে। বিশেষায়িত ব্যাংকগুলোর আয় ও ব্যয় এবং ব্যয়-আয় অনুপাত এর গতিধারা চার্ট-৪ এ দেখানো হলো।



অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি

ডিসেম্বর ২০১৪ শেষে অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, কৃষি, মৎস্য ও বনায়ন খাতে ১১৭.১৪ বিলিয়ন টাকা (শতকরা ৬০.৬ ভাগ), শিল্প খাতে ১৪.০৪ বিলিয়ন টাকা (শতকরা ৭.৩ ভাগ), চলতি মূলধনে অর্থায়ন খাতে ১৭.০১ বিলিয়ন টাকা (শতকরা ৮.৮ ভাগ), পরিবহন ও যোগাযোগ খাতে ১.০৪ বিলিয়ন টাকা (শতকরা ০.৫ ভাগ), ব্যবসা-বাণিজ্য খাতে ২৯.০১ বিলিয়ন টাকা (শতকরা ১৫.০ ভাগ), দারিদ্র্য বিমোচন খাতে ৬.১৮ বিলিয়ন টাকা (শতকরা ৩.২ ভাগ) এবং অন্যান্য খাতে ৮.৯৩ বিলিয়ন টাকায় (শতকরা ৪.৬ ভাগ) দাঁড়ায়। ডিসেম্বর ২০১৩ শেষের তুলনায় ডিসেম্বর ২০১৪ শেষে বিশেষায়িত ব্যাংকগুলোর কৃষি, মৎস্য ও বনায়ন খাতে অর্থায়ন এবং শিল্প ও ব্যবসা-বাণিজ্য উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পেয়েছে। অপরদিকে, ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে হ্রাসপ্রাপ্ত খাতগুলোর মধ্যে চলতি মূলধনে অর্থায়ন ও দারিদ্র্য বিমোচন উল্লেখযোগ্য। ২০১৪ সালে বিশেষায়িত ব্যাংকগুলো সর্বমোট ৫২.৬৪ বিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ৫৬.৭৪ বিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। ডিসেম্বর ২০১৪ শেষে বিশেষায়িত ব্যাংকগুলোর ঋণ ও অধিমের অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-৫ এ দেখানো হলো।



বিশেষায়িত ব্যাংক দু'টির বিগত পাঁচ বছরের অর্জিত সাফল্য

দেশের ২টি বিশেষায়িত ব্যাংক কর্তৃক বিগত পাঁচ বছরে (২০১০-২০১৪) তাদের মূলধন পর্যাগতা, ঋণ ও অগ্রিম প্রদান ও ব্যবসা-বাণিজ্যের গতিধারা ছিল সম্ভোষজনক। এছাড়াও সামাজিক দায়বদ্ধতা এবং গ্রীন ব্যাংকিং প্রতিপালনের ক্ষেত্রেও ব্যাংকগুলো বিভিন্ন কার্যক্রম পরিচালনা করেছে। বিগত পাঁচ বছরে বিশেষায়িত ব্যাংক দু'টির অর্জিত উল্লেখযোগ্য কতিপয় সাফল্য ছিল নিম্নরূপঃ

- কৃষি পণ্যের উৎপাদন বৃদ্ধি, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কৃষকদের মধ্যে কৃষি ঋণ বিতরণ এবং কৃষি পণ্যের বহুমুখীকরণ, বাণিজ্যিকীকরণ ও গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার জন্য কৃষিভিত্তিক শিল্প, ক্ষুদ্র ও মাঝারী শিল্প(বাগউ) উদ্যোক্তাগণকে প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিতকল্পে ব্যাংকগুলো সচেষ্ট রয়েছে।
- বেসরকারি খাতে নতুন ঋণ প্রদান; রপ্তানিমুখী, আমদানি বিকল্প অধাধিকারপ্রাপ্ত শিল্প প্রকল্প, পরিবেশবান্ধব ও ক্ষুদ্র পাওয়ার প্ল্যান্ট, আইসিটি ইত্যাদি খাতেও ঋণ প্রদানে বিশেষায়িত ব্যাংকসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এছাড়া, পরিবেশবান্ধব ব্যাংকিং এর আওতায় বায়োগ্যাস প্ল্যান্ট, অটোমেটিক ব্রিকস ফিল্ড, সোলার প্যানেল, বর্জ্য পরিশোধন প্ল্যান্ট ইত্যাদি স্থাপনে ঋণ বিতরণ করা হচ্ছে।
- ব্যাংকের তহবিল সমৃদ্ধ করার লক্ষ্যে জনসাধারণের নিকট থেকে ক্ষুদ্র ক্ষুদ্র আমানত সংগ্রহসহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ব্যাংকের প্রচলিত সুদ হারে আমানত সংগ্রহ করা হয়েছে। এ ছাড়াও Financial Inclusion বৃদ্ধি করার লক্ষ্যে গ্রামীণ পর্যায়ে অতিদরিদ্র কৃষক, মুক্তিযোদ্ধা, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হাতে অনুদানপ্রাপ্ত দুস্থ ব্যক্তি, আইলা দুর্গত ব্যক্তি, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীদের নামে ১০/- টাকার কৃষক হিসাব খোলা, কৃষি ভর্তুকি প্রদানের বিপরীতে কৃষকদের ১০/- টাকার কৃষি হিসাব খোলা এবং স্থূল ব্যাংকিং হিসাব খোলার মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র আমানত সংগ্রহ করা হচ্ছে। স্থূল ব্যাংকিং এর আওতায় বিকেবি কর্তৃক ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত ৯৪,৩৮৩টি ব্যাংক একাউন্ট খোলার মাধ্যমে মোট ৬.০৫ কোটি টাকা আমানত সংগ্রহ করেছে।
- উৎপাদন ও কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে জৌগোলিক অবস্থান নির্বিশেষে ক্ষুদ্র ও মাঝারী শিল্পের অর্থায়ন ত্বরান্বিতকরণ এবং অভিজ্ঞতাসম্পন্ন উদ্যোক্তাদের বণতি খাতে শিল্প স্থাপনে পরামর্শ ও সার্বিক সহযোগিতা প্রদান করা হচ্ছে।
- বৈদেশিক বাণিজ্য ব্যবসা পরিচালনা ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয়; রপ্তানি বাণিজ্য; আমদানি বিলের বিপরীতে অগ্রিম ও বৈদেশিক বিল ক্রয়, এলসি খোলার পদক্ষেপ ইত্যাদি কার্যক্রমে বিশেষায়িত ব্যাংকসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এছাড়া Western Union এর সাথে স্বাক্ষরিত চুক্তির প্রেক্ষিতে বিকেবি প্রবাসী বাংলাদেশীদের সেবা প্রদান ও আমানত বৃদ্ধির কার্যক্রম চালিয়ে যাচ্ছে।
- সামাজিক দায়বদ্ধতার (Corporate Social Responsibility) আওতায় বিশেষায়িত ব্যাংকসমূহ কর্তৃক বয়স্ক ভাতা, বিধবা ভাতা, স্বামী পরিত্যক্তা ও দুস্থ মহিলা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান করছে।
- ব্যাংকিং কর্মকাণ্ড এলাকায় ক্ষুদ্র ও মাঝারী শিল্প স্থাপন ও বর্তমান শিল্পসমূহে সম্প্রসারণে উৎসাহী গ্রাহক ও নারী উদ্যোক্তাগণকে ঋণ সহায়তা প্রদানের উপর বিশেষ গুরুত্ব দেয়া হচ্ছে। বিকেবি ৩১৮ জন নারী উদ্যোক্তাকে ঋণ সুবিধা প্রদান করেছে যার পরিমাণ ১৬.০৮ কোটি টাকা।
- সম্প্রতি সমাজের অনগ্রসর আদিবাসি নৃ-গোষ্ঠী, অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবার ও বিদেশে কর্মসংস্থানে গমনেচ্ছু যুবকদের জন্য স্বল্প সুদে ঋণ স্কিম চালু করে তাদের কর্মসংস্থান সৃষ্টিসহ বৈদেশিক মুদ্রা আয়ের সুযোগ সৃষ্টি করা হয়েছে।
- Financial Inclusion-এর আওতায় বাংলাদেশে দারিদ্র বিমোচনের লক্ষ্যে সুবিধাবঞ্চিত নিম্ন আয়ের ব্যাংকিং সুবিধা-বহির্ভূত জনগোষ্ঠীর নিকট ব্যাংকিং সেবা পৌছানোর লক্ষ্যে Mobile Financial Services (Mobile Banking) কার্যক্রম DBBL এর সাথে বাংলাদেশ কৃষি ব্যাংক পার্টনারশীপের ভিত্তিতে কার্যক্রম শুরু করেছে।

বাংলাদেশ কৃষি ব্যাংক

www.krishibank.org.bd

বাংলাদেশ কৃষি ব্যাংক ১৯৭৩ সালে রাষ্ট্রপতির ২৭ নম্বর আদেশ বলে প্রতিষ্ঠিত একটি বিশেষায়িত সরকারি ব্যাংক। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ১১ শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা (গ্রন্থান কার্যালয়সহ) ১৭টি।

২০১৪ সালে বাংলাদেশ কৃষি ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৫৮ শতাংশ ও ৩.০১ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ২.৭৫ শতাংশ। ব্যাংকটির ২০১৪ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩৭৭৪৭ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৮.৫৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৭৩.৪৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩২২৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৬২.৯৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণের পরিমাণ ১৪৬ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ০.৩৯ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ৯.২৮ শতাংশ। ২০১৩ সালের তুলনায় ঋণ উ খাতে ঋণ বিতরণ মাত্র ০.২০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৬৫৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ৮৫.০৯ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১০.৩৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩২১২০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৩-১৪ অর্থবছরে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ৩৫১২.৮৬ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র ঋণ : পল্লী প্রগতি খাতে ২০১৩ সালে ৭৩.৫১ কোটি টাকা স্থিতি ছিল। ২০১৪ সালে উক্ত প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় দরিদ্র বিমোচন খাতে ঋণের স্থিতি কমে যায়।

ঘিন ব্যাংকিং : ২০১৪ সালে ঘিন ব্যাংকিং কার্যক্রমে বিতরণকৃত ঋণের পরিমাণ ১০০ মিলিয়ন টাকা।


রেমিট্যান্স : ২০১৪ সালে ব্যাংকের রেমিট্যান্স পরিমাণ ছিল ১৩৬২০ মিলিয়ন টাকা যা ২০১৩ সালে প্রায় ১৩১৪৮ মিলিয়ন টাকার তুলনায় ৩.৫৯ শতাংশ বেশি। বিকেবি ২৮টি কোম্পানির সাথে ড্রয়িং এয়ারেঞ্জমেন্টের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে, যার মধ্যে উল্লেখযোগ্য হলো: ওয়েল্টন ইউনিয়ন, এন্ডপেস মানি, IME, আল-বাজী ব্যাংক সৌদি আরব, ইউএই ইত্যাদি।

মোবাইল ব্যাংকিং : ২০১৪ সালে বিকেবি ৩১১টি শাখায় ডাচ বাংলা ব্যাংক লিমিটেডের ১০২৯টি শাখা এবং bkash (Sister Concern of BRAC Bank Limited) -এর মাধ্যমে মোবাইল ব্যাংকিং কার্যক্রম পরিচালিত করে যাচ্ছে। বাকী ৭১১টি শাখায় নশংস কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

সিএসআর : সিএসআর কার্যক্রমের অংশ হিসেবে সামাজিক ও অন্যান্য খাতে ২০১৩ সালে ৬.৯০ লক্ষ টাকা ও ২০১৪ সালে ৫.০০ লক্ষ টাকা বিতরণ করা হয়।

অটোমেশন : বিকেবি Online Banking-এর আওতাধীন Core Banking Solution (CBS) কার্যক্রম ২০১৪ সাল পর্যন্ত ৫২টি শাখায় শুরু করেছে, যা ২০১৩ সাল পর্যন্ত ১৯টি শাখায় বাস্তবায়ন করা হয়েছিল। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকের ৫৫টি শাখাকে Core Banking System-এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ব্যাংক কর্তৃক ২০১৪ সালে ১২৩ জন নারী উদ্যোক্তাকে ১২৬.৪০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ প্রান্তিক ও ভূমিহীন জনগোষ্ঠীর জন্য বর্ণাঢ্য ঋণ বিতরণের কর্মসূচী গ্রহণ করা হচ্ছে। Financial Inclusion বৃদ্ধির লক্ষ্যে Unbanked people দেরকে ব্যাংকিং সুবিধা দেয়ার দের দরিদ্র জনগোষ্ঠীকে আমানত সংগ্রহে উদ্বুদ্ধ করা হবে।



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

www.rakub.org.bd

বাংলাদেশ কৃষি ব্যাংকের ২৫৩টি শাখা ও অন্যান্য কার্যালয় এবং সকল দায় ও সম্পদ গ্রহণ করে ১৫ মার্চ ১৯৮৭ সালে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কার্যক্রম শুরু করে। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের কৃষি খাতের সার্বিক উন্নয়নের লক্ষ্যে কৃষি সংশ্লিষ্ট কর্মকাণ্ডের জন্য ঋণ বিতরণ ছাড়াও বাণিজ্যিক ব্যাংকিং সেবা প্রদান করে থাকে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ৩৭৫টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা (প্রধান কার্যালয়সহ) ২টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.৪৫ শতাংশ ও ০.৮৩ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৫.০৪ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তুলনায় ২০১৩ সালের তুলনায় ৮৩.৪৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ১০১০৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ২০১৪ সালের মোট ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট-এ দেয়া হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৪৮৯০ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ১৭.৫৩ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১২.৩৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৬১০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ৬ শতাংশ। ২০১৩ সালের তুলনায় ঋণভি বাতে ঋণ বিতরণ ১০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮৯৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ৫২.৯০ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৯.২৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭৮৭৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৩-১৪ অর্থবছরে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ৭২৬.৭৯ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ক্ষুদ্র ঋণ ও অগ্রিম এর পরিমাণ দাঁড়িয়েছে ১১৪ মিলিয়ন টাকা, যা ২০১৩ সালে বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর তুলনায় ৭০.২৩ শতাংশ কম।

গ্রিন ব্যাংকিং : ব্যাংক কর্তৃক ২০১৪ সালে বায়োগ্যাস ও সৌর বিদ্যুৎ খাতে ১.২৯ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে বিতরণকৃত ১ মিলিয়ন টাকার তুলনায় ২৯ শতাংশ বেশি।


রেমিট্যান্স : ২০১৪ সালে ব্যাংকের রেমিট্যান্সের পরিমাণ ছিল ২২৯ মিলিয়ন টাকা যা ২০১৩ সালে প্রায় ১৮৩ মিলিয়ন টাকার তুলনায় ২৫.১৪ শতাংশ বেশি। রাকব ১টি কোম্পানির (গ্যেস্টার্ন ইউনিয়ন) সাথে ড্রয়িং এ্যারেন্ডমেন্টের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

মোবাইল ব্যাংকিং : চলতি ২০১৪ সালে ব্যাংকের ১৩২টি শাখায় ডাচ-বাংলা ব্যাংক লিমিটেডের মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালু করা হয়েছে। পর্যায়ক্রমে ব্যাংকের সকল শাখায় মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালু করা হবে।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর এর মাধ্যমে ৪.৩৩ মিলিয়ন টাকা বিতরণ করা হয়, যার পরিমাণ ২০১৪ সালে ১.১৫ শতাংশ হ্রাস পেয়ে দাঁড়ায় ৪.২৮ মিলিয়ন টাকা।

অটোমেশন : রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ২০১৪ সাল পর্যন্ত শাখাকেন্দ্রিক ঋণ স্থাপনের মাধ্যমে ২১২টি শাখায় কম্পিউটারাইজড ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হচ্ছে, যা ২০১৩ সাল পর্যন্ত ছিল ১৩২টি শাখায়।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : সম্প্রতি ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ২০১২ হতে ২০১৫ অর্থবছরের জন্য একটি কম্প্রিহেনসিভ কর্ম পরিকল্পনা গ্রহণ করেছে, যেখানে ঋণ বিতরণ, ঋণ আদায়, আমানত সংগ্রহ ও তহবিল ব্যবস্থাপনা কর্মকাণ্ডের পরিধি বৃদ্ধি, বিজ্ঞতি ও মান উন্নয়নসহ ব্যাংক অটোমেশন, মানব সম্পদ উন্নয়ন, শাখা সংখ্যা বৃদ্ধি, আয় বৃদ্ধি ও ব্যয়-হ্রাসের প্রয়োজনীয় দিক নির্দেশনা অন্তর্ভুক্ত করা হয়েছে।



ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা*

(মিলিয়ন টকায়)

ব্যাংকের নাম	সাল	অনুমোদিত মূলধন	পরিশোধিত মূলধন	রিজার্ভ ফান্ড	আমানত স্থিতি			স্বণ ও অস্থির স্থিতি	বিনিয়োগ	তারল্য (+/-)
					তলবি	মেয়াদী	মেট			
		১	২	৩	৪			৫	৬	৭
বাংলাদেশ কৃষি ব্যাংক	২০১৩	১৫০০০	৯০০০	৫৩০৫	১৩২৯৭	১৪৯৯১৭	১৬৩২১৪	১৫১২৩৪	৩৪	২২০
	২০১৪	১৫০০০	৯০০০	৬৪০৪	১৩১৯২	১৭৪০৭৮	১৮৭২৭০	১৬৩০৮২	৩৪	০
	মার্চ ২০১৫***	১৫০০০	৯০০০	৬৪০৪	১৫২৭০	১৭২১৭৭	১৮৭৪৪৭	১৬২০০০	৩৪	০
	জুন ২০১৫(৬)	১৫০০০	৯০০০	৬৪০৪	১৫৭৯০	১৮২১০২	১৯৭৮৯২	১৮৫৫০০	৩৪	০
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	২০১৩	৭৫০০	৫৭০০	২০৮	৩৮৪৬	২০০৪৭	২৩৮৯৩	৪২১১৭ ^(৬)	৩৩	৫৫০৯
	২০১৪	৭৫০০	৫৭০০	২০৮	৫৩৮৪	২৭৪৯৩	৩২৮৭৭	৪৪৬৮৭ ^(৬)	৩৫	১০১০৫
	মার্চ ২০১৫***	১০০০০	৫৭০০	২০৮	৪৯৪৫	২৮২৯২	৩৩২৩৭	৪৫০২৭ ^(৬)	৩৫	৯৪০৮
	জুন ২০১৫(৬)	১০০০০	৫৭০০	২০৮	৫৪৩৯	৩২৫৫১	৩৭৯৯০	৪৬০০০ ^(৬)	৩৬	৯৫০০

ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	শ্রেণীকৃত ঋণ(পঞ্জীকৃত)	শ্রেণীকৃত ঋণের** শতকরা হার	মোট গরিসম্পদ	মোট আয়	মোট ব্যয়	কর্পোরেট ট্যাক্স	প্রতিশত	নীট মুনাফা	আমানতের সুদ/মুনাফা হার	ঋণের সুদ/মুনাফা হার	মূলধন পর্যাঙ্কতার হার (%)
	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
বাংলাদেশ কৃষি ব্যাংক	৫০২২৪	৩৩.২১	১৯৪৫৬৩	১৪২৪৬	১৮১৩০	০	০	-৩৮৮৪	৮.৯৭	১১.৭৭	-৩৭.৬০
	৫৩৭২৭	৩২.৯৪	২১২৮৭৭	১৬০৩৮	২০৯৯৫	০	০	-৪৯৫৭	৮.২২	১০.৯৭	-৩৮.৮৬
	৪৯০০০	৩০.২৫	২৩৫১৫০	১৭০৩৬	২১৯৫১			-৪৯১৫	৮.২৩	৯.৬৬	-৩৮.০১
	৪৫০০০	২৪.২৬	২৪৯৮১০	১৮৩৬১	২২০১৫			-৩৬৫৪	৮.২১	৯.৯১	-৩৮.২১
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	১৫৩২২	৩৬.৩৮	৫৩৭৩৮	২০৪১	২২২৩	০	০	-১৮২	৭.৬৫	১১.৭৫	-৭.৯৯
	১৩৭২২	৩০.৭১	৬২১৫৫	২৪৮৬	২৪৭৯	০	০	৭	৭.৩৯	১২.৪৩	-১২.৫০
	১৩১৪৮	২৯.২০	৬২১৬০	২৪৯৬	২৪৮৮	০	০	৮	৭.৩০	১১.৫০	-১২.৫০
	১৪২৩৬	৩০.৯৫	৬৩১০০	৫০৩৪	৫০২৩	০	০	১১	৭.৩০	১১.৫০	-১২.৫০

ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	বৈদেশিক বাণিজ্য				সিএসআর	মোট জনবল			বৈদেশি প্রতিসংগী ব্যাংক	মোট শাখা (সংখ্যায়)			ক্রেডিট রেটিং
	রঙানি	আমদানি	রেমিট্যান্স (অণুস্মৃতি প্রবাহ)	মোট		কর্মকর্ত	কর্মচারী	মোট		বাংলাদেশ	বিদেশ	মোট	
বাংলাদেশ কৃষি ব্যাংক	৬৮৭	১৪০৫৪	১৩১৪৮	২৭৮৮৯	৮৭৮০	৫৯২২	৫১১০	১১০৩২	২২০	১০২৬		১০২৬	০
	৭২৩	১৪৭৯৩	১৩৬২০	২৯১৩৬	১১০৩০	৭৪৪২	৩৩৪৯	১০৭৯১	২২৫	১০২৯		১০২৯	০
	৭০৮	১৪৪৯৭	১১৩৮৫	২৬৫৯০	১২১৯০	৭১৫৮	৩৩২৮	১০৪৮৬	২৩২	১০২৯		১০২৯	০
	৭২২	১৪৭৮৭	১৪৬৩৬	৩০১৪৫	১২২১৩	৬৯৫৮	৩৩০৮	১০২৬৬	২৩২	১০২৯		১০২৯	০
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	০	৩৯৮	১৮৩	৫৮১	৪	২৫১৬	১১২৫	৩৬৪১	০	৩৭৬		৩৭৬	A
	০	০	২২৯	২২৯	৪	২৩৭৩	১১০৪	৩৪৭৭	০	৩৭৬	০	৩৭৬	A
	০	০	২৩০	২৩০	৪	২৩০৬	১১৯৮	৩৫০৪	০	৩৭৭	০	৩৭৭	A
	০	০	১৩০	১৩০	৪	২৪১৭	১৪৩৬	৩৮৫৩	০	৩৭৭	০	৩৭৭	A

* পৃষ্ঠিকাবর্ষ অনুসারে

** = অবলোপনকৃত ঋণ ব্যতির (অবলোপনকৃত ঋণের পরিমাণ : ২৩৪৬০.৯৭ (মিলিয়ন টাকায়))

*** = সাময়িক

⊕ = প্রক্ষেপিত

⊙ = পুনঃঅর্থায়নসহ

অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি*

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সাল	কৃষি মহস্যা ও বনায়ন				শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)				নির্মাণ	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ স্বাক্ষরযোগ্য	পাইকারী ও খুচরা	রাজস্ব	আমদানি রেজিষ্টার	হোটেল ও রেজিষ্টার	মোট	দায়িত্ব বিসয়সমূহ	অন্যান্য	সর্বমোট
		কৃষি মহস্যা ও বনায়ন				শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)													
		শস্য	মৎস্য	বনায়ন	মোট	মোট	চলতি মূলধন	অর্থায়ন	স্থল ও কুটির										
বঙ্গদেশ কৃষি ব্যাংক	২০১৩	২২৫৩৬	২২৪৪৪	০	৪৫০২৪	৩১৩৪	২১৬৯	৩১৩৪	১০৪৩১	০	০	০	০	০	২০০	২৫৩৪২	৪১৩১	৪১৩১	১৬৩৩২
	২০১৪	৩৪৩৩৪	৩৪৩৩৪	০	৬৮৬৬৬	৫৩৬৬	১৩৬৬	৫৩৬৬	১১৩৩১	০	০	০	০	০	২০০	২৮৬৬৬	৪৬৬৬	৪৬৬৬	১৬৩৩২
	২০১৫	৪৫৩৩৪	৪৫৩৩৪	০	৯১৩৩৪	৭৩৬৬	১৩৬৬	৭৩৬৬	১৩৬৬৬	০	০	০	০	০	২০০	২৮৬৬৬	৫১৩৩৪	৫১৩৩৪	১৬৩৩২
বাংলাদেশ কৃষি উন্নয়ন ব্যাংক	২০১৩	৩০৬৬৬	৩০৬৬৬	০	৬১৩৩৪	৫৩৬৬	২১৬৬	৬১৩৩৪	১৩৬৬৬	০	০	০	০	০	২০০	২৮৬৬৬	৪৬৬৬	৪৬৬৬	১৬৩৩২
	২০১৪	৪৫৩৩৪	৪৫৩৩৪	০	৯১৩৩৪	৭৩৬৬	১৩৬৬	৯১৩৩৪	১৩৬৬৬	০	০	০	০	০	২০০	২৮৬৬৬	৫১৩৩৪	৫১৩৩৪	১৬৩৩২
	২০১৫	৬১৩৩৪	৬১৩৩৪	০	১৩৬৬৬	১৩৬৬	২১৬৬	১৩৬৬৬	১৩৬৬৬	০	০	০	০	০	২০০	২৮৬৬৬	৫১৩৩৪	৫১৩৩৪	১৬৩৩২
বাংলাদেশ কৃষি উন্নয়ন ব্যাংক	২০১৩	৩০৬৬৬	৩০৬৬৬	০	৬১৩৩৪	৫৩৬৬	২১৬৬	৬১৩৩৪	১৩৬৬৬	০	০	০	০	০	২০০	২৮৬৬৬	৪৬৬৬	৪৬৬৬	১৬৩৩২
	২০১৪	৪৫৩৩৪	৪৫৩৩৪	০	৯১৩৩৪	৭৩৬৬	১৩৬৬	৯১৩৩৪	১৩৬৬৬	০	০	০	০	০	২০০	২৮৬৬৬	৫১৩৩৪	৫১৩৩৪	১৬৩৩২
	২০১৫	৬১৩৩৪	৬১৩৩৪	০	১৩৬৬৬	১৩৬৬	২১৬৬	১৩৬৬৬	১৩৬৬৬	০	০	০	০	০	২০০	২৮৬৬৬	৫১৩৩৪	৫১৩৩৪	১৬৩৩২

* = তথ্য/উপাত্তসমূহ পঞ্জিকাৰ্ষ অনুসারে।
 ** = সাময়িক।
 *** = প্রক্ষেপিত।
 © = পূনঃঅর্থায়নসহ

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়*

(মিলিয়ন টাকায়)

ব্যাকের নাম	সাল	বিতরণ/আদায়	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	মোট
				মুদ্রাদায়ী ঋণ	চলতি মূলধন	মোট		
বাংলাদেশ কৃষি ব্যাংক	২০১৩	বিতরণ	২৯০৯৮	২৯৯	১৫৬১	১৮৬০	২০৯	৩১১৬৭
		আদায়	২৮৪৫৫	২১৪১	৯৭৫	৩১১৬	৯৯৫	৩২৫৬৬
	২০১৪	বিতরণ	৩২১২০	৫১৫	২৭১২	৩২২৭	২৪০০	৩৭৭৪৭
		আদায়	৩৬১৯৫	২৪২৭	১৮৮৫	৪৩১২	৯৭	৪০৬০৪
	মার্চ ২০১৫**	বিতরণ	৩০৬১৯	৪৯৯	২৭২০	৩২১৯	৩১৭৮	৩৭০১৬
		আদায়	২৬৮৩৯	২৮৭৮	২২০০	৫০৭৮	৪৬০৯	৩৬৫২৬
	জুন ২০১৫***	বিতরণ	৪৮০০০	৭৯৫	২৮৯০	৩৬৮৫	১১৩১৫	৬৩০০০
		আদায়	৩২০০০	৩০১৯	২৮০০	৫৮১৯	২৯৪২১	৬৭২৪০
রাঙশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	২০১৩	বিতরণ	৭২১১	৩৯১	১৯৩২	২৩২৩	৪৪৩৩	১৩৯৬৭
		আদায়	৭৬৬২	৩৬৭	২৪২০	২৭৮৭	৪৯২৩	১৫৩৭২
	২০১৪	বিতরণ	৭৮৭৯	১৯৫	২৪১৫	২৬১০	৪৪০৪	১৪৮৯৩
		আদায়	৭৮৮৪	৪৫৭	২৮৭৫	৩৩৩২	৪৯২১	১৬১৩৭
	মার্চ ২০১৫**	বিতরণ	১৯২৯	৭১	৩৩৮	৪০৯	১৩৭৩	৩৭১১
		আদায়	১৯৪০	৩৭	৩৪১	৩৭৮	১৩৮৬	৩৭০৪
	জুন ২০১৫***	বিতরণ	৩৯০০	১৪০	১১০০	১২৪০	২১৬০	৭৩০০
		আদায়	৪০০০	২২৫	১২০০	১৪২৫	২৯৭৫	৮৪০০

* = তথ্য/ডিপাণ্ডসমূহ পঞ্জিকা-বর্ষ অনুসারে।

** = সাময়িক।

*** = প্রক্ষেপিত।

বেসরকারি বাণিজ্যিক ব্যাংক

বেসরকারি বাণিজ্যিক ব্যাংক সমূহের কার্যক্রমের সার-সংক্ষেপ

বাংলাদেশে তফসিলী ব্যাংকসমূহের মধ্যে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের সংখ্যা ৩৯টি। তফসিলী ব্যাংকগুলোর মধ্যে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ সম্পদ ও আমানতের দিক দিয়ে এগিয়ে রয়েছে। জনগণের আমানত গ্রহণ এবং ব্যবসা-বাণিজ্য ও শিল্পখাতে ঋণ প্রদানসহ সাম্প্রতিক সময়ে কৃষি, মৎস্য ও বনায়ন এবং বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহের মত গুরুত্বপূর্ণ সেবা খাতসমূহেও বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ অর্থায়ন করছে। ডিসেম্বর ২০১৪ শেষে ব্যাংকিং খাতের মধ্যে মোট সম্পদের শতকরা ৬৩.৩৩ ভাগ, মোট আমানতের শতকরা ৬৩.৭৩ ভাগ এবং মোট কর্মরত জনবলের শতকরা ৫৪.৮৪ ভাগ বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর আওতাধীন। একইভাবে বিভিন্ন খাতে বৈদেশিক বাণিজ্য পরিচালনার শতকরা ৬৫.৬২ ভাগ এবং মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের শতকরা ৭০.৪৫ ভাগ বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মাধ্যমে সম্পন্ন হয়েছে।

মূলধন এবং রিজার্ভ কাভ

ডিসেম্বর, ২০১৪ শেষে ৩৯টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ কাভের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪৮৮.৫০ বিলিয়ন, ২৫১.০০ বিলিয়ন ও ২৪৭.০৪ বিলিয়ন টকা। ডিসেম্বর, ২০১৪ শেষে এ ব্যাংকগুলোর মোট অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ কাভের প্রবৃদ্ধি ছিল যথাক্রমে শতকরা ১.০৩ ভাগ, ৭.২১ ভাগ ও ১৬.৯৮ ভাগ। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর মূলধন পরিস্থিতি চার্ট-১ এ দেখানো হলো।



আমানত, ঋণ ও অগ্রিম


২০১৪ সালে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট আমানত পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১৫.৩৮ ভাগ বৃদ্ধি পেয়ে ৪৬২৪.৪১ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরে এ প্রবৃদ্ধির হার ছিল শতকরা ১৪.৩৯ ভাগ। এ ব্যাংকগুলোর আমানত বৃদ্ধিতে অবদান রাখে মূলত মেয়াদি আমানত হার প্রবৃদ্ধির হার ছিল শতকরা ১৩.৬৮ ভাগ। অন্যদিকে তলবি আমানতের প্রবৃদ্ধির হার ছিল শতকরা ২৫.৬৬ ভাগ।

২০১৪ সালের শেষে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ঋণ ও অগ্রিমের স্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১৭.৮৮ ভাগ বৃদ্ধি পেয়ে ৩৮১১.৫৩ বিলিয়ন টাকায় দাঁড়ায়। এ ব্যাংকগুলোর ঋণ-আমানত অনুপাত ২০১০ সাল শেষের শতকরা ৯২.৩৩ ভাগ হতে ক্রমাগত হ্রাস পেয়ে ২০১৪ সাল শেষে শতকরা ৮২.৪২ ভাগে দাঁড়ায়। ২০১৪ সাল শেষে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মোট শ্রেণীকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ১৮৭.৪০ বিলিয়ন টকা যা ২০১৩ শেষে ছিল ১৫০.১৩ বিলিয়ন টকা। এ ছাড়া ২০১৪ শেষে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মোট বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১৫.৪৮ ভাগ বৃদ্ধি পেয়ে ৯০৭.৩৯ বিলিয়ন টাকায় দাঁড়ায়। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের আমানত, ঋণ ও অগ্রিম পরিস্থিতি এবং ঋণ-আমানত অনুপাত এর গতিধারা চার্ট-২ এ দেখানো হলো।



বৈদেশিক বাণিজ্য


ব্যাংকিং খাতের মধ্যে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলো বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। ২০১৪ সাল শেষে এ ব্যাংকগুলোর বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১০.৮৩ ভাগ বৃদ্ধি পেয়ে ৫৬৩২.৩৪ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। তন্মধ্যে রপ্তানি ও আমদানি পূর্ববর্তী বছরের তুলনায় যথাক্রমে শতকরা ৮.৪৭ ভাগ ও শতকরা ১২.৩৯ ভাগ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ২০২৬.৪৫ বিলিয়ন টকা ও ২৭১৪.৭৫ বিলিয়ন টাকায় দাঁড়ায়। অন্যদিকে রেমিট্যান্স ব্যবসার পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১১.৪৭ ভাগ বৃদ্ধি পেয়ে ৮৯১.১৪ বিলিয়ন টাকায় দাঁড়ায়। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের বাণিজ্যিক বৈদেশিক বাণিজ্যের গতিধারা চার্ট-৩ এ দেখানো হলো।



মোট আয়-ব্যয় ও জনবল পরিস্থিতি


বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট আয় ২০১৪ সালে পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৬.৮০ ভাগ বৃদ্ধি পেয়ে ৫৪১.৭৮ বিলিয়ন টাকার দাঁড়ায় যা ২০১৩ সালে শতকরা ২.৫৯ ভাগ বৃদ্ধি পেয়ে ৫০৭.২৮ বিলিয়ন টাকার দাঁড়িয়েছিল। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট ব্যয় ২০১৪ সালে পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৫.০৬ ভাগ বৃদ্ধি পেয়ে ৩৮৪.৬৯ বিলিয়ন টাকার দাঁড়ায় যা ২০১৩ সালে শতকরা ৪.২০ ভাগ হ্রাস পেয়ে ৩৬৬.১৫ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছিল। ২০১৪ সালে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মোট পরিচালনাগত মুনাফার পরিমাণ দাঁড়ায় ১৫৭.১০ বিলিয়ন টাকা যা ২০১৩ সালে ছিল ১৪১.১৩ বিলিয়ন টাকা। তবে, ২০১৪ সালে এ ব্যাংকগুলোর প্রিভিশনসহ নীট মুনাফার পরিমাণ দাঁড়ায় ৬৫.৮৫ বিলিয়ন টাকা।

বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মোট জনবল ২০১৪ সাল শেষে দাঁড়ায় ৯৩৮৬৮ জনে, ২০১৩ সাল শেষে যা ছিল ৮৭৬৪৩ জন। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের আয়-ব্যয় ও জনবল-এর পতিধারা চার্ট-৪ এ দেখানো হলো।




অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, সাম্প্রতিক বছরগুলোতে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলো ঋণ প্রদানের ক্ষেত্রে কৃষি, মৎস্য ও বনায়ন খাতে চরুত্ব দিয়েছে। ফলে এ খাতে ঋণ স্থিতি উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ২০১৪ সালে কৃষি, মৎস্য ও বনায়ন খাতে ঋণ স্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১০.৬৩ ভাগ বৃদ্ধি পেয়ে ৫৮.১১ বিলিয়ন টাকায় দাঁড়ায় যা ২০১৩ সালে শতকরা ৩৬.১৮ ভাগ বৃদ্ধি পেয়ে ৫২.৫৩ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছিল। তবে মোট ঋণ স্থিতির প্রবৃত্তিতে এ খাতের অবদান তুলনামূলকভাবে কম (শতকরা ১০.৬২ ভাগ)। ২০১৪ সালে অন্যান্য খাতের মধ্যে ঋণ স্থিতির প্রবৃত্তিতে অবদান রেখেছে ব্যবসা-বাণিজ্য (শতকরা ৩৪.২০ ভাগ), চলতি মূলধনে অর্থায়ন (শতকরা ২৯.৬০ ভাগ), শিল্প (শতকরা ১৫.০৯ ভাগ), নির্মাণ (শতকরা ৪.৮৪ ভাগ), পরিবহন ও যোগাযোগ (শতকরা ৩.৬৬ ভাগ) এবং বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ (শতকরা ৩.২৫ ভাগ)। উল্লেখ্য যে, ২০১৪ সাল শেষে দারিদ্র্য বিমোচন খাতে ঋণ স্থিতির পরিমাণ ২০১৩ সাল শেষের ৭.৪৫ বিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে ৬.৯৪ বিলিয়ন টাকায় দাঁড়ায়। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের খাতভিত্তিক ঋণ স্থিতি চার্ট-৫ এ দেখানো হলো।



বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর অর্থায়নের ক্ষেত্রে যথাক্রমে ব্যবসা-বাণিজ্য এবং শিল্প খাতের প্রাধান্য রয়েছে। ২০১৪ সালে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মোট ঋণ ও অগ্রিমের ঋণভিত্তিক ঋণ স্থিতির ক্ষেত্রে ব্যবসা-বাণিজ্য (শতকরা ৩৩.২৪ ভাগ), শিল্প (শতকরা ১৯.১৪ ভাগ) এবং চলতি মূলধনে অর্থায়ন (শতকরা ২০.৩১ ভাগ) অগ্রণী ভূমিকা পালন করে। এরপর ক্রমান্বয়ে রয়েছে নির্মাণ (শতকরা ৬.৪৫ ভাগ), পরিবহন ও যোগাযোগ (শতকরা ২.৩০ ভাগ), কৃষি, মৎস্য ও বনায়ন (শতকরা ১.৫৩ ভাগ), বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ (শতকরা ১.৫৬ ভাগ), দারিদ্র্য বিমোচন (শতকরা ০.১৮ ভাগ) এবং অন্যান্য খাতের অবদান ছিল শতকরা ১৫.৩০ ভাগ। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর কৃষি, মৎস্য ও বনায়ন, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ, পরিবহন ও যোগাযোগ ও দারিদ্র্য বিমোচন ইত্যাদি জনশরুত্বপূর্ণ খাতসমূহে অধিক হারে অর্থায়নে এগিয়ে আসার প্রয়োজন রয়েছে। ২০১৪ সালে বেসরকারি



বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট ঋণ ও অগ্রিমের ঋণভিত্তিক ঋণ স্থিতি (শতকরা হিসেবে) চার্ট-৬ এ দেখানো হলো। ডিসেম্বর, ২০১৩ শেষে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মোট শাখার সংখ্যা ছিল ৩৮৩৮টি, যা ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৪ শেষে ৪১৭৭-এ দাঁড়িয়েছে।

বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর বিগত পাঁচ বছরের অর্জিত অগ্রগতি

বাংলাদেশে ৩৯টি (২০১৩ সালে নতুন অন্তর্ভুক্ত হওয়া ৯টিসহ) বেসরকারি বাণিজ্যিক ব্যাংক বিগত পাঁচ বছরে (২০১০ - ২০১৪) ব্যাংকিং কার্যক্রম পরিচালনার মাধ্যমে মূলধন পর্যাপ্ততা, ঋণ ও অগ্রিম প্রদান, বিনিয়োগ ও ব্যবসা-বাণিজ্যের প্রসার প্রভৃতি ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করেছে। বিগত পাঁচ বছরে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর অর্জিত অগ্রগতি ছিল নিম্নরূপ:

- অনুমোদিত ও পরিশোধিত মূলধন, রিজার্ভ ফান্ড এবং বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি;
- কোর ব্যাংকিং সিস্টেম (CBS) চালু, অন-লাইন CIB, e-Tendering, EFT, BACH, BEFTN প্রভৃতি সুবিধা ব্যবহারের মাধ্যমে ব্যাংকিং সেবা বৃদ্ধি ও পেপারলেস ব্যাংকিংয়ে একধাপ অগ্রগতি;
- ব্যাংকের মূলধন ভিত্তি মজবুত করার লক্ষ্যে কতিপয় ব্যাংকের Non-Convertible Subordinate Zero Coupon Bond ইস্যু অব্যাহত রাখা;
- পরিচালনাপ্রণালী মুনাফা এবং নীট মুনাফা অর্জনের ক্ষেত্রে প্রবৃদ্ধি;
- নতুন নতুন বুথ স্থাপন করে তথ্য ও প্রযুক্তিনির্ভর অন্যতম ইলেকট্রনিক ব্যাংকিং পণ্য-সেবার মাধ্যম হিসেবে Q-Cash, ATM কার্ড, ডেবিট/ক্রেডিট কার্ডের মাধ্যমে গ্রাহকদের ২৪ ঘণ্টা সেবা প্রদানের সুবিধা বৃদ্ধি;
- Internet Banking, Off-shore Banking, Retail Banking Service ও মোবাইল ব্যাংকিং সেবা চালু ও প্রসারের মাধ্যমে ব্যাংকিং সেবার সুবিধা ও মান বৃদ্ধি;
- কৃষি, মৎস্য ও বনায়ন এবং শিল্প খাতে ব্যাংকের অর্থায়ন বৃদ্ধি;
- Corporate Social Responsibility (CSR) কার্যক্রমের আওতায় আর্থ-সামাজিক কল্যাণ, শিক্ষার প্রসার ও মানবতার কল্যাণে প্রদত্ত আর্থিক অনুদান;
- আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) নিশ্চিতকরণপূর্বক কার্যক্ষিত প্রবৃদ্ধি অর্জন, নতুন কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য-হ্রাসকরণ ও স্বল্প আয়ের লোকদের জীবনযাত্রার মান উন্নয়ন এবং নারীর ক্ষমতায়নের লক্ষ্যে SME খাতের আওতায় ক্ষুদ্র ও মাঝারি শিল্প, কৃটির শিল্প এবং নারী উদ্যোক্তা খাতে সহজ শর্তে ঋণ কার্যক্রম অব্যাহত রাখা;
- বাংলাদেশে ফিন্যান্সিয়াল মার্কেটে কমার্শিয়াল পেপারের প্রচলন;
- Virtual Card-এর মাধ্যমে বিদেশে উচ্চশিক্ষার বিভিন্ন ফি যেমন, application, registration ও admission Fee এবং TOEFL, SAT ইত্যাদি পরীক্ষার ফি প্রদানে সুবিধা দান;
- কোর রিস্ক ব্যবস্থাপনার জন্য পৃথক ইউনিট গঠন;
- প্রবাসী বাংলাদেশীদের রেমিট্যান্স পাঠানোর প্রক্রিয়া সহজতর করার লক্ষ্যে ব্যাংকগুলোর বিদেশে এক্সচেঞ্জ হাউস/ শাখা অফিস প্রতিষ্ঠা এবং অন্যান্য কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হওয়া ;
- জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে সৃষ্ট পরিবেশ বিপর্যয় মোকাবিলায় ও কলকারখানায় কার্বন নিঃসরণ সম্ভাব্য ন্যূনতম পর্যায়ে নামিয়ে আনার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী 'গ্রীন ব্যাংকিং' কার্যক্রমের আওতায় পরিবেশবান্ধব প্রকল্প যেমন রিনিউয়েবল এনার্জি ও সৌর বিদ্যুৎ খাতে অর্থায়ন;
- গ্রাহকদের জন্য উন্নততর ও দ্রুত সেবা প্রদান নিশ্চিতকরণে অনলাইন ব্যাংকিং কার্যক্রমের আওতায় শাখা অফিসগুলোকে অনলাইন নেটওয়ার্কের আওতাভুক্তকরণ;
- আন্তর্জাতিক বাণিজ্য পরিচালনার জন্য বিশ্বের বিভিন্ন দেশে Correspondent Relationship বৃদ্ধির ব্যাপারে ব্যাংকসমূহের কার্যক্রম জোরদারকরণ;
- ছাত্র-ছাত্রীদের সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার লক্ষ্যে স্কুল ব্যাংকিং ও শিক্ষা প্রতিষ্ঠানে ইলেকট্রনিক স্টুডেন্ট বুথ সুবিধা প্রদান;
- মাইক্রো-ক্রেডিট এবং দারিদ্র্য বিমোচন খাতে অর্থায়ন বৃদ্ধি;
- দেশি-বিদেশি ক্রেডিট রেটিং কোম্পানির হিসাব অনুযায়ী দীর্ঘ এবং স্বল্পমেয়াদি রেটিংয়ে ধারাবাহিক উন্নতি।
- বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংগৃহীত goAML সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে ব্যাংকের শাখাসমূহ হস্তে নগদ লেনদেন রিপোর্ট (CTR) এবং সন্দেহজনক লেনদেন রিপোর্ট (STR) অন-লাইনে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা;
- ইন্টারনেট পেমেণ্ট গেটওয়ে প্রবর্তনের মাধ্যমে কেনাকাটা, বিল পরিশোধ, Air Ticketing, Bus Ticketing, Railway Ticketing ও Mobile Top-up সেবা প্রদান;
- উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে পূর্ণাঙ্গ কল-সেন্টার (গ্রাহক সেবা কেন্দ্র) স্থাপন;
- কেন্দ্রীয়ভাবে সকল ডাটা Process এবং সংরক্ষণের জন্য তথ্য কেন্দ্র এবং ডিজাস্টার রিকভারি সেন্টার স্থাপন;
- এশিয়া প্যাসিফিক অঞ্চলে শ্রেষ্ঠ এমার্জিং মার্কেট ব্যাংক ২০১৪ হিসেবে স্বনামধন্য আন্তর্জাতিক অর্থনৈতিক সাময়িকী "গ্লোবাল ফিন্যান্স" কর্তৃক সম্মাননা প্রদান এবং
- বিমান ভ্রমণের জন্য বৈদেশিক মুদ্রায় ঋণ প্রদান ইত্যাদি।

পূবালী ব্যাংক লিমিটেড

www.pubalibangla.com

১৯৫৯ সালে ৫ মিলিয়ন টাকার অনুমোদিত ও ২.৫ মিলিয়ন টাকার ইস্যুকৃত মূলধন নিয়ে চট্টগ্রামে দি ইন্টার্ন মার্কেটহিল ব্যাংক লিঃ প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ সালে রপ্তানিকার এক আদেশ জারির মাধ্যমে রপ্তানিকারক করে এর নামকরণ করা হয় পূবালী ব্যাংক। ১৯৮৪ সালে এটি বেসরকারি ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ লাভ করে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ৪২৯টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান কার্যালয়সহ ৩০ টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ছিল ব্যাংকিং খাতের মোট আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৯৩ শতাংশ ও ২.৭৯ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৫.৪১ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১০.২০ শতাংশ হ্রাস পেয়ে ১৭৮৫৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম ৪৩১০২ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৮৩.৭৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২২.৪৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩৬০৯২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৩৭.৫৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ছিল ১০৭৮৭ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ২৫.০৩ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট শিল্প ঋণের মধ্যে SME এর অবদান ছিল ১৩.৭৮ শতাংশ। SME ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৫.৩০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৭৪৭৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোজ্য ঋণের অংশ মোট ঋণের ১৮.৩২ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের অংশ ছিল ৬.২৬ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫৯.৪০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৬৯৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি ২০১৩-১৪ অর্থবছরে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ১১৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

মুদ্র ঋণ (Micro-credit) : ২০১৩ ও ২০১৪ সালে এ খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল যথাক্রমে ৪১১.৫০ মিলিয়ন ও ৪০৯ মিলিয়ন টাকা।


খনি-ব্যাংকিং : ২০১৩ ও ২০১৪ সালে এ খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল যথাক্রমে ১৫৬ মিলিয়ন ও ২০২ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স : ২০১৩ ও ২০১৪ সালে পূবালী ব্যাংকের মাধ্যমে দেশে প্রেরিত রেমিট্যান্স এর পরিমাণ ছিল যথাক্রমে ৩৮৯৪৮ মিলিয়ন এবং ৪৩৫৪২ মিলিয়ন টাকা। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসেবে ব্যাংকটি মোট ৬৭টি এক্সচেঞ্জ কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে, যার মধ্যে ওয়েস্টার্ন ইউনিয়ন, মানিগ্রাম,আল-রাজি ব্যাংকিং কর্পোরেশন, ব্যাংক আল বিলাড ইত্যাদি উল্লেখযোগ্য।

অটোমেশন : ব্যাংকটির ৪৩৫টি শাখার মধ্যে সবগুলি শাখাই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকটির ৪৩৫টি শাখার মধ্যে সবগুলি শাখাই Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১৮১ জন নারী উদ্যোক্তাকে ১২২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৭৪ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৪২ কোটি টাকার তুলনায় ১৮৮.৮৪ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনার মধ্যে রয়েছে ব্যাংকিং এর সাথে অসম্পূর্ণ জনগণের জন্য মোবাইল ব্যাংকিং সুবিধা চালুকরণ, এক্সেস্ট ব্যাংকিংয়ের মাধ্যমে দরিদ্র জনগণের দোরগোড়ায় ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া এবং সমাজের অনগ্রসর জনগণের প্রয়োজন অনুসারে নিত্যানতন পণ্য ও সেবা চালু করা।



উত্তরা ব্যাংক লিমিটেড ২৮ জানুয়ারি ১৯৬৫ সালে ইস্টার্ন ব্যাংকিং কর্পোরেশন নামে বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত হয় এবং ১৯৭২ সালে জাতীয়করণের পর উত্তরা ব্যাংক নাম ধারণ করে। সরকারের বিরোধীকরণ নীতির আওতায় পুঁজি প্রত্যাহারপূর্বক এ ব্যাংক উত্তরা ব্যাংক লিমিটেড নামে সেপ্টেম্বর ১৯৮৩ সাল থেকে বেসরকারি খাতে ব্যবসা পরিচালনার অনুমোদন লাভ করে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ২২০টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান কার্যালয়সহ ৪০ টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ছিল দেশের ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৯২ শতাংশ ও ১.৩৬ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৬.০৯ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৪.৫৪ শতাংশ হ্রাস পেয়ে ৩১২০২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৭০৬১১ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ২১.৭৩ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪.৩৯ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১৫৩৪৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ২০.৭৬ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওডেনসহ) বিতরণকৃত ঋণ ৩৪২৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৪.৮৬ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME এর অবদান ছিল ৫০.৯২ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ২.২৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩৫৯৫৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে জোতা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১.৫১ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ১.৬৬ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৮২.৮৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১১৭২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি ২০১৩-১৪ অর্থবছরে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ৩৫১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

ক্ষুদ্র ঋণ (Micro-credit) : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে ক্ষুদ্র ঋণের শেয়ার ছিল ২২.০২ শতাংশ। ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১০.৯৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৫৫৪৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।


গ্রিন-ব্যাংকিং : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে গ্রিন-ব্যাংকিং ঋণের শেয়ার ছিল ০.২৬ শতাংশ। গ্রিন-ব্যাংকিং ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালে ছিল ১১ মিলিয়ন টাকা যা ২০১৪ সালে ১৮৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স : ২০১৪ সালে ব্যাংকের রেমিট্যান্স-এর পরিমাণ দাঁড়ায় ৫২০৩০ মিলিয়ন টাকায় যা ২০১৩ সালে ছিল ৪৪৩০১ মিলিয়ন টাকা। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসেবে ব্যাংকটি মোট ৭০টি এক্সচেঞ্জ কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে, যার মধ্যে ব্র্যাক স্বজন, মানিগ্রাম, ওয়েস্টার্ন ইউনিয়ন, আল-রাজি ব্যাংকিং কর্পোরেশন, কেমমবি এন্টারপ্রাইজ, ইউএই এক্সচেঞ্জ সেন্টার ইত্যাদি উল্লেখযোগ্য।

অটোমেশন : ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকটির ২২৩টি শাখার মধ্যে সবগুলি শাখাই Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ২২১ জন নারী উদ্যোক্তাকে ৯৫০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালের ১৩২ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৭৭১ মিলিয়ন টাকার তুলনায় ২৩.২৩ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকটির বৃহৎ সেবা সম্প্রসারণ ও মোবাইল ব্যাংকিং চালুর মাধ্যমে ব্যাংকিং সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে।



এবি ব্যাংক লিমিটেড

www.abbl.com

এবি ব্যাংক লিমিটেড ১৯৮২ সালের ১২ এপ্রিল ২০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ৮৫ মিলিয়ন টাকা পরিশোধিত মূলধন নিয়ে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। ২০১৪ সালের শেষে ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৬০০০ মিলিয়ন টাকা, পরিশোধিত মূলধনের পরিমাণ ৫৩২৫ মিলিয়ন টাকা এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ ১৩১২৩ মিলিয়ন টাকার দাঁড়ায়। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ৯১টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান কার্যালয়সহ ৩০টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ছিল ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৩.০১ শতাংশ ও ২.৬৪ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৫.৫৪ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত ভারল্য ১৫.৮০ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪৯৭০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রমঃ

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম ১৮০২২৫ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অবদান ছিল ৪৪.৭০ শতাংশ। শিল্প ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১২.৬৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮০৫৬৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্পঃ ২০১৪ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ৮৬ শতাংশ। বৃহৎ শিল্পের আওতার তৈরী পোষাক শিল্পে (নীট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ২৮২৪০ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১৫ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট শিল্প ঋণের মধ্যে SME-এর অবদান ছিল ৬.১১ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME-খাতের ঋণ বিতরণ ১৫.৬৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৭০৬০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণের অংশ মোট ঋণের ০.৪৭ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ১.২৩ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৬.১৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২২১৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি ২০১৩-১৪ অর্থবছরে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ৩৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

ক্ষুদ্র ঋণ (Micro-credit) : ২০১৪ সালে মোট SME ঋণের মধ্যে ক্ষুদ্র ঋণের পরিমাণ ছিল ১৬.৬৪৬ মিলিয়ন টাকা যা মোট SME ঋণের ৩৯ শতাংশ। ২০১৩ সালের তুলনায় ১০.৪৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ১৯৮০১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন-ব্যাংকিং : ২০১৩ সালে এ খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ১৬৩২৩ মিলিয়ন টাকা। ২০১৪ সালে উক্ত খাতে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ১৪৬০১ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স : ২০১৩ সালে মোট অন্তর্ভুক্তি রেমিট্যান্স প্রবাহ ছিল ১৮৪২৭ মিলিয়ন টাকা যা ২০১৪ সালে ২৩৩২৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসেবে ব্যাংকটি মোট ২২টি এক্সচেঞ্জ কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে, যার মধ্যে আল আনসারি এক্সচেঞ্জ, হাবিব এক্সচেঞ্জ কোম্পানি, কন্টিনেন্টাল এক্সচেঞ্জ সলিউশন, ওমান এক্সচেঞ্জ কোম্পানি, ইউএই এক্সচেঞ্জ সেটার ইত্যাদি উল্লেখযোগ্য।


পিএসআর : ২০১৪ সালে ব্যাংকটির এ খাতে ব্যয় দাঁড়ায় ১০১ মিলিয়ন টাকায় যা ২০১৩ সালের তুলনায় ৬১ মিলিয়ন টাকা বেশি।

অটোমেশন : ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকটির ৯৩টি শাখার মধ্যে সবগুলি শাখাই Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তাঃ ২০১৪ সালে ১০৭ জন নারী উদ্যোক্তাকে ৪৬৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১১০ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৫৪৩ মিলিয়ন টাকার তুলনায় ১৪.৮২ শতাংশ কম।

অবিহাৎ উন্নয়ন পরিকল্পনাঃ

অধিক সংখ্যক জনগোষ্ঠিকে আর্থিক অন্তর্ভুক্তিকরণের (Financial Inclusion) লক্ষ্যে নতুন নতুন ক্ষিম উদ্ভাবন, নারী সমাজ ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে বিশেষ ঋণ সুবিধা প্রদান, শ্রমনির্ভর ও আয়দানী বিকল্প উৎপাদনমুখী শিল্পে অধিক অর্থায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের উন্নয়নে ঋণ প্রবাহ বৃদ্ধিকরণ, প্রান্তিক কৃষক পর্যায়ে সহজ শর্তে সরাসরি ঋণ বিতরণ কার্যক্রম জোরদারকরণ এবং গ্রীন ব্যাংকিং নীতিমালার আলোকে পরিবেশবান্ধব ব্যাংকিং কার্যক্রম পরিচালনা।



ন্যাশনাল ব্যাংক লিমিটেড

www.nblbd.com

১৯৮৩ সালে ১০০ মিলিয়ন টাকা অনুমোদিত মূলধন এবং ৪৪ মিলিয়ন টাকা পরিশোধিত মূলধন নিয়ে ন্যাশনাল ব্যাংক লিমিটেড প্রথম প্রজন্মের বাণিজ্যিক ব্যাংক হিসেবে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে ন্যাশনাল ব্যাংক দেশব্যাপী ১৭৯টি শাখার মাধ্যমে তার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ১৮০টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ৪২টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ছিল ব্যাংকিং বাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৩.০৯ শতাংশ ও ৩.১৭ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৮৮ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তরলতার স্থিতি ২০১৩ সালের তুলনায় ১১.১৭ শতাংশ হ্রাস পেয়ে ২৩৩৬৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৯৪৮২৪ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ২৬.৬৩ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৭.৩০ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ২৫২৫৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ছিল ৭৯.৭৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোবাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৬১৪০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৮০ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ছিল ২৯.৯৮ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ১৪.০৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৮৪২৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে জোজা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের (বিতরণকৃত জোজা ঋণ-২৪৪ মিলিয়ন) ০.২৬ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ১.৯৭ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫.৩৭ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১৮৬৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি ২০১৩-১৪ অর্থবছরে গবাদিপশু বাতের উন্নয়নের জন্য ৮৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

ক্ষুদ্র ঋণ (Micro-credit) : ২০১৩ সালের তুলনায় ক্ষুদ্র ঋণ বিতরণ ৯.৫১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২১৮২৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং : ২০১৩ সালে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ৩১৯ মিলিয়ন টাকা যা ২০১৪ সালে ১৯৪.৪৪ শতাংশ বেড়ে দাঁড়ায় ৯৩৯ মিলিয়ন টাকায়।


রেমিট্যান্স : ব্যাংকটির মাধ্যমে ২০১৩ এবং ২০১৪ সালে দেশে প্রেরিত রেমিট্যান্স এর পরিমাণ ছিল যথাক্রমে ৫৮২২৪ মিলিয়ন এবং ৫৮৩৫১ মিলিয়ন টাকা। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসেবে ব্যাংকটি মোট ৫২টি এন্ড্রুচেঞ্জ কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে, যার মধ্যে ওয়েস্টার্ন ইউনিয়ন, মানিগ্রাম, আল-রাজি ব্যাংকিং এন্ড ইনভেস্টমেন্ট কর্পোরেশন, ইউএই এন্ড্রুচেঞ্জ সেন্টার ইত্যাদি উল্লেখযোগ্য।

সিএসআর : ২০১৩ সালে মোট ১৫৩ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে মোট ৭৫ মিলিয়ন টাকা প্রদান করা হয়। ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে এ খাতে ব্যয় ৭৮.৪০ মিলিয়ন টাকা হ্রাস পেয়েছে।

অটোমেশন : ব্যাংকের সকল শাখায় অটোমেশন পদ্ধতি চালু আছে। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকটির ১৮০টি শাখার মধ্যে ৪৮টি শাখা Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৩৪৪ জন নারী উদ্যোক্তাকে ৬১৯.৬০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৩২২ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৪৭৭ মিলিয়ন টাকার তুলনায় ৩০.০৪ শতাংশ বেশী।

ডিবিএফ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকের সকল শাখাকে Temenos T24 এর আওতায় আনা এবং গ্রাহক সেবার পরিধি বৃদ্ধিকল্পে নতুন নতুন সেবা ও শাখা সম্প্রসারণের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।



দি সিটি ব্যাংক লিমিটেড

www.thecitybank.com

সিটি ব্যাংক ১৯৮৩ সালের ২৭ মার্চ আনুষ্ঠানিক যাত্রা শুরু করে। সিটি ব্যাংকের বর্তমানে ১০০ টি অনলাইন শাখা এবং ১ টি এসএমই সার্ভিস সেন্টার রয়েছে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ১১১টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান কার্যালয়সহ ২৪টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ছিল ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৮০ শতাংশ ও ২.১৪ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৫.৮৩ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৫০ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৮৮৪১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৯৩২১৬ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৫৪.৪০ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৫.৮৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫০৭০৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ছিল ৬৯.০২ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৬৯০৭ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৮.১৪ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ছিল ১৬.৭৩ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৪৮.৭৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৯৫০৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ৫.০২ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১২১.৪৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৬৭৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি ২০১৩-১৪ অর্থবছরে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ৫৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

গ্রীন ব্যাংকিং : গ্রীন ব্যাংকিং এর অধীনে ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫.৫৭ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৩০৯৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।


রেমিট্যান্স : ব্যাংকটির মাধ্যমে ২০১৩ এবং ২০১৪ সালে দেশে প্রেরিত রেমিট্যান্স এর পরিমাণ ছিল যথাক্রমে ২৫৯৪৩ মিলিয়ন এবং ২৩৭৫১ মিলিয়ন টাকা। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসেবে ব্যাংকটি মোট ৩৫টি এক্সচেঞ্জ কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে, যার মধ্যে ইউএই এক্সচেঞ্জ সেন্টার, বাহরাইন এক্সচেঞ্জ কোম্পানি, এশিয়া এক্সচেঞ্জ এক্সচেঞ্জ, বাহরাইন ফাইন্যান্সিং কোম্পানি, আল-জাদিদ এক্সচেঞ্জ ইত্যাদি উল্লেখযোগ্য।

সিএসআর : ২০১৪ সালে এ খাতে ব্যাংকটি ৩৬ মিলিয়ন টাকা বিভিন্ন সেবামূলক কর্মকাণ্ডে সহায়তা হিসেবে প্রদান করে। ২০১৩ সালে এর পরিমাণ ছিল ২২ মিলিয়ন টাকা।

অটোমেশন : ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকটির ১১২টি শাখার মধ্যে সবগুলি শাখাই Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৭৪ জন নারী উদ্যোক্তাকে ৫৬.৫১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৭৩ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৫২ মিলিয়ন টাকার তুলনায় ৮.০৫ শতাংশ বেশী।

জবিধ্যাং উন্নয়ন পরিকল্পনা : আগত বছরের ঝুঁকি, মানি লভরিং, নতুন সেবাদান প্রক্রিয়া উন্নয়নকরণ, ব্যয় যৌজিকীকরণ ইত্যাদি বিষয়ে নতুন গবেষণার পরিকল্পনা রয়েছে। ঝুঁকি ব্যবস্থাপনার অংশ হিসাবে বিভিন্ন ঝুঁকি মডেল উদ্ভাবনের প্রক্রিয়া গবেষণাধীন আছে।



ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

www.islamibankbd.com

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ১৯৮৩ সালের ৩০ মার্চ কাজ শুরু করে। ব্যাংক প্রতিষ্ঠার সময় দেশী উদ্যোক্তাগণ মূলধনের ২১.৬৭% এবং বিদেশী উদ্যোক্তাগণ ৭৮.৩৩% যোগান দেন। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ২৯৪টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ৪৭টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ছিল ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৭.৯৬ শতাংশ ও ৮.৭৯ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.২৭ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকের অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৪৮.০৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ৭৭৭৯৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির ঋণভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।


উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৫১৬২৭৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৪৯.৯৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৫৭৮২৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ৪৯.১২ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও গভেনসহ) বিতরণকৃত ঋণ ১৩০৪৭ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২.৫৩ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ছিল ৪৬ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ১০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৪৯৮১০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোজা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ২.০৫ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ১.৭৫ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৪.৭৯ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৯০১১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি ২০১৩-১৪ অর্থবছরে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ১৮২৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।



ক্ষুদ্র ঋণ (Micro-credit) : ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৯.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৪১৮৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

খিন ব্যাংকিং : খিন-ব্যাংকিং খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৩.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫৫৩৬৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স : ব্যাংকটির মাধ্যমে ২০১৩ এবং ২০১৪ সালে দেশে প্রেরিত রেমিট্যান্স এর পরিমাণ ছিল যথাক্রমে ২৮৬৯৫৬ মিলিয়ন এবং ৩০৮৯২২ মিলিয়ন টাকা। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসেবে ব্যাংকটি মেটি ১৩২টি এন্ড্রোয়েজ কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে, যার মধ্যে আল-রাজি ব্যাংকিং কর্পোরেশন, ইউএই এন্ড্রোয়েজ সেন্টার, ব্যাংক আল বিলাড, আরব ন্যাশনাল ব্যাংক, আইএমই মালয়েশিয়া ইত্যাদি উল্লেখযোগ্য।

সিএসআর : ২০১৩ সালে এ খাতে ৬৫০৬০৭ জন উপকারভোগীর অনুকূলে ৪৭৬ মিলিয়ন টাকা ব্যয়ের বিপরীতে ২০১৪ সালে ১৩,৫৫,৫২১ জন উপকারভোগীর জন্য ৫২৫ মিলিয়ন টাকা ব্যয় হয়েছে।

মোবাইল ব্যাংকিং : ২০১৩ ও ২০১৪ সালে মোবাইল ব্যাংকিং এ গ্রাহক সংখ্যা ছিল যথাক্রমে ৩৪১১৬২ ও ১৯২৯৭০২ জন এবং লেনদেনের পরিমাণ ছিল যথাক্রমে ৫৫৬ মিলিয়ন ও ১২৫৫ মিলিয়ন টাকা।

অটোমেশন : ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকটির ২৯৬টি শাখার মধ্যে সবগুলি শাখাই Core Banking System এর আওতার আলা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১৫৬৮২ জন নারী উদ্যোক্তাকে ১৫৯১০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১৪০৬০ জন নারী উদ্যোক্তার বিপরীতে বিতরণকৃত ১৫২০০ মিলিয়ন টাকার তুলনায় ৪.৬৭ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকের কর্ম পরিকল্পনার মধ্যে রয়েছে - শরিয়াহ পরিপালনের ক্ষেত্রে আদর্শ স্থাপন, জন-সম্পদকে জন-পুঞ্জিতে রূপান্তরের অব্যাহত চেষ্টা, আর্থিক অন্তর্ভুক্তিমূলক কার্যক্রম বৃদ্ধি, ক্ষুদ্র, মাঝারী ও কৃষি খাতে গুরুত্ব বাড়ানো, শিলায়ন ও কর্মসংস্থান সৃষ্টি এবং বৈদেশিক বাণিজ্যে অবদান বৃদ্ধি, প্রবাসী গ্রাহক সেবার মান উন্নয়ন ও রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি, তথ্য ও প্রযুক্তিনির্ভর নতুন প্রোডাক্ট ও সেবা উদ্ভাবন এবং টেকসই পদ্ধতিগত উন্নয়নের মাধ্যমে কার্যক্রম সহজীকরণ ও শক্তিশালী পুঁজি-ভিত্তিক রক্ষা ও বৃদ্ধি হ্রাস।

ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স (আইএফআইসি) ব্যাংক লিমিটেড

www.ifibankbd.com

আইএফআইসি ব্যাংক লিঃ ১৯৮৩ সালে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ১২০টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ২৩টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ছিল ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৯৭ শতাংশ ও ১.৮৮ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৬.৩৩ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অভিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ২৩.১০ শতাংশ হ্রাস পেয়ে ৪৩৬৭৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৫৮০২২ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৪০.২৮ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৯.৩১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৩৩৭৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ছিল ২৬.৭৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৫৯৮৯ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১০.৩২ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ছিল ৩৩.৮৭ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ১৬.৮৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৯৬২৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ১.৬৮ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১০.০০ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৯৭৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি ২০১৩-১৪ অর্থবছরে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ৬৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

খিন ব্যাংকিং : ২০১৩ সালে খিন ব্যাংকিং খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ১৭১৩ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে এর পরিমাণ দাঁড়ায় ৪৫৬৬ মিলিয়ন টাকা যা পূর্ববর্তী বছরের তুলনায় ১৬৬.৫৫ শতাংশ বেশী। আইএফআইসি ব্যাংক খিন ব্যাংকিং কার্যক্রমে অর্থায়ন বিস্তৃত করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপের ফলে এ খাতে ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

রেমিট্যান্স : ব্যাংকটির মাধ্যমে ২০১৩ এবং ২০১৪ সালে দেশে প্রেরিত রেমিট্যান্স এর পরিমাণ ছিল যথাক্রমে ১৫৭৭৪ মিলিয়ন এবং ১৮৭৬২ মিলিয়ন টাকা। একটি নতুন এক্সচেঞ্জ কোম্পানি অন্তর্ভুক্ত হওয়ায় ও আইএফআইসি মানি ট্রান্সফার (ইউকে) প্রতিষ্ঠা করায় রেমিট্যান্স-এর পরিমাণ বৃদ্ধি পায়। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসেবে ব্যাংকটি মোট ১০টি এক্সচেঞ্জ কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে, যার মধ্যে ওমান ইন্টারন্যাশনাল এক্সচেঞ্জ এলএলসি, আইএফআইসি মানি ট্রান্সফার ইউকে লিঃ, মানিগ্রাম পেমেট লিমিটেড, সিও গ্লোবাল সার্ভিসেস লিঃ ইত্যাদি উল্লেখযোগ্য।


সিএসআর : ২০১৩ সালে এ খাতে ৩৩ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে ৪৬ মিলিয়ন টাকা প্রদান করা হয়।

মোবাইল ব্যাংকিং : ২০১৪ সালে আইএফআইসি ব্যাংক মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালু করে এবং মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ২০১৪ সালে ৭৩ মিলিয়ন টাকা লেনদেন হয়। ২০১৪ সালের শেষে মোবাইল ব্যাংকিং এর মোট গ্রাহক সংখ্যা ৩৩৭,৫৫২ তে দাঁড়িয়েছে।

অটোমেশন : ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকটির ১২০টি শাখার মধ্যে সবগুলি শাখাই Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৭৫ জন নারী উদ্যোক্তাকে ৩৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১৩১ জন নারী উদ্যোক্তার বিপরীতে ২০ মিলিয়ন টাকার তুলনায় ৮২.০০ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : একটি উন্নত কর্পোরেট মূশাসন চর্চা উন্নয়ন ও অনুসরণ, একটি নিচ্ছিন্ন ঝুঁকি ব্যবস্থাপনা নীতি বাস্তবায়ন, অধুনিক মানবসম্পদ নীতিমালা বাস্তবায়ন এবং ব্যাংকের সম্পদের গুণগত মান কঠোরভাবে বজায় রেখে গ্রাহকদের সেবার মান বৃদ্ধি করাই ব্যাংকের ভবিষ্যৎ পরিকল্পনা।



ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

www.ucb.com.bd

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড ১৯৮৩ সালের ২৯ জুন ব্যাংকিং কার্যক্রম শুরু করে। বর্তমানে ব্যাংকের পরিশোধিত মূলধন ৮৩৬৬ মিলিয়ন টাকাসহ মোট মূলধনের পরিমাণ ২৫৬৯১ মিলিয়ন টাকা। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্বত মোট ১৪৭টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ২৬টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ছিল ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৩.২০ শতাংশ ও ৩.১৯ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৮৮ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত ভারসোয় স্থিতি ২০১৩ সালের তুলনায় ৩৫.৯৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৯৮২৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।


উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৯৭৮১২ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ১১.৮৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২২.৭৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৩,৫১৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ছিল ৬৪.০০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৮৯৩৭ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৪.৫২ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME এর অবদান ছিল ১৫.৮৮ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে বিতরণ ৩.৩৬ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৩১,৪২২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ১.৪৫ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২.১৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৮৬৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি ২০১৩-১৪ অর্থবছরে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ২২৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।



ক্ষুদ্র ঋণ (Micro-credit) : ২০১৩ সালে ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের মাধ্যমে মূলতঃ কৃষি খাতে বিতরণকৃত ক্ষুদ্র ঋণের পরিমাণ ছিল ১,৯৬০ মিলিয়ন টাকা, যার পরিমাণ ২০১৪ সালে ৩৭.৩০ শতাংশ হ্রাস পেয়ে ১,২২৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং : পরিবেশবান্ধব অর্থায়ন (গ্রিন ব্যাংকিং) খাতে ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের ২,৫৩১ মিলিয়ন টাকা থেকে ১১২.৯৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫৩৮৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স : ব্যাংকটির মাধ্যমে ২০১৩ এবং ২০১৪ সালে দেশে প্রেরিত রেমিট্যান্স এর পরিমাণ ছিল যথাক্রমে ১০৭৮৮ মিলিয়ন এবং ১৬৬৬৮ মিলিয়ন টাকা। রেমিট্যান্স বৃদ্ধির কারণ হিসাবে সেবার মান বৃদ্ধি, এলাকাভিত্তিক রেমিট্যান্স মেলার আয়োজন, একচেঞ্জ হাউজের সংখ্যা বৃদ্ধি এবং রেমিট্যান্স নির্ভর এলাকায় ব্যাংকের শাখা বৃদ্ধি প্রভৃতি উল্লেখযোগ্য। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসেবে ব্যাংকটি মোট ২৮টি একচেঞ্জ কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে, যার মধ্যে গুয়েস্টার্ন ইউনিয়ন, বাহরাইন ফাইন্যান্স কোম্পানি, মর্ডার্ন একচেঞ্জ কোম্পানি, হাবিব একচেঞ্জ কোম্পানি, আল আনসারি একচেঞ্জ কোম্পানি ইত্যাদি উল্লেখযোগ্য।

সিএসআর : কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা খাতে ২০১৩ সালে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড ব্যয় করেছে ২৯ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে এ খাতে ব্যয় করা হয়েছে ৪৯ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং : UCash একটি পূর্ণাঙ্গ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস যা নভেম্বর ২৩, ২০১৩ তারিখে পরিচিতি লাভ এবং ২০১৪ সালে এর প্রসার এবং বিস্তার লাভ করে।

অটোমেশন : ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ, ২০১৫ পর্বত ব্যাংকটির ১৪৮টি শাখার মধ্যে ৮৩টি শাখা Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১৭৩ জন নারী উদ্যোক্তাকে ৬৪৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৪৯ জন নারী উদ্যোক্তার বিপরীতে ২৫৮ মিলিয়ন টাকার তুলনায় ১৫১.২২ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : এসএমই খাশে অধিকতর সক্রিয় আরোপ, তৈরী পোষাক শিল্পে (RMG) অধিকতর অর্থায়ন করা, রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে দেশে প্রবাসী মেলার আয়োজন, আমানত বৃদ্ধি করা, প্রধান কার্যালয়ে কেন্দ্রীয়ভাবে 'HUB' সৃষ্টি, অভ্যন্তরীণ জাল-জালিয়াতির ঝুঁকি ও Operational Risk কমিয়ে আনা ইত্যাদি ব্যাংকটির ভবিষ্যৎ কর্মপরিকল্পনা।

আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড

www.icbislamic-bd.com

আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড (সাবেক আল-বারাকা ব্যাংক ও পরবর্তীতে দি ওরিয়েন্টাল ব্যাংক লিমিটেড) ১৯৮৭ সালের এপ্রিল মাসে কোম্পানি আইন ১৯১৩ এর অধীনে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয়। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ৩৩টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান কার্যালয়সহ ১৫টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ছিল ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.১৮ শতাংশ ও ০.১৭ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৪৬ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত ভারলোয় স্থিতি ২০১৩ সালের তুলনায় ১০.১৫ শতাংশ হ্রাস পেয়ে ৬০৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চর্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩০৪৬ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৪.১৩ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৭.২৭ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১২৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ৫২.২৮ শতাংশ।


SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ছিল ৪২.১২ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৩.১৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩৮৮৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স : ব্যাংকটির মাধ্যমে ২০১৩ এবং ২০১৪ সালে দেশে প্রেরিত রেমিট্যান্স এর পরিমাণ ছিল যথাক্রমে ১৭১ মিলিয়ন এবং ১৬৫ মিলিয়ন টাকা। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসেবে ব্যাংকটি মোট ৪টি এক্সচেঞ্জ কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে। এ কোম্পানিগুলো হলো : মেশী এক্সচেঞ্জ হাউস, ওমান এক্সচেঞ্জ হাউস, ওয়েস্টার্ন ইউনিয়ন এবং আইএমই মালয়েশিয়া।

সিএসআর : ২০১৩ সালে এ খাতে ৬০২ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে ৬৪০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়।

অটোমেশন : ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকটির ৩৩টি শাখার মধ্যে সবগুলি শাখাই Core Banking System এর আওতায় আনা হয়েছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : উন্নত প্রযুক্তি ও আধুনিক ব্যাংকিং চিন্তাধারার সমন্বয়ের মাধ্যমে ব্যাংকটিকে একটি লাভজনক আধুনিক ইসলামিক ব্যাংকে পরিণত করা, ইন্টারনেট ব্যাংকিং চালু করা এবং ভিসা ডেবিট এবং ক্রেডিট কার্ড চালু করার ভবিষ্যৎ পরিকল্পনা গৃহীত হয়েছে।



ইস্টার্ন ব্যাংক লিমিটেড

www.ebl.com.bd

১৯৯২ সালে Bank of Credit and Commerce International (BCCI) কে “BCCI Reconstruction Scheme” এর আওতায় অধিগ্রহণের মাধ্যমে ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) এর আত্মপ্রকাশ ঘটে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ৭৬টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান কার্যালয়সহ ১৭টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষার ছিল ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৮ শতাংশ ও ২.২ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৫.১৭ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৯.৫ শতাংশ হ্রাস পেয়ে ৯৮৬৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের স্থিতির খাতভিত্তিক অবদান চার্ট এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৩৩৩৪৩ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৫৭.৩১ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৯.৭৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭৬৪২৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ছিল ৫৫.০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ২৬৩৭০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৯.৭৬ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ছিল ১৭.৪৩ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ১০.০০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২০৬১৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে তোজা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১০.৩ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের অবদান ছিল ১.৫০ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৭.২৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২০১৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি ২০১৩-১৪ অর্থবছরে গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ২৪৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

ক্ষুদ্র ঋণ (Micro-credit) : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে ক্ষুদ্র ঋণের অবদান ছিল ১০.৩ শতাংশ। ২০১৩ সালের তুলনায় ক্ষুদ্র ঋণ বিতরণ ১০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১২১৮৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে গ্রিন-ব্যাংকিং কার্যক্রম এর আওতায় বিতরণকৃত ঋণের অবদান ছিল ১৬.৫৯ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ ৩২.৩৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২২১২০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।


রেমিট্যান্স : ব্যাংকটির মাধ্যমে ২০১৩ এবং ২০১৪ সালে দেশে প্রেরিত রেমিট্যান্স এর পরিমাণ ছিল যথাক্রমে ৩৭৩৮ মিলিয়ন এবং ১১১১৪ মিলিয়ন টাকা। রেমিট্যান্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ হিসেবে ব্যাংকটি মোট ১৯টি এক্সচেঞ্জ কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে, যার মধ্যে আল মোস্তা ইন্টারন্যাশনাল এক্সচেঞ্জ, হামদান এক্সচেঞ্জ কোম্পানি, মডার্ন এক্সচেঞ্জ কোম্পানি, ন্যাশনাল ফাইন্যান্স এক্সচেঞ্জ কোম্পানি, নোবু এক্সচেঞ্জ কোম্পানি ইত্যাদি উল্লেখযোগ্য।

সিএসআর : ২০১৩ সালের ৬ মিলিয়ন টাকার তুলনায় ২০১৪ সালে সিএসআর কার্যক্রমে ব্যয় বৃদ্ধি পেয়ে ২৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

অটোমেশন : ব্যাংকের সবগুলো শাখাই অটোমেশনের আওতাভুক্ত। মার্চ, ২০১৫ পর্যন্ত ব্যাংকটির ৭৬টি শাখার মধ্যে সবগুলি শাখাই Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৩৬৩ জন নারী উদ্যোক্তাকে ৮৮৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৩৪৭ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৮৫৯ মিলিয়ন টাকার তুলনায় ৩.৩ শতাংশ বেশী।

তবিব্যাং উন্নয়ন পরিকল্পনা : বিভিন্ন খাতে ব্যয় যৌক্তিকীকরণ নীতি অবলম্বন করা, ঋণ কমানোর সর্বাঙ্গিক প্রচেষ্টা আরো জোরদার করা, ট্রেড এবং Structured Finance - এ ফোকাস করে লোন পোর্টফোলিওর গুণগতমান বজায় রাখা, লোকবল এবং প্রযুক্তিতে বিনিয়োগ, Low cost ডিপোজিট sourcing এবং Technology Driven Liability Solution, Mobile based banking, ATM চালু করা, SME ভোক্তাদের জন্যে Cash Management Solution Team গঠন, এক্সেস্ট ব্যাংকিং প্রণয়ন, ক্যাশারে 2nd Disaster Recovery Site setup ইত্যাদি তবিব্যাং পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।



ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড

www.nccbank.com.bd

ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ৭৫০ মিলিয়ন ও ১৯৫ মিলিয়ন টাকা নিয়ে ১৯৯৩ সালের ১৭ মে থেকে বেসরকারি বাণিজ্যিক ব্যাংক হিসেবে কার্যক্রম শুরু করে। ২০১৪ সালের শেষে ব্যাংকটির অনুমোদিত, পরিশোধিত মূলধন ও রিজার্ভ ফান্ডের পরিমাণ যথাক্রমে দাঁড়ায় ১০০০০ মিলিয়ন, ৮০২৯ মিলিয়ন ও ৭৩৮১ মিলিয়ন টাকা। ব্যাংকের ক্রমবর্ধমান অগ্রযাত্রায় ২০১৪ সালের শেষে ১০৩ টি শাখার মধ্যে এন্টি ব্রাঞ্চার সংখ্যা ২১ টি।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৪৬ শতাংশ ও ১.৬৮ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.২২ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত ভারতের স্থিতি ২০১৩ সালের তুলনায় ২১.৬৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ৮৩৩৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক বাতর্ভিতিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩২৩২২ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৫৫.২৫ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৬০.৮৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৭৮৫৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ১৭.৫৯ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসই) বিতরণকৃত ঋণ ১৯৬২ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৬.১১ শতাংশ। এছাড়াও সেবা খাতে বিতরণকৃত ঋণ ১০৩ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১১.৪৮ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ১৮.০৪ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ০.৯১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫৭৯৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ বাংলাদেশ ব্যাংকের তৎপরতা ও ব্যাংকের ঋণ প্রবাহ বহুমুখী হওয়ার কারণে SME-এর ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে জোতা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৩৩.৮০ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ০.৬৩ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫২.৪৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ২০৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অর্ধবছর ১৪ এ গবাদি পশু খাতের উন্নয়নে ৩৪১.৫ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৩ সালে ব্যাংকের বিতরণকৃত ক্ষুদ্র ঋণের পরিমাণ ছিল ৪৪৩৩ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৫৭৯৬ মিলিয়ন টাকা। মূলতঃ জনসচেতনতা বৃদ্ধি ও নতুন শাখা সম্প্রসারণের কারণে এ খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি পেয়েছে।

গ্রিন ব্যাংকিং : এনসিসি ব্যাংক ২০১৩ সালে ৯০৬১ মিলিয়ন টাকা গ্রিন ব্যাংকিং-এ অর্থায়ন করে এবং ২০১৪ সালে এ-খাতে অর্থায়নের পরিমাণ হচ্ছে ৮২৭৫ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স : ২০১৩ সালে ব্যাংকের মোট রেমিট্যান্সের পরিমাণ ছিল ১৬৩২৩ মিলিয়ন টাকা, যা ২০১৪ সালে এলে দাঁড়ায় ১৮৭০৩ মিলিয়ন টাকা।

ব্যাংকের Tans Fast Remittance LLC এবং Ria Financial Service-এর মাধ্যমে রেমিট্যান্স সংগ্রহের ফলে এরূপ বৃদ্ধি ঘটেছে।

মানিগ্রাম, এক্সপ্রেস মানি ইত্যাদি সহ ১১টি রেমিট্যান্স এজেন্টের সংগে চুক্তিবদ্ধ হয়ে রেমিট্যান্স সংগ্রহে ভূমিকা রাখাছে।

সিএসআর : ২০১৩ সালে ব্যাংকটি সিএসআর-এর আওতায় ৪১ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে প্রদান করেছে ৩৩ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং : মোবাইল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করার জন্য ব্যাংকটি সার্বিক প্রস্তুতি সম্পন্ন করেছে। শীঘ্রই ব্যাংকটি মোবাইল ব্যাংকিং কার্যক্রম শুরু করবে।

অটোমেশন : দৈনন্দিন ব্যাংকিং কর্মকাণ্ডে Real Time Online Banking এর সুবিধায় এনসিসি ব্যাংক সিঃ SMS এবং Internet


Online Banking সেবা সংযোজন করেছে। ভাছাড়া, বিএসিএইচ এর অধীনে সাফল্যের সাথে স্বয়ংক্রিয় নিকাশ ব্যবস্থা বাস্তবায়িত করছে।

ব্যাংক ২০১৩ সালে ATM Network সম্প্রসারণের আওতায় ৫৬টি Booth স্থাপন করেছে। ২০১৪ সালে এর পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে

৬৭টি। ব্যাংকটি সর্বাধুনিক প্রযুক্তির সমন্বয়ে অর্ন্তজাতিকভাবে ব্যবহার উপযোগী VISA brand এর Dual Currency Credit Card প্রচলন করেছে। এছাড়া, ব্যাংকের সকল শাখা কোর ব্যাংকিং সিস্টেমের অন্তর্ভুক্ত।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ২৭ জন নারী উদ্যোক্তাকে ৩২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ২০১৩ সালে ৩৪ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৩৪ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছিল।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ই-সার্ভিসের আওতা বৃদ্ধি করার মাধ্যমে ব্যাংকটিকে আধুনিকায়ন করার পরিকল্পনা রয়েছে। এনসিসি ব্যাংক সিঃ ২০১৫ সালে ৪টি নতুন শাখা খোলার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে অনুমোদন পেয়েছে।



প্রাইম ব্যাংক লিমিটেড

www.primebank.com.bd

প্রাইম ব্যাংক ১৯৯৫ সালের ১৭ এপ্রিল কোম্পানি আইন ১৯৯৪ এর আওতায় বাংলাদেশ ব্যাংকের অধীনে নিবন্ধিত হয়। বর্তমানে প্রাইম ব্যাংকের ১৩৬টি শাখার মধ্যে এডি ব্রাঞ্চার সংখ্যা ২৭টি ও ১৮ টি এসএমই সেন্টার রয়েছে। প্রাইম ব্যাংকের ৫টি সাবসিডিয়ারি রয়েছে। ১৫ মার্চ ২০০৭ সালে প্রাইম ব্যাংকের ১টি অফ-শোর ব্যাংকিং ইউনিট খোলা হয়। বর্তমানে ৩ টি অফ-শোর ব্যাংকিং ইউনিট নিয়ে প্রাইম ব্যাংক বৈদেশিক মুদ্রায় ঋণ প্রদান ও আমানত গ্রহণ করছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৮২ শতাংশ ও ২.৭২ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৭৩ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৬.২১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৪৪৬১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১১৯৫৬ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৪০.৬১ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৪.৪১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৮৫৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ৮৬.৭০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনলসহ) বিতরণকৃত ঋণ ১৭০০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১.৪২ শতাংশ। এছাড়াও ফার্মাসী খাতে বিতরণকৃত ঋণ ১০০৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ০.৭৮ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ৮ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ২.৬৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২০০৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ক্ষুদ্র ঋণ গ্রহীতাদের উৎসাহের কারণে SME ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৭.৭৪ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.০৩ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫১.৩৭ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১২৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এমএফআই কর্তৃক ঋণ উত্তোলন না করার কারণে কৃষি ঋণ বিতরণ হিসাবে দেখানো যায় নি। অর্থবছর ১৪ এ গবাদি পশু খাতের উন্নয়নে ৬৫.৭ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে SME Loan (ঋণ) বৃদ্ধি পেয়েছে ৫২২ মিলিয়ন টাকা।

গ্রীন ব্যাংকিং : গ্রীন-ব্যাংকিং কার্যক্রম বিস্তারিত দেখা যায় ২০১৪ সালে প্রাইম ব্যাংক লিমিটেড ২৪ টি প্রকল্পে ঋণ বিতরণ করেছে ৬৭৫৮ মিলিয়ন টাকা এবং ২০১৩ সালে ৩টি প্রকল্পে প্রাইম ব্যাংকের বিনিয়োগ ছিল ৩৭৪ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স : ২০১৪ সালে রেমিট্যান্স ছিল ৩৯৪৮৪ মিলিয়ন টাকা এবং ২০১৩ সালে রেমিট্যান্স ছিল ৩২৬২৮ মিলিয়ন টাকা, যা ২১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২৪টি রেমিট্যান্স এজেন্টের সংগে চুক্তিবদ্ধ হয়ে রেমিট্যান্স সংগ্রহে ভূমিকা রাখছে।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর কার্যক্রমে প্রাইম ব্যাংকের অবদান ছিল ২৫১ মিলিয়ন টাকা, যা ২০১৪ সালে ৩৮১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

অটোমেশন : ২০১৪ সালে প্রাইম ব্যাংক ই-ডক সফটওয়্যারের মাধ্যমে ঋণ ডকুমেন্টেশন এবং মনিটরিং পদ্ধতিকে অটোমেটেড করা হয়েছে। এছাড়াও স্থায়ী সম্পদ এবং প্রকিউরমেন্ট কার্য সম্পাদনের জন্য নতুন সফটওয়্যার বাস্তবায়ন করা হয়েছে এবং নিরাপত্তা ও দরপত্রের জন্য আলাদা তথ্য- প্রযুক্তির ব্যবস্থা করেছে। অনলাইন লেনদেন, সর্ভকীরণ বার্তা, মানব সম্পদের কাজের মান মূল্যায়নের জন্য ২০১৩ সালে নতুন মডিউল এবং Dash board বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া, ব্যাংকের সকল শাখা কোর ব্যাংকিং সিস্টেমের অন্তর্ভুক্ত।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ২২ জন নারী উদ্যোক্তাকে ৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১৬ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৪ মিলিয়ন টাকা ছিল।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রাইম ব্যাংক ইন্টারনেট ও এসএমএস ব্যাংকিং এর মাধ্যমে বিদেশের সাথে দেশের ব্যাংকিং যোগাযোগ উন্নয়নে আগামী তিন বছরের বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। প্রাইম ব্যাংক ভবিষ্যতে শ্রেণীকৃত ঋণ হ্রাস করার লক্ষ্যে মানসম্পন্ন ঋণ প্রদানের পদক্ষেপ গ্রহণ করেছে।



সাউথইস্ট ব্যাংক লিমিটেড

www.southeastbank.com.bd

সাউথইস্ট ব্যাংক লিমিটেড ১৯৯৫ সালের ১২ মার্চ পাবলিক লিমিটেড কোম্পানী হিসাবে নিবন্ধিত হয় এবং একই বছরের ২৫ মে ৫০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ১০০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ডিসেম্বর ২০১৪ শেষে ব্যাংকটির অনুমোদিত মূলধন ১৫০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৯১৭০ মিলিয়ন টাকায় উন্নীত হয়।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৬১ শতাংশ ও ২.৭৩ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.২০ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তরলের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৮.৬৭ শতাংশ হ্রাস পেয়ে ২৯১৭৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৮২৩৪৭ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ২৪.১৫ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩০.২৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৪০৩৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ নতুন নতুন উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ এবং প্রচলিত গ্রাহকদের ঋণ সীমা বৃদ্ধির কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭৭.৩০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ডভেনসহ) বিতরণকৃত ঋণ ১৩৯৩১ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৭.৬৪ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ১৬.৯৩ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৩৪.৬৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৮৯৪৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ব্যাংকের কৌশলগত কারণেই SME-এর ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের হার ০.৩৬ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ০.৪২ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৬.২০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭৬১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ব্যাংক কৃষিখাতকে অধিকতর গুরুত্ব দেওয়ার কারণে কৃষি ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে। অর্ধবছর ১৪ এ পাবদি পণ্ড খাতের উন্নয়নে ১০৪.৩ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

খিন ব্যাংকিং : খিন ব্যাংকিং ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে প্রত্যক্ষ খিন ফাইন্যান্স এ ৮১.৩৯ শতাংশ এবং পরোক্ষ খিন ফাইন্যান্স এ ৫১.২৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে। খিন ব্যাংকিং কার্যক্রম জোরদারকরণ এবং খিন ফাইন্যান্স এ অধিক গুরুত্ব প্রদানের কারণে ২০১৪ সালে ব্যাংক খিন ফাইন্যান্সে এ প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হয়।


রেমিট্যান্স : রেমিট্যান্স সংগ্রহ ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে ২৪.০২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। উন্নত সেবা, বিদেশে এক্সচেঞ্জ হাউজ প্রতিষ্ঠা এবং সর্বোপরি দেশ ও বিদেশে রেমিট্যান্স সংগ্রহ ও বিতরণ ব্যবস্থা বৃদ্ধির কারণে রেমিট্যান্স বৃদ্ধি পেয়েছে। ওয়েস্টার্ন ইউনিয়ন, মানিগ্রাম, এক্সপ্রেস মানি ইত্যাদি সহ ৩৫টি রেমিট্যান্স এজেন্টের সংগে চুক্তিবদ্ধ হয়ে রেমিট্যান্স সংগ্রহে ভূমিকা রাখছে।

সিএসআর : ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে সিএসআর খাতে মোট ব্যয় ২১.৪২ শতাংশ বৃদ্ধি পায়। মূলত সাউথইস্ট ব্যাংক গ্রীন স্কুল প্রকল্প, দুর্গম চরাঞ্চলে স্কুল শিক্ষার্থীদের স্কুল ব্যাগ বিতরণ, স্কুল ভবন নির্মাণ ব্যয়, প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর মাঝে শীতবস্ত্র বিতরণ ও হাসপাতালে এ্যাম্বুলেন্স প্রদান, প্রধানমন্ত্রীর আশ তহবিলে অনুদানসহ বিভিন্ন শিক্ষা, স্বাস্থ্য ও অন্যান্য খাতে অনুদান বৃদ্ধির ফলে ২০১৪ সালে সিএসআর খাতে ব্যয় বৃদ্ধি পায়।

অটোমেশন : ২০১৪ সালে কোর ব্যাংকিং সফটওয়্যারের নতুন ভার্সন ২.০ বাস্তবায়ন করা হয়েছে, যা ২০১৩ সালে ছিল ১.০। নতুন ভার্সনে অধিকতর নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে এবং অপারেশন সংক্রান্ত কিছু বাতিল সুবিধাদি প্রদান করা হয়েছে। ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে ব্যাংকের এটিএম বুথের সংখ্যা বৃদ্ধির হার ৩০ শতাংশ এবং এটিএম ডেবিট কার্ডের সংখ্যা বৃদ্ধির হার ৪৬ শতাংশ।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৮৯ জন নারী উদ্যোক্তাকে ১২১৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৬৫ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১৩০৭ মিলিয়ন টাকার তুলনায় ৬.৭০ শতাংশ কম।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকের নতুন কিছু সন্ধাননাময় খাত, যেমন ঔষধ, তথ্য প্রযুক্তি, জাহাজ নির্মাণ, পাদুকাসহ অধিক পরিমাণ পরিবেশ বান্ধব শিল্পে বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্য গৃহীত হয়েছে। এছাড়াও দেশের সকল জেলার পল্লী অঞ্চলে শাখা সম্প্রসারণের মাধ্যমে অধিক সংখ্যক গ্রাহকের মধ্যে ক্ষুদ্র ও মাঝারী (SME) ও কৃষি ঋণ বিতরণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তারল্য বৃদ্ধি বিবেচনায় রেখে আমানত ব্যবস্থাপনায় স্বল্প আয়ের জনগোষ্ঠীর জন্য বিভিন্ন আমানত প্রকল্প চালু করাও ভবিষ্যৎ পরিকল্পনার অংশ।



ঢাকা ব্যাংক লিমিটেড

www.dhakabanktd.com

১৯৯৫ সালে বেসরকারি বাণিজ্যিক ব্যাংক হিসেবে ঢাকা ব্যাংক লিমিটেড আত্মপ্রকাশ করে। বর্তমানে দেশব্যাপী ২টি ইসলামী ব্যাংকিং শাখা এবং ১৬টি এডি শাখা সহ ৮১টি শাখা, ৪টি এসএমই সার্ভিস সেন্টার, ১টি অফশোর ব্যাংকিং ইউনিট, ১টি বিজনেস সেন্টার ও ৫৩টি অনলাইননেটিভ ডেলিভারি চ্যানেলের মাধ্যমে ব্যাংকিং সেবা প্রদান করছে।


২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৭২ শতাংশ ও ১.৯১ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় হুমহুর ব্যবধান ৫.১১ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অভিবৃত্তি তরলতার স্থিতি ২০১৩ সালের তুলনায় ২২.৭৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৪২৬০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক স্বাভাবিক অবদান চর্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১০৬৬৬৭ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৫৭.০ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৭.১৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৬০৮০৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ৮৪.৪ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১০৫৮৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১০.২ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ১০.৪০ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ২২.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৭০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে স্তোত্র ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১.২৯ শতাংশে দাঁড়িয়েছে।



কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ২.০৪ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২১.৩৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২১৭৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ঢাকা ব্যাংক কৃষকদের মাঝে প্রত্যক্ষ ঋণ বিতরণে উদ্যোগী হওয়ায় কৃষি ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে। অর্থবছর ১৪ এ গবাদি পশু খাতের উন্নয়নে ৩৮৯.২০ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৩ সালে ৩৪৯০.০ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে ৩৫৬০.০ মিলিয়ন টাকা ক্ষুদ্র ঋণ খাতে বিতরণ করা হয়েছে।

মিন ব্যাংকিং : ২০১৩ সালে বিতরণকৃত ঋণ ১৩৭০ মিলিয়ন টাকা ও ২০১৪ সালে বিতরণকৃত ঋণ ৫২ মিলিয়ন টাকা।

রেমিট্যান্স : রেমিট্যান্সের পরিমাণ ২০১৩ সালে ১৭৪৭১ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে ২২১৯৪ মিলিয়ন টাকা। প্রবাসী রেমিট্যান্স উত্তরোত্তর বৃদ্ধি এবং ব্যাংকের পরিষেবা ও পরিকাঠামোগত উন্নয়নের কারণে রেমিট্যান্সের পরিমাণ বেড়েছে। গ্লোবাল ইউনিয়ন, মানিগ্রামসহ ২০টি রেমিট্যান্স এজেন্টের সংগে চুক্তিবদ্ধ করে রেমিট্যান্স সংগ্রহে ভূমিকা রাখছে।

সিএসআর : ২০১৩ সালে ৩৭ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে ৬২ মিলিয়ন টাকা সিএসআর কার্যক্রমে প্রদান করা হয়।

মোবাইল ব্যাংকিং : ২০১৩ সালে এসএমএস ব্যাংকিং খাতে নিবন্ধনকৃত হিসাবের সংখ্যা ৮৩৯৯৩ ও ২০১৪ সালে ৭১২৫৮ ও লেনদেন হয় ২৬১.৪ মিলিয়ন টাকা।

অটোমেশন : অটোমেশন কার্যক্রমের আওতায় এটিএম ও এটিএম সার্ভিস, ইন্টারনেট ব্যাংকিং ও এসএমই ব্যাংকিং সেবা প্রদান করা হয়। ইন্টারনেট ব্যাংকিং গ্রাহকসংখ্যা ২০১৩ সালের ৯২০৩ থেকে প্রায় ১৭৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৫৩৫২ এ উন্নীত হয়েছে। ব্যাংকের অনলাইননেটিভ ডেলিভারি চ্যানেলের সংখ্যা ২০১৪ সাল শেষে দাঁড়ায় ৫৩টি যা ২০১৩ সালে ছিল ৫২টি। এছাড়াও ঢাকা ব্যাংক কার্ডস দেশব্যাপী উল্লেখযোগ্য এটিএম নেটওয়ার্ক এর অন্তর্ভুক্ত।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৫৫ জন নারী উদ্যোক্তাকে ১০৯ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে, যা ২০১৩ সালের ৪৮ জন নারী উদ্যোক্তার জন্য প্রদত্ত ৯৩ মিলিয়ন টাকার তুলনায় ১৭.৭ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : আধুনিক গবেষণা ও উন্নয়নের মাধ্যমে সার্বিক ব্যাংকিং অগ্রগতি অর্জনের জন্য ব্যাংকে ২০১১ সালে 'রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ইউনিট' নামে একটি স্বতন্ত্র ইউনিট প্রতিষ্ঠা করা হয়েছে। গত ৩ বছরে ব্যাংকিংগবেষণা কার্যক্রমের আওতায় গ্রাহক বাসস্থান বিভিন্ন পন্থা ও সেবা প্রচলন করা হয়েছে।

আল-আরাফাহ ইসলামি ব্যাংক লিমিটেড

www.al-arafahbank.com

আল-আরাফাহ ইসলামি ব্যাংক লিমিটেড ১৮ জুন ১৯৯৫ সালে ইসলামী শরীয়া ভিত্তিক ব্যাংক হিসাবে প্রতিষ্ঠা লাভ করে ২৭ সেপ্টেম্বর ১৯৯৫ থেকে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। অন-লাইন ব্যাংকিং সুবিধাসহ বর্তমানে ব্যাংকের মোট শাখার সংখ্যা ১১৯টি। এআইবিএল ক্যাপিট্যাল মার্কেট সার্ভিসেস লিঃ,এআইবিএল ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট লিঃ এবং এআইবিএল এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিঃ নামে তিনটি পৃথক সাবসিডিয়ারি কোম্পানী রয়েছে।


২০১৪ সালের ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৪০ শতাংশ ও ২.৬১ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ২.৯২ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তরল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৩৪.১০ শতাংশ বৃদ্ধি পেয়ে ৮১৮৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির বিনিয়োগ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প বিনিয়োগ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট বিনিয়োগ ও অগ্রিম ৩১৬৯২ মিলিয়ন টাকার মধ্যে শিল্পক্ষেত্রের অংশ ৫১.১১ শতাংশ। শিল্প বিনিয়োগের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৭.৭৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৬১৯৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প বিনিয়োগের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৩৭.৪৫ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নীট ও ওভেনসহ) বিনিয়োগের পরিমাণ ১০৪২০ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ৭.৩৭ শতাংশ।

SME বিনিয়োগ : ২০১৪ সালে মোট বিতরণকৃত বিনিয়োগের মধ্যে SME এর অবদান ৫৪.৩০ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME ঋতে বিনিয়োগের পরিমাণ ৩৮.৭৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৬৯৬৬৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোক্তা বিনিয়োগের অংশ মোট বিতরণকৃত বিনিয়োগের ০.০১ শতাংশে দাঁড়িয়েছে।



কৃষি বিনিয়োগ : ২০১৪-১৫ অর্থবছরের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৫১০ মিলিয়ন টাকার লক্ষ্যমাত্রার বিপরীতে ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত ১৬৮৫ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৬৭.২০ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকের মোট বিনিয়োগ ও অগ্রিম এর মধ্যে কৃষি বিনিয়োগের শেয়ার ৩.৫৩ শতাংশ। কৃষি বিনিয়োগের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৮.৯০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১১২০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অর্থবছর ১৪ এ গবাদি পশু খাতের উন্নয়নে ২৭৯.৯ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

সুদূর বিনিয়োগ : ২০১৪ সালে ৩৭৫৫ জন উদ্যোক্তাকে ১৮১২৪ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে, যা ২০১৩ সালে ২৯১৩ জন উদ্যোক্তার বিপরীতে ১২৬৪৩ মিলিয়ন টাকার তুলনায় ৪৭.৪৫ শতাংশ বেশি।

ছিন ব্যাংকিং : ২০১৪ সালে উজ্জ্বলভাবে বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ১৬১৮৯ মিলিয়ন টাকা, যা ২০১৩ সালের ১৮২৯ মিলিয়ন টাকার চেয়ে ৭৮৫ শতাংশ বেশি।

রেমিট্যান্স: ২০১৪ সালে ৮৫৪১ মিলিয়ন টাকা রেমিট্যান্স সংগৃহীত হয়েছে, যা ২০১৩ সালে ৭০৪২ মিলিয়ন টাকার তুলনায় ২১.২৮ শতাংশ বেশি।

সিএসআর: ২০১৪ সালে ৩২.৯ মিলিয়ন টাকার সিএসআর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে যা ২০১৩ সালে ছিল ৪৬.৫ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং : ৩০ মার্চ ২০১৫ তারিখে মোবাইল ব্যাংকিং কার্যক্রমের চুক্তি স্বাক্ষর করা হয়েছে। শীঘ্রই মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালু করা হবে।

অটোমেশন: অন-লাইন ব্যাংকিং সুবিধাসহ বর্তমানে ব্যাংকের মোট শাখা রয়েছে ১১৯টি। ২০১৫ সালে ১০টি নতুন শাখার অনুমোদন পেয়েছে। বর্তমানে সারাদেশে ব্যাংকের ৫৫টি এটিএম বুথ রয়েছে, ২০১৫ সালের ৬০টি নতুন এটিএম বুথ সারাদেশে স্থাপনের কাজ চলছে।

নারী উদ্যোক্তা: ২০১৪ সালে ৫০০জন নারী উদ্যোক্তাকে ১৫২২ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে, যা ২০১৩ সালে ৩৯০জন নারী উদ্যোক্তার বিপরীতে ৯৫০মিলিয়ন টাকার তুলনায় ৬০.২০শতাংশ বেশি।

সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড

www.sibibd.com

সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড (এসআইবিএল) ১৯৯৫ সালে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এসআইবিএল সারা দেশে ১০০ টি শাখার মাধ্যমে গ্রাম ও শহরের ধনী-গরীব নির্বিশেষে সকল গ্রাহকের জন্য আকর্ষণীয় আমানত ও বিনিয়োগ সুবিধা প্রদান করছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত এবং বিনিয়োগ ও অগ্রিম এর অংশ ব্যাংকিং খাতের আমানত এবং বিনিয়োগ ও অগ্রিমের মোট পরিমাণের যথাক্রমে ১.৭২ শতাংশ ও ১.৯৯ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং বিনিয়োগ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.০৬ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারলা ৫১.৩৩ শতাংশ হ্রাস পেয়ে ১২০৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির বিনিয়োগ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প বিনিয়োগ: ২০১৪ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম ৬৩৯০৪ মিলিয়ন টাকার মধ্যে শিল্প বিনিয়োগের অংশ ২৩.৫০ শতাংশ। শিল্প বিনিয়োগের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৯৭.১১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৫০১৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট শিল্প বিনিয়োগের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ৮০.৭৩ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নীট ও ওভেনসহ) বিতরণকৃত বিনিয়োগ ৯৯০৭ মিলিয়ন টাকা। এছাড়াও ফুটওয়্যার ও অন্যান্য ওয়্যারিং অ্যাপারেলস খাতে বিতরণকৃত বিনিয়োগের পরিমাণ ৫১০১ মিলিয়ন টাকা, যা মোট বিনিয়োগের ৪.৭৬ শতাংশ এবং পেপার এবং পেপার প্রোডাক্টস খাতে বিতরণকৃত বিনিয়োগের পরিমাণ ২৭৭৬ মিলিয়ন টাকা, যা মোট বিনিয়োগের ২.৫৭ শতাংশ।

SME বিনিয়োগ: ২০১৪ সালে মোট শিল্প বিনিয়োগের মধ্যে SME -এর অবদান ২৯.৩১ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME -এর বিনিয়োগ ১৬৭.১৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২১৩৫০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ লক্ষ্যমাত্রা বৃদ্ধির কারণে SME -এর বিনিয়োগ বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে ভোক্তা ঋণের অংশ মোট বিনিয়োগের ৪.২৯ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি বিনিয়োগ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিনিয়োগ ও অগ্রিম এর মধ্যে কৃষি বিনিয়োগের শেয়ার ২.৫২ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৮৬.৫৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৬০৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ কৃষি বিনিয়োগ লক্ষ্যমাত্রা বৃদ্ধির কারণে কৃষি বিনিয়োগের বৃদ্ধি ঘটেছে। অর্থবছর ১৪ এ গবাদি পশু খাতের উন্নয়নে ৩১.৯ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

গ্রিন ব্যাংকিং : ২০১৩ সালে ১০৮০ মিলিয়ন টাকা গ্রিন ব্যাংকিং-এ অর্থায়ন করে এবং ২০১৪ সালে এ-খাতে অর্থায়নের পরিমাণ হচ্ছে ৯০১ মিলিয়ন টাকা।


রেমিট্যান্স : ২০১৩ সালে সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড এর মোট রেমিট্যান্স এর পরিমাণ ছিল ৬৭৪০ মিলিয়ন টাকা। ২০১৪ সালে তা বৃদ্ধি পেয়ে ৭৮৪০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর কার্যক্রমে সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেডের অবদান ছিল ৫৩ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে সিএসআর কার্যক্রমে আইম ব্যাংকের অবদান ছিল ৬৫ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং : সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, "এস.আই.বি.এল. আকাশ" শিরোনামে মোবাইল ব্যাংকিং কার্যক্রম ২০১৪ সালে হাতে নেয়া হয়েছে, যা কেন্দ্রীয় ব্যাংকে প্রক্রিয়াজাত রয়েছে।

অটোমেশন : প্রযুক্তি এবং প্রযুক্তি-ব্যবস্থাপনায় সম্পূর্ণ নিরাপদ আধুনিক প্রযুক্তির সমন্বয়ে ২০১৩ সালে আইটি ডিভিশনে গ্রাহক বাস্তব অনেক প্রকল্প বাস্তবায়িত হয়েছে। সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড তার Banking Technology কে নতুন নতুন সফটওয়্যার সংযোজনের মাধ্যমে আধুনিক ব্যাংকিং সেবা গ্রাহক পর্যায়ে উপস্থাপিত করেছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৩৬৮ জন নারী উদ্যোক্তাকে ৪৩৮ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৩৩ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৭১ কোটি টাকার তুলনায় ৫১৬.৯০ শতাংশ বেশি।



ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড

www.dutchbanglabank.com

দি নেদারল্যান্ডস ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানি (একএমও) এবং বাংলাদেশী উদ্যোক্তাগণের যৌথ উদ্যোগে ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড (ডিবিবিএল) ৩ জুন ১৯৯৬ হতে বাংলাদেশে ব্যাংকিং ব্যবসা শুরু করে। কৌশলগত পরিকল্পনার অংশ হিসেবে ব্যাংক আইটি নেটওয়ার্কের উন্নয়ন ও সম্প্রসারণ, এটিএম, ফাস্ট ট্র্যাক, কার্ড ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সেবার মান উন্নয়ন ও সম্প্রসারণের পাশাপাশি শাখা নেটওয়ার্ক সম্প্রসারণ এবং সামাজিক কার্যক্রমে বিনিয়োগের ব্যাংকিং সেবা প্রদান করেছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৩০ শতাংশ ও ২.৩১ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৮.১৫ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অভিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৫.৫৯ শতাংশ হ্রাস পেয়ে ১০৮১৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক ঋণজিন্তিক অবদান চর্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্পঋণ কার্যক্রম বিশ্লেষণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৪৭৪৮২ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৫০.৪৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৬.০৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭৪৩৯০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ শিল্পের সম্প্রসারণের কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৫৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতার তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৩০৯৭১ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২১ শতাংশ। এছাড়াও জায়রন স্টিল এলুমিনিয়াম খাতে বিতরণকৃত ঋণ ৫৭২০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৪ শতাংশ।

SME ঋণ: ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ২১ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME-খাতে ঋণ বিতরণ ৪.০৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ২২৪৯৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ নতুন নতুন Customer কে নতুন ঋণ প্রদানের কারণে SME-এর ঋণ বিতরণে বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৩ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.৩৫ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১৯৯৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অর্থবছর ১৪ এ গবাদি পশু খাতের উন্নয়নে ২৭৭.৭ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৩ সালে ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ছিল ১,০৪৫ মিলিয়ন টাকা যা ২০১৪ সালে ২.৯৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ১,০৭৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ক্ষুদ্র ঋণ উপযোগী সঠিক গ্রাহক নির্বাচন, যুগোপযোগী দুই পর্বলোচনা ও নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে ক্ষুদ্র ঋণের প্রবৃদ্ধি অর্জন সম্ভব হয়েছে।

মিন ব্যাংকিং : ২০১৪ সালে এ ব্যাংকটি সর্বমোট ৬১৩ মিলিয়ন টাকা Direct Green Finance খাতে ঋণ বিতরণ করেছে এবং ৪২৮২৮ মিলিয়ন টাকা Indirect Green Finance (environmentally complied factory)-খাতে ঋণ বিতরণ করেছে। Direct Green Finance খাতে এখন পর্যন্ত ইটিপি সংস্থাপন ব্যয়, টানেল ক্লিন প্রজেক্ট, সোলার হোম সিস্টেম ইত্যাদিতে অর্থায়ন করা হয়েছে।


রেমিট্যান্স : ডাচ-বাংলা ব্যাংকের মাধ্যমে ২০১৪ সালে মোট ২৬৭০১৯ মিলিয়ন টাকা ফরেন রেমিট্যান্স এসেছে, যা ২০১৩ সালের তুলনায় শতকরা ৩২.৩০ ভাগ বেশি। এ প্রবৃদ্ধির মূল কারণ গেলি বাংলাদেশে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি এবং নতুন নতুন এক্সচেঞ্জ কোম্পানীর সঙ্গে ডাচ-বাংলা ব্যাংকের রেমিট্যান্স ড্রয়িং ব্যবস্থা স্থাপন।

সিএসআর : ২০১৩ সালে ৭৮৮ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে ১১১৬ মিলিয়ন টাকা সিএসআর খাতে প্রদান করেছে।

মোবাইল ব্যাংকিং : ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে মোবাইল ব্যাংকিং কার্যক্রমের এজেন্ট ৫৪.৮ শতাংশ ও লেনদেন ১৮৮.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে লেনদেনের সংখ্যা ৩৬৯০ হাজারে এবং লেনদেনের পরিমাণ ১৫৯১০৬.৫ মিলিয়ন টাকায় উন্নীত হয়।

অটোমেশন : ডাচ-বাংলা ব্যাংক বাংলাদেশের মধ্যে সবচেয়ে বৃহত্তম এটিএম ও ফাস্ট ট্র্যাক নেটওয়ার্ক স্থাপন এবং সর্বপ্রথম মোবাইল ব্যাংকিং সেবা চালু করেছে। ২০১৪ সালের শেষে, ডিবিবিএল তার ১৪৫টি শাখা, ২৭০৫টি এটিএম (ATM), ৩৬৫টি ফাস্ট ট্র্যাক (Fast Track), স্টুডেন্টস ইলেক্ট্রনিক বুথ এবং ৭৫৯৯টি পিওএস (POS) টার্মিনালের মাধ্যমে এই সেবা সারা দেশে ছড়িয়ে দিয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৩৩ জন নারী উদ্যোক্তাকে ৩৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ২৮ জন নারী উদ্যোক্তার বিপরীতে ২০ মিলিয়ন টাকার তুলনায় ৪৪.১২ শতাংশ বেশি।



মার্কেটাইল ব্যাংক লিমিটেড

www.mblbd.com

১৯৯৯ সালের ২ জুন বাংলাদেশের সব শ্রেণী-পেশার জনসাধারণকে আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের জন্য তৃতীয় প্রজন্মের বাণিজ্যিক ব্যাংক হিসেবে মার্কেটাইল ব্যাংক যাত্রা শুরু করে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির বর্ধক্রেমে ১.৯৪ শতাংশ ও ২.১৬ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.০২ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৪১.৮১ শতাংশ হ্রাস পেয়ে ৭৯৩৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৮৬৪৯৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৩০.৪০ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৯.৬৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ২৬২৯৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান/শেয়ার ২১.৯৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও গুডেনসহ) বিতরণকৃত ঋণ ৩৬১১ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৪৬.৫ শতাংশ। এছাড়াও প্রকৌশল খাতে বিতরণকৃত ঋণ ২,৪৮৫ মিলিয়ন টাকা।



SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME -এর

অবদান ৭.৭৫ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ১২.৯৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৯,০৬৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোজ্য ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৮.৮৬ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ২.৪৭ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪৮.৫৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২,১৩৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অর্থবছর ১৪ এ গবাদি পশু খাতের উন্নয়নে ১৩৩.০ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র ঋণ : ক্ষুদ্র ঋণ প্রদানের ক্ষেত্রে বিশেষ মনোযোগ প্রদানের ফলে ২০১৪ সালে এ খাতে ব্যাংকের বিতরণকৃত ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১১৭.৪২ শতাংশ বৃদ্ধি পেয়ে ১,৫৪৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং : গ্রিন ব্যাংকিং সচেতনতা বৃদ্ধির কারণে ২০১৪ সালে এ খাতে ব্যাংকের বিতরণকৃত ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪৫৫ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ৭১৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স : নেটওয়ার্ক সম্প্রসারণ ও উন্নত সেবা প্রদানে বিশেষ মনোযোগী হওয়ার ফলে ২০১৪ সালে ব্যাংকের আহরণকৃত রেমিট্যান্সের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪৬.৩৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৮,২০৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর : ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে সিএসআর খাতে প্রদানকৃত অর্থের পরিমাণ ৩৬ শতাংশ হ্রাস পেয়ে ৫৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

মোবাইল ব্যাংকিং : ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে ব্যাংকের মোবাইল ব্যাংকিং এর গ্রাহক সংখ্যা ৫১ হাজার হতে বৃদ্ধি পেয়ে ৭০০ হাজারে দাঁড়িয়েছে এবং ২০১৪ সালে লেনদেন হয়েছে ১১২৬.৬ মিলিয়ন টাকা।

অটোমেশন : ২০১৪ সালে ব্যাংকের ১০০টি শাখার মধ্যে ৭৫ টি শাখা অটোমেশন কার্যক্রমের আওতাভুক্ত হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ২৬৫ জন নারী উদ্যোক্তাকে ২৮৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৩১৩ জন নারী উদ্যোক্তার বিপরীতে ২৪৯ মিলিয়ন টাকার তুলনায় ১৪ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : গবেষণা ও পরিকল্পনা বিভাগ ব্যাংকের ব্যবসা সম্পর্কিত নতুন নতুন পরিকল্পনা ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করার মাধ্যমে উন্নত গ্রাহক সেবা প্রদানে সচেষ্ট হচ্ছে।

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড

www.standardbankbd.com

স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড ১৯৯৯ সালের ১১ মে পাবলিক লিমিটেড হিসেবে নিবন্ধিত হয় এবং ৩ জন বাণিজ্যিক ভাবে যাত্রা শুরু করে। ২০১৪ সালে ব্যাংকের পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় ৫৭০২ মিলিয়ন টাকা। দেশব্যাপী বিস্তৃত ৯৭টি শাখার মধ্যে এডি ব্রাঞ্চার সংখ্যা ১৮টি, বিদেশে অবস্থিত ০টি এলসেঞ্জ কোম্পানী এবং ১টি মার্চেন্ট ব্যাংকিং ও ১টি সিকিউরিটি হাউজের মাধ্যমে আর্থিক সেবা প্রদান করছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৩৪ শতাংশ ও ১.৪৮ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৯৮ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৭.৯৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৯৮০৩৫ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৩৮.৫০ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫৭.৯০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩৭৭৪১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ৫৩.০৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ডজেনসহ) বিতরণকৃত ঋণ ৩৬৪৫ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৩.৭২ শতাংশ। এছাড়াও কেমিক্যাল ও সিমেন্ট শিল্প খাতে বিতরণকৃত ঋণ ৩০৫৫ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৩.১২ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ৪.৩১ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৩০.০৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৬০৭৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ নতুন উদ্যোক্তার সংখ্যা বৃদ্ধি ও এসএমই খাতকে প্রাধান্য দেয়ার কারণে SME-এর ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ০.৪২ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ২.০৯ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৭৩.৯৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২০৪৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অর্ধবছর ১৪ এ গবাদি পশু খাতের উন্নয়নে ১৯১.২ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

মিন ব্যাংকিং : ২০১৩ সালে ব্যাংকের মিন ব্যাংকিং খাতে অর্থায়নের পরিমাণ ছিল সর্বমোট ৩২০ মিলিয়ন টাকা। ২০১৪ সালে এ খাতে নতুন ৪৯ মিলিয়ন টাকা অর্থায়ন করা হয়েছে।

রেমিট্যান্স : ২০১৩ সালে প্রাপ্ত রেমিট্যান্স এর পরিমাণ ছিল ৪৪৬৪ মিলিয়ন টাকা। ২০১৩ সালের তুলনায় রেমিট্যান্স আন্তঃপ্রবাহ বৃদ্ধি পেয়েছে ৪৬.১৯ শতাংশ। ২০১৪ সালে প্রাপ্ত রেমিট্যান্স এর পরিমাণ ৬৫২৬ মিলিয়ন টাকা। ২০১৪ সালে এলসেঞ্জ হাউজ-এর বৃহৎ সংখ্যা বৃদ্ধি পাওয়ায় রেমিট্যান্স এর পরিমাণ বৃদ্ধি পেয়েছে। নিজস্ব ৩টি এলসেঞ্জ হাউজ সহ ১১টি রেমিট্যান্স এজেন্টের সংগে চুক্তিবদ্ধ হয়ে রেমিট্যান্স সংগ্ৰহে ভূমিকা রাখছে।

সিএসআর : ২০১৩ সালে ব্যাংকের সিএসআর খাতে মোট ব্যয়ের পরিমাণ ছিল ৭৬ মিলিয়ন টাকা। ২০১৪ সালে সিএসআর খাতে ব্যয়ের পরিমাণ দাঁড়ায় ৪৮ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং : ব্যাংক ২০১৪ সালের আগস্ট মাস থেকে মোবাইল ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে। ২০১৪ সালে মোট ৩৩৬ টি হিসাবের মাধ্যমে মোট ০.১১ মিলিয়ন টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে লেনদেন হয়।

অটোমেশন : ২০১৪ সালে আমাদের ব্যাংকে ওরাকল ১১জি ডাটাবেইজ এবং এ্যাকটিভ ডাটা গার্ড বাস্তবায়ন করা হয়। ইমেইল ব্যবস্থা এবং উন্নতমানের গুয়েব বেজড ব্যাংকিং সফটওয়্যার চালু করা হয়। ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে সব শাখায় ই-জিপি ব্যবস্থা এবং ওয়াসা অনলাইন বিল সংগ্রহ ব্যবস্থা চালু করা হয়েছে। এছাড়া, ব্যাংকের সকল শাখা কোর ব্যাংকিং সিস্টেমের অন্তর্ভুক্ত।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ২৪ জন নারী উদ্যোক্তাকে ৩২৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১৩ জন নারী উদ্যোক্তাকে প্রদান করা হয়েছিল ২৫৩ মিলিয়ন টাকা।

ঋণবিহীন উন্নয়ন পরিকল্পনা : দেশের ব্যবসা-বাণিজ্যে পতিশীলতা আনয়নের লক্ষ্যে যুগ্ম ও মাঝারি খাতে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি করা। দেশের কৃষি, কৃষক তথা আপামর পরিচিত জনসাধারণের জীবন মান উন্নয়নের লক্ষ্যে কৃষি খাতে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি করা। মূলধনের পর্যাপ্ততা, সম্পদের গুণগত দক্ষ ব্যবস্থাপনা এবং মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দেশের অন্যতম বেসরকারি ব্যাংক হিসেবে প্রতিষ্ঠা করা।



ওয়ান ব্যাংক লিমিটেড

www.onebank.com.bd

ওয়ান ব্যাংক একটি বেসরকারি বাণিজ্যিক ব্যাংক হিসেবে ১৯৯৯ সালের ১৪ জুলাই ব্যাংকিং কার্যক্রম শুরু করে এবং কোম্পানি আইন অনুযায়ী রেজিস্টার অব জয়েন্ট স্টক অব কোম্পানিজ এর সহিত ১৯৯৯ সালের মে মাসে নিবন্ধিত হয়।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৩৮ শতাংশ ও ১.৬৭ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৭.৩২ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৩৬৬.৯০ শতাংশ বৃদ্ধি পেয়ে ৭১৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৫০২০২ মিলিয়ন টাকার মধ্যে শিল্পক্ষেত্রের অংশ ৩৪.২১ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫৩.৫৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫১৩৮৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ব্যাংক কর্তৃক শিল্পখাতকে অগ্রাধিকার দেয়ার কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৩২.১৬ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ২১৫৪০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৪.৩৪ শতাংশ। এছাড়াও টেক্সটাইল ও স্পিনিং খাতে বিতরণকৃত ঋণ ৫০৭৭ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৩.৩৮ শতাংশ এবং স্টীল ইঞ্জিনিয়ারিং খাতে বিতরণকৃত ঋণ ৪০৮১ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২.৭২ শতাংশ।

SME ঋণ: ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME -এর অবদান ৭.৭১ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ২০.২০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৭৬১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ এই খাতে ব্যাংকের ঋণ বিতরণের সহজ শর্তের কারণে কারণে SME -এর ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৮৩.২৪ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ০.৭৪ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২১.৩৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১১১৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ অগ্রাধিকার তিরিতে কৃষি খাতে ঋণ বিতরণ এর কারণে কৃষি ঋণের বৃদ্ধি ঘটেছে। অর্থবছর ১৪ এ গবাদি পশু খাতের উন্নয়নে ১৫৪.৭ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

গ্রিন ব্যাংকিং : গ্রিন ব্যাংকিং খাতে বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৯.১৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩.৪২৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলত ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালের ওয়ান ব্যাংকের শাখাসমূহে বিদ্যমান ইটিপি সম্বলিত শিল্পে অধিক হারে ঋণ বিতরণ হওয়ায় ব্যাংকের গ্রিন ফাইন্যান্স উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পায়।

রেমিট্যান্স : রেমিট্যান্সের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৯.৭০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০০৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। USA এবং ইউরোপের কিছু দেশের অর্থনৈতিক অবস্থার উন্নতি হওয়ার কারণে রেমিট্যান্সের আন্তঃপ্রবাহ বৃদ্ধি পায়।

সিএসআর : ২০১৩ সালে ব্যাংকটি সিএসআর-এর আওতায় ৩৪ মিলিয়ন টাকা প্রদান করেছিল এবং ২০১৪ সালে প্রদান করেছে ২৫ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং : ওয়ান ব্যাংক ২০১৩ সালের ৫ সেপ্টেম্বর "OKBanking" নামে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস চালু করে। ২০১৩ সালে "OKBanking" আওতায় মোবাইল ব্যাংকিং হিসাব সংখ্যা এবং মোট লেনদেন যথাক্রমে প্রায় ২৮ হাজার ও ১৪ মিলিয়ন টাকা, যা ২০১৪ সাল শেষে দাঁড়ায় যথাক্রমে প্রায় ১০৫.৬ হাজার ও ৩১.৮ মিলিয়ন টাকা।

অটোমেশন : ২০১৪ সালে অটোমেশন কার্যক্রমের মধ্যকার সেন্টার খোলা,DESCO অনলাইন বিল কালেকশন চালুকরণ,কার্ড সংক্রান্ত লেনদেনের জন্য NPSB (National Payment Switch)নেটওয়ার্কে সংযোগ, ওয়েব স্টেটমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম চালু এবং Anti Money Laundering সফটওয়্যার goAML গ্রহণে বাস্তবায়ন করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১৩৯ জন নারী উদ্যোক্তাকে ৪৫৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৭৮ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১৫২ মিলিয়ন টাকার তুলনায় ৬৬.৭৬ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ওয়ান ব্যাংক লিমিটেড এর ২০১৪ সালে গৃহীত পরিকল্পনা সমূহ হলোঃ (১) বিকল্প ঋণ বিতরণ ব্যবস্থাকে গ্রাহকবান্ধব করা (২) প্রচলিত ঋণ বিতরণ ব্যবস্থার বাহ্যিকরূপে নান্দনিকতা আনয়ন (৩) গ্রাহকসেবা পরিবৃদ্ধির জন্য প্রয়োজনীয় অবকাঠামোর উন্নয়ন এবং (৪) আধুনিক ঋণ বিতরণ ব্যবস্থার প্রতি জোর প্রদান।



এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড

www.eximbankbd.com

১৯৯৯ সালের ৩ আগস্ট তৃতীয় প্রজন্মের সাধারণ ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করা এ ব্যাংকটি ২০০৪ সালের ১ জুলাই থেকে সম্পূর্ণ ইসলামী শরীয়াহ মোতাবেক পরিচালিত হচ্ছে। প্রতিষ্ঠাকালীন পরিশোধিত মূলধন ছিল ২২৫ মিলিয়ন টাকা, যা বর্তমানে বৃদ্ধি পেয়ে ১২৮৩৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২৪৪৫ জনশক্তি নিয়ে ৮৭টি শাখার মাধ্যমে ব্যাংকটি গ্রাহক সেবা প্রদান করছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং বিনিয়োগ ও অগ্রিম স্থিতির শেষার ব্যাংকিং খাতের মোট আমানত এবং বিনিয়োগ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৭৬ শতাংশ ও ৩.২৯ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং বিনিয়োগ ও অগ্রিমের গড় মুনাফা হার ব্যবধান ৪.৮৭ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত ভারতের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৩১.৫৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ৯৫৭২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির বিনিয়োগ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।


উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প বিনিয়োগ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট বিনিয়োগ ও অগ্রিম ২৫২৪২৮.৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্প বিনিয়োগের অংশ ২৪.৯৪ শতাংশ। শিল্প বিনিয়োগের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৭৫.৯০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৬২৯৪৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প: ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প বিনিয়োগের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৬৭.৮৫ শতাংশ, যা ৪২৭০৯ মিলিয়ন টাকা।

এসএমই বিনিয়োগ : ২০১৪ সালে মোট বিতরণকৃত বিনিয়োগের মধ্যে এসএমই এর অবদান ২৩.০৮ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এসএমই বিনিয়োগ স্থিতি ২৮.৮২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮৩৩৭১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোক্তা বিনিয়োগের অংশ মোট বিনিয়োগের ০.১৬ শতাংশ দাঁড়িয়েছে।

কৃষি বিনিয়োগ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত বিনিয়োগ এর মধ্যে কৃষি খাতে বিনিয়োগের শেষার ১.১৬ শতাংশ। কৃষি বিনিয়োগের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪.৬৪ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ২৯১৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালের বর্ধিত কৃষি বিনিয়োগের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ার কারণে কৃষি বিনিয়োগের বৃদ্ধি ঘটেছে। অর্ধবছর ১৪ এ গবাদি পশু খাতের উন্নয়নে ৫২২.১৭ মিলিয়ন টাকা খণ্ড দেয়া হয়েছে।



ক্ষুদ্র বিনিয়োগ : ২০১৪ সালে মোট বিতরণকৃত বিনিয়োগের মধ্যে ক্ষুদ্র বিনিয়োগ এর অবদান ১০.০১ শতাংশ। ২০১৩ সালের তুলনায় ক্ষুদ্র বিনিয়োগ স্থিতি ১৬.৬২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৮৯৬১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

খিন ব্যাংকিং : ২০১৩ সালের তুলনায় খিন ব্যাংকিং কার্যক্রম ৩৯.১২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২০৫৬৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স : ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে রেমিট্যান্স এর পরিমাণ ৩০.৭১ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৭৭৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। শাখা ও গ্রাহক সংখ্যা বৃদ্ধির মাধ্যমে রেমিট্যান্স বিতরণ প্রসারিত হওয়ার এ প্রবৃদ্ধি হয়েছে।

সিএসআর : “এক্সিম ব্যাংক ফাউন্ডেশন” এর মাধ্যমে ব্যাংকের অধিকাংশ সিএসআর কার্যক্রম পরিচালনা করা হয়। ব্যাংক ও ফাউন্ডেশনের কার্যকরী সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা, স্বাস্থ্য, দুর্ঘোণ ব্যবস্থাপনা, ক্রীড়া, শিল্প ও সংস্কৃতিসহ বিভিন্ন ক্ষেত্রে সহায়তা প্রদান করা হয়। এক্সিম ব্যাংক ও এক্সিম ব্যাংক ফাউন্ডেশনের ২০১৪ সালে ৩২৫ মিলিয়ন টাকা কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমে ব্যয়িত হয়।

মোবাইল ব্যাংকিং : ২০১৪ সালে সেপ্টেম্বর মাসে মোবাইল ব্যাংকিং কার্যক্রম পূর্ণাঙ্গভাবে শুরু হয়েছে। ৪১০৯ টি গ্রাহক হিসাব এবং ৫২টি এজেন্ট এর মাধ্যমে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ৩৬ মিলিয়ন টাকার লেনদেন সম্পন্ন হয়েছে।

অটোমেশন : কোর ব্যাংকিং সফটওয়্যার এর মাধ্যমে শতভাগ অটোমেটেড পদ্ধতিতে সকল শাখা পরিচালিত হচ্ছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১৫৮ জন নারী উদ্যোক্তাকে ৪৪৫৭ মিলিয়ন টাকা বিনিয়োগ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ২১০ জন নারী উদ্যোক্তার বিপরীতে বিতরণকৃত ৫০৭৫ মিলিয়ন টাকার তুলনায় ১২.১৮ শতাংশ কম।

বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড

www.bcbld.com

১৯৯৭ সালে জাতীয় সংসদে শাসন করা ১২শং আইন বলে 'বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড' প্রতিষ্ঠিত হয় এবং ১৬ সেপ্টেম্বর ১৯৯৯ তারিখে আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ব্যাংকের ৪৮টি শাখার মধ্যে এডি ব্রাঞ্চার সংখ্যা ৯ টি।

২০১৪ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতি ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম এর যথাক্রমে ০.৩২ শতাংশ ও ০.২৯ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.২৫ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তুলনায় স্থিতি ২০১৩ সালের তুলনায় ৪০ শতাংশ বৃদ্ধি পেয়ে ৫৭৭১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক স্বাভাবিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম স্থিতির ৪২০২ মিলিয়ন টাকার মধ্যে শিল্পক্ষেত্রের অংশ ২৩.১৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৬৬.৪৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৯৭২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৩.১৪ শতাংশ। এছাড়াও ক্ষুদ্র ম্যানুফেকচারিং এন্ড বেভারেজ খাতে বিতরণকৃত ঋণ ২০০ মিলিয়ন টাকা।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর

অবদান ৭৩.১৫ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৩৯.২৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩০৭৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টির কারণে SME-এর ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ০.৭৭ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ৯.১৫ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৪৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪০৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। শহরের বাইরে নতুন শাখা খোলার মাধ্যমে পল্লী ঋণ বিতরণের কারণে কৃষি ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে। অর্ধবছর ১৪ এ গবাদি পশু খাতের উন্নয়নে ৬০.০ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে ক্ষুদ্র ঋণ কার্যক্রম খাতে ঋণের শেয়ার ৫.১৫ শতাংশ। ক্ষুদ্র ঋণ কার্যক্রম খাতে ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩.৫০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২১৬.৫০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। নতুন নতুন ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টির কারণে ক্ষুদ্র ঋণ খাতে ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে।

মিনি ব্যাংকিং : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে মিনি ব্যাংকিং কার্যক্রমে ঋণের শেয়ার ১.১২ শতাংশ। মিনি ব্যাংকিং কার্যক্রম খাতে ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১.০৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৭.০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিট্যান্স : ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে রেমিট্যান্স ৩৬.৭৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মূলতঃ শাখা বৃদ্ধি ও বিতরণ কার্যক্রম দ্রুতকরণে রেমিট্যান্স বৃদ্ধি পেয়েছে। ওয়েস্টার্ন ইউনিয়ন, মানিগ্রাম, এন্ড্রোস মানি এ ৩টি রেমিট্যান্স এজেন্টের সংগে চুক্তিবদ্ধ হয়ে রেমিট্যান্স সংগ্রহে ভূমিকা রাখছে।


সিএসআর : ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে সিএসআর খাতে ব্যয় ৪১ শতাংশ হ্রাস পায়। ব্যাংকের আয় হ্রাস পাওয়ার কারণে সিএসআর ব্যয় তুলনামূলক হ্রাস পায়।

মোবাইল ব্যাংকিং : ২০১৪ সালে ব্যাংক মোবাইল ব্যাংকিং কার্যক্রম শুরু করে। বর্তমানে ব্যাংকের মোবাইল ব্যাংকিং এজেন্ট সংখ্যা ৩০৪, সুবিধাজোগীর সংখ্যা ৬১৫ এবং লেনদেনকৃত টাকার পরিমাণ ২৬১৪.৫ মিলিয়ন টাকা।

অটোমেশন : ২০১৩ সালে ব্যাংকের ৪০টি শাখার সবক'টি শাখা -ই অটোমেশনের আওতায় ছিল। বর্তমানে ৪৮টি শাখার সবক'টি শাখা-ই কোর ব্যাংকিং এর আওতায় এসেছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ২৭ জন নারী উদ্যোক্তাকে ২৭.২০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৬ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৬.৫০ মিলিয়ন টাকার তুলনায় ০.৫৪ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংক এর প্রণয়নকৃত উন্নয়ন পরিকল্পনাসমূহ হল- প্রযুক্তিগত উৎকর্ষতা অর্জন এবং আর্থিক অন্তর্ভুক্তির জন্য উদ্যোগী কার্যক্রম গ্রহণ করা, গ্রাহক ভিত্তি সম্প্রসারণ, আমানতের ক্রমবর্ধমান ধারা বজায় রাখা এবং অলস সম্পদের পরিমাণ কমানো, রিসেলনশীপ ব্যাংকিং প্রতিষ্ঠা এবং সেবার ধারাবাহিক মান উন্নয়ন, পরিবেশ বান্ধব বিনিয়োগ নিশ্চিত করা।



মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড

www.mutualtrustbank.com

মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ ১৯৯৯ সালের ২৪ অক্টোবর ব্যাংকিং কার্যক্রম আরম্ভ করে। ২০১৪ সাল শেষে এর অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ১০০০০ মিলিয়ন টাকা ও ৩০৭৭ মিলিয়ন টাকা। ব্যাংকটি তিনটি অঙ্গ প্রতিষ্ঠান (এমটিবি সিকিউরিটিজ লিঃ, এমটিবি ক্যাপিটাল লিঃ এবং এমটিবি এক্সচেঞ্জ ইউ কে লিঃ) স্থাপনের মাধ্যমে ব্যবসায় সম্প্রসারণ ঘটিয়েছে। বর্তমানে সারা দেশে এমটিবির ১০৩টি শাখা, ১৯৩টি এটিএম, ৮টি কিয়স্ক ও ১৯০০টি পস মেশিন রয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৩৪ শতাংশ ও ১.৪৩ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৮৬ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অভিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৫০.০০ শতাংশ হ্রাস পেয়ে ৭৪৮৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক ঋণভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৭৬৭৬ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৭৭.০৬ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৮০.২৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২১৩২৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৬৭.৩৫ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোশাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৪০৯৯ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৪.৮১ শতাংশ। এছাড়াও টেক্সটাইল খাতে বিতরণকৃত ঋণ ৫৭৩ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২.০৭ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ১০.০৬ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৯৩.৩৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৯৯৭৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোজা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ০.৬৫ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেষার ৪.৮২ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ০.৩৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৩৩৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ গ্রাহক চাহিদার কারণে কৃষি ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে। অর্ধবছর ১৪ এ গবাদি পশু খাতের উন্নয়নে ৩৪৪.৫০ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র ঋণ : ক্ষুদ্র ঋণ প্রদানের ক্ষেত্রে বিশেষ মনোযোগ প্রদানের ফলে ২০১৪ সালে এ খাতে ব্যাংকের বিতরণকৃত ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১১.৪৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৩৪৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

জিন ব্যাংকিং : ২০১৩ সালে জিন ব্যাংকিং খাতে ঋণের পরিমাণ ছিল ৬৭ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে ছিল ৩৯৪ মিলিয়ন টাকা, গ্রাহক চাহিদার কারণে সংশ্লিষ্ট খাতে ঋণের পরিমাণ ৪৮৬.২৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

রেমিট্যান্স : ২০১৩ সালে রেমিট্যান্সের পরিমাণ ৭৬৯১ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে রেমিট্যান্সের পরিমাণ ১১০৭০ মিলিয়ন টাকা। ২০১৩ সালের চেয়ে ২০১৪ সালে ৩৩৭৯ মিলিয়ন টাকা রেমিটেন্স বেশি অর্জিত হয়। রেমিট্যান্সের বৈদেশিক বিনিময় হার স্থিতিশীল থাকায় এর প্রধান কারণ।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর খাতে খরচের পরিমাণ ছিল ২০ মিলিয়ন টাকা ও ২০১৪ সালে সিএসআর খাতে খরচের পরিমাণ দাঁড়ায় ২১ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং : মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ ও ফ্লোরা টেলিকম লিঃ যৌথভাবে মার্চ ২০১৪ এ পরীক্ষামূলক মোবাইল ব্যাংকিং শুরু করে। বর্তমানে সারাদেশে ৬৮৮ জন এজেন্ট এবং ২৪ জন ডিস্ট্রিবিউটর নিয়োগ করা হয়েছে।

অটোমেশন : এমটিবি টাওয়ারে একটি নতুন ডাটা সেন্টার স্থাপন ইন্টারনেট ব্যাংকিং অ্যাপলিকেশন চালু এবং ন্যাশনাল পেমেট সুইচ বাংলাদেশ দ্বারা সম্পাদিত লেনদেনে অংশগ্রহণ। ২০১৪ সালে এমটিবি টাওয়ারে একটি ডিজাস্টার রিকভারি ডাটা সেন্টার স্থাপন, এটিএম, POS (পস) এবং কার্ড সিস্টেম, কোর ব্যাংকিং সিস্টেম এর প্রকৃত উন্নয়ন, আইফোন ও আইপ্যাড এর জন্য ইন্টারনেট ব্যাংকিং অ্যাপলিকেশন চালু, এএমএল এবং সিএফটি কার্যক্রমের আওতায় ইউএন এবং ওফ্রাক স্যাংশন লিস্ট জিনিং সফটওয়্যার চালুকরণ।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১৩৯ জন নারী উদ্যোক্তাকে ১৪৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১৭৭ জন নারী উদ্যোক্তার বিপরীতে প্রদানকৃত ২১০ মিলিয়ন টাকার তুলনায় ৩১.৯০ শতাংশ কম।



ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড

www.fsibbd.com

ফার্স্ট সিকিউরিটি ব্যাংক লিমিটেডে ২৫ অক্টোবর ১৯৯৯ সাল থেকে বাণিজ্যিক কার্যক্রম শুরু করে যা ২০০৯ সালের ১ জানুয়ারীতে একটি পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকে রূপান্তরিত হয়। ৩১ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ব্যাংকের ১৩৭টি শাখার মধ্যে এডি ব্রাঙ্কের সংখ্যা ১১টি এবং নিজস্ব ৮০ টি এটিএম বুথসহ সুবিশাল এটিএম নেটওয়ার্ক রয়েছে।


২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং বিনিয়োগ (বিনিয়োগ ও অগ্রিম) স্থিতির শেষার ব্যাংকিং খাতের মোট আমানত এবং বিনিয়োগ (বিনিয়োগ ও অগ্রিম) যথাক্রমে ২.৫২ শতাংশ ও ২.৮২ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং বিনিয়োগ গড় মূল্যবাহার ব্যবধান ৪.৯৫ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত ভারসার স্থিতি ২০১৩ সালের তুলনায় ৫৮.০৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪৩৬৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির বিনিয়োগ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প বিনিয়োগ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট বিনিয়োগ ও অগ্রিম ১৫২৭৯২মিলিয়ন টাকার মধ্যে শিল্প বিনিয়োগের অংশ ৮.০৮ শতাংশ। শিল্প বিনিয়োগ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১১৫.৬৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১২৬৪৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ শিল্প খাতে কার্যক্রম সম্প্রসারণে বিনিয়োগ বিতরণের বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প বিনিয়োগ মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৮৭.৭০ শতাংশ।

SME বিনিয়োগ : ২০১৪ সালে মোট বিতরণকৃত বিনিয়োগের মধ্যে SME -এর অবদান ১.১৯ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে বিনিয়োগ বিতরণ ৪১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৮২৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোক্তা বিনিয়োগ বিতরণের অংশ মোট বিতরণকৃত বিনিয়োগের ০.১৫ শতাংশে দাঁড়িয়েছে।



কৃষি বিনিয়োগ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিনিয়োগ এর মধ্যে কৃষি বিনিয়োগের শেষার ১.৪০ শতাংশ। কৃষি বিনিয়োগের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৮.১৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২১৩৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অর্থবছর ১৪ এ গরাদি পত্ত খাতের উন্নয়নে ৫৩৪.৪ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে।

ক্ষুদ্র বিনিয়োগ : ২০১৩ সালে ক্ষুদ্র খাতে বিনিয়োগ বিতরণের পরিমাণ ছিল ১২২২ মিলিয়ন টাকা যা ২৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে দাঁড়িয়েছে ১৫০৭ মিলিয়ন টাকায়।

গ্রিন ব্যাংকিং : ২০১৩ সালে গ্রিন ব্যাংকিং কার্যক্রমে বিনিয়োগের পরিমাণ ছিল ১১৫৫ মিলিয়ন টাকা যা ১৬৪.৫৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে দাঁড়িয়েছে ৩০৫৬ মিলিয়ন টাকায়।

রেমিট্যান্স : ২০১৩ সালে রেমিট্যান্স এর পরিমাণ ছিল ৭১২৮ মিলিয়ন টাকা যা ৪১.৫৯ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে দাঁড়িয়েছে ৪১৬৩ মিলিয়ন টাকায়। মূলতঃ ২০১৩ সালে অনাবাসিক বাংলাদেশীদের তত্ত্বাবধানে একটি নতুন ব্যাংক পরিচালনায় মূলধন প্রাপ্তিতে অধিক রেমিট্যান্স এসেছিল। ইটালি এক্সচেঞ্জ হাউজ (নিজস্ব) ছাড়াও ওয়েস্টার্ন ইউনিয়ন, মানিগ্রামসহ ৬টি রেমিট্যান্স এজেন্টের সংগে চুক্তিবদ্ধ হয়ে রেমিট্যান্স সংগ্রহে ভূমিকা রাখছে।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর খাতে বিতরণের পরিমাণ ছিল ১২৩ মিলিয়ন টাকা যা ২.৭৮ শতাংশ কমে ২০১৪ সালে দাঁড়িয়েছে ১২০ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং : ২০১৩ সালে মোবাইল ব্যাংকিং কার্যক্রমে লেনদেনের পরিমাণ ছিল ৫.৮ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮৮৬.৪০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

অটোমেশন : অটোমেশন কার্যক্রমে ফার্স্ট সিকিউরিটি ব্যাংক লিমিটেড চালু করেছে একএসআইবিএল ফার্স্টশেপ শিওরক্যাশ। এর আওতার বর্তমানে ১৬৫ ডিস্ট্রিবিউটর, ২৭৯১২ এজেন্ট রয়েছে। এর মাধ্যমে এখন পর্যন্ত প্রায় ৫ মিলিয়ন টাকার লেনদেন সম্পন্ন হয়। এছাড়া, ব্যাংকের সকল শাখা কোর ব্যাংকিং সিস্টেমের অন্তর্ভুক্ত।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১১৭ জন নারী উদ্যোক্তাকে ৬৩ মিলিয়ন টাকা বিনিয়োগ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১৪৩ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৭৫ মিলিয়ন টাকার তুলনায় ১৬ শতাংশ কম।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকটি গত ১৫ বছরে যে সফলতা অর্জন করেছে, দেশের ইসলামীক ব্যাংকিং কার্যক্রমে তা উল্লেখযোগ্য। ক্রেডিট রেটিং-এ ব্যাংকটি বর্তমানে "এ+" রেড পেয়েছে। শহর ভিত্তিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার পাশাপাশি দেশের প্রত্যন্ত অঞ্চলে আধুনিক এবং তড়িৎ ব্যাংকিং নেটওয়ার্ক চালুর পরিকল্পনা রয়েছে।

দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড

www.premierbankltd.com

১৯৯৯ সালের ২৬ অক্টোবর যাত্রা শুরু করে প্রিমিয়ার ব্যাংক ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রেখেছে। বর্তমানে ১২টি এসএমই সেবা কেন্দ্রসহ ৯২টি শাখার মাধ্যমে ব্যাংকটি সারাদেশে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ৮৩টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ১৭টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.২৫ শতাংশ ও ১.২৬ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৬.২১ শতাংশ ছিল। ২০১৪ সালে ব্যাংকটির অভিরিক্ত ভারপেয়ার স্থিতি ২০১৩ সালের তুলনায় ৮০.৫৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ৫,৬৫৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্পঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৫৯৮৯০ মণ্ডে শিল্পঋণের অংশ ৫৮ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৮৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩৫১৩১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ঋণমঞ্জুরী, বিদ্যমান গ্রাহকের ঋণ নবায়ন ও সীমাবদ্ধিসহ পোষাক শিল্পখাতে সাময়িক মঞ্জুরী প্রদানের সংকট নিরসনে দ্রুত ঋণ মঞ্জুরীর কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৫৯.৯৫ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও গুভেনসহ) বিতরণকৃত ঋণ ৫৩৫৭.২৪ মিলিয়ন টাকায়, যা মোট বিতরণকৃত ঋণের ৭.৮৭ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ২৫.৫৭ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৫.২২ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১৭৯১৪.৫০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ রাজনৈতিক অস্থিতিশীলতা কারণে ব্যবসায় মন্দাভাবের কারণে SME খাতে ঋণ বিতরণের পরিমাণ হ্রাস পেয়েছে। ২০১৪ সালে ভেতর ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৫.৮২ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার মাত্র ০.৯৫ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫১ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৫৭১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ রাজনৈতিক অস্থিতিশীলতার কারণে কৃষি ঋণ বিতরণের পরিমাণ হ্রাস পেয়েছে। ব্যাংকটি অর্থবছর ১৪ এ গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ২.৬ মিলিয়ন টাকা ঋণ দিয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে ক্ষুদ্র ঋণের শেয়ার ১৩.৩১ শতাংশ। ক্ষুদ্র ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩.৫৩ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৯০৫৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ রাজনৈতিক অস্থিতিশীলতার কারণে ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ হ্রাস পেয়েছে।

ছিন ব্যাংকিং : ২০১৩ সালে ৪৮৩৪ মিলিয়ন টাকা ও ২০১৪ সালে ৫০১৫ মিলিয়ন টাকায় ১৫টি প্রকল্পে পরোক্ষ ছিন ফাইন্যান্স করা হয়েছে। ২০১৪ সালে গ্রাহকের ঋণ সীমা নবায়ন ও বৃদ্ধির কারণে ২০১৩ সালের তুলনায় ছিন ব্যাংকিং কার্যক্রম বৃদ্ধি পেয়েছে।


রেমিটেন্স : ব্যাংকটির মাধ্যমে ২০১৩ সালে ৩৬৬ মিলিয়ন টাকা ও ২০১৪ সালে ৬০৮ মিলিয়ন টাকা রেমিটেন্স এসেছে। নিয়মিত তদারকি, ব্যবসা প্রসার ও গ্রাহকসেবার মান বৃদ্ধিই রেমিটেন্স বৃদ্ধির মূল কারণ। ব্যাংকটি ১৭টি কোম্পানির মাধ্যমে রেমিটেন্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে। এগুলোর মধ্যে Moneygram payment Systems Ltd, Wall Street Finance LLC, Prabhu Money Transfer LLC, Xpress Money Services Ltd, Arabian Exchange Ltd উল্লেখযোগ্য। ব্যাংকটি Southeast Bank Ltd এর সাথে যৌথভাবে Western Union এর সাথে চুক্তিবদ্ধ।

সিএসআর : সিএসআর কার্যক্রম এর অংশ হিসাবে সামাজিক ও অন্যান্য খাতে ২০১৩ সালে ১১৭ মিলিয়ন টাকা ও ২০১৪ সালে ১৩০ মিলিয়ন টাকা ব্যয় করা হয়।

অটোমেশন : ব্যাংকের ৯২টি শাখার মধ্যে সবগুলি শাখাই অটোমেশন এর আওতাভুক্ত। মার্চ, ২০১৫ সাল পর্যন্ত ৮৮টি শাখার সবকটিকে Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৮ জন নারী উদ্যোক্তাকে ১০.৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৩ জন নারী উদ্যোক্তার বিপরীতে ছিল ৪.০০ মিলিয়ন টাকা।

অবিদ্যমান উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকের শ্রেণীকৃত ঋণের হার ৩.০০ শতাংশের নিচে নামিয়ে আনা, মুনাফা বৃদ্ধির লক্ষ্যে সেবা/ফিজিক্যাল অয়ের ধারাবাহিক বৃদ্ধিকরণ, গ্রাহকদের স্বল্পমূল্যে এটিএম সেবা, ইন্টারনেট ও মোবাইল ব্যাংকিং সার্ভিস প্রদানের ব্যবস্থা করার জন্য ব্যাংকটির পরিকল্পনা রয়েছে।



ব্যাংক এশিয়া লিমিটেড

www.bankasia-bd.com

ব্যাংক এশিয়া লিমিটেড ১৯৯৯ সালের ২৭ নভেম্বর বেসরকারী খাতে জালিকাতুল্য বণিজ্যিক ব্যাংক হিসেবে যাত্রা শুরু করে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ৯৩টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ১৮টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৯৪ শতাংশ ও ২.১৬ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৬.০১ শতাংশ ছিল। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তালিকার স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৯.৬৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৮২২০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১২৭৮৬১ এর মধ্যে শিল্প ঋণের অংশ ৫০.১৫ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৬৪১২১.২০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৪০.১২ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ডভেনসহ) বিতরণকৃত ঋণ ৪৫৬৬.৯০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৩.৫৭ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ১৬.০৪ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ২.৪২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২০৫১৪.১৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.৮৯ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৬৮.৬৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৪১৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি অর্থবছর ১৪ এ গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ২৯৭.২০ মিলিয়ন টাকা ঋণ দিয়েছে।

ক্ষুদ্র ঋণ : ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৬১.৫৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৫০৮.১০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ব্যাংকের ক্ষুদ্র উদ্যোক্তাবান্ধব নীতি এবং প্রতিযোগিতামূলক সুদের হার ব্যতীত অন্য কোন চার্জ গ্রহণ না করার কারণে ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

ছিন ব্যাংকিং : ২০১৩ সালের তুলনায় ছিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণ ২১.৮৩ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ২০৪৯৫ মিলিয়ন টাকা।

রেমিটেন্স : ২০১৩ সালে ব্যাংকের রেমিটেন্স অন্তঃস্থানী গ্রহণ ছিল ৩৪৩৩৪ মিলিয়ন টাকা যা ২০১৪ সালে ২১.৮৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪১৭৩৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ব্যাংক এশিয়া রেমিটেন্স প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে আমেরিকাতে একটি মতন সাবসিডিয়ারী কোম্পানি খোলো যা BA Express USA Inc. নামে পরিচিত এবং ব্যাংকের রেমিটেন্স কালেকশন এর জন্য এটি এজেন্ট বৃদ্ধি করে ২০১৪ সালে ৪৪-এ দাঁড়িয়েছে।

সিএসআর : ব্যাংক এশিয়া উচ্চ শিক্ষা বৃত্তি প্রকল্পের মাধ্যমে গ্রামের দরিদ্র অর্থ মেধাবী শিক্ষার্থীদের পাশে দাঁড়িয়েছে। জন্মান্বিতা নিরসনে ব্যাংক এশিয়া দেশের জন্মান্বিতা শিশুকে অস্ত্রোপচারের মাধ্যমে চোখের আলো ফিরিয়ে দিতে বাংলাদেশ চক্ষু হাসপাতালকে আর্থিক সহায়তা প্রদান করছে। ২০১৪ সালে ব্যাংক এশিয়া সিএসআর খাতে ২৪০ মিলিয়ন টাকা প্রদান করে যা গত বছরের তুলনায় ৮০.৪৫ শতাংশ বেশী।


মোবাইল ব্যাংকিং : ২০১৪ সালে ব্যাংকটির গ্রাহক সংখ্যা দাঁড়ায় ২ লক্ষ ৪১ হাজার জন এবং লেনদেনের মোট পরিমাণ দাঁড়ায় ২.৬ মিলিয়ন টাকা।

এজেন্ট ব্যাংকিং : ২০১৪ সালে ব্যাংকটির এজেন্ট সংখ্যা ৪৯ টিতে দাঁড়ায় এবং লেনদেনের পরিমাণ দাঁড়ায় ৭০৪১ মিলিয়ন টাকায়।

অটোমেসন : অন-লাইন ক্রেডিট প্রাপ্তোক্তাল সিস্টেম ২০১৩ সালে ৩ থেকে উন্নীত করে ২০১৪ সালে ব্যাংকের ৫টি শাখায় প্রচলিত হয়েছে। মার্চ, ২০১৫ সাল পর্যন্ত ১০৩টি শাখাকে Core Banking System এর আওতায় আনা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৭৯ জন নারী উদ্যোক্তাকে ১২৫.২৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১০৩ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৯৪.৩০ মিলিয়ন টাকার তুলনায় ৩২.৮৫ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকটি ২০১৫ সালের মধ্যে ক্ষুদ্র ও মাঝারী প্রতিষ্ঠানের অর্থায়নে বিশেষভাবে অগ্রাধিকার দেওয়া, এজেন্ট ব্যাংকিং, একটি বাড়ী একটি বামার, মোবাইল ও এজেন্ট ব্যাংকিং এবং অন্যান্য বিকল্প তেলিভারী চ্যানেলের মাধ্যমে ব্যাংকিং সুবিধা বর্ধিতদের ব্যাংকিং সেবার সংযুক্ত করাকে আরও শক্তিশালী করা এবং শ্রেণীকৃত ঋণ ও শতাংশের নিচে রাখার জন্য পরিকল্পনা গ্রহণ করেছে।



ট্রাস্ট ব্যাংক লিমিটেড

www.trustbank.com.bd

ট্রাস্ট ব্যাংক লিমিটেড, বাংলাদেশ আর্থি ওয়েলফেয়ার ট্রাস্টের স্পন্সরশীপে ব্যাংক কোম্পানি হিসেবে জুন ১৭, ১৯৯৯ তারিখে নিবন্ধিত হয় এবং জুলাই ১৫, ১৯৯৯ তারিখে ব্যাংকিং লাইসেন্স পাবার পর আগস্ট, ১৯৯৯ হতে কার্যক্রম শুরু করে। ট্রাস্ট ব্যাংক ইনভেস্টমেন্ট লিমিটেড এবং ট্রাস্ট ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড নামে ব্যাংকের ২টি সাবসিডিয়ারী কোম্পানিও রয়েছে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ৯৬টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান কার্যালয়সহ ১৭টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৭২ শতাংশ ও ১.৯৮ শতাংশ। ব্যাংকটির ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.৯৫ শতাংশ ছিল। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৭.৬০ শতাংশ হ্রাস পেয়ে ৬৯২০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১১০৫৯৬ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৪১.৭৭ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩.৯৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৬১৯৯.৭৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৯৭.০২ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (সিটি ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৫৮৯৪.৮৬ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৫.৩৩ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME -এর অবদান ২.৯৮ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৪৯.৩৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৩৭৮.৬০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ চাহিদা বৃদ্ধির কারণে SME ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৪.০৯ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেষার ০.৭৭ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৮.৪০ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৮৪৭.৭০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি অর্ববছর ১৪ এ গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ১৮১.৯০ মিলিয়ন টাকা ঋণ দিয়েছে।

সুদ্র ঋণ : ২০১৩ সালে বিতরণকৃত ঋণের পরিমাণ ২২৬০.৪০ মিলিয়ন টাকা ও ২০১৪ সালে বিতরণকৃত ঋণের পরিমাণ ২৭৫৫.০০ মিলিয়ন টাকা। মূলতঃ চাহিদা বৃদ্ধির কারণে সুদ্র ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

গ্রীন ব্যাংকিং : ২০১৩ সালে বিতরণকৃত ঋণের পরিমাণ ৮৬৯৮.৭০ মিলিয়ন টাকা ও ২০১৪ সালে বিতরণকৃত ঋণের পরিমাণ ২০৫৮৩.৪২ মিলিয়ন টাকা। মূলতঃ সামাজিক সচেতনতা বৃদ্ধির কারণে গ্রীন ব্যাংকিং খাতে ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।


রেমিটেন্স : ২০১৩ সালে রেমিটেন্স এর পরিমাণ ছিল ১৩১৭৩ মিলিয়ন টাকা যা ২০১৪ সালে ২৩.৯৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৬৩২৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। বাণিজ্যিক ব্যাংকের এর সাথে সাব এক্সেন্ট সম্পর্ক বাড়ানো, উন্নতমানের সেবা প্রদান, বিইএফটিএন এর মাধ্যমে দ্রুত ও নির্ভুল অ্যাকাউন্টে জমার নিশ্চয়তা, ফরমাল চ্যানেলে রেমিটেন্স পাঠানো উদ্বুদ্ধকরণে রেমিটেন্স এর পরিমাণ বৃদ্ধি পায়। ব্যাংকটি ১৬টি এক্সেন্ট এর মাধ্যমে রেমিটেন্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

সিএসআর : ২০১৩ সালে ট্রাস্ট ব্যাংক সিএসআর কার্যক্রমে অবদান রেখেছিল ৭৫.৮৮ মিলিয়ন টাকা যা ২০১৪ সালে ৭.৮৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ৮১.৫৬ মিলিয়ন টাকায় উন্নীত হয়। ব্যাংকের মুনাফা বৃদ্ধির জন্য এ ক্ষেত্রে বৃদ্ধি ঘটেছে।

মোবাইল ব্যাংকিং : ব্যাংকটির একক্লিকড অ্যাকাউন্ট বালেন্স ২০১৩ সালের ১৪.৭০ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে হয়েছে ৭৯.৫০ মিলিয়ন টাকা এবং লেনদেনের মোট পরিমাণ বৃদ্ধি পেয়ে ১৫৬.৯০ মিলিয়ন টাকা থেকে ১৬৫৩.৮০ মিলিয়ন টাকা হয়েছে। ব্যাংকটির গ্রাহক সংখ্যা ২০১৩ সালের ১২৬২৫ জন থেকে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪০৫৬৩ জন হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ২৩৯ জন নারী উদ্যোক্তাকে ১৯৯.১০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৩৫৫ জন নারী উদ্যোক্তার বিপরীতে প্রদত্ত ১৮৮.৯০ মিলিয়ন টাকার তুলনায় ৫.৩৯ শতাংশ বেশী।

অবিবাহিত উন্নয়ন পরিকল্পনা : ট্রাস্ট ব্যাংক ব্যাংকিং সুবিধা বর্ধিত এলাকায় শাখা স্থাপনের মাধ্যমে জনগণকে ব্যাংকিং কার্যক্রমে আরও সম্পৃক্ত করতে চায়। ইসলামী ব্যাংকিং কার্যক্রমের বিস্তারের পাশাপাশি উৎপাদনশীল, এসএমই ও কৃষি খাতে ঋণ সহায়তা সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে।



শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড

www.shahjalalbank.com.bd

শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড ১০ মে ২০০১ সালে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এ ব্যাংকের সকল কার্যক্রম ইসলামী শরীয়াহ মোতাবেক পরিচালিত হয় এবং ইসলামী শরীয়াহ অনুমোদিত বিভিন্ন পদ্ধতিতে ব্যাংক বিনিয়োগ করে থাকে। বিনিয়োগের মুনাফা থেকে আনুপাতিক হারে আমানতকারীদেরকে মুনাফা প্রদান করা হয়। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ৯৩টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ১৯টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষের ব্যালিৎ খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির বর্ধক্রেমে ১.৩৬ শতাংশ ও ১.৫৫ শতাংশ। ব্যাংকটির ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৮১ শতাংশ ছিল। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত ভারস্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৫০ শতাংশ হ্রাস পেয়ে ১৯৫২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের অর্থনৈতিক ঋতভিত্তিক অবদান চর্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প বিনিয়োগ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট বিনিয়োগ ৩০৫০৯ এর মধ্যে শিল্প বিনিয়োগের অংশ ৩৫ শতাংশ। শিল্প বিনিয়োগ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪.৩৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১০৯২১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প বিনিয়োগের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭২.৪৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত বিনিয়োগ ৩৭২৫ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত বিনিয়োগের ১১.২১ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME -এর অবদান ৩৫.৬৯ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে বিনিয়োগ বিতরণ ২২.৯৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৮৯১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ছোট ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৫.১৩ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত বিনিয়োগ এর মধ্যে কৃষি ঋণের শেষের ১০.৭০ শতাংশ। কৃষি বিনিয়োগ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৩২৬৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি অর্থবছর ১৪ এ পর্বদিপ্ত খাতের উন্নয়নের জন্য ১৭৬.৬ মিলিয়ন টাকা ঋণ দিয়েছে।

ক্ষুদ্র বিনিয়োগ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত বিনিয়োগ এর মধ্যে ক্ষুদ্র বিনিয়োগের শেষের ১৩.৪৬ শতাংশ। ক্ষুদ্র বিনিয়োগ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৪১০৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।


গ্রিন ব্যাংকিং : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত বিনিয়োগ এর মধ্যে গ্রিন ফাইন্যান্স এর শেষের ২.৩১ শতাংশ। গ্রিন ফাইন্যান্স বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১০৭.৯৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭০৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

রেমিটেন্স : ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে রেমিটেন্স এর পরিমাণ ৬২৫.৪৬ মিলিয়ন টাকা বা ২৪.২১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিদেশ থেকে বৈধ চ্যানেলে টাকা প্রেরণ উৎসাহিত ও সহজতর করার পাশাপাশি আমাদের বৈদেশিক প্রতিসঙ্গী ব্যাংকের সংখ্যা বাড়ায় রেমিটেন্স বৃদ্ধি পেয়েছে। ব্যাংকটি Moneygram, Western Union, Wall Street Finance LLC, Xpress Money Services Ltd সহ ৯টি এজেন্ট এর মাধ্যমে রেমিটেন্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

সিএসআর কার্যক্রম : ২০১৩ সালে সিএসআর খাতে মোট ব্যয় হয়েছে ৪৫ মিলিয়ন টাকা পক্ষান্তরে ২০১৪ সালে সিএসআর খাতে ব্যয় হয়েছে ৬৯ মিলিয়ন টাকা। ২০১৪ সালে মানবীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে দেশের বন্যাদর্পিতদের জন্য ১০ মিলিয়ন টাকা প্রদান এবং ২০ (বিশ) হাজার পিস কমল শীতবস্ত্র হিসেবে বিতরণ করা হয়। এছাড়া বিএবি-এর উদ্যোগে "লাখে কণ্ঠে সোনার বাংলা" তহবিলে ১০ মিলিয়ন টাকা এবং শিক্ষাবৃত্তির অর্থ বৃদ্ধি করা হয়।

অটোমেশন : ২০১৪ সালে প্রধান কার্যালয়সহ সকল শাখার কার্যক্রম কোর ব্যালিৎ এর মাধ্যমে পরিচালিত হয়েছে। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ডিজিটাল রিকর্ডারী সাইট ভাটা সেন্টার হতে সফ্রিস কিলোমিটার দূরত্বে স্থানান্তর করার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ২০১৩ থেকে শুরু করে ধাপে ধাপে ২০১৪ এর মধ্যে সকল ওয়ার্ক স্টেশনসমূহ কেন্দ্রীয় নিরাপত্তার (ডিভিইসি সার্ভিস) অন্তর্ভুক্ত করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১০৩ জন নারী উদ্যোক্তাকে ৯৭৬ মিলিয়ন টাকা বিনিয়োগ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৮৭ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৮৬৯ মিলিয়ন টাকার তুলনায় ১২.৩১ শতাংশ বেশী।



যমুনা ব্যাংক লিমিটেড

www.jamunabankbd.com

যমুনা ব্যাংক লিমিটেড ২০০১ সালের ৩ জুন ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ৯৬টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ২১টিতে দাঁড়িয়েছে। ২০১৪ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম এর শেষার ব্যাংকিং খাতের আমানত এবং ঋণ ও অগ্রিমের মোট পরিমাণের যথাক্রমে ১.৫৮ শতাংশ ও ১.৪৪ শতাংশ। ব্যাংকের ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৫.৭২ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারলা ৭০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৬৫২৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক ঋাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম ২৮৬৩৫ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৩৩.২৯ শতাংশ। শিল্প ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪৫.৫৯ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৯৫৩৩.২০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান/শেয়ার ৬২.৩২ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নীট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১০০১০.৪ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ১৩.২১ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট শিল্প ঋণের মধ্যে SME-এর অবদান ২১.৫২ শতাংশ। ২০১৩ সালের তুলনায় ৩১.০৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০১৮০.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে তোক্তা ঋণের অংশ মোট ঋণের ৪.৫৫ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ০.২৫ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৯০.৩৪ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৭৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি অর্ধবছর ১৪ এ গর্বাদিপত্র খাতের উন্নয়নের জন্য ১৭৩.৭০ মিলিয়ন টাকা ঋণ দিয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৪ সালে ক্ষুদ্র ঋণের পরিমাণ দাঁড়ায় ১৪১০.৬০ মিলিয়ন টাকা, যা ২০১৩ সালে ছিল ৬৯৩.৫৪ মিলিয়ন টাকা।

গ্রিন ব্যাংকিং : যমুনা ব্যাংক লিমিটেড নবায়নযোগ্য জ্বালানি, সৌরশক্তি, ইটিপি, বায়ো-গ্যাস, জ্বালানি দক্ষ ও শাস্ত্রী প্রযুক্তি, পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী প্রব্য প্রস্তুতকরণ প্রকল্পসহ পরিবেশবান্ধব বিভিন্ন প্রকল্পে অর্থায়নে এগিয়ে এসেছে। যমুনা ব্যাংক ২০১৪ সালে ২৩৪০.৮৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে যা ২০১৩ সালে ছিল ৩২৩৫.২৭ মিলিয়ন টাকা।

রেমিটেন্স : রেমিটেন্স এর পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৭.৯৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮০৯০.০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ বিভিন্ন Exchange House এর মাধ্যমে বিদেশে মার্কেটিং কর্মকর্তা পরিচালনা ও ব্যাংকের বিভিন্ন Product & Service সমূহ পরিচিতি করার ইত্যাদি কারণে রেমিটেন্স এর বৃদ্ধি হয়েছে। ব্যাংকটি Moneygram, Western Union, Wall Street Exchange, Ria financial Service, Xpress Money Services Ltd সহ ১৬টি এজেন্ট এর মাধ্যমে রেমিটেন্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে।


সিএসআর : ২০১৪ সালে সিএসআর কার্যক্রমের পরিমাণ দাঁড়ায় ৬১.১ মিলিয়ন টাকা, যা ২০১৩ সালে ছিল ২০.৬০ মিলিয়ন টাকা। যমুনা ব্যাংক ফাউন্ডেশনের মাধ্যমে সমাজের সুবিধাবঞ্চিত মেধাবী ছাত্র ছাত্রীদের লেখাপড়ার দায়দায়িত্ব নিয়েছে। এছাড়া ব্যাংক বিনামূল্যে চক্ষু চিকিৎসা, রক্তদান কর্মসূচী, পানীয় দুগ্ধের আর্থিক সাহায্য, বৃক্ষ রোপণ, খ্রি-প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও সেলাই শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা এবং শীতে কমল প্রদান করেছে।

মোবাইল ব্যাংকিং : বাংলাদেশ ব্যাংকের Guidelines on Mobile Financial Services (MFS) for the Banks” শীর্ষক নীতিমালায় বর্ণিত সেবাসমূহ প্রদানের জন্য যমুনা ব্যাংক- শিওর ক্যাশ নামে মোবাইল ব্যাংকিং সেবা সীমিত আকারে চালু করেছে।

অটোমেশন : ব্যাংকটির সব শাখাই কোর ব্যাংকিং এর আওতাধীন। অটোমেশন কার্যক্রমের আওতায় যমুনা ব্যাংক গ্রাহকদের জন্য ইন্টারনেট ব্যাংকিং সেবা চালু করেছে। আধুনিক অনলাইন সুবিধা ও এটিএম বুথসহ ০৬টি নতুন শাখা খোলা হয়েছে। ব্যাংকিং সফটওয়্যারে অনলাইন জেনারেল লেজার ট্রানজেকশন সুবিধা দেয়া হয়েছে। যমুনা ব্যাংকের নিজস্ব প্রোগ্রামার দ্বারা ওয়াসা বিল কালেকশন সফটওয়্যার তৈরি করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৮৬ জন নারী উদ্যোক্তাকে ১৪৩.৮৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৭৫ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১০৬.১০ মিলিয়ন টাকার তুলনায় ৩৫.৫২ শতাংশ বেশী।

অবিষয় উন্নয়ন পরিকল্পনা : মূলধন পর্যাণ্ডতা অনুপাত বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের ঋণপ্রার্থীদের মধ্যে অধিক সংখ্যক কর্পোরেট এবং এসএমই ঋণপ্রার্থীদের ক্রেডিট রেটিং সম্পন্ন করার লক্ষ্যে ব্যাংকটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এছাড়াও নতুনভাবে ঋণ বিতরণের ক্ষেত্রে এবং নবায়নের ক্ষেত্রে মূলধন প্রয়োজনীয়তার (Capital Charge) বিষয়টি বিশেষভাবে বিবেচনা করা হচ্ছে এবং বিধি মোতাবেক অত্র ব্যাংকের ২০০.০০ কোটি টাকা মূল্যমানের সাব-অর্ডিনেটেড ডেট ইস্যুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।



ব্র্যাক ব্যাংক লিমিটেড

www.bracbank.com

ব্যাংকিং সেবাকে শহরের বাইরে প্রত্যন্ত অঞ্চলের উদ্যোক্তা তথা গণমানুষের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে ২০০১ সালে যাত্রা শুরু করে ব্র্যাক ব্যাংক লিমিটেড। ব্যাংকের অর্ধেকের বেশি ঋণ যার ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায় বা এস.এম.ই নামে পরিচিত। ১৬৭টি শাখা ও ৪৫৮টি এস.এম.ই ইউনিট অফিস নিয়ে দেশব্যাপী সেবা প্রদান করছে ব্র্যাক ব্যাংক। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ১৪৫টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা প্রধান কার্যালয়সহ ৩টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার/অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৬৭ শতাংশ ও ২.২৫ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৮.৪৬ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ২৮২.৪৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৯০১০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩০৯৬৬ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৪০.৮৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১২৬৪৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ১.৫৪ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৯৮৯.৭৭ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৫.৭৫ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME -এর অবদান ৯০.৫৪ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৮.০৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৮০৩৬.৭৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ০.৪৮ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৭১.০১ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১৪৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি অর্থবছর ১৪ এ গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ১০৭.৯ মিলিয়ন টাকা ঋণ দিয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৩ সালে বিতরণকৃত ঋণের তুলনায় ২০১৪ সালে বিতরণকৃত ক্ষুদ্র ঋণ ৮.৪২ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

রেমিটেন্স : প্রতিবেশিতা বৃদ্ধি এবং রেমিটেন্স ব্যবসা সংকুচিত করার কারণে ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে রেমিটেন্স ২৫.৪১ শতাংশ হ্রাস পেয়েছে। ব্যাংকটি ৪২টি এজেন্ট এর মাধ্যমে রেমিটেন্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে, যার মধ্যে Brac saajan, xpress money, Western Union, Money Gram, IME উল্লেখযোগ্য।


সিএসআর : ব্র্যাক ব্যাংক সিএসআর-এ শিক্ষা, স্বাস্থ্য, সমাজসেবা, প্রাকৃতিক দুর্যোগ, পরিবেশ ও শিল্প সংস্কৃতিতে বিনিয়োগ করে। ২০১৩ সালে সিএসআর-এ মোট ব্যয় ছিল ৪২.৭০ মিলিয়ন এবং ২০১৪ সালে ৪২.৮৪ মিলিয়ন টাকা।

বোবাইল ব্যাংকিং : ব্যাংকটির গ্রাহক সংখ্যা ২০১৩ সালের ১ কোটি জন থেকে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১.৫কোটি জন হয়েছে। ব্যাংকটির লেনদেনের মোট পরিমাণ ২০১৩ সালের ৪৬০২৯৩.৭ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮৬০৮১৫.৯ মিলিয়ন টাকা হয়েছে।

অটোমেশন : ব্যাংকটির সব শাখাই কোর ব্যাংকিং এর আওতাধীন।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৫১৩ জন নারী উদ্যোক্তাকে ৩৮৮.৫২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১৭৮ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১৩২.৪০ মিলিয়ন টাকার তুলনায় ১৯৩ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রচলিত ব্যাংকিংয়ের বাইরে থাকা উদীয়মান ও সম্ভাবনাময় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের সহজ ঋণ সুবিধা প্রদানের পরিকল্পনা আছে।



দি ফার্মার্স ব্যাংক লিমিটেড

www.farmersbankbd.com

২০১৩ সনের ৩ জুন দি ফার্মার্স ব্যাংক লিমিটেড তার কার্যক্রম শুরু করেছে। গুলশান কর্পোরেট শাখা উদ্বোধনের মাধ্যমে ব্যাংকটি তার বাণিজ্যিক কার্যক্রম শুরু করেছে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ২৬টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ৪টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং বাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.১৬ শতাংশ ও ০.১৯ শতাংশ ছিল। ২০১৪ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৮৫ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ৯৬৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৩ সালে দি ফার্মার্স ব্যাংক লিমিটেডের কোন শিল্প ঋণ ছিল না। ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১২৩৯৫ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ২৩.৩৫ শতাংশ। ২০১৪ সালে বিতরণকৃত শিল্প ঋণের পরিমাণ ২৮৯৪.৫০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ২৩.৩৩ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও গভেনসহ) বিতরণকৃত ঋণ ৯৭২ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৭.৮৩ শতাংশ। বৃহৎ শিল্পে এছাড়া আর কোন ঋণ বিতরণ হয়নি।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME -এর অবদান ৫৬.২০ শতাংশ। ২০১৩ সালে কোন SME খাতে ঋণ বিতরণ হয়নি। ২০১৪ সালে SME -খাতে মোট ঋণের পরিমাণ ৬৯৭০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ২০.৮৭ শতাংশে দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের মোট পরিমাণ ২৫৮৮.৬ মিলিয়ন টাকা।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.৪৮ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ১৮৩.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। উল্লেখ্য, ব্যাংকটি ২০১৪ সালেই প্রথম কৃষি ঋণ বিতরণ শুরু করেছে। ব্যাংকটি অর্ধবছর ১৪ এ গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ১৭ মিলিয়ন টাকা ঋণ দিয়েছে।


রেমিটেন্স : ২০১৪ সালে ব্যাংকের রেমিটেন্স এর পরিমাণ ছিল ৮৮ মিলিয়ন টাকা। ব্যাংকটি xpress money, RIA, Transfast এই ৩টি এজেন্ট এর মাধ্যমে রেমিটেন্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর এ কোন কার্যক্রম ছিল না। ২০১৪ সালে শিক্ষা, স্বাস্থ্য, খেলাধুলা, সংস্কৃতি ও অন্যান্য খাতে ২.৭২ মিলিয়ন টাকা বিতরণ করা হয়।

অটোমেশন : শুরু থেকেই দি ফার্মার্স ব্যাংক লিমিটেড সম্পূর্ণ অটোমেটেড পদ্ধতিতে কার্যক্রম পরিচালনা করছে এবং সবগুলো শাখাই Core Banking System এর আওতাধীন।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ০১ জন নারী উদ্যোক্তাকে ০১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

তবিবাহ উন্নয়ন পরিকল্পনা : দি ফার্মার্স ব্যাংক বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক গ্রিন ব্যাংকিং চর্চার সফল বাস্তবায়ন এবং আমানত সংগ্রহ ও উল্লেখযোগ্য পরিমাণে ঋণ প্রদানের পরিকল্পনা গ্রহণ করেছে। বাংলাদেশ ব্যাংকের নিয়ম অনুযায়ী ব্যাংকটির মোট ঋণের ন্যূনতম ৫ শতাংশ কৃষি ঋণ হিসাবে ১৩ শতাংশ সুদে কৃষকদের বিতরণের লক্ষ্যমাত্রা পূরণ করবে। প্রান্তিক কৃষক, বর্গাচারী, শিল্প উদ্যোক্তা, নতুন উদ্যোক্তা, নারী উদ্যোক্তাদেরকে ঋণ প্রদানের পরিকল্পনা গ্রহণ করেছে ব্যাংকটি।



মেঘনা ব্যাংক লিমিটেড

www.meghnabank.com.bd

মেঘনা ব্যাংক লিমিটেড ২০ মার্চ, ২০১৩ সালে পাবলিক লিমিটেড কোম্পানিতে নিবন্ধিত হয়ে বেসরকারি বাণিজ্যিক ব্যাংক হিসাবে যাত্রা শুরু করে। ব্যাংকটি মে ৯, ২০১৩ সালে বাংলাদেশ ব্যাংক এর অনুমোদনক্রমে ব্যাংক-কোম্পানি আইনের ৩২(১) ধারা অনুসারে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। বর্তমানে ব্যাংকটি ১৬টি শাখা নিয়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করেছে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ১৬টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ৩টিতে দাঁড়িয়েছে।


২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.১২ শতাংশ ও ০.১৩ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.৪১ শতাংশ ছিল। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারলের ১৩২৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৭১৪৬ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৬৯.৮৩ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৫১৬২.০১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৯৪.১৬ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৯৪.০৬ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১.৩১ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ১০.৬৮ শতাংশ। SME বাতে ঋণ বিতরণ ২০১৪ সালে ৭৬৮.৩৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৩.৩৮ শতাংশে দাঁড়িয়েছে।



কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ২.৫২ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ১৮০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকটি অর্থবছর ১৪ এ গবাদিপশু খাতের উন্নয়নের জন্য ১০ মিলিয়ন টাকা ঋণ দিয়েছে।

হিন ব্যাংকিং : ২০১৩ সালে ১৫.৭৯ মিলিয়ন ও ২০১৪ সালে ১৮৪.৭১ মিলিয়ন টাকা হিন ব্যাংকিং কার্যক্রমের আওতায় ঋণ দেওয়া হয়েছে।

রেমিটেন্স : ২০১৩ সালে ব্যাংকের কার্যক্রম শুরু হয় এবং ২০১৪ সালের রেমিটেন্স-এর অন্তর্ভুক্তি প্রবাহ ৪৬.৩৬ মিলিয়ন টাকা। ব্যাংকটি Trans-Fast Remittance LLC, USA ও BRAC Saajan UKGB এই ২টি এজেন্ট এর মাধ্যমে রেমিটেন্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর বাবদ ১০ মিলিয়ন ও ২০১৪ সালে ০.১৭ মিলিয়ন টাকা ব্যয় করা হয়েছে। ব্যাংক নতুন বিধায় বাংলাদেশ ব্যাংকের নির্দেশ মোতাবেক সিএসআর কার্যক্রমের আওতায় যথেষ্ট অগ্রগতি অর্জন সক্ষম হ্যানি। তবে এই খাতে ব্যয় বৃদ্ধিসহ সিএসআর সম্পর্কিত ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

অটোমেশন : ব্যাংক শুরু থেকেই কোর ব্যাংকিং সিস্টেম এর মাধ্যমে পূর্ণ কার্যক্রম পরিচালনা করে আসছে। সম্প্রতি ব্যাংকটি একটি এটিএম বুথ উদ্বোধন এর মাধ্যমে ব্যাংকিং অটোমেশন এর যাত্রা শুরু করেছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ২ জন নারী উদ্যোক্তাকে ৩.২৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, ২০১৩ সালে কোন নারী উদ্যোক্তাকে ঋণ বিতরণ করা হয়নি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকটি ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ করার লক্ষ্যে দ্রুত শাখা ও বুথ স্থাপনের মাধ্যমে এর সেবা শহর ও গ্রামাঞ্চলে পৌঁছে দেয়ার পরিকল্পনা ঠিক করেছে। ব্যাংকটি ইহার মোট ঋণ বিতরণের মধ্যে কৃষিঋণ, নারী উদ্যোক্তা ঋণ, ক্ষুদ্র ও মাঝারী ঋণ বিতরণের পরিকল্পনা করেছে।

মিডল্যান্ড ব্যাংক লিমিটেড

www.midlandbankbd.net

২০১৩ সালের ৯ এপ্রিল চতুর্থ প্রজন্মের ব্যাংক হিসাবে মিডল্যান্ড ব্যাংক লিমিটেড যাত্রা শুরু করে। ব্যাংকটি ২০ জুন ২০১৩ সালে বাণিজ্যিক কার্যক্রম শুরু করে ২০১৪ সাল পর্যন্ত ১১টি শাখা (৬টি শহর শাখা ও ৫টি গ্রাম শাখা), ৫টি এটিএম বুথ এবং ১টি কন্স্টারি সেন্টার এর মাধ্যমে গ্রাহক সেবার নেটওয়ার্ক বিস্তার করেছে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ১১টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ৫টিতে দাঁড়িয়েছে।


২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির হাফক্রমে ০.১২ শতাংশ ও ০.১২ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৯৬ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ৫৫০৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক ঋণাত্মক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৮৪২৭ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৪৩.৫৯ শতাংশ ছিল। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৩৬৭৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৯০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও গুডেনসহ) বিতরণকৃত ঋণ ৩৬৮.৬৬ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত শিল্প ঋণের ২২.০০ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ১৭.৫৫ শতাংশ। SME খাতে ঋণ বিতরণ ২০১৪ সালে ১৩৫৪.২৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোজ্য ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ০.১৫ শতাংশে দাঁড়িয়েছে।



কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ০.২৭ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ২১.৬৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। গ্রামীণ শাখাসমূহ এবং প্রধান কার্যালয়ের কৃষি বিভাগ কর্তৃক কৃষি ঋণ বিতরণের ফলে ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৩ সালে ক্ষুদ্র ঋণ কার্যক্রম শুরু করে মিডল্যান্ড ব্যাংক ২০১৪ সালে বিতরণকৃত ক্ষুদ্র ঋণের পরিমাণ দাঁড়ায় ৩৩.১২ মিলিয়ন টাকা।

জিন ব্যাংকিং : ২০১৩ সালে ব্যাংকিং কার্যক্রম শুরু করার পর মিডল্যান্ড ব্যাংক লিমিটেড জিন ব্যাংকিং পলিসি বাস্তবায়ন কার্যক্রম শুরু করে এবং ২০১৪ সালে ০৫টি ব্রিক ফিল্ড (জিক জ্যাক) প্রজেক্টে ২৮.০৮ মিলিয়ন টাকা ঋণ প্রদান করে।

রেমিটেন্স : প্রতিষ্ঠার পর থেকে রেমিটেন্স খাতে অবস্থান তৈরী করার জন্য মিডল্যান্ড ব্যাংক আইএমই, এন্সপ্রেস মানি এবং ওয়েস্টার্ন ইউনিয়নের সাথে বিপাকিক রেমিটেন্স আনয়ন চুক্তি স্বাক্ষর করেছে। ব্যাংকটিতে ২০১৪ সালে ২৩.৪৭ মিলিয়ন টাকার রেমিটেন্স সংগ্রহ করা হয়।

সিএসআর : ২০১৪ সালের জানুয়ারী মাস হতে মিডল্যান্ড ব্যাংক সিএসআর কার্যক্রম শুরু করে। শীতাত্তদের কমল বিতরণ এবং শিক্ষা খাতে সমাজের সুবিধাবঞ্চিত অক্ষম শিশুদের জন্য বিশেষ সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান প্রয়াস স্কুলকে আর্থিক সহায়তা প্রদান ছিল ব্যাংকের প্রথম সিএসআর কার্যক্রম। ২০১৪ সালে মিডল্যান্ড ব্যাংক লিমিটেড সিএসআর হিসাবে ১.৫০ মিলিয়ন টাকা প্রদান করে।

অটোমেশন : ব্যাংক জনস্বল্প থেকে কোর ব্যাংকিং সফটওয়্যার এর মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে। এছাড়া সুরক্ষার জন্য একটি শক্তিশালী ডাটা সেন্টার চালু করা হয়েছে এবং একটি ডিজাস্টার রিকভারী সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে। ব্যাংকটি অভ্যন্তরীণ পোর্টাল (কর্পোরেট) এর মাধ্যমে ম্যানেজমেন্ট ইনস্ফরমেশন সিস্টেম চালু করেছে। মিডল্যান্ড ব্যাংক ইতোমধ্যে সরকারী ইউটিলিটি বিল সংগ্রহের জন্য বিভিন্ন অনলাইন গেটওয়ের সাথে অন্তর্ভুক্ত হয়েছে। দেশব্যাপী অন-লাইন ব্যাংক হিসাবে সেবা প্রদান, SWIFT এর মাধ্যমে আন্তর্জাতিক বাণিজ্য এবং আন্তর্জাতিকমানের ডেবিট/ক্রেডিট কার্ডসহ ইস্টারনেট ও এসএমএস ব্যাংকিং চালু করেছে মিডল্যান্ড ব্যাংক।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ০৪ জন নারী উদ্যোক্তাকে ১২২.৪০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ০৩ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৭২.১০ মিলিয়ন টাকার তুলনায় ৭০ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : জনস্বল্প থেকে মিডল্যান্ড ব্যাংক লিমিটেড-পবেষণা বিভাগ প্রতিষ্ঠার মাধ্যমে পবেষণালব্ধ তথ্য ও উপাত্তের আলোকে-ডিসেন্ট্রালাইজড ব্যাংক হতে সেন্ট্রালাইজড ব্যাংকে রূপান্তরিত হচ্ছে। এছাড়াও মিডল্যান্ড ব্যাংক নতুন ১৭টি এসএমই প্রোডাক্ট বাজারে ছাড়ার প্রস্তুতি গ্রহণ করেছে। এছাড়াও উন্নত প্রযুক্তির ব্যবহার তথা ডেবিট/ক্রেডিট কার্ড, ইস্টারনেট ব্যাংকিং, এসএমএস ব্যাংকিং এবং সেই সাথে রিলেটাইম অনলাইন ব্যাংকিং সুবিধা প্রদানে শুরু থেকেই পরিকল্পনা করেছে মিডল্যান্ড ব্যাংক।

সাউথ বাংলা এগ্রিকালচার অ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড

www.sbacbank.com

সাউথ বাংলা এগ্রিকালচার অ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড ২০শে ফেব্রুয়ারি, ২০১৩ তারিখে কোম্পানি আইন, ১৯৯৪ এর অধীনে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয়। ব্যাংকটি ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ এর অধীনে ২৫ মার্চ, ২০১৩ তারিখে বাংলাদেশ ব্যাংক-এর অনুমোদনক্রমে বাণিজ্যিক ব্যাংক হিসেবে যাত্রা শুরু করে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ৩৪টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ৩টিতে দাঁড়িয়েছে।


২০১৪ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিম এর শেয়ার/অংশ ব্যাংকিং খাতের আমানত এবং ঋণ ও অগ্রিমের মোট পরিমাণের যথাক্রমে ০.২৬ শতাংশ ও ০.২৫ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৯৪ শতাংশ ছিল। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তরল্য ২২০.০৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্পঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম ১৫০০৩ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৪৫.৭৭ শতাংশ। শিল্প ঋণের পরিমাণ ২০১৪ সালে ৬৮৬৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ শাখা সম্প্রসারণ ও নতুন গ্রাহক সৃষ্টির কারণে শিল্প ঋণের বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৪.৮৯ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নীট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৬২০ মিলিয়ন টাকা, যা মোট ঋণের ৪.৫৯ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট শিল্প ঋণের মধ্যে SME-এর অবদান ৩৭.৩২ শতাংশ। ২০১৪ সালে ১৩৯০.১৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণের অংশ মোট ঋণের ০.৪৯ শতাংশ দাঁড়িয়েছে।



কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ১.০৮ শতাংশ।

রেমিটেন্স : ২০১৩ রেমিটেন্স-এর পরিমাণ ছিল ০.০১ মিলিয়ন এবং ২০১৪ সালে রেমিটেন্স-এর পরিমাণ ছিল ০.০৯ মিলিয়ন টাকা। রেমিটেন্স বৃদ্ধির কারণ বিভিন্ন Exchange House এর সাথে চুক্তির সম্পাদন। ব্যাংকটি Direct Agent হিসাবে Wall Street Finance LLC, USA এর সাথে চুক্তির সম্পাদন করেছে। ব্যাংকটি Sub-Agent হিসাবে যমুনা ব্যাংকের মাধ্যমে Trans-Fast Remittance, LLC, USA এবং মার্কেটাইল ব্যাংকের মাধ্যমে Express Money Services Ltd. UAE এই ২টি Exchange House এর সাথে চুক্তির সম্পাদন করেছে। এছাড়া Sub-Agent হিসাবে মার্কেটাইল ব্যাংকের মাধ্যমে Western Union Network, Global এর সাথে চুক্তির সম্পাদন করেছে, যা মে ২০১৫ থেকে কার্যকর হবে।

সিএসআর কার্যক্রম : ২০১৪ সালে ব্যাংকটির সিএসআর এর পরিমাণ দাঁড়ায় ৪.৬৪ মিলিয়ন টাকা।

অটোমেশন : ব্যাংক শুরু থেকে কোর ব্যাংকিং সফটওয়্যার এর মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৪ জন নারী উদ্যোক্তাকে ২০.১০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ২০১৫ সালের মধ্যে ব্যাংকটি মোট ৫০টি শাখা সম্প্রসারণের পরিকল্পনা করেছে। ব্যাংকটি কর্পোরেট লোন, রিটেইল লোন, এসএমই ও কৃষি ঋণ, নারী উদ্যোক্তাদের ঋণ প্রদানের ক্ষেত্রে পরিকল্পনা গ্রহণ করেছে। এছাড়া ব্যাংকটি আইটি পরিকাঠামো উন্নয়ন, অ-ই-ভিত্তিক উদ্যোক্তা পণ্য ও বিকল্প ডেলিভারি চ্যানেল প্রবর্তন, রেমিটেন্স সেবা বৃদ্ধিকরণ এবং অনাবাসীদের জন্য নতুন পণ্যের উন্নয়ন, ঋণের পোর্টফোলিও, কম মূলধন ব্যয়, ঋণগ্রহীতাদের রেটিং নিশ্চিত করে শক্তিশালী মূলধন কঠামো বজায় রাখার পরিকল্পনা করেছে।

এনআরবি গ্লোবাল ব্যাংক লিমিটেড

www.nrbglobalbank.com

২৫ জন প্রবাসী বাংলাদেশীর উদ্যোগের ফসল এনআরবি গ্লোবাল ব্যাংক লিমিটেড। ২৫ জুলাই, ২০১৩ সালে ব্যাংকটি অনুমোদন লাভ করে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ১৬টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ৪টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার/অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.২০ শতাংশ ও ০.১৯ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৪৫ শতাংশ ছিল। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত ভারব্যয়ের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৬৮ শতাংশ হ্রাস পেয়ে ৩৫৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক বাস্তবিত্বিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্পঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩৫৩৯ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৯৪.৯১ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৩৩৫৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ শিল্পঋণের চাহিদা বৃদ্ধির কারণে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ১৫.২৩ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (মিট ও ওতেনসহ) বিতরণকৃত ঋণ ৩০৯০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৩০ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ১২ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ মাত্র ০.৫০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১২৭৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের উৎসাহিত করার কালে SME-এর ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে।


কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ৫.০৯ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১০০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৮০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ২০১৩ সালে ব্যাংক কার্যক্রম শুরু হওয়ার ঐ বছর কৃষি খাতে ঋণ বিতরণ করা সম্ভবপর হয়নি। ২০১৪ সালে কৃষি ঋণ বিতরণ করার জোরদার পদক্ষেপ নেওয়ার কারণে কৃষি ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে।

রেমিটেন্স : রেমিটেন্স সংগ্রহের জন্য একমাত্র Express money house এর সাথে ব্যাংকটি চুক্তিবদ্ধ।

সিএসআর : ২০১৩ সালে যাত্রা শুরু হওয়া ব্যাংকটি ঐ বছর ৩ লক্ষ ৫০ হাজার টাকার সিএসআর কার্যক্রম পরিচালিত করে এবং ২০১৪ সালে তা বৃদ্ধি পেয়ে ৫ মিলিয়ন টাকায় উন্নীত হয়। দেশব্যাপী ব্যাংকটির গ্রাহক সংখ্যা বেমন বৃদ্ধি পেয়েছে তেমনি সামাজিক দায়বদ্ধতার পরিসরও বেড়েছে।

অটোমেশন : প্রতিষ্ঠানগ্ন থেকেই ব্যাংকটি সম্পূর্ণ কম্পিউটারাইজড এবং অনলাইন-এর মাধ্যমে কাজ করে যাচ্ছে। ২০১৪ সালে ব্যাংকটি SMS Banking, online reporting, trade finance implimention, IT Service automation এর কাজ সম্পন্ন করেছে। ব্যাংক জনসুলগ্ন থেকে কোর ব্যাংকিং সফটওয়্যার এর মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : আগামী ২০২০ সালের মধ্যে ১০০টি শাখা খোলার লক্ষ্যমাত্রা অর্জিত করার পরিকল্পনা আছে। বর্তমানে ব্যাংকটি সম্পূর্ণ কম্পিউটারাইজড এবং অনলাইনভিত্তিক। ব্যাংকটিতে ইন্টারনেট ও মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। গ্রীন ব্যাংকিং কার্যক্রম জোরদার করার লক্ষ্যে "4 Cow Model" অনুযায়ী EDCL এর সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে, যেখানে একজন খামারীকে ৩ লক্ষ টাকা করে ঋণ প্রদান করা হবে। তাছাড়া ARS বাংলাদেশ নামক এনজিওকে সৌরশক্তি খাতে ঋণ বিতরণ করার জন্যও চুক্তি স্বাক্ষর করা হয়েছে। ব্যাংকটির প্রতিটি শাখায় মহিলা হেল্প ও প্রবাসী হেল্প ডেস্ক চালু করা হয়েছে, যাতে করে মহিলা ও প্রবাসীগণ ত্বরিত সেবা গ্রহণ করতে পারে।



মধুমতি ব্যাংক লিমিটেড

www.modhumotibankltd.com

মধুমতি ব্যাংক লিমিটেড দেশের চতুর্থ প্রজন্মের বেসরকারি ব্যাংক হিসেবে ৯ জুন ২০১৩ তারিখে ব্যাংক কোম্পানি আইন অনুযায়ী ব্যবসা পরিচালনার জন্য অনুমোদন পায়। ১৯ সেপ্টেম্বর ২০১৩ তারিখে ব্যাংকটি অনুমোদিত মূলধন ২০০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৪৫২০ মিলিয়ন টাকা নিয়ে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ব্যাংকটির মার্চ, ২০১৫ পর্যন্ত মোট ১০টি শাখার মধ্যে Authorized Dealer (AD) শাখার সংখ্যা ৪টিতে দাঁড়িয়েছে।

২০১৪ সালে ব্যাংকের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ ব্যাংকিং খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ০.১৪ শতাংশ ও ০.০৮ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকের আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.২৬ শতাংশ ছিল। ২০১৩ সালে ব্যাংকটির অতিরিক্ত ভারসেীর স্থিতি ছিল ৫০.২৩ মিলিয়ন টাকা যা ২০১৪ সালের শেষে বৃদ্ধি পেয়ে এর স্থিতির পরিমাণ দাঁড়ায় ৫৯৯.৯ মিলিয়ন টাকা। ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৯৪২ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৩৪ শতাংশ। ২০১৪ সাল শেষে শিল্প খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ১০০৬ মিলিয়ন টাকা।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৮৬.৬৬ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ৩০ শতাংশ। ২০১৪ সাল শেষে ব্যাংকের SME খাতে ঋণের স্থিতি ১২৫৮.৩৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৩ শতাংশ।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের পরিমাণ ১.৮৬ শতাংশ। ২০১৪-২০১৫ অর্থবছরে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এখানে ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ৩০ মিলিয়ন টাকা, যার বিপরীতে ব্যাংক ২০১৪ সালে এ খাতে ৫৫ মিলিয়ন টাকা বিতরণ করেছে।

গ্রিন ব্যাংকিং : সম্প্রতি ব্যাংকের গ্রিন ব্যাংকিং কার্যক্রমের আওতায় ১০০ মিলিয়ন টাকা ঋণ অনুমোদিত হয়েছে যা বিতরণের জন্য অপেক্ষমান। ইতোমধ্যে ব্যাংক এনজিও লিংকেজ এর মাধ্যমে গ্রিন ব্যাংকিং এর আওতায় সোলার হোম সিস্টেমে অতিরিক্ত আরও ১০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।


রেমিটেন্স : মধুমতি ব্যাংকের রেমিটেন্স প্রভাক্স "প্রবাস কাশ" এখন হুবই জনপ্রিয়। উন্নত রেমিটেন্স সেবা গ্রাহকদের সৌরভোগ্যায় পৌঁছে দিতে মধুমতি ব্যাংক অঙ্গীকারবদ্ধ। এরই আলোকে ২০১৪ সাল শেষে ব্যাংক মোট ১০ মিলিয়ন টাকার বৈদেশিক রেমিটেন্স সংগ্রহ করেছে। ব্যাংকটি RIA, xpress money, Western Union এই ৩টি এজেন্ট এর মাধ্যমে রেমিটেন্স প্রবাহ সহজ ও দ্রুত করার পদক্ষেপ গ্রহণ করেছে।

সিএসআর : ২০১৪ সালে মধুমতি ব্যাংক সিএসআর খাতে মোট ৮.৭০ মিলিয়ন টাকা বিতরণ করেছে। ব্যাংক সিএসআর কার্যক্রম হিসাবে গরীব ও অসহায় মানুষের কল্যাণে তাদের কষ্ট লাগবের জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ১.১০ মিলিয়ন টাকার কফল প্রদান করে। বন্যাদুর্গতদের সাহায্যার্থে ২.৫০ মিলিয়ন টাকা প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে প্রদান করে। ২০১৪ সালে বাস্কুফে কর্তৃক আয়োজিত স্বাধীনতা কাপ ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠানে মধুমতি ব্যাংক ৪.৫০ মিলিয়ন টাকা প্রদান করে।

অটোমেশন : অপারেশন এর প্রথম দিক থেকে ব্যাংক কেন্দ্রীয় তথ্য কেন্দ্র এবং কোর ব্যাংকিং দিয়ে যাত্রা শুরু করে। প্রথম থেকে শাখা অনলাইন ব্যাংকিং, সেনসেন সতর্কতা এসএমএস, স্বয়ংক্রিয় চেক ক্রিয়ারিং সক্রিয় ছিল। ২০১৪ সালে এটিএম এবং ইন্টারনেট ব্যাংকিং সুবিধা সমস্ত গ্রাহকদের কাছে পৌঁছে। ২০১৪ সালে ব্যাংকটির উইডোজ অ্যাপ্লিড ডিরেক্টরি-২০১২ ইনস্টলেশন দ্বারা সেরা আইসিটি নিরাপত্তা মান বাস্তবায়ন করা হয়। ব্যাংকিং মহিফোনসফট এন্ড্রয়েজ দ্বারা ২০১৪ সালে কর্পোরেট ইমেল সিস্টেম স্থাপন করা হয়। যার ফলে যেকোন জায়গা থেকে ডেস্কটপ, ল্যাপটপ, স্মার্ট ফোন এর মাধ্যমে ইমেল সুবিধা গ্রহণ সম্ভব।

নারী উদ্যোক্তা : নারীদের আরও ভূমিকা রাখার জন্য ব্যাংক বিভিন্ন সেবার মাধ্যমে ঋণ বিতরণ কার্যক্রম চালু করেছে। ২০১৪ সালে ব্যাংক ১৩ জন নারী উদ্যোক্তার মধ্যে মোট ১৩ মিলিয়ন টাকা বিতরণ করেছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকিং জগতের সকল চ্যালেঞ্জকে বিবেচনায় রেখে ব্যাংকটি একটি বাবসায়িক কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। বর্তমান প্রেক্ষাপটে ব্যাংকের সহায়ক সেবা বৃদ্ধি এবং ঋণের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম জোরদার করতঃ ঋণের শ্রেণীকরণ সহনীয় পর্যায় রাখার জন্য ব্যাংক কর্মপরিকল্পনা গ্রহণ করেছে।



এন আর বি ব্যাংক লিমিটেড

www.nrbankbd.com


২. ব্যাংকের পুঞ্জীভূত অপারেটিং মুনাফার পরিমাণ ৮০৩ মিলিয়ন টাকায় উন্নীত হয়ে ব্যাংকটিকে লাভজনক প্রতিষ্ঠানে উন্নীতকরণ;
৩. নীট মুনাফা ২০০৯-১০ অর্থবছরের ২৮ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৩-১৪ অর্থবছরে ৩৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়; শাখা সংখ্যা ২০০৯-১০ অর্থবছরের ১৫০ থেকে ২০১৩-১৪ অর্থবছরে ২০০-এ উন্নীত ;
৪. ব্যাংকের বিনিয়োগের পরিমাণ ২০০৯-১০ অর্থবছরের ৩১১ মিলিয়ন টাকা থেকে ২০১৩-১৪ অর্থবছরে ৩৭৪ মিলিয়ন টাকায় এবং একই সময়ে আমানতের পরিমাণ ৫৯৪ মিলিয়ন টাকা থেকে ১৫৩৮ মিলিয়ন টাকায় উন্নীত হয়;
৫. ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ২০০৯-১০ অর্থবছরের ১৬৫৩ মিলিয়ন ও ১৩৮৮ মিলিয়ন টাকা থেকে ২০১৩-১৪ অর্থবছর শেষে যথাক্রমে ২৯১৩ মিলিয়ন ও ২৫৪৭ মিলিয়ন টাকায় বৃদ্ধি; এবং
৬. জুন ২০১৪ পর্যন্ত ২০০১১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও সুদসহ ১৯৯০৩ মিলিয়ন টাকা ঋণ আদায় (৯৮.০১ শতাংশ) করা হয়।

গ্রামীণ ব্যাংক

১. গ্রামীণ ব্যাংক প্রত্যন্ত গ্রামাঞ্চলের দরিদ্র ভূমিহীন জনগোষ্ঠীর জীবনমান তথা আর্থ-সামাজিক উন্নয়নসহ সার্বিক কল্যাণে নিয়োজিত বিনা জামানতে ঋণদানকারী একটি আর্থিক প্রতিষ্ঠান। গ্রামীণ ব্যাংক তার মূল লক্ষ্য অর্জনে ২০০৯ সাল পর্যন্ত সমগ্র বাংলাদেশে ২৫৬২টি শাখার মাধ্যমে কর্মসূচি পরিচালনা করে আসছিল। ২০১০ থেকে ২০১৪ সাল পর্যন্ত পাঁচ বছরে ৬টি নতুন শাখা খুলে বর্তমানে ২৫৬৮টি শাখার মাধ্যমে ব্যাংক তার কর্মসূচি পরিচালনা করছে।
২. ডিসেম্বর ২০১৪ সাল পর্যন্ত মোট ৮১৩৯০টি গ্রাম গ্রামীণ ব্যাংকের কার্যক্রমের আওতায় আনা হয়েছে। ২০১০ সালে গ্রামীণ ব্যাংক ৯৬১৪৯.১৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং পরবর্তীতে বিতরণের পরিমাণ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৩৩৩২০.৬১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সাল পর্যন্ত মোট বিতরণের পরিমাণ ১০৮০৯৫৫.৭৬ মিলিয়ন টাকা। গ্রামীণ ব্যাংক ২০১০ সালে ৮৪৪৮৯.৪২ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে ১৩০২১০.১৮ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। গ্রামীণ ব্যাংকের এ পর্যন্ত মোট ঋণ আদায়ের পরিমাণ ৯৯৩৪৬০.৪২ মিলিয়ন টাকা এবং আদায়যোগ্য ঋণের পরিমাণ ৮৭৪৯৫.৩৪ মিলিয়ন টাকা। বর্তমানে গ্রামীণ ব্যাংকের ঋণের আদায়ের হার ৯৮.১৫ শতাংশ। ২০১৪ সালে গ্রামীণ ব্যাংকের মোট ঋণের স্থিতির পরিমাণ দাঁড়িয়েছে ৮৭৪৯৫.৩৪ মিলিয়ন টাকা, যা ২০১০ সালে ছিল ৬৬৩৪৯.৫৩ মিলিয়ন টাকা।
৩. ক্ষুদ্র ঋণের পাশাপাশি গ্রামের দরিদ্র মানুষকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্য নিয়ে গ্রামীণ ব্যাংক ক্ষুদ্র সঞ্চয়কে গুরুত্ব দিয়ে আসছে। এতে করে গ্রামীণ ব্যাংক প্রত্যন্ত অঞ্চলের অলস তহবিলকে ব্যাংকিং চ্যানেলে নিয়ে এসে দেশের অর্থনীতিতে বড় রকমের অবদান রাখছে। ২০১৪ সালে ব্যাংকের মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ১৭০০০১.৩১ মিলিয়ন টাকা, যা ২০১০ সালে ছিল ১০৫০২৩.০০ মিলিয়ন টাকা।
৪. ২০১০ সালে ৩৭০০০৭ জন সদস্য থেকে ২০১৪ সালে ৯৬২৪৮ জন বৃদ্ধি পেয়ে বর্তমানে সদস্য সংখ্যা দাঁড়িয়েছে ৮৬৪০২২৫ জনে। এর মধ্যে মহিলা সদস্য ৮৩১৬৯৮৬ জন এবং পুরুষ সদস্য ৩২৩২৩৯ জন। অর্থাৎ সদস্যদের ৯৬.২৬ শতাংশই মহিলা।
৫. ঋণ ও আমানত কর্মসূচির পাশাপাশি গ্রামীণ ব্যাংক বিভিন্ন প্রকার কল্যাণমূলক কর্মসূচিও পরিচালনা করে থাকে। এ সকল কর্মসূচির মধ্যে রয়েছে উচ্চশিক্ষা ঋণ, শিক্ষাবৃত্তি, ঋণবীমা ও সংগ্রামী (ভিক্ষুক) সদস্যদের জন্য কর্মসূচি।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড

১. বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড-এর পরিশোধিত মূলধনের পরিমাণ ২০১০ সালের ৩৮ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৪ শেষে ৫৪.৭০ মিলিয়ন টাকায় দাঁড়ায়;
২. এ সময়ে রিজার্ভ ফান্ডের পরিমাণ ১৪০৮ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২৫৮১.৫৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়;
৩. বিনিয়োগের পরিমাণ ২০১০ সালের ২৮০ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৪ শেষে দাঁড়িয়েছে ৩৭৭ মিলিয়ন টাকায় এবং বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ কর্তৃক বিভিন্ন পর্যায়ে আমানত সংগ্রহের পরিমাণ ডিসেম্বর ২০১৪ শেষে ৯১.২৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।
৪. বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত ভিশন-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ কর্তৃক অন-লাইন ব্যাংকিং কার্যক্রম চালু করা হয়েছে।

১. ব্যাংকের জন্য নিজস্ব কাস্টমাইজড সফটওয়্যার ত্রয়ের মাধ্যমে ১ জুলাই ২০১০ তারিখ হতে হিসাবরক্ষণ পদ্ধতি সম্পূর্ণ ডিজিটলাইজড করা হয়েছে। ব্যাংকের যাবতীয় কার্যক্রম উক্ত নেটওয়ার্কিং এর আওতায় আনার ফলে তথ্য প্রযুক্তির ব্যবহার ১০০ শতাংশ নিশ্চিত হয়েছে;
২. ব্যাংকের আয় বৃদ্ধি ও স্বল্প আয়ের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কৃষি ও স্বর্ণবন্ধকী ঋণের পাশাপাশি সরকারি চাকুরিজীবী কর্মকর্তা/কর্মচারীদের গৃহ সামগ্রী ত্রয়ের জন্য কনজুমার্স ঋণ চালু করা হয়েছে।

কর্মসংস্থান ব্যাংক

১. ব্যাংকটি শুরু থেকে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ৩৩১৬৪২ জন কর্মক্ষম বেকার যুবক ও যুবমহিলার মধ্যে ২২১৭২.১০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ১১৯৭২২৮ জন বেকারের কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহন করেছে;
২. শ্রম ব্যাংকিং কার্যক্রমের আওতায় বায়োগ্যাস প্রকল্প, সবুজ বনায়ন, সবুজ সার উৎপাদন ও নার্সারী প্রকল্পে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ বিতরণ করা হয়েছে;
৩. ২০১০ সাল থেকে ঋণ বিতরণ কার্যক্রম ক্রমাগতভাবে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে বিতরণের বৃদ্ধির পরিমাণ দাঁড়িয়েছে ১৫৯৬.২০ মিলিয়ন টাকা। এর ফলে ২০১৪ সালে ঋণের স্থিতির পরিমাণ দাঁড়িয়েছে ৬২৪২.২০ মিলিয়ন টাকা;
৪. ২০১৪ সালে ১০২৬২ জন নারী উদ্যোক্তাদের অনুকূলে ১২১২.৮০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে;
৫. ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশু শ্রমিককে উপ-আনুষ্ঠানিক শিক্ষা ও দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান এবং তাদের পিতামাতার অনুকূলে ঋণ বিতরণ কর্মসূচির অধীনে আবর্তক তহবিলসহ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ৫২২৮ জন সুবিধাভোগীর মধ্যে ৪১.২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে;
৬. ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ব্যাংকের মোট ঋণ আদায়ের পরিমাণ ১৯৫০৬.৮০ মিলিয়ন টাকা;
৭. দারিদ্র্য বিমোচনের বিপরীতে ঋণের স্থিতির পরিমাণ ২০১০ সালের ৩৪৬ মিলিয়ন টাকা থেকে ২০১৩-১৪ অর্থবছরে বৃদ্ধি পেয়ে ৫৪৫.৯০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

প্রবাসী কল্যাণ ব্যাংক


১. ব্যাংকটির মোট রিজার্ভ ফান্ড এবং মোট পরিসম্পদের পরিমাণ ২০১১-১২ অর্থবছরের ৬৪ মিলিয়ন ও ১১২২ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৩-১৪ অর্থবছর শেষে যথাক্রমে ১২৩.৪০ মিলিয়ন ও ১৭৭২.১০ মিলিয়ন টাকায় উন্নীত হয়;
২. ৩১ মার্চ ২০১৫ পর্যন্ত ৮২৪৪ জন বিদেশগামী কর্মীকে জামানতবিহীন 'অভিবাসন ঋণ' প্রদান করা হয়েছে, যার পরিমাণ ৬৩৫.৮ মিলিয়ন টাকা এবং ১৩৩ জন প্রবাস ফেরত কর্মীকে 'পুনর্বাসন ঋণ'/'প্রকল্প ঋণ' প্রদান করা হয়েছে, যার পরিমাণ ২০.৮ মিলিয়ন টাকা;
৩. ব্যাংকের সেবা মানুষের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে ৪৯টি শাখা স্থাপন করা হয়েছে;
৪. প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপিত হওয়ার পর থেকে বিদেশগামী চাকুরিজীবী মহাজনী ঋণের বোঝা হতে মুক্ত হওয়ার পথ উন্মুক্ত হয়েছে। প্রবাসী কল্যাণ ব্যাংকের ঋণ গ্রহণে অগ্রহী কোনো বিদেশগামী কর্মীর জামিনদার আর্থিক/অসুস্থতার কারণে ব্যাংকে আসতে অসমর্থ হলে ব্যাংকের কর্মকর্তা নিজে প্রত্যন্ত অঞ্চলে গিয়ে জামিনদারদের স্বাক্ষর নিয়ে একটি ব্যতিক্রমধর্মী সেবা প্রদান করছে;
৫. ব্যাংকে প্রবাসীদের জন্য প্রবাসী ডিপোজিট স্কিম (পিডিএস)সহ বিভিন্ন আমানত সুবিধা, যেমন-(১) সঞ্চয়ী হিসাব, (২) পিডিএস, (৩) ছিওপ মেয়াদি আমানত, (৪) স্থায়ী আমানত ও (৫) ঋণ বৃদ্ধি আচ্ছাদন স্কিম সুবিধা কার্যকর রয়েছে। উল্খা বে, প্রবাসী কল্যাণ ব্যাংকের সকল শাখায় Real Time Online Banking পরিচালিত হচ্ছে।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

www.ansarvdp.gov.bd

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন ১৯৯৫ (১৯৯৫ সনের ২১ নং আইন) এর মাধ্যমে প্রায় ৬০ লক্ষ ভূমিহীন, বিত্তহীন ও নিম্নবিত্ত আনসার ও ভিডিপি সদস্য/সদস্যদের কর্মসংস্থান ও দাবিদ্রা বিমোচনের মাধ্যমে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক প্রতিষ্ঠিত হয়। ব্যাংকটির অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ৫৫২ মিলিয়ন টাকা। ব্যাংকটির পরিশোধিত মূলধনের শতকরা ২৫ ভাগ সরকারের শেয়ার। ব্যাংকের বর্তমান শাখার সংখ্যা ২০০টি, আরো ১৭টি শাখা খোলার অনুমোদন পাওয়ার শাখা খোলা প্রক্রিয়াধীন আছে।

ব্যাংকের আমানত ২০১২-২০১৩ অর্থবছরের তুলনায় ২০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৩-২০১৪ অর্থবছরে ১৫৩৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম এর পরিমাণ ২০১২-২০১৩ অর্থবছরের তুলনায় ১৪.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৩-২০১৪ অর্থবছরে ২৮৯৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ভূমিহীন, বিত্তহীন ও দরিদ্র আনসার ও ভিডিপি সদস্যদের সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার কারণে আমানতের বৃদ্ধি ঘটেছে এবং নতুন নতুন শাখা সম্প্রসারণের ফলে নতুন সদস্য ঋণ কার্যক্রমে সম্পৃক্ত হওয়ার ঋণ ও অগ্রিমের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের ঋণ ও অগ্রিমের অর্থনৈতিক ঋাত্তিক্তিক অবদান চার্ট এ দেখানো হলো।



উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : আনসার প্রসৌন্দনা কৃষি ভিত্তিক শিল্প প্রকল্পে চলতি মূলধন ও ব্যবসায় নগদ ঋণ নামে একটি ঋণ কর্মসূচি চালু রয়েছে। ব্যাংকের পরীক্ষিত ঋণগ্রহীতা যারা দুই বা ততোধিকবার ঋণ গ্রহণ করে যথানিয়মে ঋণ পরিশোধ করেন তাদেরকে তুলনামূলক কম সুদে এ ঋণ প্রদান করা হয়। ২০১৩-২০১৪ অর্থবছরে শিল্প ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ যথাক্রমে ১০৪৩ মিলিয়ন টাকা ও ৯০০ মিলিয়ন টাকা।

SME ঋণ : ব্যাংকের নিজস্ব তহবিল হতে পরিচালিত ২০১৩-২০১৪ অর্থবছরে মোট ঋণের মধ্যে SME এর অবদান ৩৩.৬ শতাংশ যা ২০১২-২০১৩ অর্থবছরের তুলনায় ৫.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ১০৩৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ক্ষুদ্র ঋণ খাতের পরীক্ষিত সদস্য/সদস্যা, ব্যাটালিয়ন আনসার এবং নতুন উদ্যোক্তাদের SME ঋণ খাতের আওতায় ঋণ প্রদান করা হচ্ছে এবং নতুন নতুন শাখা সম্প্রসারণের ফলে নতুন সদস্য ঋণ কার্যক্রমে সম্পৃক্ত করার কারণে SME এর ঋণ বৃদ্ধি ঘটেছে। ২০১৩-২০১৪ অর্থবছরে ভোক্তা ঋণের অংশ মোট ঋণের ৩৫ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৩-২০১৪ অর্থবছরে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণ বিতরণের ৫৯.১৮ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১২-২০১৩ অর্থবছরের তুলনায় ৯.৬৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৩-২০১৪ অর্থবছরে ১৭২৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ নতুন শাখা ও নতুন নতুন সদস্য অন্তর্ভুক্তির কারণে কৃষি ঋণের বৃদ্ধি ঘটেছে।

ক্ষুদ্র ঋণ : ব্যাংক প্রধানতঃ ভূমিহীন, বিত্তহীন ও নিম্নবিত্ত আনসার/ভিডিপি সদস্যদের মাঝে প্রাপ্তিস্বিক্তিক জামানতবিহীন ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। ব্যাংকের প্রধান ঋণ ঋণের সীমা ০.০৫ মিলিয়ন টাকা এবং এর ধারাবাহিকতায় ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবছরে ক্ষুদ্র ঋণের পরিমাণ ছিল যথাক্রমে ১৫৭৭ মিলিয়ন ও ১৭৭০ মিলিয়ন টাকা। ২০১২-২০১৩ অর্থবছরের তুলনায় ২০১৩-২০১৪ অর্থবছরে ১২ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৭৭০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

প্রিন ব্যাংকিং : সৌর বিন্যাস প্রকল্প এবং বায়ো গ্যাস প্র্যান্ট খাতে ঋণ বিতরণের জন্য সম্প্রতি মাঠ পর্যায়ে নীতিমালা জারী করা হয়েছে।

রেমিট্যান্স : ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থবছরে রেমিট্যান্সের পরিমাণ ছিল যথাক্রমে ২.৮৬ মিলিয়ন ও ৩.৩৭ মিলিয়ন টাকা। ২০১২-২০১৩ অর্থবছরের তুলনায় ২০১৩-২০১৪ অর্থবছরে রেমিট্যান্স বৃদ্ধি পেয়েছে ০.৫১ মিলিয়ন টাকা। রেমিট্যান্স বৃদ্ধির লক্ষ্যে NRB দের জন্য "প্রবান" আমানত চালু করা হয়েছে যার সুদের হার সঞ্চয় হিসাবের চেয়ে ২ শতাংশ বেশি।

অটোমেশন : ২০১৩-২০১৪ অর্থবছর পর্যন্ত প্রধান কার্যালয়সহ বিভিন্ন শাখায় ৪৩টি কম্পিউটার সরবরাহ করা হয়েছে। আরও ৬২টি কম্পিউটার সরবরাহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং প্রধান কার্যালয়সহ প্রধান শাখাসমূহ অটোমেশনের আওতায় আনার বিষয়টি সক্রিয় বিবেচনাধীন।

নারী উদ্যোক্তা : ২০১৩-২০১৪ অর্থবছরে ৩২,৭১৪ জন নারী উদ্যোক্তাকে ১১৬৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১২-২০১৩ অর্থবছরে ৩০,০২৫ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১১১৪ মিলিয়ন টাকার তুলনায় ৪.৬৭ শতাংশ বেশি। অত্র ব্যাংকের মোট ঋণগ্রহীতার ৬০ শতাংশ নারী।


ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : সারা দেশের ৬ মিলিয়ন আনসার ও ভিডিপি সদস্যদের কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন ও স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে পর্যায়ক্রমে প্রতি উপজেলায় ব্যাংকিং কার্যক্রম পরিব্যাপ্ত করা হবে। তহবিল স্বল্পতার কারণে দীর্ঘমেয়াদি বৃহৎ শিল্প ঋণ এখনও চালু করা সম্ভব হয়নি। তবে উক্ত খাতে ঋণ চালু করার বিষয়টি বিবেচনা রয়েছে। ব্যাংকের শাখাসহ সামগ্রিক কার্যক্রম ডিজিটলাইজড করার লক্ষ্যে অটোমেশনের কাজ প্রক্রিয়াধীন এবং মোবাইল ব্যাংকিং কার্যক্রম চালু করার প্রক্রিয়া চলছে।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড

www.bdsbl.org

১৯৪৮ সালে প্রতিষ্ঠিত ইস্ট পাকিস্তান প্রভিনশিয়াল কো-অপারেটিভ ব্যাংক লিঃ ১৯৭১ সালে স্বাধীনতার পর বাংলাদেশ জাতীয় সমবায় ব্যাংক নামে এবং পরবর্তীতে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ (বিএসবিএল) নামে আত্মপ্রকাশ করে। সরকার হতে গ্যারান্টি প্রথার মাধ্যমে বাংলাদেশ ব্যাংক হতে ঋণ গ্রহণ করে সমবায়ী কৃষক পর্যায়ে স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি কৃষি ঋণ বিতরণ করা হতো। কিন্তু ১৯৮৮-১৯৮৯ সালে সরকার কর্তৃক গ্যারান্টি প্রথা প্রত্যাহার করা হলে ব্যাংকের নিজস্ব মূলধন হতে স্বল্প, মধ্যম, দীর্ঘমেয়াদি কৃষি ঋণসহ প্রকল্প ঋণ, কনজুমার্স ঋণ এবং স্বর্ণ আমানত ঋণ বিতরণ করছে। মূলতঃ কৃষি ও অন্যান্য সমবায় ঋণ সম্পর্কিত প্রতিষ্ঠানসহ সকল শ্রেণীর সমবায় প্রতিষ্ঠান এ ব্যাংকের সদস্য পদ লাভ করতে পারে। ডিসেম্বর ১৪ পর্যন্ত এ ব্যাংকের সদস্য সমিতির সংখ্যা ৪৭৬টি। ১২ সদস্য (নির্বাচিত ০৮ জন ও সরকার কর্তৃক মনোনীত ০৪ জন) বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি ব্যাংক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করেন।

ব্যাংকের আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৮.১৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৯১.২৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৫.৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৩৭৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ব্যাংকিং কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি পাওয়ার কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে এবং সরকার হতে সুদ মওকুফ বাবদ প্রাপ্ত ভর্তুকি টাকা কৃষি ঋণ খাতে সমন্বয় করার কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ হ্রাস পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.২৪ পারসেন্টেজ পয়েন্ট। বিএসবিএল-এর ঋণ ও অগ্রিমের অর্থনৈতিক যাতায়াতের অবদান চার্ট-এ দেখানো হলো।



উল্লেখযোগ্য কার্যক্রম :

কৃষি ঋণ : কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২২.৯২ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৩৬.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ২১৪ জন নারী উদ্যোক্তাকে ৯.০০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৭০ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১.৩০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছিল।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কৃষি ঋণ, প্রকল্প ঋণ, কনজুমার্স ঋণ বিতরণ বৃদ্ধিসহ এসএমই ঋণ কার্যক্রম চালু করার পরিকল্পনা রয়েছে।

অন্যান্য : চলতি, সঞ্চয়ী ও স্থায়ী আমানত হিসাব বোলা, পে-অর্ডার, নগদ টাকা উত্তোলনের জন্য অটোমেটিক ক্রিয়ারিং হাউসের এমআইসিআর চেক সুবিধা দেয়া হয়।

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ সমবায় অঙ্গনে অর্ধায়নকারী ও ঋণদানকারী একটি জাতীয় প্রতিষ্ঠান। বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ বিভিন্ন সদস্য সমবায় সমিতি ও সদস্য-বহির্ভূত সমবায় সমিতিসমূহের সদস্যপথকে বিভিন্ন প্রকল্পে এবং বিভিন্ন উৎপাদনশীল ও আয়-বর্ধক কর্মকাণ্ডে সহজ শর্তে ঋণ সহায়তা প্রদান করে আসছে।

১৯৮৩ সালের অক্টোবর মাসে বিশেষ অধ্যাদেশ বলে গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠা লাভ করে। বর্তমানে গ্রামীণ ব্যাংকের কার্যক্রম “গ্রামীণ ব্যাংক আইন ২০১৩” দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত হয়ে আসছে। কোন প্রকার জামানত ব্যতীত গ্রামীণ ব্যাংক ভূমিহীন দরিদ্র জনগোষ্ঠীকে ক্ষুদ্র ঋণ দিতে থাকে।

ব্যাংকের আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৪.৪৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৭০০০১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩.৬৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮৭৪৯৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ৫১.৪৭ শতাংশ। মূলতঃ আমানতকারীদের আস্থা বজায় থাকার কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে এবং সদস্য বৃদ্ধির কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ১০.২৪ পার্সেন্টেজ পয়েন্ট। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ২১.১৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ৯৫৫৭৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

উল্লেখযোগ্য কার্যক্রম :

কৃষি ঋণ : ২০১৪ সালের কৃষি ঋণ বিতরণের এবং আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২৯৮৯ এবং ২৩৩০ মিলিয়ন টাকা।

ক্ষুদ্র ঋণ : গ্রামীণ ব্যাংক ২০১৩ সালে ১২৬০৩১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে। ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫.৭৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে দাঁড়িয়েছে ১৩৩৩২১ মিলিয়ন টাকায়। ২০১৪ সালে ৯৬২৪৮ জন নতুন সদস্য অর্জিত হওয়ায় এবং পুরনো সদস্যদের ঋণের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় ২০১৪ সালে ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ২৫৬৮টি শাখার মাধ্যমে ৬৪টি জেলার ৪৭২টি উপ-জেলায়/থানার আওতাধীন ৮১৩৯০টি গ্রামে ৮৬.৪০ লক্ষ সদস্যের মধ্যে ক্ষুদ্র ঋণ কার্যক্রম সম্প্রসারিত হয়েছে। এর মধ্যে ৯৬.২৬ শতাংশ মহিলা। বিতরণকৃত ঋণের পরিমাণ ১০৮০৯৫৬ মিলিয়ন টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ৯৯৩৪৬০ মিলিয়ন টাকা। গ্রামীণ ব্যাংক সদস্যদের জমাকৃত সঞ্চয়ের পরিমাণ ১০৫৭৯১ মিলিয়ন টাকা।

গৃহ ঋণ : বাসস্থান মানুষের মৌলিক চাহিদাগুলোর অন্যতম। একটি গৃহ শুধুমাত্র একটি আবাসস্থলই নয় এটি একটি কর্মস্থল হিসেবেও বিবেচিত হতে পারে। সে লক্ষ্যকে বাস্তবায়নের জন্য ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ৬৯৬৭৮৯ টি গৃহ নির্মাণের জন্য ৮ শতাংশ সুদে ৯১০৩ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে।

সংগ্রামী (ভিক্ষুক) সদস্য : সুদমুক্ত ঋণ কর্মসূচির আওতায় গ্রামীণ ব্যাংক ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ১০৩৩৩৪ জন ভিক্ষুক সদস্যদের মধ্যে ১৭৩.৬৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে। শর্তহীনভাবে বিতরণকৃত এ ঋণ গ্রহীতারা তাঁদের সুবিধা অনুযায়ী আয়ের মাধ্যমে ঋণ পরিশোধ করে থাকেন। মৃত্যুবরণকৃত সদস্যের ঋণ গ্রামীণ ব্যাংকের নিয়ম অনুযায়ী মওকুফ করে দেয়। ভিক্ষুকদের সামাজিক মর্যাদা দেয়ার জন্য গ্রামীণ ব্যাংক এই কর্মসূচিকে ‘সংগ্রামী সদস্য কর্মসূচি’ হিসেবে নামকরণ করেছে।

উচ্চশিক্ষা ঋণ : উচ্চ শিক্ষা উৎসাহিত করার লক্ষ্যে প্রতি বছর সম্মানিত সদস্যদের প্রায় ২৭ হাজার ছেলেমেয়েকে স্কুল ও কলেজ পর্যায়ে গ্রামীণ ব্যাংক ৫টি ক্যাটাগরিতে ৪০ মিলিয়ন টাকার বেশি বৃত্তি দিয়ে থাকে। এক্ষেত্রে মেয়েদের অগ্রাধিকার দেয়া হয়। সদস্যদের ছেলেমেয়ে যারা শিক্ষার তৃতীয়স্তরে সফলতার সহিত প্রবেশ করে তাদের মধ্যে উচ্চ শিক্ষা ঋণ প্রদান করা হয়। শিক্ষাকালীন সময়ে এ ঋণ সুদমুক্ত। লেখাপড়া শেষ হবার পর এ ঋণের সুদের হার ৫ শতাংশ। উচ্চ শিক্ষা ঋণ বাবদ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত অনুমোদিত ঋণের পরিমাণ ৪৫২৫.৩০ মিলিয়ন টাকা, বিতরণকৃত ঋণের পরিমাণ ৩৪৫২.৪৩ মিলিয়ন টাকা এবং আদায়যোগ্য ঋণের পরিমাণ ২৮৭৬.৭০ মিলিয়ন টাকা।

পল্লিফোন : গ্রামীণ ব্যাংকের সদস্যদের মধ্যে পল্লিফোন বিতরণের কর্মসূচি অব্যাহত রয়েছে। ২০১৪ এর ডিসেম্বর পর্যন্ত ১৪২৮৯০২টি পল্লিফোন বিতরণ করা হয়েছে। এ মোবাইল ফোনের বদৌলতে দেশের অভ্যন্তরে ও বিশ্বের বিভিন্ন স্থানের সাথে দ্রুত যোগাযোগ করা সম্ভব হচ্ছে। বাংলাদেশের প্রায় সর্বত্র এ সুবিধা বিস্তৃত রয়েছে।

ঋণবীমা : গ্রামীণ ব্যাংকের সদস্যদের মৃত্যুর পর ঋণ ও সুদ মওকুফ করার জন্য ঋণবীমা সঞ্চয় তহবিল রয়েছে। বীমাত্ত্ব কোন সদস্য মারা গেলে এই তহবিল থেকে সদস্যের বকেয়া ঋণ ও সুদ পরিশোধ করে দেয়া হয়। গ্রামীণ ব্যাংক সদস্যের স্বামীদেরকেও এই কর্মসূচির আওতায় এনেছে। গ্রামীণ ব্যাংকের কোন সদস্য মারা গেলে তাঁর সংকারের জন্য ১৫০০ টাকা এককালীন অনুদান দেয়া হয়ে থাকে। এ জন্য সদস্যদের কোন টাকা জমা দিতে হয় না।

অটোমেশন : তথ্যপ্রযুক্তিকে কাজে লাগিয়ে প্রত্যন্ত অঞ্চলে ২৫৬৮টি শাখার হিসাব-নিকাশ কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। এ কাজ সম্পন্ন করার জন্য প্রতিটি এলাকায় তথ্য কেন্দ্র স্থাপন করা হয়েছে এবং প্রধান কার্যালয়ের সাথে আঞ্চলিক অফিসের দ্রুত তথ্য আদান-প্রদানের জন্য রয়েছে ইন্টারনেট সংযোগ।


ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : গ্রামীণ ব্যাংক দরিদ্র ভূমিহীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে। গ্রামীণ ব্যাংকের মূল লক্ষ্য অর্জনে ২০১৫ সালে আরও ৫টি নতুন শাখা খুলে ২৫৭৩টি শাখার মাধ্যমে সমগ্র বাংলাদেশে ব্যাংকের কার্যক্রম বিস্তৃত করার পরিকল্পনা রয়েছে। এ সময় নতুন ৬০ হাজার সদস্য বৃদ্ধি করে মোট সদস্য সংখ্যা দাঁড়াবে প্রায় ৮৭ লক্ষ।

কর্মসংস্থান ব্যাংক

www.karmasangsthanbank.gov.bd

দেশের বেকার জনগোষ্ঠীর আত্মকর্মসংস্থানের লক্ষ্যে অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ৩০০০ ও ১০০০ মিলিয়ন টাকা নিয়ে ১৯৯৮ সালের ৩০ জুন থেকে কর্মসংস্থান ব্যাংক কার্যক্রম শুরু হয়। দেশের বেকার বিশেষ করে প্রশিক্ষিত ও শিক্ষিত জনগোষ্ঠিকে অর্থনৈতিক কর্মকাণ্ডের মূলধারায় আনার লক্ষ্যে এ ব্যাংক সৃষ্টি হয়। অন্যান্য বাণিজ্যিক ও আর্থিক প্রতিষ্ঠানের ন্যায় মুনাফা অর্জন ও ব্যবসা করা এ ব্যাংকের লক্ষ্য নয়। শুধুমাত্র বেকারদের আত্মকর্মসংস্থানের দায়বদ্ধতা থেকেই ব্যাংকটি ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনা করে থাকে। এটি সম্পূর্ণ সরকারি মালিকানাধীন ব্যাংক। ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ২১২টি শাখার মাধ্যমে ব্যাংকটি সমগ্র দেশব্যাপী ব্যাংক ঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। ২০১৪ সালে ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৭০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৫২০০ মিলিয়ন টাকা।

ব্যাংকের আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ২০.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৯২.২০ মিলিয়ন টাকার দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪.৮৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৬২৪২.২০ মিলিয়ন টাকার দাঁড়িয়েছে। মূলতঃ গ্রাহকের সঞ্চয়ের প্রবণতা বৃদ্ধির কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে এবং অধিক সংখ্যক বেকারদের মধ্যে ঋণ বিতরণের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৩.৯২ পাসেন্টেজ পয়েন্ট। কর্মসংস্থান ব্যাংকের ঋণ ও অগ্রিমের অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।



উল্লেখযোগ্য কার্যক্রম :

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ৪০ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৫ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১৫০৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ উদ্যোক্তাদের বিনিয়োগ ব্যবসায়িক লোকসানের কারণে SME-এর ঋণ বিতরণের হ্রাস ঘটেছে।

ক্ষুদ্র ঋণ : ব্যাংকের মূল উদ্দেশ্য ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে বেকারদের অবসান ঘটানো। এ ব্যাংক থেকে বিতরণকৃত সকল ঋণই ক্ষুদ্র ঋণের আওতাভুক্ত। ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে ক্ষুদ্র ঋণ বিতরণ বৃদ্ধির মূল কারণ দ্রুত দারিদ্র্যতা নিরসনের জন্য প্রকল্পের আকার বৃদ্ধি করে উদ্যোক্তাদের মধ্যে ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে বেশি পরিমাণ ঋণ বিতরণ করা হয়েছে।

গ্রিন ব্যাংকিং : সরকারের অঙ্গীকার অনুযায়ী জলবায়ুর পরিবর্তনের বিরুদ্ধে প্রভাব থেকে মুক্ত রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী ব্যাংকে গ্রিন ব্যাংকিং কার্যক্রম প্রবর্তন করা হয়েছে। এ স্বীকৃতির আওতায় বায়োগ্যাস প্রকল্প, সবুজ বনায়ন, সবুজ সার উৎপাদন ও নার্সারী প্রকল্পে অগ্রাধিকার জিন্ডিতে ঋণ বিতরণ করা হয়েছে।

অটোমেশন : ব্যাংকের ২১২টি শাখার তথ্য আদান প্রদানের জন্য ই-মেইল কার্যক্রম চালু করা হয়েছে। এছাড়া Data Center & Disaster Recovery site (DRS) স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১০২৬২ জন নারী উদ্যোক্তাদের অনুকূলে ১২১২.৮০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১০২৪০ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১০১২.০০ মিলিয়ন টাকার তুলনায় ১৯.৮ শতাংশ বেশি।


ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ঋণের আদায় নিশ্চিত করার লক্ষ্যে ক্লাস্টার ভিত্তিতে ঋণ বিতরণের পরিকল্পনা বাস্তবায়িত হচ্ছে এবং দেশের পুষ্টিকর খানোর চাহিদা মিটানোর লক্ষ্যে গাজী পালন খামারীদের মধ্যে আরএফএল গ্রাণ গ্রুপের মাধ্যমে বাজার নিশ্চিত করে ঋণ বিতরণে পরিকল্পনা নেয়া হয়েছে। খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে ছক প্রস্তুতপূর্বক মার্চ পর্যায়ের মনিটরিং জোরদার করা হচ্ছে।

প্রবাসী কল্যাণ ব্যাংক

www.pkb.gov.bd

বাংলাদেশের অর্থনীতিতে প্রশংসনীয় অবদান রাখা প্রবাসীদের সার্বিক কল্যাণ সাধনের লক্ষ্যে 'প্রবাসী কল্যাণ ব্যাংক আইন-২০১০'-এর অধীনে রাষ্ট্রীয় মালিকানাধীন একটি বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান হিসেবে 'প্রবাসী কল্যাণ ব্যাংক' প্রতিষ্ঠা করা হয়। ব্যাংকটি ২০১২ সালের জানুয়ারি হতে সম্পূর্ণ কার্যক্রম শুরু করে। ৫০০০ মিলিয়ন টাকা অনুমোদিত মূলধন ও ১০০০ মিলিয়ন টাকা পরিশোধিত মূলধন নিয়ে প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম শুরু হয়। বিদেশগামী এবং প্রবাস ফেরত কর্মীদের সহজ শর্তে ঋণ প্রদান করাই ব্যাংকের মূল উদ্দেশ্য।

ব্যাংকের আমানত স্থিতি ২০১২-১৩ অর্থবছর শেষের তুলনায় ৫৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৩-১৪ অর্থবছর শেষে ৬৩৫.৩০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১২-১৩ অর্থবছরের তুলনায় ১৪২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৩-১৪ অর্থবছর শেষে ৩০৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ৪৮ শতাংশ। মূলতঃ শাখা সম্প্রসারণের কারণে আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতি উভয়ের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ব্যাংকটির ঋণ ও অগ্রিমের অর্থনৈতিক ঝাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।



উল্লেখযোগ্য কার্যক্রম

অভিবাসন ঋণ : ২০১৩-১৪ অর্থবছরে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম এর মধ্যে অভিবাসন ঋণের অংশ ৯৫ শতাংশ। অভিবাসন ঋণের পরিমাণ ২০১২-১৩ অর্থবছরের তুলনায় ১৪২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৩-১৪ অর্থবছরে ২৯০.৭০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ শাখা সম্প্রসারণের কারণে অভিবাসন ঋণের বৃদ্ধি ঘটেছে।

প্রকল্প ঋণ : ২০১৩-১৪ অর্থবছরে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম এর মধ্যে প্রকল্প ঋণের অংশ ৫ শতাংশ। প্রকল্প ঋণের পরিমাণ ২০১২-১৩ অর্থবছরের তুলনায় ১২৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৩-১৪ অর্থবছরে ১৩.৯২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ শাখা সম্প্রসারণের কারণে প্রকল্প ঋণের বৃদ্ধি ঘটেছে।

সিএসআর : ২০১২-১৩ অর্থবছরে ব্যাংকের সিএসআর কার্যক্রমে ব্যয়ের পরিমাণ ছিল ০.৫ মিলিয়ন টাকা। সিএসআর ব্যয়ের পরিমাণ ২০১২-১৩ বছরের তুলনায় ৪০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৩-১৪ অর্থবছরে ৭ মিলিয়ন টাকা দাঁড়িয়েছে।

অটোমেশন : প্রবাসী কল্যাণ ব্যাংকের সকল শাখায় Real Time Online Banking পরিচালিত হচ্ছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ব্যাংকটি বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংকের অনুমোদন পাওয়ার প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সময়	অনুমোদিত মূলধন	পরিশোধিত মূলধন	রিজার্ভ ষাঙ্ক	আমানত স্থিতি			ঋণ ও অধিষ্টি	বিনিয়োগ	স্বল্পতা (+/-)	প্রদীক্ষিত ঋণ (পুষ্টিহীন)	স্বীকৃত ঋণের শতকরা হার	মোট পরিসংখ্যান	মোট ব্যয়	মোট ব্যয়	কর্পোরেট টেক্স	প্রতিশত
					ভানবি	মেয়াদী	মোট										
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
আনন্দ-ভিকেলি উন্নয়ন ব্যাংক	২০১২-২০১৩	১০০০	৫৪৬	৫১৯	৩৭২	৯০	১২৩২	২৫৩১	৪৬১	৫২২	১৯৪	০	৩৪৩৯	৩২৩	২৩৪	২০	৪২
	২০১৩-২০১৪	১০০০	৫৫২	৫১৯	৪৩৮	১১০	১৫৩৮	২৮৯৭	৩৭৪	৪৫০	২০৮	০	৩৮৬১	৩৮৫	২৮০	২৫	৪৫
	বার্ষিক ২০১৫***	১০০০	৫৫৭	৫১৯	৫০২	১৪৭২	১৯৭৪	৩১০৫	৪৬২	৫২০	২২২	০	৪০০১	৫১৬	৪১৯	২৪	৪০
	জুন ২০১৫(৬)	১০০০	৫৯০	৫১৯	৫৫৩	১৫১৭	২১২০	৩১৫০	৪৬৩	৫৫০	১৯০	০	৪১০২	৭১১	৫৭১	৩০	৬২
প্রাচীন ব্যাংক	২০১৩	১০০০০	৭৩৪	৮৯৭০	৫১২৯০	৯৯২০	১৪৮৪৪৫	৮৪৩৮৫	২৬৭	৭৮৮৭০	১৪৯৬	০	১৭৮৯৩৭	২৭২১৪	২১৭৬৯		৪১১২
	২০১৪	১০০০০	৭৯৬	৯১২১	৫০৮৩৭	১০৯১৫	১৭০০১	৮৭৪৯৫	২৬৭	৯৫৫৭৯	১৫৫০	০	২০০৯৬১	২৯০২৩	২৫০১৬		৪৭৭০
	বার্ষিক ২০১৫***	১০০০০	৭৯৬	৯১২১	৫০৮৩৭	১১২৯২৪	১৭৫৩০	৮৮৭৪৭	১২৬৭	৯৬৬২০	১৫০০	০	২০৯৪৬৮	৮০২০	৭৩০০		৭০০
	জুন ২০১৫(৬)	১০০০০	৮০০	৯১২১	৫০১৭৮	১১৫৮০	১৬২০৬১	৮৯৯৯৮	১২৬৭	৯৫৮৫০	১৫৬০	০	২১০৯৬৮	১৬২০০	১৪৬৫০		১৫০০
বাহাদুর নগর ব্যাংক লিমিটেড*	২০১৩	১০০০	৫১	২৪৭৬	৩৮	৩০	৭৭	৪৫০	২৫৫				৪৫৯৪	২২১	৯৫	৩	১০১
	২০১৪	১০০০	৫৫	২৫৮২	৬৫	২৭	৯১	৩৭৯	৩৭৭				৪৭১৯	২৩১	১১৫	৬	১০৮
	বার্ষিক ২০১৫***	১০০০	৫৫	২৫৮২	৪৫	২৯	৭৪	৩৮৪	৩৪৭				৪৭২২	২১	২৮		
	জুন ২০১৫(৬)	১০০০	৫৫	২৫৮২	৫০	৩০	৮০	৪০০	৩৫০				৪৭৫৫				
কর্মসংস্থান ব্যাংক*	২০১৩	৭০০০	৫২০০	৫৫৭	০	২৫	২৪৩	৫৯৫২	০	০	৩৮৬	০	৬৬৬৬	৭০৭	৩৭৩	৯৯	২১৩
	২০১৪	৭০০০	৫২০০	৫৯৭	০	২৯	২৯২	৬২৪২	০	০	৬০৮	০	৭৩৫৫	৭২৩	৪৪১	৫৯	২১০
	বার্ষিক ২০১৫***	১৫০০০	৪৭৪১	৫৯৭	০	৩১	৩১৭	৬৩৮০	০	০	৫৪৭	০	৭৪৯৫	৫৭৮	৩৬৭	৩০	১৭৩
	জুন ২০১৫(৬)	১৫০০০	৭৭০০	৫৯৭	০	৩২	২৯২	৬৪০০	০	০	৫৫০	০	১০৪৫০	৭৭০	৪৮৯	৬০	১৯২
প্রবাসী কল্যাণ ব্যাংক	২০১২-২০১৩	৫০০০	১০০০	১০৭	০	৪৬	৪১৬	১২৬	০	০	০	০	১৬৪৮	১৩৭	৪৮	৫৭	০
	২০১৩-২০১৪	৫০০০	১০০০	১২৩	-	৬৫	৬৩৫	৩০৫	-	-	-	-	১৭৭২	১৫৬	৬৯	৩০	-
	বার্ষিক ২০১৫***	৫০০০	১০০০	১২৩	-	৬৫	৬৯৫	৪০১	-	-	-	-	১৯৬২	১৩১	৮০	-	২০
	জুন ২০১৫(৬)	৫০০০	১০০০	১৫৯	-	৭০	৭০০	৪৩৫	-	-	-	-	১৯৮০	১৭০	১০০	-	৩০

ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত কতিপয় সূচকের গতিধারা

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সিটি সূচক	আমানতের সুদ/মুনাফা হার	ঋণের সুদ/মুনাফা হার	মূলধন পর্যাপ্ততার হার (%)	বৈদেশিক বণিজ্য				ডিএফসি	মোট জনবল			বিসমি হকিং ব্যাক	মোট শাখা (সাংখ্যিক)			জেনিট বেঙ্গি
					করাচি	ডাখরা	অন্যান্য (স্বদেশীয় কার্য)	মোট		কর্মকর্তা	অস্থায়ী	মোট		বাংলাদেশ	বিদেশ	মোট	
	১৫	১৬	১৭	১৮			১৯		২০		২১		২২		২৩		২৪
আনিসার-জিডিপি উন্নয়ন ব্যাংক	২৭	৭.৩৭	১৪.০	২৩.৩৮	০	০	২.৮৬	২.৮৬	০	৪৩৬	২৭৭	৭৪৩	০	১৮৯	০	১৮৯	০
	৩৫	৭.৩৭	১৪.০	২০.৭৪	০	০	৩.৩৭	৩.৩৭	০	৫০৩	২৫০	৭৫৩	০	২০০	০	২০০	০
	৩৩	৭.৩৭	১৩.০	১৪.৪১	০	০	০	০	০	৫৪০	২১৪	৭৫৪	০	২১৭	০	২১৭	০
	৪৫	৭.৩৭	১৩.০	১৬.৪৫	০	০	০	০	০	৫৪০	২১৪	৭৫৪	০	২১৭	০	২১৭	০
প্রাথমিক ব্যাংক	১০৩৩	স্বাধীনতা ১০২.১০%	স্বাধীনতা ১০২.১০%	স্বাধীনতা ১০২.১০%	৯.০					৪৮০১	১২০৭	১৪৪৭		২৫৬৭		২৫৬৭	
	৪৩৬	স্বাধীনতা ১০২.১০%	স্বাধীনতা ১০২.১০%	স্বাধীনতা ১০২.১০%	১০.৬৫					৭২৯৩	১১১১	১৪৪৪		২৫৬৮		২৫৬৮	
	২০	স্বাধীনতা ১০২.১০%	স্বাধীনতা ১০২.১০%	স্বাধীনতা ১০২.১০%	১০.০০					৭২৭৯	১১১১	১৪৪০		২৫৬৮		২৫৬৮	
	৫০	স্বাধীনতা ১০২.১০%	স্বাধীনতা ১০২.১০%	স্বাধীনতা ১০২.১০%	১০.৫৫					৭২৯৯	১১১১	১৪৪০		২৫৬৮		২৫৬৮	
বাংলাদেশ সন্দ্বায় ব্যাংক লিমিটেড	২২	৬.৬১	১২.১০						০	৯৪	৭১	১৬৫		১		১	
	১	৬.৬১	১১.৮৫							৯১	৭২	১৬৩		১		১	
	-৭	৬.৬১	১১.৮৫							৯১	৮৫	১৭৬		১		১	
										১০০	১০৯	২০৯		১		১	
কর্মসংস্থান ব্যাংক	২২	৬.৩৩	১০.২৫	১০.২৫						৫৪২	৭০৪	১০৪৬		২১২		২১২	
	১৩	৬.৩৩	১০.২৫	১০.২৫						৫২০	৭৫৭	১২৭৭		২১২		২১২	
	৮	৬.৩৩	১০.২৫	১০.২৫						৫২০	৭৫২	১২৭২		২১২		২১২	
	৩০	৬.৩৩	১০.২৫	১০.২৫						৫১৬	৭৪৭	১২৬৩		২০৭		২০৭	
প্রধানী ক্যান্সন ব্যাংক	৩১	৩-৪	৯.০	১১	০	০	০	০	০	৪২	৬১	১০৩	০	১৯	০	১৯	-
	৫৭	৩-৪	৯.০	১২.০	-	-	-	-	-	৭০	৬৯	১৩৯	০	১৩	০	১৩	-
	৩১	৩-৪	৯.০	১২.০	-	-	-	-	-	৬৯	৬৯	১৩৮	০	১৩	০	১৩	-
	৪০	৩-৪	৯.০	১৫.০	-	-	-	-	-	৬৯	৬৯	১৩৮	০	১৩	০	১৩	-

* পুঞ্জিকার্ষিক অনুসারে

** = অবলোপনকৃত ঋণ ব্যতিত

*** = সাময়িক

⊕ = গ্রহণযোগ্য। ⊕⊕ = মগ অধিমেয় মধ্যে বাংলাদেশ ব্যাংকের ঋণ, জানতা ও স্বাধীন ব্যাংকের বন্ড, অর্থ হস্তান্তরের ঋণ এবং মূলধন ও বিহার্ড ব্যাংক অর্জিত।

অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সময়	কৃষি মৎস্য ও বনায়ন					শিল্প (চলতি মূলধন অর্থাৎ ব্যতীত)				চলতি মূলধন অর্থাৎ
		শস্য	শস্য ব্যতীত অন্যান্য	মৎস্য	বনায়ন	মোট	বৃহৎ	মাঝারি	ছোট ও কুটির	মোট	
আনসার-ডিউটি উন্নয়ন ব্যাংক	২০১২-২০১৩	০	২৫৩	৫৯	০	৩১২	০	০	৮৬৩	৮৬৩	০
	২০১৩-২০১৪	০	৩২৩	৩৮	০	৩৬১	০	০	১০০৬	১০০৬	০
	মার্চ ২০১৫**	০	৪০৭	৯৪	০	৫০১	০	০	১০৮৭	১০৮৭	০
	জুন ২০১৫***	০	৪১০	৯৫	০	৫০৫	০	০	১০৯৫	১০৯৫	০
গ্রামীণ ব্যাংক*	২০১৩										
	২০১৪										
	মার্চ ২০১৫**										
	জুন ২০১৫***										
বাংলাদেশ সমবায় ব্যাংক সিমিটেড*	২০১৩	২৬২	১৮৮			৪৫০					
	২০১৪	২১৬	১৬৩			৩৭৯					
	মার্চ ২০১৫**	২২০	১৬৪			৩৮৪					
	জুন ২০১৫***	২৫০	১৫০			৪০০					
কর্মসংস্থান ব্যাংক*	২০১৩			৪৮৪	১৮	৫০৩	০	০	৬১৫	৬১৫	
	২০১৪			৫৫৫	১৮	৫৭৩			৬৩২	৬৩২	
	মার্চ ২০১৫**			৫৭৪	১৮	৫৯৩			৬৩৮	৬৩৮	
	জুন ২০১৫***			৫৭৬	১৮.৭	৫৯৫			৬৪০	৬৪০	

* = তথ্য/উপাত্তসমূহ পঞ্জিকা বর্ষ অনুসারে।

** = সাময়িক।

*** = প্রক্ষেপিত।

ব্যাংকের নাম	সময়	পুনর্বাসন ঋণ (কৃষি মৎস্য ও বনায়ন)					অভিবাসন ঋণ***				চলতি মূলধন অর্থাৎ
		শস্য	শস্য ব্যতীত অন্যান্য	মৎস্য	বনায়ন	মোট	বৃহৎ	মাঝারি	ছোট ও কুটির	মোট	
প্রবাসী কল্যাণ ব্যাংক	২০১২-২০১৩	০	০	০.১৬	০	০.১৬	০	১২০	০	১২০	০
	২০১৩-২০১৪	০	০	০.১১	০	০.১১	০	২৯০.৭	০	২৯০.৭	০
	মার্চ ২০১৫**	০	০	০.১৩	০	০.১৩	০	৩৮৭	০	৩৮৭	০
	জুন ২০১৫***	০	০	০.১০	০	০.১০	০	৪২০	০	৪২০	০

* = তথ্য/উপাত্তসমূহ পঞ্জিকা বর্ষ অনুসারে।

** = সাময়িক।

*** = প্রক্ষেপিত।

**** = শিল্প ঋণ না থাকার এর ফলে অত্র ব্যাংকের অভিবাসন ঋণের তথ্য প্রদান করা হলো।

অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	নির্মাণ	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	পরিবহন ও যোগাযোগ	বাবসা বাণিজ্য					দারিদ্র্য বিমোচন	অন্যান্য	সর্বমোট	
				পাইকারী ও খুচরা	রপ্তানী	আমদানি	হোটেল ও রেস্তোরা	মেট				
আনসার- ভিডিপি উন্নয়ন ব্যাংক	০	০	০	০	০	০	০	০	০	১০৫৬	২৫৩১	
	০	০	০	০	০	০	০	০	০	১৫০০	২৮৯৭	
	০	০	০	০	০	০	০	০	০	১৫৪৭	৩১৩৫	
	০	০	০	০	০	০	০	০	০	১৫৫০	৩১৫০	
গ্রামীণ ব্যাংক*										৮৪৩৮৫	৮৪৩৮৫	
										৮৭৪৯৫	৮৭৪৯৫	
										৮৮৭৪৭	৮৮৭৪৭	
										৮৯৯৯৮	৮৯৯৯৮	
বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড*											৪৫০	
											৩৭৯	
											৩৮৪	
											৪০০	
কর্মসংস্থান ব্যাংক*			৭	১৬০৬					১৬০৬	৫৩৫	২৬৮৭	৫৯৫২
			৬	১৬১৩					১৬১৩	৫৪৬	২৮৭২	৬২৪২
			৭	১৬৫৯					১৬৫৯	৫৬৯	২৯১৫	৬৩৮০
			৭	১৬৬৪					১৬৬৪	৫৭৫	২৯১৯	৬৪০০

* = তথ্য/উপাত্তসমূহ পুঞ্জিকাবর্ষ অনুসারে।

** = সাময়িক।

*** = প্রক্ষেপিত।

ব্যাংকের নাম	নির্মাণ	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	পরিবহন ও যোগাযোগ	পুনর্বাসন ঋণ (বাবসা বাণিজ্য)					দারিদ্র্য বিমোচন	অন্যান্য	সর্বমোট (টেবিল-১ এর ক্রমিক ৫ এর সমান হবে)
				পাইকারী ও খুচরা	রপ্তানী	আমদানি	হোটেল ও রেস্তোরা	মেট			
ঐবাসী কল্যাণ ব্যাংক	০	০	০	৩.৫৭	০	০	০	৩.৫৭	০	২.৪০	১২৬.১৩
	০	০	০	৫.২০	০	০	০	৫.২০	০	১০.৬১	৩০৪.৬২
	০	০	০	৪.৯০	০	০	০	৪.৯০	০	৮.৮৯	৪০০.৯২
	০	০	০	৬.০০	০	০	০	৬.০০	০	৮.৯০	৪৩৫.০০

* = তথ্য/উপাত্তসমূহ পুঞ্জিকাবর্ষ অনুসারে।

** = সাময়িক।

*** = প্রক্ষেপিত।

**** = শিল্প ঋণ না থাকায় এর স্থলে অত্র ব্যাংকের অভিবাসন ঋণের তথ্য প্রদান করা হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

ব্যাংকের নাম	সময়		কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	মোট
				সেয়ারী ঋণ	চলতি মূলধন	মোট		
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক	২০১২-২০১৩	বিতরণ	১৫৭২	৯৭৯	০.০০	৯৭৯	১০৩	২৬৫৪
		আদায়	১৪৪২	৭৬৩	০.০০	৭৬৩	৭৭	২২৮২
	২০১৩-২০১৪	বিতরণ	১৭২৪	১০৪৩	০.০০	১০৪৩	১৪৬	২৯১৩
		আদায়	১৫৩১	৯০০	০.০০	৯০০	১১৬	২৫৪৭
	মার্চ ২০১৫**	বিতরণ	১৩১৪	৮৬২	০.০০	৮৬২	১২৪	২৩০০
		আদায়	১১৯৮	৭৮১	০.০০	৭৮১	৮৪	২০৬৩
	জুন ২০১৫***	বিতরণ	১৭৫২	১১১৬	০.০০	১১১৬	১৭৯	৩০৫৩
		আদায়	১৫৯০	১০৩০	০.০০	১০৩০	১৭৭	২৭৯৭
গ্রামীণ ব্যাংক*	২০১৩	বিতরণ	৪৫০				১২৩০৩১	১২৬৪৮১
		আদায়	১৩৯০				১২১৯৬৩	১২৩৩৫৩
	২০১৪	বিতরণ	২৯৮৯				১৩৩৩২১	১৩৬৩১০
		আদায়	২৩৩০				১৩০২১০	১৩২৫৪০
	মার্চ ২০১৫**	বিতরণ	২১০				৩৬২৫০	৩৬৪৬০
		আদায়	১৬৪				৩৪৯৯৯	৩৫১৬৩
	জুন ২০১৫***	বিতরণ	৪০০				৪০০১৫	৪০৪৪৮
		আদায়	৩৩৭				৩৮৭৬৪	৩৯১০১
বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড*	২০১৩	বিতরণ	৪৮					৪৮
		আদায়	৫৫					৫৫
	২০১৪	বিতরণ	৩৭					৩৭
		আদায়	২৪৩					২৪৩
	মার্চ ২০১৫**	বিতরণ	১২					১২
		আদায়	৮					৮
	জুন ২০১৫***	বিতরণ	২৪					২৪
		আদায়	১৫					১৫
কর্মনিহন ব্যাংক*	২০১৩	বিতরণ					৩৬৪০	৩৬৪০
		আদায়					৩৬৯৪	৩৬৯৪
	২০১৪	বিতরণ					৩৭৫১	৩৭৫১
		আদায়					৪১১৭	৪১১৭
	মার্চ ২০১৫**	বিতরণ					২৯৩৬	২৯৩৬
		আদায়					৩১৫৯	৩১৫৯
	জুন ২০১৫***	বিতরণ					৪১২০	৪১২০
		আদায়					৪৩৪০	৪৩৪০
ঐক্য কল্যাণ ব্যাংক	২০১২-২০১৩	বিতরণ	০	০	০	০	৫	৫
		আদায়	০	০	০	০	১	১
	২০১৩-২০১৪	বিতরণ	০	০	০	০	১	১
		আদায়	০	০	০	০	৪	৪
	মার্চ ২০১৫**	বিতরণ	০	০	০	০	২	২
		আদায়	০	০	০	০	৫	৫
	জুন ২০১৫***	বিতরণ	০	০	০	০	৩	৩
		আদায়	০	০	০	০	৭	৭

* = তথ্য/উপাত্তসমূহ পুস্তিকাবর্ষ অনুসারে।

** = সাময়িক।

*** = প্রক্ষেপিত।

তৃতীয় অধ্যায়

অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান

অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান সার-সংক্ষেপ

ডিসেম্বর ২০১৪ পর্যন্ত দেশে বাইসেক্সপ্রাণ্ড আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা হচ্ছে ৩১টি। আর্থিক প্রতিষ্ঠানগুলো মূলতঃ সরকারি সিকিউরিটিজ ও পুঁজিবাজারে বিনিয়োগসহ শিল্প ও নির্মাণ খাতে অর্থায়ন করে থাকে। আর্থিক প্রতিষ্ঠানসমূহ জনগণের নিকট হতে মেয়াদি আমানত গ্রহণ এবং ব্যবসা-বাণিজ্য ও শিল্পখাতে ঋণ প্রদানসহ সাম্প্রতিক সময়ে পরিবহন ও যোগাযোগ এবং বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহের মত গুরুত্বপূর্ণ সেবা খাতসমূহেও অর্থায়ন করছে। ডিসেম্বর ২০১৪ শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহে ২৯৫৭ জন কর্মকর্তা ও ১১২৩ জন কর্মচারিণিহ মোট জনবল ছিল ৪০৮০ জন।

মূলধন এক্স রিজার্ভ ফান্ড

ডিসেম্বর ২০১৪ শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট অনুমোদিত এবং পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ১৮৯.৮০ বিলিয়ন ও ৬০.৬৭ বিলিয়ন টাকা। ডিসেম্বর ২০১৪ শেষে ২০১৩ সালের তুলনায় আর্থিক প্রতিষ্ঠানসমূহে অনুমোদিত মূলধন অপরিবর্তিত রয়েছে তবে পরিশোধিত মূলধন ৮.৯১ শতাংশ বৃদ্ধি পেয়েছে। আর্থিক প্রতিষ্ঠানসমূহের রিজার্ভ ফান্ড ২০১০ সাল হতে ক্রমাগত বৃদ্ধি পেয়ে ২০১৪ শেষে ৩০.০০ বিলিয়ন টাকায় দাঁড়ায়। আর্থিক প্রতিষ্ঠানসমূহের মূলধন ও রিজার্ভ ফান্ডের গতিধারা চার্ট-১ এ দেখানো হলো।



আমানত এবং ঋণ ও অগ্রিম

আর্থিক প্রতিষ্ঠানসমূহ শুধুমাত্র মেয়াদি আমানত গ্রহণ করে থাকে। ২০১৪ শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট আমানতের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ২২.০৭ ভাগ বৃদ্ধি পেয়ে ২৪৩.৫৬ বিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০১৪ সাল শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ ও অগ্রিমের স্থিতি পূর্ববর্তী বছরের তুলনায় ১৭.৮২ শতাংশ বৃদ্ধি পায়। ২০১৪ সাল শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট শ্রেণীকৃত ঋণের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় ২০.১৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৯.৯১ বিলিয়ন টাকায় দাঁড়ায় যা মোট ঋণ ও অগ্রিমের ৫.৩৫ শতাংশ। ২০১৪ সাল শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ-আমানত অনুপাত পূর্ববর্তী বছরের তুলনায় হ্রাস পেয়ে ১৫.২.৭৬ শতাংশ দাঁড়ায়। মূলতঃ আর্থিক প্রতিষ্ঠানগুলোর ঋণ শুধুমাত্র আমানতের উপর নির্ভরশীল নয় বিধায় তা আমানতকে হাড়িয়ে গেছে। ২০১৩ সাল শেষে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট বিনিয়োগের পরিমাণ ছিল ২০.৫৪ বিলিয়ন টাকা, যা ২০১৪ সাল শেষে কিছুটা বৃদ্ধি পেয়ে ২৪.৩১ বিলিয়ন টাকায় দাঁড়ায়। আর্থিক প্রতিষ্ঠানসমূহের আমানত, ঋণ ও অগ্রিম পরিস্থিতি এবং ঋণ-আমানত অনুপাত এর গতিধারা চার্ট-২ এ দেখানো হলো।



মোট আয়-ব্যয় ও জনবল পরিস্থিতি


২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট আয় পূর্ববর্তী বছরের তুলনায় ১৩.১৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ৫৪.৬২ বিলিয়ন টাকায় দাঁড়ায়। অপরদিকে, ২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট ব্যয় পূর্ববর্তী বছরের তুলনায় ৯.০২ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৫.৩১ বিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট ব্যয়ের প্রবৃদ্ধি মোট আয়ের তুলনায় কিছুটা কম ছিল বিধায় পরিচালনগত মুনাফা ২১.৫৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৯.৩০ বিলিয়ন টাকায় দাঁড়ায়। তবে, ২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রভিশনিংসহ নীট মুনাফার পরিমাণ দাঁড়ায় ৯.৭০ বিলিয়ন টাকা। আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত মোট জনবল ২০১৪ সাল শেষে দাঁড়ায় ৪০৮০ জনে যা ২০১৩ সাল শেষে ছিল ৩৪৪২ জন। আর্থিক প্রতিষ্ঠানসমূহের আয়-ব্যয় ও জনবল পরিস্থিতি চার্ট-৩ এ দেখানো হলো।



অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি

২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানসমূহের অর্থনৈতিক খাতভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, শিল্প (চলতি মূলধনে অর্থাৎ ব্যতীত), ব্যবসা-বাণিজ্য ও নির্মাণ খাত অগ্রণী ভূমিকা পালন করেছে।

আর্থিক প্রতিষ্ঠানগুলোকে পরিবহন ও যোগাযোগ খাত এবং দীর্ঘমেয়াদি অবকাঠামোগত উন্নয়ন খাতসহ অন্যান্য জনগুরুত্বপূর্ণ খাতসমূহে অধিক হারে অর্থায়নে এগিয়ে আসার প্রয়োজন রয়েছে। ২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতওয়ারি ঋণ স্থিতি (শতকরা হিসেবে) চার্ট-৪ এ দেখানো হলো।



আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিগত পাঁচ বছরের অর্জিত অগ্রগতি

দীর্ঘমেয়াদি ও মূলধনী অর্থাৎ সেবার চাহিদার ব্যাপক বৃদ্ধির কারণে দেশের আর্থিক ব্যবস্থায় আর্থিক প্রতিষ্ঠানসমূহ সাম্প্রতিক বছরগুলোতে অর্থনীতির প্রায় সকল খাতে সুমম উন্নয়নের লক্ষ্য নিয়ে কাজ করে যাচ্ছে। অগ্রগতির কতিপয় মৌলিক সূচকের ওপর তিষ্ঠি করে আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিগত পাঁচ বছরের অগ্রগতি নিম্নে আলোকপাত করা হলোঃ

- আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিভিন্ন লাভজনক প্রকল্পে বিনিয়োগ করার পাশাপাশি শিল্প, ব্যবসা বাণিজ্য ও অবকাঠামো খাতে বিগত পাঁচ বছরে উল্লেখযোগ্য পরিমাণে ঋণ প্রদান;
- কতিপয় আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ক্রেডিট রেটিং এ দীর্ঘমেয়াদে AAA এবং স্বল্পমেয়াদে ST-3 অর্জন;
- আর্থিক প্রতিষ্ঠানসমূহে ওপেন সোর্স ডেটাবেজ ও প্রোগ্রাম ব্যবহারের ক্ষেত্রে বেশী গুরুত্ব প্রদান;
- আর্থিক প্রতিষ্ঠানসমূহে আধুনিক তথ্য-প্রযুক্তির ব্যবহার, যেমন- Automated Reconciliation System, E-file Management System, Core Banking Software (CBS) ইত্যাদির মাধ্যমে আমানত, ঋণ ও বিনিয়োগ এবং মুনাফা বৃদ্ধির ক্ষেত্রে সাফল্য অর্জন;
- গ্রাহকদের সেবার মান আরো উন্নত করার লক্ষ্যে এটিএম বুথ চালুকরণ;
- ঋণ বিতরণ কার্যক্রমকে বহুশীকরণ ও বৃহদাংক ঋণের ঝুঁকি হ্রাসের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক এসএমই খাতকে অগ্রাধিকার প্রদান;
- নারী উদ্যোক্তাদের অনুপ্রাণিত করতে আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিভিন্ন পদক্ষেপ, যেমন- মহিলা উদ্যোক্তাদের ঋণ প্রদান; 'উইমেন এন্ট্রাপ্রেনার হেল্প ডেস্ক' চালুকরণ এবং নারী কর্মীদের নিজেদের মধ্যে বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য 'লেডিস ফোরাম' গঠন;
- আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নতুন শাখা সম্প্রসারণের পাশাপাশি বিভিন্ন ডিজিটাল সেবা চালুকরণ;
- গ্রিন ফাইন্যান্সের আওতায় বায়োগ্যাস প্রান্ট, দৌরবিদ্যুৎ ইত্যাদিসহ ETP আছে এমন কিছু প্রকল্পে ঋণ বিতরণে অগ্রাধিকার প্রদান;
- বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সংগে ব্যবসা সংক্রান্ত নানা প্রকার চুক্তি সম্পাদন;
- ঝুঁকি ব্যবস্থাপনাকে শক্তিশালী করতঃ Stress Testing -এর মাধ্যমে বিভিন্ন ঝুঁকিসমূহ হ্রাসকরণ/দূরীকরণ;
- ঝুঁকি পর্যালোচনা, পূর্বাভাস এবং প্রতিরোধের জন্য 'রিস্ক ম্যানেজমেন্ট ফোরাম' এবং 'রিস্ক অ্যানালাইসিস ইউনিট' প্রতিষ্ঠা;
- জাতীয় সঙ্কটের কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সঙ্কটের কমিটি গঠন, সঙ্কটের কৌশল সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নীতিমালা সূচাবদ্ধভাবে পরিপালন এবং ত্রৈমাসিক ভিত্তিতে কেন্দ্রীয় ব্যাংকে রিপোর্ট প্রদান;
- State of the art সফটওয়্যার 'Pinnacle' এবং অন্যান্য সফটওয়্যার দ্বারা কার্যদি সম্পাদন ও Disaster Recovery Site স্থাপন;
- ভিডিও কনফারেন্সিং, পেপারলেস অফিস, ওয়াই-ফাই জোন সৃষ্টি, ওয়েবসাইট রি-ডিজাইনিং এর প্রচলন।

সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (সাবিনকো)

www.sabinco.com.bd

সৌদি আরব এবং বাংলাদেশ সরকারের অর্থনৈতিক পর্যায়ে ১৯৮৩ সালে এক প্রোটোকল স্বাক্ষরের মাধ্যমে সাবিনকো প্রতিষ্ঠান তৈরি করে। বর্তমানে ছয় জন সদস্য নিয়ে কোম্পানির বোর্ড গঠিত, যার মধ্যে বোর্ডের চেয়ারম্যান এবং দু'জন সদস্য সৌদি সরকার কর্তৃক এবং ডেপুটি চেয়ারম্যান ও অন্য দু'জন সদস্য বাংলাদেশ সরকার কর্তৃক মনোনীত।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট ঋণ ও অগ্রিম স্থিতির মাত্র ০.৪৯ শতাংশ। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫.৭৪ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালের ডিসেম্বর শেষে ১৮০৭.৮১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ বিতরণের তুলনায় আদায়ের পরিমাণ বেশি হওয়ার কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ হ্রাস পেয়েছে। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৭.৪৬ শতাংশ হ্রাস পেয়ে ১৭৭৮.০২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটি জনসাধারণ বা কোন প্রতিষ্ঠান থেকে আয়নত গ্রহণ করে না। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট - এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৬৩৮.৮৫ মিলিয়ন টাকার সম্পূর্ণ অংশই ছিল শিল্প ঋণ, যা ২০১৩ সালের তুলনায় ১৯.০৫ শতাংশ বেশি। মূলতঃ দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের কারণে শিল্প ঋণের চাহিদা বৃদ্ধি পাওয়ায় শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ৯১.৪০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় খাদদ্রব্য উৎপাদনকারী/প্রক্রিয়াকরণ শিল্প খাতে বিতরণকৃত ঋণ ২০০.০০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৩১.৩১ শতাংশ এবং গ্রাস ও সিরামিক শিল্প খাতে বিতরণকৃত ঋণ ১৯৮.৩৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৩১.০৫ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ছিল ৮.৬০

শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৫৭.১৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫৫.০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। দেশের অর্থনৈতিক উন্নয়নে SME খাতের গুরুত্ব বিবেচনা করে সাবিনকো SME খাতে পূর্ববর্তী বছরগুলোর তুলনায় ঋণ বিতরণ বৃদ্ধি করেছে।

গ্রিন ব্যাংকিং : ২০১৩ এবং ২০১৪ সালে প্রত্যক্ষভাবে গ্রিন ব্যাংকিং খাতে কোন ঋণ বিতরণ করা হয়নি। তবে ২০১৩ এবং ২০১৪ সালে সিডিকেশন ফাইন্যান্সের আওতায় ETP আছে এমন কিছু প্রকল্পে ঋণ বিতরণ করা হয়েছে যা পরোক্ষ গ্রিন ফাইন্যান্সের অধীন। ২০১৩ সালে পরোক্ষভাবে গ্রিন ব্যাংকিং খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ১৫৪.৭৬ মিলিয়ন টাকা যা শতকরা ১৫.৭.৪২ ভাগ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩৯৮.৩৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ পরিবেশ দূষণ রোধে সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ঋণের বৃদ্ধি ঘটেছে। এছাড়াও ২০১৫ সালে প্রত্যক্ষ গ্রিন ব্যাংকিং খাতে ৭০ মিলিয়ন টাকার ঋণ মঞ্জুরীর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

সিএসআর : ২০১৩ ও ২০১৪ সালে সিএসআর এর অধীনে বিতরণ যথাক্রমে ১.৫৫ মিলিয়ন টাকা এবং ১.৫৯ মিলিয়ন টাকা। যা পূর্ববর্তী বছরের তুলনায় ২.৮৫ শতাংশ বেশি। মূলতঃ সামাজিক দায়বদ্ধতা পালনে অগ্রহের অংশ হিসেবে সিএসআর খাতে বিতরণ বৃদ্ধি পেয়েছে।

অটোমেশন : সাবিনকো নিজস্ব কম্পিউটার প্রোগ্রাম ব্যবহার করে। ২০১৪ সালে সাবিনকো অটোমেশন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে সেজ ইআরপি (Sage ERP) সফটওয়্যার ক্রয়ের পরিকল্পনা গ্রহণ করে এবং ২০১৫ সালের জানুয়ারিতে সফল সফটওয়্যার কোম্পানির সাথে চুক্তি সম্পাদন করে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে নারী উদ্যোক্তা খাতে কোন ঋণ বিতরণ করা হয়নি। ২০১৫ সালে নারী উদ্যোক্তা খাতে ২২.৫০ মিলিয়ন টাকার ঋণ মঞ্জুরীর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : মূলতঃ মেয়াদি ঋণের আকার বৃদ্ধির প্রতি গুরুত্বারোপ করে সাবিনকো বিভিন্ন উৎপাদনশীল ও লাভজনক প্রকল্পে সুচিন্তিত বিনিয়োগের মাধ্যমে মোট পরিসম্পদের পরিমাণ আগামী পাঁচ বছরের মধ্যে বিস্তৃত করার পরিকল্পনা গ্রহণ করেছে। ক্ষুদ্র ও মাঝারি শিল্পে বিনিয়োগে দক্ষ এনআর উল্লেখযোগ্য প্রতিষ্ঠানসমূহকে প্রাতিষ্ঠানিক ঋণ প্রদানের মাধ্যমে সাবিনকো এসএমই ও মাইক্রো ফাইন্যান্সিং খাতে বিনিয়োগে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার পরিকল্পনা গ্রহণ করেছে। এছাড়া, ব্যবসায়িক কর্মকাণ্ডে গতি ত্বরান্বিত করার লক্ষ্যে আন্তর্জাতিক মানের তথ্যপ্রযুক্তিগত সুবিধাদিও ব্যবহার করার পরিকল্পনা গ্রহণ করেছে।



ইডসিআর ডেভেলপমেন্ট লীজিং কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (আইডিএলসি)

www.idlc.com

আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড দেশের প্রথম লীজিং কোম্পানি হিসাবে ১৯৮৫ সালে ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (আইএফসি), জার্মান ইনভেস্টমেন্ট এন্ড ডেভেলপমেন্ট কোম্পানি (ডিইজি), কুমিন ব্যাংক অফ কোরিয়া, কোরিয়া ডেভেলপমেন্ট লীজিং কোম্পানি (কেডিএলসি), আগা খান ফান্ড ফর ইকনোমিক ডেভেলপমেন্ট (একেএকডি), ইডসিআর প্রমোশন এন্ড ডেভেলপমেন্ট কোম্পানি অফ বাংলাদেশ লিমিটেড (আইপিডি), দি সিটি ব্যাংক লিঃ, ও সাধারণ বীমা কর্পোরেশন এর যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত হয়ে এর যাত্রা শুরু করে। পূঁজিবাজারে আইডিএলসি তার দুইটি সাবসিডিয়ারী কোম্পানির মাধ্যমে মার্চেন্ট ব্যাংকিং সেবা এবং আইডিএলসি সিকিউরিটিজ লিমিটেড এর মাধ্যমে ব্রোকারেজ সেবা প্রদান করে আসছে।

২০১৪ সালে প্রতিষ্ঠানের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান বাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির বধাক্রমে ১৪.৪৭ শতাংশ ও ১২.১৯ শতাংশ। আর্থিক প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ২০.৮৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩৫২৪১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৭.২৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৫৩৪৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১২৮.৬৮ শতাংশ। মূলতঃ কার্যকরী ও সহজ ঋণ প্রক্রিয়া, দ্রুত সিদ্ধান্ত গ্রহণে সক্ষমতা এবং সেবা প্রদানের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৫.৫০ শতাংশ। ২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানের অতিরিক্ত ভারস্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৬.৯০ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৯৮৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক ঋাত্তিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্পঋণ : ২০১৪ সালে এ প্রতিষ্ঠানের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৭৮১২ মিলিয়ন টাকায় মধ্যে শিল্পঋণের অংশ ৫৭.৩৫ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১১.১৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৫৯৪৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ২৫.৬৯ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৬০৪.৪১ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২.১৭ শতাংশ। এছাড়াও ব্যবসা ঋতে বিতরণকৃত ঋণ ৬৩৬৪.২৬ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২২.৮৮ শতাংশ এবং গৃহ নির্মাণ ঋতে বিতরণকৃত ঋণ ৫৩৩৪.৫২ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৯.১৮ শতাংশ।

এসএমই ঋণঃ ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমইর অবদান ছিল ৪৩.৫৭ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এসএমই ঋতে ঋণ বিতরণ ১৭.৪৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১২১১৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে গৃহ ঋণসহ ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৩০.৮৭ শতাংশে দাঁড়িয়েছে।


কৃষি ঋণ : ২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিলমাত্র ২.৪৬ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩০.১১ শতাংশ হ্রাস পেয়েছে।

ঋণ ব্যাংকিং : আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড ২০১৩ সালের তৃতীয় প্রান্তিক হতে বাংলাদেশ ব্যাংকের ঋণ ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে। পৃথক ঋণ ডেস্ক এবং ঋণ ব্যাংকিং ইউনিট সৃষ্টি, নীতিমালা প্রণয়ন, ঋঁকি ব্যবস্থাপনার সঙ্গে পরিবেশগত এবং সামাজিক ঋঁকি নিরূপণ, পরিবেশবান্ধব ঋণের প্রচারণা, প্রশিক্ষণ এবং সচেতনামূলক কার্যক্রমের মাধ্যমে প্রতিষ্ঠানটির পরিবেশবান্ধব অর্থায়ন গতিশীল হচ্ছে।

অটোমেশন : আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড ২০১৩ এবং ২০১৪ সালে বেশ কিছু প্রযুক্তি প্রকল্প বাস্তবায়ন করেছে। আইপিডিআর বোণামোগমাধ্যম মাইক্রোসফট লিন্ক বাস্তবায়নের ফলে বিভিন্ন শাখায় কর্মরত কর্মকর্তাদের নিজ নিজ অবস্থান থেকে কাজ করার সুবিধা দিচ্ছে। ই-মেইল সিস্টেমকে সর্বশেষ প্রযুক্তি দ্বারা আপডেইট করা হয়েছে এবং এর ফলে কর্মকর্তারূপে মোবাইল ডিভাইস থেকে ই-মেইল এক্সেস করতে পারবে।

নারী উদ্যোক্তা : এ প্রতিষ্ঠান থেকে ২০১৪ সালে ৫০৮ জন উদ্যোক্তাকে ১৬১১.৬১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ২৭৩ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৭৮৪.১৮ মিলিয়ন টাকার তুলনায় ১০৫.৫২ শতাংশ বেশি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রতিষ্ঠানটির পরিকল্পনা হলো- ক্ষুদ্র ও মাঝারি ঋণের অধিকতর সম্প্রসারণের মাধ্যমে শহর ও গ্রামাঞ্চলের প্রান্তিক উদ্যোক্তাদের অর্থায়নের আওতায় আনা, নারী উদ্যোক্তাদের সহায়তাকরণে এবং পরিবেশবান্ধব উদ্যোগে অর্থায়নে অধিকতর গুরুত্ব আরোপ করা, কর্পোরেট গোর্টফোলিও বৃদ্ধি করা, গুণগত কর্পোরেট ব্যবসায় প্রসার, শ্রেণীকৃত ঋণ নিয়ন্ত্রণে অধিকতর কঠোর ব্যবস্থাপনা, পূঁজিবৃদ্ধির সহায়তাকরণে সম্পাদিত চুক্তিসমূহ সফলভাবে বাস্তবায়ন করা, পূঁজিবাজারে নিজস্ব বিনিয়োগে প্রবৃদ্ধি নিশ্চিতকরণ, প্রতিবছর ৫টি নতুন শাখা খোলা, সামাজিক দায়বদ্ধতা পরিপালনের মাধ্যমে সামগ্রিক সামাজিক উন্নয়নে অংশগ্রহণ করা।



জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড

www.gspfinance.com


আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ অনুযায়ী যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড ১৯৯৬ সালের ১৭ এপ্রিল হতে বাংলাদেশে কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠিত দেশি ও বিদেশি উদ্যোক্তা এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আর্থিক প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে এটি প্রতিষ্ঠিত হয়েছে। কোম্পানিটি ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত।

২০১৪ সালে জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড-এর আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার অ-ব্যাংক আর্থিক খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির মধ্যকার ০.৯১ শতাংশ ও ১.১৩ শতাংশ। আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ২০.৮৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২২০৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৪.৮১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪২০১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে যা মোট আমানত স্থিতির ১৯০.৫২ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.৫৯ শতাংশে দাঁড়িয়েছে। ২০১৪ সালে জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড-এর অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৫৭.৭৮ শতাংশ হ্রাস পেয়ে ৫৭.০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড-এর বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৩০৫ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৩৮.৭০ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৭৩.৬২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮৯২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের সম্পূর্ণ অংশই বৃহৎ শিল্পে প্রদান করা হয়েছে। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ২২৫ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৯.৭৬ শতাংশ। এছাড়াও বিদ্যুৎ খাতে বিতরণকৃত ঋণ ৩৩৬.৮০ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ১৪.৬১ শতাংশ এবং অন্যান্য শিল্প খাতে বিতরণকৃত ঋণ ৩৩০ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ১৪.৩২ শতাংশ।



SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME -এর অবদান ৪.১৩ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৮৭.০৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৯৫.২০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১.৭৬ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার মাত্র ছিল ২.১৭ শতাংশ। ২০১৪ সালে এ খাতে ৫০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর কার্যক্রমের জন্য সর্বমোট ব্যয়িত অর্থের পরিমাণ ছিল ০.৯১৬ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে ০.৮২৪ মিলিয়ন টাকা যা ২০১৩ সালের তুলনায় ১০ শতাংশ কম।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড এর নিয়মিত ব্যবসার পাশাপাশি এসএমই ও মহিলা উদ্যোক্তাদের স্বাবলম্বী করার জন্য উচ্চ খাতে ঋণ বিতরণের কার্যপরিধি আরও বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করেছে। জিএসপি ফাইন্যান্স কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড বিভিন্ন উন্নয়ন প্রকল্পের পাশাপাশি পরিবেশবান্ধব উৎপাদনশীল ও লাভজনক খাতে বিনিয়োগের মাধ্যমে পোর্টফোলিও বৃদ্ধির পরিকল্পনা করছে এবং কোম্পানির কর্মপরিধি বৃদ্ধির লক্ষ্যে ভবিষ্যতে নতুন শাখা খোলার পরিকল্পনা রয়েছে।

বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানি লিমিটেড

www.bifcol.com

দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে কাজিকত গতি সঞ্চারের লক্ষ্যে ১৯৯৬ সালের ১০ আগস্ট 'কোম্পানি আইন ১৯৯৪' এর আওতায় বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানি লিমিটেড (বিআইএফসি) প্রতিষ্ঠিত হয়, যা বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত একটি অ-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান। বৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত এ কোম্পানির ৫০ শতাংশ মালিকানা বিদেশী প্রতিষ্ঠানের এবং ৫০ শতাংশ মালিকানা শিল্প ও ব্যবসা-বাণিজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠিত স্থানীয় উদ্যোক্তাগণ ও জনসাধারণের। ২০১৪ সালের ডিসেম্বর শেষে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪০০০.০০ মিলিয়ন ও ১০০৬.৮০ মিলিয়ন টাকা।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষার ছিল আর্থিক প্রতিষ্ঠান ঋণের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.১১ শতাংশ ও ২.৪১ শতাংশ। আর্থিক প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ১০.৭৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫১২৭.২৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৮.৪৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮৯৫২.২৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৭৪.৬০ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৫০ শতাংশ। ২০১৪ সালে এ আর্থিক প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১১.৮৮ শতাংশ হ্রাস পেয়ে ৩.৭৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ : ২০১৪ সালে এ প্রতিষ্ঠানের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৩১২.৬২ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ছিল ৯৭.৮৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৮৮.৯৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২২৬৩.৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর কার্যক্রমের জন্য সর্বমোট ব্যয়িত অর্থের পরিমাণ ছিল ০.৯৪ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে ছিল ০.৯১ মিলিয়ন টাকা যা ২০১৩ সালের তুলনায় ৩.১৯ শতাংশ কম।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : বিআইএফসি দেশের বিভিন্ন শিল্প খাতে ব্যবহারের জন্য বিভিন্ন ধরনের যন্ত্রপাতি, সরঞ্জামাদি, যানবাহন ইত্যাদি ক্রয়ের নিমিত্তে নিজ অর্থায়ন ও মেয়াদি ঋণ সুবিধা একক ও বৌথ উদ্যোগে প্রদান করে থাকে। এছাড়া, ওয়ার্ক অর্টার ও ইকুয়িটি অর্থায়নসহ বিভিন্ন ধরনের স্বল্পমেয়াদি আর্থিক সুবিধা বিআইএফসি প্রদান করে থাকে। এসএমই ও মহিলা উদ্যোক্তা ঋণেও বিআইএফসি লিঙ্গ অর্থায়ন ও মেয়াদি ঋণ সুবিধা প্রদান করে আসছে। ভবিষ্যতে অন্যান্য আর্থিক এবং আমানত সুবিধা সংক্রান্ত নতুন নতুন সেবামূলক প্রকল্প প্রচলনের মাধ্যমে এ প্রতিষ্ঠান একটি বহুমুখী আর্থিক প্রতিষ্ঠান হিসাবে আত্মপ্রকাশ করতে দৃঢ় প্রত্যয়ী।



লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড

www.lankabangla.com

শ্রীলংকা এবং বাংলাদেশের যৌথ উদ্যোগে লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড একটি আর্থিক প্রতিষ্ঠানরূপে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠানটি আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এবং কোম্পানি আইন ১৯৯৪ এর আওতায় ১৯৯৭ সালে ব্যবসায়িক কার্যক্রম শুরু করে। ২০০৬ সালে কোম্পানিটি ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। লংকাবাংলা ফাইন্যান্সের প্রধান কার্যক্রমের মধ্যে রয়েছে প্রজেক্ট ফাইন্যান্স, টার্ম লোন, ফ্রেডিট কার্ড, ফ্যান্টবিং, মার্গেজ লোন, পার্সোনাল লোন, এসএমই লোন, অটো লোন, কর্পোরেট লোন এবং বিভিন্ন মেয়াদি আমানত সংগ্রহ করা।

২০১৪ সালে প্রতিষ্ঠানের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৬.৮৬ শতাংশ ও ৬.৫২ শতাংশ। এ আর্থিক প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ৫৩.৭১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৬৭১৭.১৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৬.০০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৪২৬৫.৯৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৪৫.১৬ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৫.০৯ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত ভারলোয় স্থিতি ২০১৩ সালের তুলনায় ৪০.৭৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৩২২.৬৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক ঋতুভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ : ২০১৪ সালে এ আর্থিক প্রতিষ্ঠানের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৭৫৬৬.০৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ছিল ৮০.২৭ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪২.৫৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৪০৯৯.৯৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ সত্তাবনাময় নতুন শিল্পে ঋণ দেওয়ার কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ৪৯.৬৫ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় অন্যান্য খাতে বিতরণকৃত ঋণ ৩৪৬৬.৪৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৯.৭৩ শতাংশ।

এসএমই ঋণঃ ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই'র অবদান ছিল ২.৯১ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ৩৫৭.৭৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫১১.০৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ কোম্পানির বৃদ্ধি হ্রাস ও ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে ঋণ বিতরণের ক্ষেত্রে বিশেষ শ্রাধান্য দেওয়ার কারণে এসএমই ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১৬.৮২ শতাংশে দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ : ক্ষুদ্র ঋণ বিতরণ ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে ১৯.৭৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে। কোম্পানির বৃদ্ধি হ্রাস এবং ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে উৎসাহিত করে অবদান রাখার লক্ষ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ বৃদ্ধি করা হয়েছে।

গ্রিন ব্যাংকিং : ২০১৩ সালে ১৫৬০ মিলিয়ন ও ২০১৪ সালে ২৪৩২ মিলিয়ন গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণ করা হয়। ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে এ ঋণ ৫৫.৯০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মূলতঃ পরিবেশের সুরক্ষামূল্যে অর্জন ও জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব থেকে পরিবেশকে রক্ষার ক্ষেত্রে অবদানের লক্ষ্যে গ্রিন ব্যাংকিং খাতে ঋণ বিতরণ বৃদ্ধি করা হয়েছে।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর কার্যক্রমে ৪.৪৮ মিলিয়ন টাকা ও ২০১৪ সালে ৬.৫২ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা ২০১৩ সালের তুলনায় ৪৫.৫৪ শতাংশ বেশি। লংকাবাংলা ফাইন্যান্সের কিছু সামাজিক দায়বদ্ধতা হলোঃ অন্ধসর মেধাবী ছাত্রদের শিক্ষা সহায়তা, শিশু শিক্ষা সহায়তা, দুর্ঘটনে আক্রান্ত ব্যক্তিদের সহায়তা, অন্ধসর গ্রামীণ জনপণের স্বাস্থ্য সেবা, শিশুদের ভবিষ্যৎ উন্নয়ন সহায়তা ও প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে সহায়তা ইত্যাদি।

অটোমেশন : এ কোম্পানি ২০১৩ সালে ৫.৩০ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে ১৬.০৬ মিলিয়ন টাকা অটোমেশন ব্যবস্থা বাস্তবায়ন করেছে, যা ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে ২০৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড তথ্য-প্রযুক্তিতে বেশ উন্নয়ন ঘটিয়েছে যেমনঃ প্রকৃত ব্যাংকিং সফটওয়্যার, ডাটাবেইজ স্থানান্তর, ব্যাকআপ পাওয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম, কেন্দ্রীয়ভাবে নজরদারির জন্য সিসি টিভি সিস্টেম, কেন্দ্রীয় এন্টি ভাইরাস সার্ভার, টার্মিনাল সার্ভার, পৃথক নেটওয়ার্ক জোন এবং নতুন শাখাসমূহ তথ্যপ্রযুক্তির আওতায় সংযোজন।

নারী উদ্যোক্তা : এ প্রতিষ্ঠান কর্তৃক ২০১৪ সালে ৩৬ জন নারী উদ্যোক্তাকে ৭২.১৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১৪ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১৭.৪৪ মিলিয়ন টাকার তুলনায় ৩১৩.৬০ শতাংশ বেশি।

অর্থনৈতিক উন্নয়ন পরিকল্পনা : কোম্পানিটি বৈচিত্রপূর্ণ পোর্টফোলিও, টেকসই ব্র্যান্ড তৈরি, মানব সম্পদ উন্নয়ন এবং সমাজের জীবন বাস্তব মান উন্নত করার ক্ষেত্রে শ্রাধান্য অনুযায়ী বিনিয়োগের পরিকল্পনা গ্রহণ করেছে।



দি ইউএই-বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড

www.ubinco.com

৮ নভেম্বর, ১৯৮৬ সালে আবুখারী ফাউন্ডার আরব ইকোনোমিক ডেভেলপমেন্ট (বর্তমানে আবুখারী ফাউন্ডার ডেভেলপমেন্ট) ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত চুক্তি মোতাবেক ইউএই-বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (ইউবিএকো) গঠিত হয়। ১৯৮৭ সালের জুন মাসে ইউবিএকো বাংলাদেশে একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয়। কোম্পানির ৪০ শতাংশ মালিকানা বাংলাদেশ সরকারের এবং ৬০ শতাংশ মালিকানা আবুখারী ফাউন্ডার।

২০১৪ সালে এ প্রতিষ্ঠানের ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ছিল অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান খাতের ঋণ ও অগ্রিম স্থিতির ০.১৫ শতাংশ। ইউবিএকো বাবসাম্মিত পলিসি অনুযায়ী সর্বসাধারণের কাছ থেকে কোন অমানত সংগ্রহ করে না। কোম্পানির ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৫.৫৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫৪২.৯৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ নতুন নতুন ক্ষেত্রে বিনিয়োগের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ১২.৪১ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারালের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৫.৩০ শতাংশ হ্রাস পেয়ে ৮৬৬.২৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৪ সালে ইউবিএকোর বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৫২০ মিলিয়ন টাকার প্রায় সম্পূর্ণ অংশই শিল্প ঋণ, যা ২০১৩ সালের তুলনায় ২২৫.০০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মূলতঃ বিনিয়োগের নতুন ক্ষেত্র বৃদ্ধি পাওয়ার কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ১৩.২৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৪৫.৫০ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ৮.৭৫ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ছিল ৮৬.৫৪ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ১৩৬.৮৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৫০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ বৈচিত্র্যপূর্ণ খাতে বিনিয়োগের কারণে SME-এর ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে।



গ্রিন ব্যাংকিং : ইউবিএকো গ্রিন ব্যাংকিং কার্যক্রমে অবদানের অংশ হিসেবে গ্রিন ব্যাংকিং পলিসি ও গ্রিন অফিস গাইড প্রণয়ন করেছে এবং গ্রিন ব্যাংকিং খাতে অর্থায়নের জন্য কার্যকরী প্রকল্প অনুসন্ধানে সচেষ্ট রয়েছে।

সিএসআর : ইউবিএকো সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ২০১৩ সালে বিভিন্ন প্রতিষ্ঠানে ১.৪১ মিলিয়ন টাকা অনুদান দিয়েছে। উক্ত অর্থ শীতাত্তরসের মধ্যে বস্ত্র বিতরণ এবং সাভার রানা প্রাণী দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে ব্যয় করে। ইউবিএকো ২০১৪ সালে ১.৪৪ মিলিয়ন টাকা শিক্ষা, সংস্কৃতি ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সিএসআর কার্যক্রমের আওতায় ব্যয় করে।

অটোমেশন : ইউবিএকো অটোমেশনের অগ্রগতিগুলোর মধ্যে অন্যতম হচ্ছে কাগজ-পত্রবিহীন পরিচালক পর্ষদের কার্য-সম্পাদনের ব্যবস্থাকরণ, অনলাইন ও সফটওয়্যার ব্যবহার নিশ্চিতকরণ এবং ই-মেইলের মাধ্যমে যোগাযোগে উৎসাহিতকরণ।

নারী উদ্যোক্তা : ২০১৩ সালে নারী উদ্যোক্তা খাতে কোন ঋণ বিতরণ করা না হলেও ২০১৪ সালে ৩৫৬ জন নারী উদ্যোক্তাকে ৪০.০০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

ডবিঘ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ইউবিএকোর ডবিঘ্যৎ কর্মপরিকল্পনাসমূহ হলো- বিনিয়োগ বৃদ্ধিকরণ, সামাজিক দায়বদ্ধতামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ, এসএমই, কৃষি ও গ্রিন ব্যাংকিং খাতে অধিকতর বিনিয়োগ।

ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লিমিটেড

www.phoenixfinance.com.bd

ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লিমিটেড (পিএফআইএল) ১৯৯৪ সালের কোম্পানি আইন এর আওতায় বাংলাদেশে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে ১৯৯৫ সালে ফিনিক্স লিভিং কোম্পানি লিমিটেড নামে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা শুরু করে। পরবর্তীতে এর সার্বিক কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় নাম পরিবর্তন করে বর্তমানের ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লিমিটেড (পিএফআইএল) নামকরণ করা হয়।

২০১৪ সালে কোম্পানির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ছিল অ-ব্যাক আর্থিক প্রতিষ্ঠানের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৩.৭৮ শতাংশ ও ৩.৮৯ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ২৬.০৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৯২১৮.৩৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৯.৭৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৪৪৭১.৩৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৫৬.৯৯ শতাংশ। মূলতঃ সুষ্ঠু ব্যবস্থাপনার কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে এবং সুষ্ঠু পরিচালনা ও সার্বিক তৎপরতার কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪.১৩ শতাংশে দাঁড়িয়েছে। ২০১৪ সালে কোম্পানির অতিরিক্ত তারস্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ২১.১২ শতাংশ হ্রাস পেয়ে ৩৩৫.৮২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক ঋণাত্মক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে এ প্রতিষ্ঠানের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৫০৯০ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৫০.১২ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৬৩.৪৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৫৫১.১৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ বৈচিত্র্যপূর্ণ বিনিয়োগের ক্ষেত্র বৃদ্ধির কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ১৪.৯৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোষাক শিল্পে (মিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৩৮০.৩৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৭.৪৭ শতাংশ। এছাড়াও সিরামিক খাতে বিতরণকৃত ঋণ ২৪৩.২২ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ৪.৭৭ শতাংশ এবং টেলিযোগাযোগ খাতে বিতরণকৃত ঋণ ৭৫৯.২৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৪.৯১ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ছিল ১৪.২৪ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ১৮.৩৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭২৫.০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে কোম্পানির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার মাত্র ০.৪৭ শতাংশ। ২০১৩ সালে কৃষি খাতে কোন ঋণ বিতরণ করা হয়নি, তবে ২০১৪ সালে এ খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ২৪.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ সংশ্লিষ্ট ক্ষেত্রে ঋণ সমস্যার কারণে কৃষি ঋণ বিতরণের হ্রাস ঘটেছে।


ক্ষুদ্র ঋণ : ২০১৪ সালে কোম্পানিটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে ক্ষুদ্র ঋণের শেয়ার ছিল ০.৭৪ শতাংশ। ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২.৬১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৬.৪০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর : ২০১৩ সালে সিএসআর কার্যক্রমের আওতায় এ কোম্পানি ১.৯০ মিলিয়ন টাকা অনুদান দেয় যার মধ্যে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ১.৫০ মিলিয়ন টাকা এবং শিক্ষা, স্বাস্থ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা খাতে ০.৪০ মিলিয়ন টাকা। ২০১৪ সালে সিএসআর কার্যক্রমের আওতায় কোম্পানি শিক্ষা, স্বাস্থ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা খাতে ০.৯৯ মিলিয়ন টাকা দিয়েছে।

অটোমেশন : প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠানগ্ন থেকে তথ্য-প্রযুক্তির প্রতি সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় প্রতিষ্ঠানের সিংহভাগ কাজ বর্তমানে তথ্য-প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। এর ফলে প্রতিষ্ঠানের পতিশীলতা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে তথ্য-প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি করে অটোমেশন পদ্ধতিকে আরো সম্প্রসারিত করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ০৭ জন নারী উদ্যোক্তাকে ৪.৬০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে যা ২০১৩ সালে ২ জন নারী উদ্যোক্তার বিপরীতে ছিল ১.৬ মিলিয়ন টাকা।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রতিষ্ঠানটি তার ব্যবসায়িক কার্যক্রম আরো সম্প্রসারণ করে কিছু ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নির্ধারণ করেছে যেমন- বিভিন্ন ধরনের আর্থিক পণ্য এবং সেবাসমূহ সরবরাহ করা; ব্যবসায়িক উদ্যোক্তা সংক্রান্ত দক্ষতা সরবরাহ করা; কর্মসংস্থান এবং দারিদ্র্য বিমোচনে ভূমিকা পালন অব্যাহত রাখা; এসএমই খাতের উন্নয়নে ভূমিকা রাখা; নারী উদ্যোক্তা খাতে বিনিয়োগ বৃদ্ধি।



বে লীজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড

www.blilbd.com


বে লীজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ১৯৯৬ সালের মে মাসে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে কার্যক্রম শুরু করে। ১৯৯৮ সালের জুন মাসে কোম্পানি পরিপূর্ণ মার্চেন্ট ব্যাংক হিসেবে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হয় এবং ২০০৯ সালের ১২ এপ্রিল কোম্পানি বাংলাদেশের পুঞ্জিবাজারে সক্রিয়ভাবে প্রবেশ করে।

২০১৪ সালে কোম্পানির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.১৩ শতাংশ ও ১.৩৭ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ৫২.৭৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৭৬০.৭৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৯.৩৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫০৮৩.২৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৮৪.১৭ শতাংশ। মূলতঃ আমানত সংগ্রহের উপর বিশেষ মনোযোগ বৃদ্ধির কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় মূদহার ব্যবধান ছিল ৫.০৫ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত ভারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৮.২৯ শতাংশ হ্রাস পেয়ে ২১৫.৩৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্পঋণ : ২০১৪ সালে কোম্পানির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৮২০ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ছিল ৯২.০৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৭৭.৪৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৬৭৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ সংশ্লিষ্ট খাতে ঋণ চাহিদার কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ৯২.০৩ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৯৪৯.৯৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৫২.২০ শতাংশ। এছাড়াও ব্যবসা ও বাণিজ্য খাতে বিতরণকৃত ঋণ ২৮৭.০৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৫.৭৭ শতাংশ এবং অন্যান্য খাতে বিতরণকৃত ঋণ ৩০৫.৪০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৬.৭৮ শতাংশ।



SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ছিল ৬.৫৯ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME ঋণে ঋণ বিতরণ ৫৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১২০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ SME খাতে ঋণ বিতরণের উপর বেশি গুরুত্ব আরোপ করা হয়েছে যার কারণে SME -এর ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৪.১২ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল মাত্র ২.৩১ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৪২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ কোম্পানি ২০১৪ সালে কৃষি ঋণ ঋণে ঋণ বিতরণের উপর অধিক গুরুত্ব আরোপ করেছে, যার কারণে কৃষি ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

অটোমেশন : ২০১৪ সালে কোম্পানির অটোমেশন কার্যক্রমে ইন্টিগ্রেটেড সফটওয়্যার বাস্তবায়নের পর্যায়ে রয়েছে। ইতোমধ্যে সফটওয়্যারের প্রাথমিক কাঠামো গঠনপূর্বক গ্রাহক তথ্য স্থানান্তরের কাজ চলছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৫ জন নারী উদ্যোক্তাকে ৬.৬০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৫ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১২.২০ মিলিয়ন টাকায় তুলনায় ৪৫.৯০ শতাংশ কম।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা :

- স্বতন্ত্র এসএমই বিভাগ চালু করা;
- এসএমই ঋণপ্রদানের পরিমাণ বৃদ্ধি করে এবং বাংলাদেশ ব্যাংক হতে ঋণ সুদে পুনঃঅর্থায়নের মাধ্যমে এসএমই সেটের ব্যবসা আরো সম্প্রসারণ করা;
- মার্চেন্ট ব্যাংকিং ইউনিটকে আলাদা একটি সাবসিডিয়ারি কোম্পানি 'বি এল আই ক্যাপিটাল লিমিটেড' গঠনের কাজ শুরু করা।

প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড

www.primefinancebd.com

১৯৯৬ সালের ১০ মার্চ প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (পিএফআইএল) প্রতিষ্ঠিত হয় এবং আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩-এর আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হয়ে ৮ ফেব্রুয়ারি ১৯৯৮ সালে কার্যক্রম শুরু করে। প্রাথমিক বাজার থেকে মূলধন সংগ্রহের লক্ষ্যে ২০০৫ সালের ২ অক্টোবর এবং ০৪ অক্টোবর যথাক্রমে চট্টগ্রাম ও ঢাকা স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত হয়।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ছিল অ-ব্যাংকি আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৩.৪৯ শতাংশ ও ৩.৬১ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৭.২৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮৪৯৩.৩৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪.২০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৩৪৪৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৫৮.২৮ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৯৬ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১০.২৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৪৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৯৯২ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৪৫.৯৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৭.৩৭ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১৩৭৪.৬৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ কৃষিভিত্তিক পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে ঋণ বিতরণের কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ৩৬.৬৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ২২ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ০.৭৩ শতাংশ। চিকিৎসা সেবা খাতে বিতরণকৃত ঋণ ৪১৮ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ১৩.৯৭ শতাংশ এবং কৃষিভিত্তিক পণ্য উৎপাদনকারী খাতে বিতরণকৃত ঋণ ৩৭৭ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ১২.৬০ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ছিল ৩৫.১২ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ২৫৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৫১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ শাখা এবং জনবল বৃদ্ধির মাধ্যমে নতুন ব্যবসায়িক এলাকা চিহ্নিত করে ঋণ বিতরণের কারণে SME-এর ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে জোড়া ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১.১৬ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ১৪.৬১ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৪৩৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ কৃষিভিত্তিক পণ্য উৎপাদনকারী বিভিন্ন প্রতিষ্ঠানে বৃহৎ পরিমাণে ঋণ বিতরণের কারণে এ বৃদ্ধি ঘটেছে।

ঋণ-ব্যাংকিং : ২০১৩ সালের তুলনায় ঋণ-ব্যাংকিং কার্যক্রমে ঋণ বিতরণ ৪৬১.০৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। পরিশোধবদ্ধ বিভিন্ন প্রজেক্টে স্বল্প সুদে ঋণ বিতরণের বিভিন্ন প্রকল্পে উদ্যোক্তাদের উৎসাহিত করার মাধ্যমে এ কার্যক্রমে ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

সিএসআর : প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড কর্তৃক ২০১৪ সালে সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের অংশ হিসেবে দিগন্ত মেমোরিয়াল ক্যান্সার ফাউন্ডেশনকে ৬০০০০ টাকা, দেশের বিভিন্ন অঞ্চলে শীতাত্তরদের মাঝে কঞ্চল বিতরণে ৪৫৭৭৮৭ টাকা, বাংলাদেশ লিজিং এন্ড ফাইন্যান্স কোম্পানি এসোসিয়েশন এর মাধ্যমে ২০০০০০ টাকা, রাজধানী মহিলা কলেজের উন্নয়নমূলক কাজের জন্য ২০০০০০ টাকা, মুক্তিযুদ্ধ হাদুঘর নির্মাণে ১০০০০০০ টাকা এবং ক্যান্সারে আক্রান্ত আর্থিক প্রতিষ্ঠানের এক কর্মকর্তাকে ২৫০০০ টাকা প্রদান করা হয়েছে।

অটোমেশন : ডিপোজিট ম্যানেজমেন্ট আরো উন্নত এবং গয়েববেজড করা হয়েছে। নেটওয়ার্ক সিস্টেম এর নিরাপত্তা উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নেয়া হয়েছে। কোম্পানির গয়েবসাইটে নতুন নতুন তথ্য ও উপাত্ত অন্তর্ভুক্ত করা হয়েছে। ওপেন সোর্স ডাটাবেজ ও প্রোগ্রাম ব্যবহারের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে এবং নতুন ডাটাবেজ তৈরির ক্ষেত্রে ইতোমধ্যেই এগুলো প্রয়োগ করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১০ জন নারী উদ্যোক্তাকে ৩৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে যা ২০১৩ সালে ০৩ জন নারী উদ্যোক্তার বিপরীতে ছিল যার ২ মিলিয়ন টাকা।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড নতুন নতুন বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের (কুদ্র ও মাঝারি উদ্যোক্তা, গ্রাহক ঋণ ও বাণ্টিকরণ) পরিকল্পনা করেছে। শাখা স্থাপন কার্যক্রমকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়ে দেশের অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ স্থানে শাখা স্থাপন ও বিশ্বের অন্যান্য দেশের আর্থিক প্রতিষ্ঠানের ব্যবসায়িক কার্যক্রমের সাথে মিল রেখে প্রাইম ফাইন্যান্স অপ্রচলিত খাতে (যুদ্র ও মাঝারি উদ্যোক্তা) বিনিয়োগের পরিকল্পনা করেছে।



ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড

www.deltabrac.com

অধিক জনসংখ্যার জন্য বাসস্থানের ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্য নিয়ে ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড (ডিবিএইচ) ১৯৯৭ সালে যাত্রা শুরু করে। দেশের বেসরকারি খাতের প্রথম এবং বৃহত্তম পূর্ননির্মাণ ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে ডিবিএইচ ভূমিকা পালন করে আসছে।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ছিল অ-ব্যাংক আর্থিক খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৯.১৪ শতাংশ ও ৭.৪২ শতাংশ। আর্থিক প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৬.৩০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২২২৬২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৭.৩৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৭৬০৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে বা মোট আমানত স্থিতির ১২৪ শতাংশ। মূলতঃ আকর্ষণীয় সুদের হার এবং আমানতকারীদের আস্থা এ সব কিছুর সমন্বয়ের ফলে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে এবং সেবার মান, চাহিদা ও আয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ সুদের হার ইত্যাদির কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৩.৬৪ শতাংশে দাঁড়িয়েছে। ২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানটির অতিরিক্ত ভারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৮৯ শতাংশ হ্রাস পেয়ে ৪৩৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

২০১৪ সালে গৃহায়ণ খাতে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৯৯ শতাংশে দাঁড়িয়েছে।

গ্রিন ব্যাংকিং : ডিবিএইচ গৃহায়ণ ঋণে বিশেষায়িত একটি প্রতিষ্ঠান বিধায় বিগত দুই বছরে প্রত্যক্ষভাবে গ্রিন ব্যাংকিং কার্যক্রমে অংশগ্রহণ করেনি। কিন্তু ঋণ প্রদানের সময় ঋণ গ্রহীতাদের সোলার প্যানেল ব্যবহার, পরিবেশ সংরক্ষণ ইত্যাদি কাজে উদ্বুদ্ধ করার মাধ্যমে পরোক্ষভাবে ভূমিকা রেখে আসছে।

সিএসআর : প্রতিষ্ঠানের সামাজিক কার্যক্রমের আওতায় ২০১৪ সালে ডিবিএইচ ১.৫৯ মিলিয়ন টাকা বিতরণ করে যা পূর্ববর্তী বছরের তুলনায় ১.০৯ মিলিয়ন টাকা বেশি।

অটোমেশন : গত এক বছরে আইটি বিভাগ সফলভাবে অনেকগুলো অটোমেশন পদ্ধতি বাস্তবায়ন করেছে যার মধ্যে অটোমেটেড রিকপিগিয়েশন সিস্টেম সবচেয়ে উল্লেখযোগ্য।

এছাড়াও ই-ফাইল ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে তথ্য-উপাত্ত সংরক্ষণকে আরও সুরক্ষিত এবং ব্যবহারকারীদের জন্য আরও সহজলভ্য করেছে। আইটি বিভাগ অটোমেটেড গিপিআর চালুর মাধ্যমে সুদ হার পুনর্বিবেচনা এবং সংশোধন পদ্ধতিকে অটোমেটেড করেছে।



ইন্টারন্যাশনাল লীজিং অ্যান্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড

www.lfsl.com

ইন্টারন্যাশনাল লীজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড (আইএলএফএসএল) ১৯৯৬ সালে বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম শুরু করে। ২০০১ সালে কোম্পানিটি লীজিং-এর পাশাপাশি স্বল্পমেয়াদি ঋণ সার্ভিসেস চালু করে এবং সেপ্টেম্বর ২০০৭-এ ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে নিবন্ধিত হয়।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ছিল অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৪.২৭ শতাংশ ও ৩.৮৯ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ১.৭৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৩৯২.৬৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ০.৬৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৪৪৭৮.১৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৩৯ শতাংশ। মূলতঃ আমানত আহরণের কার্যকর উদ্যোগের কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ৪.৯৬ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকটির অতিরিক্ত তারতম্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১১৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৪০.৬৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৪৪৫৩.০৫ মিলিয়ন টাকায় সম্পূর্ণ অংশই ছিল শিল্পঋণ। এ শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৮৯.৩৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ছিল ৩৭.৫৫ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৩৬২.৯০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৮.১৫ শতাংশ। এছাড়া, আয়রন, স্টিল ও ইঞ্জিনিয়ারিং খাতে বিতরণকৃত ঋণ ৩২২.৩৩ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৭.২৪ শতাংশ এবং খাদদ্রব্য উৎপাদনকারী খাতে বিতরণকৃত ঋণ ২৫৪.৫৮ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ৫.৭২ শতাংশ।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ছিল ৩৮.৫৭ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ৮২.০৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৭১৭.৩৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের বর্ধিত চাহিদার কারণে এসএমই ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ২.০০ শতাংশ দাঁড়িয়েছে।

ক্ষুদ্র ঋণ : ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪১.৫৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৬৩.৫৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর কার্যক্রম : সিএসআর খাতে অর্থ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫.৪৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ০.৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।



রিলায়েন্স ফাইন্যান্স লিমিটেড

www.refibd.com

রিলায়েন্স ফাইন্যান্স লিমিটেড (আরইএফএল) সাবেক ওমান বাংলাদেশ লীজিং এন্ড ফিন্যান্স লিমিটেড (ওবিএলএফ) আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩-এর আওতায় যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত একটি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে মে ১৯৯৬ থেকে কার্যক্রম শুরু করে। ২০১৪ সালে কোম্পানির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪০০০ মিলিয়ন ও ২০০০ মিলিয়ন টাকা।

২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষার ছিল অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১২.৭১ শতাংশ ও ৯.৪০ শতাংশ। প্রতিষ্ঠানের আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৯.৪৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩০৯৬০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৫.৬০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩৪৯৮৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১১৩ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার বাবদান ছিল ৩.৪৫ শতাংশ। ২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানটির অতিরিক্ত ভারলোর স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৭১.২৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৩৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে এ প্রতিষ্ঠানের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৯৯৯২ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ১৪.৩৮ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৪৩৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেষার ছিল ৮৩.৬৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোষাক শিল্পে (নিট ও ওভেনলসহ) বিতরণকৃত ঋণ ছিল ১৫২.৯৮ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ১.৫৩ শতাংশ। এছাড়াও লৌহ ও ইস্পাত খাতে বিতরণকৃত ঋণ ২০৮.৮ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ২.০৯ শতাংশ এবং জাহাজ নির্মাণ খাতে বিতরণকৃত ঋণ ২৯৪.১৭ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ২.৯৪ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ১.৫২ শতাংশ।

২০১৪ সালে SME খাতে ঋণ বিতরণ ১৫১.৮০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ SME খাতকে অগ্রাধিকার দেওয়ার কারণে SME-এর ঋণ বিতরণের পরিমাণ বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে ভেজা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৪.৬৬ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেষার ছিল ০.১৩ শতাংশ। ২০১৩ সালে কৃষি খাতে কোন ঋণ বিতরণ করা হয়নি, তবে ২০১৪ সালে এ খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ১২.৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।


ক্ষুদ্র ঋণ : ২০১৩ ও ২০১৪ সালে বিতরণকৃত ক্ষুদ্র ঋণ ছিল যথাক্রমে ১.২০ মিলিয়ন টাকা এবং ২.৬০ মিলিয়ন টাকা।

সিএসআর কার্যক্রম : ২০১৩ ও ২০১৪ সালে সিএসআর কার্যক্রমে ব্যয় ছিল যথাক্রমে ০.৫২ মিলিয়ন টাকা এবং ২.৭৪ মিলিয়ন টাকা।

অটোমেশন : অটোমেশন কার্যক্রমে ২০১৩ ও ২০১৪ সালে ব্যয় ছিল যথাক্রমে ৪.৫ মিলিয়ন টাকা এবং ৭.৫০ মিলিয়ন টাকা।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৬ জন নারী উদ্যোক্তাকে ২৬.৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১ জন নারী উদ্যোক্তার বিপরীতে ছিল ৫.০ মিলিয়ন টাকা।

অবিষয় উন্নয়ন পরিকল্পনা : রিলায়েন্স ফাইন্যান্স লিমিটেড অবিষয় সেবার মান বৃদ্ধি, আমানত এবং ঋণ ও অগ্রিমের গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ করেছে।



ইডাব্লিউএল প্রমোশন এন্ড ডেভেলপমেন্ট কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড

www.ipdcibd.com

১৯৮১ সালে প্রতিষ্ঠিত হয়ে ইডাব্লিউএল প্রমোশন এন্ড ডেভেলপমেন্ট কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (আইপিডিসি) বাংলাদেশের প্রথম বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে ১৯৮৩ সালে কার্যক্রম শুরু করে। কোম্পানিটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কমনওয়েলথ উন্নয়ন সংস্থা (CDC), বিশ্বব্যাংকের আন্তর্জাতিক অর্থায়ন সংস্থা (IFC), জার্মান বিনিয়োগ এবং উন্নয়ন সংস্থা (DEG) এবং অগা খান ফান্ড ফর ইকোনোমিক ডেভেলপমেন্ট (AKFED) -এর যৌথ উদ্যোগে প্রতিষ্ঠা লাভ করে।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার ছিল অ-ব্যংক আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৬৪ শতাংশ ও ১.৫৩ শতাংশ। আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ৯.৭ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৩৯৯৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১.৩ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৫৬৭৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৪২ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ছিল ২.৯০ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত ভারতের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৬৯.১৯ শতাংশ হ্রাস পেয়ে ২০.১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক ঋাত্তিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩৫২৪ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ছিল ৪৯.১৬ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪০.৯৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১৭৩২.৩৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ছিল ৭৫.৭৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৫২৮.২১ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ১৪.৯৯ শতাংশ। এছাড়াও টেক্সটাইল খাতে বিতরণকৃত ঋণ ৬২৪.১৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৭.৭১ শতাংশ এবং লৌহ, ইস্পাত এবং প্রকৌশল খাতে বিতরণকৃত ঋণ ৪৪৪.১২ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১২.৬০ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ২৯.৭১ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME খাতে ঋণ বিতরণ ৩৫.০৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৪৬.৮২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ডোজা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৮ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ছিল ৫.০৫ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১২.৮৪ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১৭৭.৮১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।


ক্ষুদ্র ঋণ : ২০১৪ সালে ক্ষুদ্র ঋণ খাতে ঋণ বিতরণ ৩৫.০৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

সিএসআর কার্যক্রম : ২০১৩ সালে শীতার্ভ ও অসহায় মানুষের জন্য কঞ্চল, শীতবস্ত্র, ঔষধ ত্রুণ বাবদ খরচ ৩৬৮৩৮১ টাকা এবং রানা প্রাজা দুর্ঘটনার ক্ষতিগ্রস্তদের সহায়তার উদ্দেশ্যে প্রধানমন্ত্রীর আণ তহবিলে ৫০০০০০ টাকা প্রদান করা হয়। ২০১৪ সালে কঞ্চল বিতরণ ও চিকিৎসা বাবদ ৩৪২৯০০ টাকা প্রদান এবং মুক্তিযোদ্ধা বাদুঘর তহবিলে ৫০০০০০ টাকা প্রদান করা হয়।

অটোমেশন : ২০১৩ সালের একটি আধুনিক কার্যকরী Core Banking Software (CBS) ত্রুণ করা হয়। ২০১৪ সালের দেশীয় সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান থেকে BankUltimus নামের CBS ত্রুণ ও প্রতিস্থাপন করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ২ জন নারী উদ্যোক্তাকে ২৬.৯৫ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ২ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১৬.০ মিলিয়ন টাকার তুলনায় ৬৮.৪৪ শতাংশ বেশি।

অবিবাহিত উন্নয়ন পরিকল্পনা : আইপিডিসি'র অন্যতম পরিকল্পনার মধ্যে আছে মাইক্রো মার্কেটিং ইনসিটিউট (MMI) এর মাধ্যমে নারী উদ্যোক্তাদের ক্ষমতায়ন। এসএমই খাতে উন্নয়নের জন্য ফাউন্ডিং কাইন্যাঙ্কে আরও বেগবান করা এবং হাউজবিল্ডিং ব্যবসার মাধ্যমে মধ্য ও নিম্ন-মধ্যবিত্ত আয়ের মানুষকে গৃহায়ণ সুবিধা প্রদান করা।



উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড

www.uttarafinance.biz

উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড (ইউফিল) ১৯৯৫ সালে বাংলাদেশ ও সিঙ্গাপুরের যৌথ উদ্যোগে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে লীজিং ও ফিন্যান্সিং ব্যবসায় কার্যক্রম শুরু করে। কোম্পানিটি ১৯৯৭ সালের আগস্ট মাসে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ ও সেপ্টেম্বর মাসে ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয় এবং ১৯৯৮ সালের মার্চ মাসে মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার অনুমোদন লাভ করে।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষার নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান ঋণের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৪.২২ শতাংশ ও ৫.৬৩ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ১১.৫০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০২৮৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১২.২৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২০৯৩৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে যা মোট আমানত স্থিতির ২০৩.৪৯ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৩.৭৭ শতাংশে দাঁড়িয়েছে। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত ভারস্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৯৬.৪২ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৫০৫.১৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্পঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১২৬৯৭ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৯৭.০০ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৯.৭৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১২৩১০.৪০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেষার ৯২ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরি পোষাক শিল্পে (নিট ও ওজেনসহ) বিতরণকৃত ঋণ ১১৩২৫ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের ৮৯ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ৫.০০ শতাংশ।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেষার ০.৬৭ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ কৃষিতে সরকার ও প্রতিষ্ঠানের বিশেষ গুরুত্ব হ্রদানের কারণে কৃষি ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে।

মিন ব্যাংকিং : উত্তরা ফাইন্যান্স মূলত পরোক্ষ মিন ব্যাংকিং ফাইন্যান্স করে থাকে যা ২০১৩ সালে ৭টি প্রকল্প এবং ২০১৪ সালে ২৭ টি প্রকল্পে উন্নীত হয়।

সিএসআর : ২০১৩ সালে উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড ০.৭০ মিলিয়ন টাকা সিএসআর হিসাবে ব্যয় করে যা ২০১৪ সালে বৃদ্ধি পেয়ে ১.৫৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

অটোমেশনঃ প্রত্যেকটি শাখার সাথে রয়েছে অন্যান্য শাখার ডাটা সংযুক্তি এবং এদের মূল সার্ভারটি অব্যাহতভাবে কাজ করছে কিনা সেটা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হয়। এছাড়া, সম্পূর্ণ অফিসই ওয়াইফাই এর আওতায় আনা হয়েছে এবং দ্রুতগতির ইন্টারনেট সেবা বাস্তবায়ন করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ২১ জন নারী উদ্যোক্তাকে ৭৩.৫০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১২ জন নারী উদ্যোক্তার বিপরীতে ২৬.৩১ মিলিয়ন টাকার তুলনায় ১৭৯ শতাংশ বেশি।



ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড

www.unitedfinance.com.bd

ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে ২৭ এপ্রিল ১৯৮৯ সালে ইউনাইটেড লিজিং কোম্পানি লিমিটেড নামে নিবন্ধিত হয় এবং পরবর্তীতে ১৯৯৩ সালের আর্থিক প্রতিষ্ঠান আইনে লাইসেন্সপ্রাপ্ত হয়। এ কোম্পানির শেয়ার ১৯৯৪ সালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেডে তালিকাভুক্ত হয়। ব্যবসা সম্প্রসারণ ও বহুমুখীকরণের এর ফলশ্রুতিতে ২৫ নভেম্বর, ২০১৪ সালে প্রতিষ্ঠানটির নাম পরিবর্তন করে ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড রাখা হয়।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির বর্ধনক্রমে ৩.৩৩ শতাংশ ও ২.৮৮ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৬.২৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৮১০২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৯.০০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৭২৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে যা মোট আমানত স্থিতির ১৩২ শতাংশ। মূলতঃ ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে নতুন আমানত গ্রহণের হার বেশি হওয়ার কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে এবং ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে ঋণ বিতরণের হার বেশি হওয়ার কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.৪৯ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারলের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৮.৩৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩২৯৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-১ এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্প ঋণ : ২০১৪ সালে ব্যাংকের বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৭৩৬৫ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৩৩.৬৮ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৮.২০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫৮৪৯.৩৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের শেয়ার ৬৬.৭০ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় পেপার, প্রিন্টিং ও প্যাকেজিং শিল্পে বিতরণকৃত ঋণ ১১৫২.৩০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৬.৬৪ শতাংশ। এছাড়াও প্রাস্টিক শিল্পে বিতরণকৃত ঋণ ১১৩৪.৯৬ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৬.৫৪ শতাংশ এবং সৌদ, ইস্পাত ও ইঞ্জিনিয়ারিং শিল্পে বিতরণকৃত ঋণ ৯৭৯.৪৫ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৫.৬৪ শতাংশ।

SME ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে SME-এর অবদান ৭৫.৪৩ শতাংশ। ২০১৩ সালের তুলনায় SME ঋণে ঋণ বিতরণ ৩৮.৪৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৩০৯৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ভোজ্য ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১.১৬ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ০.৯৪ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটি মৌসুমভিত্তিক নগদ প্রবাহের উপর কৃষি ঋণ প্রদানের ঘোষণা করে।


গ্রিন ব্যাংকিং : প্রতিষ্ঠানটি স্বল্পবিস্তার যেমনঃ বারোগ্যাস প্লান্ট, সৌরবিদ্যুৎ ইত্যাদি খাতে ঋণ বিতরণ করে আসছে। ২০১৩ সালে এ খাতে প্রতিষ্ঠানটির বিনিয়োগ না থাকলেও ২০১৪ সালে ৩.৬০ মিলিয়ন টাকা বারোগ্যাস প্লান্ট নির্মাণে বিতরণ করেছে।

সিএসআর : ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড ২০১৩ সালে উত্তর ও দক্ষিণ অঞ্চলের বিশেষতঃ চরাঞ্চলের দরিদ্র, দুঃস্থ ও অসহায় শীতার্ভ মানুষদের মধ্যে ১.৩৫ মিলিয়ন টাকার শীতবস্ত্র ও কমল বিতরণ করে। ২০১৪ সালেও এ খাতে প্রতিষ্ঠানটি প্রায় ১.৩৩ মিলিয়ন টাকা ব্যয় করেছে।

অটোমেশন : ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড ২০১৪ সালে একটি নিজস্ব সফটওয়্যার উন্নয়ন টিম গঠন করেছে। ২০১৩ সালে একটি ত্র্যনুকৃত হিসাব সংরক্ষণ সফটওয়্যার এবং কিছু নিজস্ব তৈরিকৃত সফটওয়্যার ব্যবহৃত হলেও ২০১৪ সালে আরো বেশ কিছু তৈরিকৃত সফটওয়্যার প্রতিষ্ঠানটির অটোমেশন কার্যক্রমকে আরও বেগবান করেছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৩৩৯ জন নারী উদ্যোক্তাকে ৩১৯.২৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ২৮৬ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১৯৯.৯২ মিলিয়ন টাকার তুলনায় ৫৯.৭০ শতাংশ বেশি।

অবিঘ্ন উন্নয়ন পরিকল্পনা : ব্যবসায় সম্প্রসারণ, গ্রাহককে উন্নততর সেবা প্রদান, ও অভ্যন্তরীণ কার্যক্রমের গুণগত মান বৃদ্ধিকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা করেছে। ২০১৪ সালে প্রতিষ্ঠানটি দুটি পৃথক বিভাগ গঠন করেছে যেখানে নতুন নতুন কার্যক্রম ও এর অটোমেশন নিয়ে পবেষণা করা হচ্ছে।



ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড

www.unicap-bd.com

ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড (ইউসিএল) বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর আওতায় ১৯৯৮ সালের ১২ আগস্ট আর্থিক প্রতিষ্ঠান হিসেবে অধিভুক্ত হয়। ২০০২ সালের ১০ এপ্রিল বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের অনুমোদনক্রমে এটি একটি পূর্ণাঙ্গ মার্চেন্ট ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ লাভ করে।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার/অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৪.৪ শতাংশ ও ৩.৮ শতাংশ। ব্যাংকের আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ৩১.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৭০৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৫.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৪২৯৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৩৯.৪ শতাংশ। ২০১৪ সালে মূলতঃ নতুন বিনিয়োগের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৬ শতাংশ। ২০১৪ সালে ব্যাংকের অতিরিক্ত তারল্যের স্থিতি ৫৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্পঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৫৮৭৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৫৪.৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৫০.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩১৯৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে শিল্প ঋণ কার্যক্রমে নতুন বিনিয়োগ বৃদ্ধির ফলে শিল্প ঋণের বিতরণ বৃদ্ধি পেয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৭৫.৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৮৯৫ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৫.২ শতাংশ। এছাড়াও পাওয়ার, গ্যাস, এনার্জি খাতে বিতরণকৃত ঋণ ৩৬৪.৩ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৬.২ শতাংশ এবং ট্রান্সপোর্ট ও এভিয়েশন খাতে বিতরণকৃত ঋণ ৩৫০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৬.০ শতাংশ।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ৩৫.৫ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এসএমই খাতে ঋণ বিতরণ ১৭২.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২০৮৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ এসএমই ঋণের উপর অধিকতর গুরুত্বারোপের ফলে ২০১৪ সালে নতুন বিনিয়োগ বৃদ্ধির দরুন এ খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পায়। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ১.৩ শতাংশে দাঁড়িয়েছে।


কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ০.৮১ শতাংশ। প্রতিষ্ঠানটি ২০১৪ সালে কৃষি খাতে ৪৭.৫ মিলিয়ন টাকা বিনিয়োগ করেছে।

সিএসআর : সিএসআর কার্যক্রম ২০১৪ সালে ১.৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। সমাজের দরিদ্র, অবহেলিত এবং সুবিধাবঞ্চিত গোষ্ঠীর জন্য ইউসিএল প্রতিবছরই শীতবস্ত্র বিতরণসহ ছিন্নমূল সুবিধাবঞ্চিত দরিদ্র শিশুদের শিক্ষার আলো পৌঁছানোর লক্ষ্যে আর্থিক সহায়তা প্রদান, শ্রবণশক্তিহীন দরিদ্র শিশুদের শ্রবণশক্তি ফিরিয়ে আনা এবং অক্ষরজ্ঞান প্রদানমূলক কাজে আর্থিক সহায়তা প্রদান করে থাকে।

অটোমেশন : ইউসিএল-এর অবকাঠামোগত উন্নয়ন ও সফটওয়্যার অটোমেশনে প্রচেষ্টা অব্যাহত রাখাসহ ঋণ কার্যক্রমের নির্ভুল হিসাব সফটওয়্যার-এর সহায়তায় কেন্দ্রীয়ভাবে পরিচালনা করে আসছে। অতি সম্প্রতি প্রতিষ্ঠানটি ঋণ মূল্যায়ন পদ্ধতি ও মানব সম্পদ বিভাগ-এর কার্যক্রম অটোমেশনের আওতায় এনেছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ২১ জন নারী উদ্যোক্তাকে ৬৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে যা ২০১৩ সালে ৯ জন নারী উদ্যোক্তাকে বিতরণকৃত ২০ মিলিয়ন টাকার তুলনায় ২১৭.৫ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রতিষ্ঠানটি ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনার অংশ হিসেবে ২০১৫ সালে ২টি নতুন শাখা সম্প্রসারণসহ ৭২১১ মিলিয়ন টাকার নতুন বিনিয়োগ, ১৮৭৫ মিলিয়ন টাকার নতুন আমানত এবং শ্রেণিকৃত ঋণের হার ৭.২ শতাংশে কমিয়ে আনার পরিকল্পনা রয়েছে।



পিপলস্ লিজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড

www.pifsb.com

বাংলাদেশে শিল্পোন্নয়ন ও উৎপাদনশীল খাতকে দীর্ঘমেয়াদি বিনিয়োগে সহায়তা প্রদানের লক্ষ্যে কোম্পানি আইন ১৯৯৪ এর আওতায় ১৯৯৬ সালের ১২ আগস্ট পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে পিপলস্ লিজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড (পিএলএফএস) প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে পিএলএফএস 'আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩'-এর অধীনে ১৯৯৭ সালের ২৪ নভেম্বর বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হয়ে ১৯৯৯ সাল থেকে কার্যক্রম শুরু করে।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষার আর্থিক প্রতিষ্ঠান বাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির বর্ধনক্রমে ৪.৮ শতাংশ ও ৪.৮ শতাংশ। পিএলএফএস এর আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৯.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১১৭১৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৭.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৭৯২৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৫.৩ শতাংশ। মূলতঃ নতুন বিনিয়োগের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫.৫ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৬৩.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ১১৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্পঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২১০৩ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৪৯.৪ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৩৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৬৮.৫ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১.৪ শতাংশ। এছাড়াও পরিবহন খাতে বিতরণকৃত ঋণ ৪১৩ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৯.৬ শতাংশ এবং ফার্মাসিউটিক্যাল ও কেমিকেল খাতে বিতরণকৃত ঋণ ২৭১ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১২.৯ শতাংশ।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই -এর অবদান ২৭.৩ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এসএমই বাতের ঋণ বিতরণ ৩৫.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫৭৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ এসএমই ঋণের উপর অধিকতর গুরুত্বারোপের ফলে ২০১৪ সালে এ খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে ভোজা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ৬.১ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেষার ৯.৫ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৭৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

হীন ব্যাংকিং : হীন ব্যাংকিং কার্যক্রমের আওতায় ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের ৪.১ শতাংশ প্রত্যক্ষ হীন অর্থায়ন, যার পরিমাণ ৮৩ মিলিয়ন টাকা।

সিএসআর : সিএসআর কার্যক্রম ২০১৩ সালের তুলনায় ১০.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

অটোমেশন : প্রতিষ্ঠানটি প্রতিনিয়ত যুগোপযোগী প্রযুক্তি যেমন- ফিলার পাকিং সফটওয়্যার, ক্রোজ সার্কিট ক্যামেরা, IAN প্রিন্টা বাত্বায়নের মাধ্যমে তথ্যাবলীর সহজ আদানপ্রদানসহ Online CIB Software ব্যবহারের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করেছে। এছাড়া, বর্তমানে ডেকটপ ভিজুয়লাইজেশন প্রযুক্তি ব্যবহারের ফলে বিদ্যুৎ ব্যয় সাশ্রয় ও সহজ রক্ষণাবেক্ষণ হচ্ছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৭ জন নারী উদ্যোক্তার বিপরীতে ১১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ২ জন নারী উদ্যোক্তার বিপরীতে ছিল ২ মিলিয়ন টাকা।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রতিষ্ঠানটি দেশের বড় বড় কর্পোরেট হাউজে, বড় গ্রুপ অব কোম্পানিতে এবং কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে শ্রমঘন প্রতিষ্ঠানে বিনিয়োগ সম্প্রসারণসহ মহিলা উদ্যোক্তা সৃষ্টি, ক্ষুদ্র ও মাঝারি (SME) প্রকল্পে বিনিয়োগ বৃদ্ধি এবং শাখা সম্প্রসারণের পরিকল্পনা করেছে।



ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড

www.idcol.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে ১৯৯৭ সালের ১৪ মে স্থাপিত ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড (ইডকল) সরকারি মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানগ্নু হতেই ইডকল অবকাঠামো উন্নয়ন প্রকল্প ও নবায়নযোগ্য শক্তি কর্মসূচিতে অর্থায়নের শূন্যতা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ইডকলের মূল লক্ষ্য হচ্ছে বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত ও পরিচালিত অবকাঠামো উন্নয়ন প্রকল্প ও নবায়নযোগ্য শক্তি কর্মসূচিতে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে বেসরকারি বিনিয়োগ বৃদ্ধি করা।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট ঋণ ও অগ্রিম স্থিতির ৭.৮ শতাংশ। ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৭.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৮৮৫৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০১৪ সালে ইডকল এর অতিরিক্ত ভার্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৮০.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৮৪০৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটি কোন ধরনের চলতি কিংবা মেয়াদি আমানত গ্রহণ করে না। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

গ্রিন ব্যাংকিং : গ্রিন ব্যাংকিং কার্যক্রমের আওতায় নবায়নযোগ্য শক্তি বাতে ২০১৪ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৮১৯০ মিলিয়ন টাকা, যা অর্থবছর ২০১৩-এ ছিল ৮০৮৪ মিলিয়ন টাকা। মূলতঃ দেশব্যাপি সৌরবিদ্যুৎ কর্মসূচির সম্প্রসারণ এবং ১১ টি নতুন সহযোগী সংস্থার অন্তর্ভুক্তিসহ অন্যান্য নবায়নযোগ্য শক্তি প্রকল্প যথা-সৌরবিদ্যুৎভিত্তিক সেচ পাম্প, সৌরবিদ্যুৎভিত্তিক মিনি গ্রীড, বায়োগ্যাসভিত্তিক বিদ্যুৎ প্রকল্প, সৌরবিদ্যুৎভিত্তিক টেলিকম টাওয়ার প্রভৃতি প্রকল্পে ঋণ চাহিদা বৃদ্ধি পাওয়ায় এ খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।


সিএসআর : প্রতিষ্ঠানটির সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের ধারাবাহিকতায় ২০১৩ সালে উত্তরাধ্বসের শীতাত্তর মানুষের মধ্যে প্রায় ০.৮ মিলিয়ন টাকা এবং ২০১৪ সালে প্রায় ১.০

মিলিয়ন টাকার শীতবস্ত্র বিতরণসহ পক্ষাঘাতগ্রস্ত মানুষের সেবার নিয়োজিত Centre for the Rehabilitation of the Paralyzed (CRP) কে ১.০ মিলিয়ন টাকা প্রদান করেছে।

অটোমেসন : ২০১৪ সালে ইডকল বিদ্যমান MIS এর সঙ্গে আরও ২টি সফটওয়্যার সংযোজন করার মাধ্যমে Automated Disbursement Request গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া, তথ্য-প্রযুক্তিগত নিরাপত্তা বৃদ্ধি, ডাটাবেইজ পারফরমেন্স বৃদ্ধিসহ, ডোমেইন কন্ট্রোলার এর মাধ্যমে নেটওয়ার্ক ট্রাফিক ম্যানেজমেন্ট ও ফাইল শেয়ারিং সহজসাধ্য করার লক্ষ্যে আরও ০৩টি উন্নত সার্ভার ডাটা সেন্টার এ সংযোজন করা হয়েছে। তাছাড়াও Disaster Recovery Site এর পারফরমেন্স বৃদ্ধির জন্য বিদ্যমান স্টোরেজ সার্ভার এর সাথে নতুন আরেকটি সার্ভার সংযোজিত হয়েছে।

নারী উদ্যোক্তা : প্রতিষ্ঠানটি এর নবায়নযোগ্য শক্তি কর্মসূচীর আওতায় মহিলা উদ্যোক্তাভিত্তিক সমবায় সমিতি, উপকূলীয় বিদ্যুতায়ন ও মহিলা উন্নয়ন সমিতি, এসো জটি গড়ি, নারী উন্নয়ন ফোরাম এবং দেশগড়িকে অর্থায়ন করে থাকে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রতিষ্ঠানটি সৌর বিদ্যুৎ কর্মসূচীর অধীনে ২০১৮ সালের মধ্যে ৬০ লক্ষ সোলার হোম সিস্টেম স্থাপনের লক্ষ্যমাত্রা ধার্য করেছে। এছাড়াও বায়োগ্যাস কর্মসূচির আওতায় ২০১৮ সালের মধ্যে ১ লক্ষ বায়োগ্যাস প্লান্ট স্থাপন করার পরিকল্পনা রয়েছে। সৌর বিদ্যুৎ ও বায়োগ্যাস প্রকল্পের সাফল্যে অনুপ্রাণিত হয়ে ইডকল সম্প্রতি উন্নত চুলা স্থাপন কর্মসূচি হাতে নিয়েছে, যার আওতায় ২০১৮ সালের মধ্যে সারা বাংলাদেশে ১০ লক্ষ উন্নত চুলা স্থাপন করা হবে।



ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লিমিটেড

www.nationalhousingbd.com

কোম্পানি আইন, ১৯৯৪ এর আওতায় ১৮ আগস্ট ১৯৯৮ সালে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লিমিটেড প্রতিষ্ঠিত হয় এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর অধীনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৯ ডিসেম্বর ১৯৯৮ তারিখে আর্থিক প্রতিষ্ঠান হিসেবে লাইসেন্স প্রাপ্ত হয়ে কার্যক্রম শুরু করে। এ কোম্পানির উল্লেখযোগ্য অংশীদার হলো আই.এফ.আই.সি ব্যাংক লিমিটেড, ন্যাশনাল ব্যাংক লিমিটেড, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড। এছাড়া আরো ৭টি বীমা কোম্পানী, ৭টি স্থানীয় কর্পোরেট প্রতিষ্ঠান এবং ২টি প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারী ফোরাম প্রতিষ্ঠানটির উল্লেখযোগ্য অংশীদার।

২০১৪ সালে প্রতিষ্ঠানের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার/অংশ আর্থিক প্রতিষ্ঠান ঋতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৬ শতাংশ ও ১.৫ শতাংশ। প্রতিষ্ঠানের আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩,৮২৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরিদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫,৪৭৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৪৩.২ শতাংশ। মূলতঃ ঋণ ও অগ্রিম এর উপর সুদের হার ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহ থেকে কম হওয়ার কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদের ব্যবধান ৪ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৭ শতাংশ হ্রাস পেয়ে ৮২৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১৬৮১ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৩২.৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৭.৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৫৫৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ শিল্প স্থাপনে বিরাজমান প্রতিবন্ধকতার দরণ শিল্প ঋণের বিতরণ হ্রাস পেয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৬৩ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ডেনিমসহ) বিতরণকৃত ঋণ ১২.১ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের মাত্র ০.৭ শতাংশ। এছাড়াও অন্যান্য খাতে বিতরণকৃত ঋণ ১২১.৬ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৭.২ শতাংশ।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই ঋতের অবদান ১৩ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ ৩২.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭১৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ১৫.৩ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১০০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩০৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ কৃষি ঋতে অগ্রাধিকার দেয়ায় কৃষি ঋণের বিতরণ বৃদ্ধি পেয়েছে।


ক্ষুদ্র ঋণ : ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৯.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৬৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

সিএসআর : প্রতিষ্ঠানটি সিএসআর কার্যক্রমে ২০১৩ সালে ৫০ লক্ষ টাকা ও ২০১৪ সালে ৫ লক্ষ টাকা প্রদান করেছে। এ কার্যক্রমের আওতায় দুঃস্থ ও সুবিধাবঞ্চিত মানুষের সহায়তা, বন্যা ও দুর্ভোগকবলিত মানুষের জন্য ত্রাণসাহায্য ইত্যাদি ক্ষেত্রে কোম্পানি কর্তৃক নগদ অর্থ সাহায্যসহ নানা ধরনের কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

অটোমেশন : অটোমেশন কার্যক্রমের আওতায় সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে অবাধ তথ্য (আন্তঃ ও বহিঃ) নিরাপত্তা ব্যবস্থা, যা ন্যাশনাল হাউজিং ভার্সুয়াল প্রাইভেট নেটওয়ার্ক (ডিপিএন) প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নিশ্চিত করেছে। এছাড়া প্রতিষ্ঠানটি প্রতিটি গেইটওয়ে সিস্টেমে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য অত্যন্ত শক্তিশালী কাগার ওয়াল ব্যবহার করেছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১১ জন নারী উদ্যোক্তাকে ৩৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৬ জন নারী উদ্যোক্তার বিপরীতে ছিল ১২ মিলিয়ন টাকা।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রতিষ্ঠানটির শাখা সম্প্রসারণসহ এসএমই ও মহিলা উদ্যোক্তাদের স্বাবলম্বী করার জন্য উক্ত খাতে আরও ঋণ সম্প্রসারণের দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা রয়েছে।



মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড

www.mfl.com.bd

মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড (এমএফএল) আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩-এর অধীনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হয়ে ১৯৯৫ সালের ১৬ মে কোম্পানি আইন ১৯৯৪ মোতাবেক একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে নিবন্ধিত হয় এবং জানুয়ারি ২০০০ থেকে আর্থিক প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম শুরু করে। বেসরকারি খাতে উদ্যোক্তা উন্নয়ন এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প/ব্যবসা প্রসারের মাধ্যমে দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এমএফএল ঋণ ও লিজ সহায়তা প্রদান করে।

২০১৪ সালে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেডের আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষের আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির স্বাক্ষর ১.২ শতাংশ ও ১.২ শতাংশ। মাইডাস ফাইন্যান্সিং লিমিটেডের আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ৪.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৮১১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১০.৪ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৪৫৫৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৬.২ শতাংশ। মূলতঃ ব্যক্তি পর্যায়ে আমানত বৃদ্ধির ফলে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৩.১ শতাংশ হ্রাস পেয়ে ২৩৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক ঋাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ১২৬১ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৬৫.১ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৮২১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ নতুন ঋণ সৃষ্টির ফলে উদ্যোক্তা বৃদ্ধি পাওয়ায় শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই খাতের অবদান ৪৩.৬ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ ১.৫৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২২২১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ এসএমই কাউন্সেল কর্তৃক নতুন উদ্যোক্তা তৈরী ও বাংলাদেশ ব্যাংকের নানাবিধ পরিকল্পনা ও ঋণ প্রদানে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেডের দ্রুত সেবার কারণে এ খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে মাইডাস ফাইন্যান্সিং লিমিটেডের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার প্রায় ১ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫৬.১ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ মাইডাস ফাইন্যান্সিং লিমিটেডের স্বল্পমেয়াদি ঋণের সুবিধা না থাকার কারণে কৃষি ঋণ বিতরণ হ্রাস পেয়েছে।

ক্ষুদ্র ঋণ : ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে ক্ষুদ্র ঋণ বিতরণ ১২.৫ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়েছে। মূলতঃ জামানতবিহীন ও দ্রুত বিতরণ প্রক্রিয়া সম্পন্ন হওয়ায় এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের বিনিয়োগের উৎসাহের ফলে এ খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

সিএসআর : সামাজিক দায়বদ্ধতার আওতায় মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ বৃদ্ধির ফলে ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে সিএসআর কার্যক্রমে ৮০০০০ টাকা বৃদ্ধি পেয়েছে।

অটোমেশন : প্রতিষ্ঠানটি ১৬টি শাখার মধ্যে ১০টি শাখা পুরোপুরিভাবে অটোমেটেড করেছে ও আংশিক অটোমেটেড শাখার সংখ্যা ৬টি। এছাড়া যে কোন দুর্ঘটনাপূর্ণ অবস্থা মোকাবেলার জন্য ভাটা ব্যাকআপ ব্যবস্থা রয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৯৭ জন নারী উদ্যোক্তাকে ৫০.৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৩৫ জন নারী উদ্যোক্তার বিপরীতে ছিল ২৮.৯ মিলিয়ন টাকা।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : এমএফএল ২০১৪-২০১৫ সালে পরিশোধিত মূলধন ১২০ কোটি টাকায় উন্নীত করাসহ বৃদ্ধি ও জামানত বিবেচনা করে উত্তম গ্রাহকদের মধ্যে ঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণের হার ১০% এর মধ্যে নামিয়ে আনা ইত্যাদি পরিকল্পনা গ্রহণ করেছে।



ফার্স্ট ফাইন্যান্স লিমিটেড

www.first-finance.com.bd

১৯৯৩ সালের ২৮ জুন ফার্স্ট ফাইন্যান্স লিমিটেড (এফএফএল) একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি হিসেবে প্রতিষ্ঠা লাভ করে এবং পরবর্তীতে ১৯৯৯ সালের ৫ অক্টোবর বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হয়ে ব্যবসা কার্যক্রম শুরু করে। দেশের বিভিন্ন স্থানে প্রতিষ্ঠানটি জ্ঞানমত বিহীন ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করেছে।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষের আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির বথাক্রমে ২.২ শতাংশ ও ২.১ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ৪৮.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫৪০৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩০.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭৯৭৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৪৭.৮ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৭.১ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত ভারসেীর স্থিতি ২০১৩ সালের তুলনায় ২৩.২ শতাংশ হ্রাস পেয়ে ১৪৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির আর্থনৈতিক স্বাভাবিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম :

শিল্পঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৭৯৭৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৬২.১ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৮৯.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৫৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৬৩.৪ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ডভেনসহ) বিতরণকৃত ঋণ ৪৫ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১.৫ শতাংশ। এছাড়া মাঝারি শিল্প খাতে বিতরণকৃত ঋণ ৬২ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২ শতাংশ এবং ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে বিতরণকৃত ঋণ ৩৩ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১.১ শতাংশ।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই খাতের অবদান ৭৩.৭ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ ১১৫.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৩০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেষের মাত্র ০.৪ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩২.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৬৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। কৃষি খাতকে অগ্রাধিকার প্রদানের ফলে এ খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।


ক্ষুদ্র ঋণ : জ্ঞানমত বিহীন ক্ষুদ্র ঋণ কার্যক্রম এবং ঋণ প্রস্তাব দ্রুত অনুমোদনের জন্য ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম ২০১৩ সালে ৬৩৪ মিলিয়ন টাকা থেকে ২০১৪ সালে ৮৪৮ মিলিয়ন টাকায় বৃদ্ধি পায়।

মিন ব্যারিং : দেশের রাজনৈতিক অস্থিরতার প্রেক্ষাপটে মিন-ব্যারিং কার্যক্রমে ঋণ বিতরণ ২০১৩ সালের ৪২ মিলিয়ন টাকার তুলনায় ২০১৪ সালে ১৬ মিলিয়ন টাকায় হ্রাস পায়।

অটোমেশন : অটোমেশন কার্যক্রমের আওতায় ২০১৩ সালে সকল শাখায় আদান-প্রদানের জন্য 'Customize' সফটওয়্যার বিদ্যমান রয়েছে এবং ২০১৪ সালে বথায়থ মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের জন্য ওয়েববেইজড 'Information System' প্রবর্তন ও 'CSR Software' উন্নয়ন কার্যক্রম শুরু হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১৯০ জন নারী উদ্যোক্তাকে ১২৬.৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ১৬১ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৯৭ মিলিয়ন টাকার তুলনায় ৩০.৮ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রতিষ্ঠানটি ২০১৬ সালের মধ্যে Paperless Financial System বাস্তবায়ন, দেশের বিভিন্ন অঞ্চলে শাখা সম্প্রসারণসহ আর্থিক কর্মকাণ্ডের প্রসার ঘটানো, এবং কর্মকর্তাদের ব্যারিং বিধি বিধান পরিপালন ব্যবস্থা জোরদার ও উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করেছে।



বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড

www.bdfinance.com.bd

বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (বিডি ফাইন্যান্স) ১৯৯৯ সালের ১০ মে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে আত্মপ্রকাশ করে এবং ২২ ডিসেম্বর ১৯৯৯-এ বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হয়ে ২০০০ সালের ১৫ ফেব্রুয়ারি থেকে বাণিজ্যিকভাবে কার্যক্রম শুরু করে। শতকরা ৫৭.৫৯ ভাগ মালিকানায বিডি ফাইন্যান্স এর প্রথম সাবসিডিয়ারি কোম্পানি হিসেবে বিডি ফাইন্যান্স সিকিউরিটিজ লিমিটেড ২০১১ সালের নভেম্বর মাসে বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য বিডি ফাইন্যান্স-এর শতকরা ৯৯.৯৩ ভাগ মালিকানার গঠিত হয় বিডি ফাইন্যান্স ক্যাপিটাল হোল্ডিংস লিমিটেড, যা ২০১২ সালের ফেব্রুয়ারি মাসে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের অনুমোদন লাভ করে। কোম্পানিটি ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষের আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৩.৭ শতাংশ ও ২.৯ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ২৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৯০০২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৭০৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১১৯ শতাংশ। মূলতঃ আকর্ষণীয় সুদহার প্রদানের ফলে একদিকে আমানত স্থিতির যেমন বৃদ্ধি ঘটেছে অন্যদিকে নতুন পণ্য ও সেবা চালু এবং প্রতিযোগিতামূলক সুদ হারের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৩ শতাংশ। ২০১৪ সালে আর্থিক প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৭১.৩ শতাংশ হ্রাস পেয়ে ৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৭৪৪৬ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৫৬.০ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২০.৭ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৪১৭৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ রাজনৈতিক অস্থিরতা এবং মূলধনী শিল্প স্থাপনে উদ্যোক্তাদের অনীহার কারণে শিল্প ঋণের বিতরণ হ্রাস পেয়েছে।


বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৮০.৬ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ২০০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২.৭ শতাংশ। এছাড়াও মাঝারি খাতে বিতরণকৃত ঋণ ১৪২ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১.৯ শতাংশ এবং অন্যান্য খাতে বিতরণকৃত ঋণ ৬৬৭ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৮.৯ শতাংশ।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ৭.১ শতাংশ। এ খাতে ঋণ বিতরণ ২০১৪ সালে ৭৪৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ এসএমই খাতকে গুরুত্ব প্রদানের কারণে এসএমই খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ২.৩ শতাংশে দাঁড়িয়েছে।

অটোমেশন : ২০১৩ সালে প্রতিষ্ঠানটি FINTELLIGENT সফটওয়্যার দ্বারা পরিচালিত হতো এবং প্রতিষ্ঠানের কোন কেন্দ্রীয় তথ্য সংরক্ষণ ব্যবস্থা ছিল না তবে ২০১৪ সালে প্রতিষ্ঠানটিতে নতুনভাবে গুয়েব সাইট এবং কেন্দ্রীয় ই-মেইল ব্যবস্থা চালু করা হয়েছে এবং আইসিটি পলিসি হালনাগাদ করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৪ জন নারী উদ্যোক্তাকে ৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, তবে প্রতিষ্ঠানটি ২০১৩ সালে এ খাতে কোন ঋণ প্রদান করেনি।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : কোর ব্যাংকিং সফটওয়্যার BANKULTIMUS বাস্তবায়ন করা, Cost of Fund কমাতে ব্যাংক ক্রেডিট লাইন এর উপর নির্ভরতা কমিয়ে আমানত সংগ্রহের উপর জোর দেওয়া, শাখার সংখ্যা বৃদ্ধির মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলে ঋণ বিতরণ বৃদ্ধি করা, এসএমই, নারী উন্নয়ন ও কৃষি খাতে অগ্রাধিকার প্রদান করা ও সঞ্চয় বৃদ্ধির লক্ষ্যে আকর্ষণীয় জমা প্রকল্প চালুকরণ ইত্যাদি পরিকল্পনা প্রতিষ্ঠানটির রয়েছে।



ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানি লিমিটেড

www.iidfc.com

শিল্প ও অবকাঠামো খাতে বেসরকারি বিনিয়োগ বৃদ্ধি ও অর্থায়ন করার লক্ষ্যে প্রতিষ্ঠিত ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানি লিমিটেড (আইআইডিএফসি) ২০০০ সালের ১৯ ডিসেম্বর তারিখে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয় এবং ২০০১ সালের ২৩ জানুয়ারি তারিখে অর্থায়ন ব্যবসা পরিচালনার জন্য শাইসেন্সপ্রাপ্ত হয়।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার/অংশ অর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৯ শতাংশ ও ২.৭ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ২৬.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭০৮৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপর দিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৭.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৯৯৯১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানতের ১৪১ শতাংশ। মূলতঃ প্রতিষ্ঠানের আমানত তিনটি শক্তিশালীকরণের লক্ষ্যে নমনীয় ও বাজার বান্ধব হারে আমানত গ্রহণ করার কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে এবং বৃহৎ ও মাঝারী আকারের শিল্প প্রতিষ্ঠান ও অবকাঠামোগত প্রকল্পে এবং ছোট ছোট লাভজনক ব্যবসা প্রতিষ্ঠানে দীর্ঘ ও স্বল্পমেয়াদী ঋণ/লীজ সুবিধা প্রদানের কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদ হার ব্যবধান ছিল ৩.৩ শতাংশ। আইআইডিএফসি'র অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৪০.৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৩৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক হাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩৯৫৮ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৮১.৫ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৪৬.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩২২৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ২৩.৮ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণের পরিমাণ ৭৬৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৭.৭ শতাংশ। এছাড়াও মার্চেন্ট ব্যাংকিং খাতে বিতরণকৃত ঋণ ১০৪ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১.১ শতাংশ এবং বিনুৎ, গ্যাস, পানি ও স্যানিটারি, ট্রান্সপোর্ট ও কমিউনিকেশন ও আইটি খাতে বিতরণকৃত ঋণ ১৬৬৩ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৬.৭ শতাংশ।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ১২.৯ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ ১৮.৮ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ৪৯১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ রাজনৈতিক অস্থিরতা এবং বিনিয়োগ বৃদ্ধি বৃদ্ধি পাওয়ার উক্ত সালে এ খাতে ঋণ বিতরণ হ্রাস পেয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ২.৬ শতাংশ। ২০১৩ সালে প্রতিষ্ঠানটি কোন কৃষি ঋণ বিতরণ করেনি এবং ২০১৪ সালে প্রতিষ্ঠানটির ঋণ বিতরণের পরিমাণ ছিল ১০২ মিলিয়ন টাকা। মূলতঃ কৃষি খাতকে অগ্রাধিকার প্রদান করায় কৃষি ঋণের বিতরণ বৃদ্ধি পেয়েছে।


ছিন ব্যাংকিং : প্রতিষ্ঠানটি ২০১৩ সালে ২০ মিলিয়ন টাকা ছিন ব্যাংকিং কার্যক্রমে ঋণ বিতরণ করলেও ২০১৪ সালে এ খাতে বিনিয়োগে আগ্রহী কোন উদ্যোক্তা আবেদন না করায় উক্ত সালে কোন ঋণ বিতরণ করা হয়নি।

সিএসআর : প্রতিষ্ঠানটি ২০১৪ সালে মুজিবোজ্জা জাদুঘর তৈরিতে অংশগ্রহণ বাবদ বাংলাদেশ লীজিং এন্ড ফাইন্যান্স কোম্পানিজ এসোসিয়েশন এর মাধ্যমে ০.৫ মিলিয়ন টাকা প্রদান করে যা ২০১৩ সালে রানা প্লাজায় আহতদের সাহায্যার্থে মোট ০.৭ মিলিয়ন টাকার তুলনায় শতকরা ২৩.১ ভাগ কম।

অটোমেশন : বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন অনুযায়ী প্রতিষ্ঠানটি অটোমেশন কার্যক্রমের আওতায় ডাটাবেজ সার্ভার, অ্যাপ্লিকেশন সার্ভার এবং নেটওয়ার্কিং (LAN/WAN) সুবিধার মাধ্যমে প্রধান কার্যালয় এবং তার চতুর্থমহল শাখার প্রতিটি ডোমেইন ব্যবহারকারীর জন্য একই নেটওয়ার্কিং সুবিধা এবং অনলাইন ইন্টিগ্রেটেড এস কিউ এল, ডট নেট প্রযুক্তিগত সফটওয়্যার সুবিধা প্রদান করেছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ০৪ জন নারী উদ্যোক্তাকে ৩৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ০২ জন নারী উদ্যোক্তার বিপরীতে ছিল ৬ মিলিয়ন টাকা।

অবিদ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রতিষ্ঠানটি লিজ ফাইন্যান্সিং-এর আওতায় শিল্প ও অবকাঠামোগত উন্নয়নসহ নতুন শাখা উদ্বোধন এবং ব্যবসাবান্ধব নতুন স্কীম চালুর মাধ্যমে সেবার পরিধি ও মান উন্নয়নসহ উন্নত তথ্যপ্রযুক্তির ব্যবহারের মাধ্যমে ঋণের ঋণিক কমিয়ে আনা, বকেয়া ঋণ আদায়ের লক্ষ্যে মনিটরিং টিমকে জোরদারকরণ এবং সিএসআর কার্যক্রমের ক্ষেত্র ও পরিধি বৃদ্ধিকরণের পরিকল্পনা গ্রহণ করেছে।



ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড

www.ifilbd.com

২৭ ফেব্রুয়ারি ২০০১ সালে ১০০ কোটি টাকা অনুমোদিত মূলধন নিয়ে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (আইএফআইএল)-এর আত্মপ্রকাশ ঘটে এবং ১২ এপ্রিল ২০০১ সালে বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্সপ্রাপ্ত হয় এবং আর্থিক প্রতিষ্ঠান হিসেবে এর কার্যক্রম শুরু করে। এটি বাংলাদেশের শরীয়াহুভিত্তিক প্রথম আর্থিক প্রতিষ্ঠান এবং এর যাবতীয় কার্যক্রম ইসলামী শরীহা'র ভিত্তিতে পরিচালিত হয়ে থাকে। প্রতিষ্ঠানটি ২০০৫ সাল হতে টাকা ও চিটাগাং উভয় স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত হয়ে কার্যক্রম পরিচালনা করছে।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৯ শতাংশ ও ১.৬ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ৩৮.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৫৬৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২২.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৬০৭৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৩৩.১ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৬ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অভিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১৮.২ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৩০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক ঋাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৬৭৭ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৫৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৫৩.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৫৮১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ শিল্প খাতে বিনিয়োগ চাহিদা বৃদ্ধির কারণে শিল্প ঋণের বিতরণ বৃদ্ধি পেয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৩৪.৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও গুজেনসহ) বিতরণকৃত ঋণ ২২৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৮.৫ শতাংশ। এছাড়াও ফার্মাসিউটিক্যালস খাতে বিতরণকৃত ঋণ ৭৬ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২.৮ শতাংশ এবং পেপার, সিমেন্ট ও অন্যান্য খাতে বিতরণকৃত ঋণ ৬২৬ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২৩.৪ শতাংশ।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে এসএমই খাতের অবদান ২৪.৬ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ ৬০.৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৬৫৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ শিল্প খাতকে গুরুত্ব দেয়ার কারণে এসএমই খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার মাত্র ০.০৬ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১০০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ কৃষি ঋণকে অগ্রাধিকার প্রদানের কারণে কৃষি ঋণের বিতরণ বৃদ্ধি পেয়েছে।

সিএসআর : সামাজিক দায়বদ্ধতার (সিএসআর) আওতার প্রতিষ্ঠানটির নিজস্ব তহবিল ও 'আইএফআইএল ফাউন্ডেশন'-এর মাধ্যমে দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে শিক্ষাবৃত্তি প্রদান, ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম, যেমন-হতদরিদ্র জনগণের মাঝে সেলাই মেসিন, শীতবস্ত্র বিতরণের মাধ্যমে এ দায়িত্ব পরিপালন করছে।

অটোমেশন : 'একটি ডেস্ক, একটি কম্পিউটার' এই শ্লোগানকে সামনে রেখে প্রতিষ্ঠানের সকল কর্মকর্তার জন্য কম্পিউটার ব্যবহার নিশ্চিত করা হয়েছে। প্রধান কার্যালয় এবং প্রতিটি শাখা অফিসের দক্ষ ও প্রশিক্ষণপ্রাপ্ত আইটি কর্মকর্তাদের সমন্বয়ে একটি আইটি টিম গঠন করা হয়েছে। ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেডের ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনার জন্য একটি সফটওয়্যার রয়েছে। সম্প্রতি প্রতিষ্ঠানের তথ্যসমৃদ্ধ ডাইনামিক ওয়েবপোর্টালের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া, বাংলাদেশ ব্যাংকের সিআইবি ডাটাবেজে নিজস্ব সফটওয়্যারের মাধ্যমে সিআইবি তথ্য প্রেরণ করছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ১০ জন নারী উদ্যোক্তাকে ৫৮ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৮ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৩৫ মিলিয়ন টাকার তুলনায় ৬৯ শতাংশ বেশী।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রতিষ্ঠানটি ব্যবসায়িক অবস্থা উন্নয়নের লক্ষ্যে নতুন শাখা স্থাপন, কস্ট অব ফান্ড কমিয়ে আনা, কর্পোরেট গ্রাহকদের সাথে আরো বেশী ব্যবসায়িক সম্পর্ক স্থাপন ও সম্ভাবনাময় শিল্প প্রতিষ্ঠানগুলোতে বেশী বিনিয়োগ, শ্রেণীকৃত ঋণ কমিয়ে আনা ইত্যাদি পরিকল্পনা গ্রহণ করেছে।



ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড

www.fibid.com

ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (এফএফআইএল) ২১ জুন ২০০১ সালে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে কোম্পানি আইন, ১৯৯৪-এর অধীনে প্রতিষ্ঠিত হয়। কোম্পানিটি ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশন আইন, ১৯৯৩-এর অধীনে কার্যক্রম পরিচালনার জন্য ২০০১ সালের ৩ জুলাই লাইসেন্সপ্রাপ্ত হয়। প্রতিষ্ঠানটি ২০১৩ সালের ১৭ সেপ্টেম্বর তারিখে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এ তালিকাভুক্ত হয়।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ৩ শতাংশ ও ২.৭ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ৮.০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭৩৭২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৭.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০০১৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৩৫.৯ শতাংশ। মূলতঃ ব্যাংক এবং সঞ্চয়পত্রের তুলনায় সুদের হার বেশী হওয়ায় আমানত স্থিতি বৃদ্ধি পেয়েছে এবং ২০১৪ সালে প্রতিষ্ঠানটি এর কৌশলগত অবস্থান পরিবর্তন করার কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪ শতাংশ ছিল। ২০১৪ সালে কোম্পানিটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৪.১ শতাংশ হ্রাস পেয়ে ৯৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩৪৫৭ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৬৪.৮ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ২৯.৭ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ২২৪০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ নতুন অন্যান্য ঋতসমূহে ঋণ বিতরণ বেশী হওয়ার কারণে শিল্প ঋণ বিতরণ হ্রাস ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৪৬.৩ শতাংশ। বৃহৎ শিল্পের আওতার তৈরী পোষাক শিল্পে (নিত ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৯০০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২৬ শতাংশ।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ৭.৯ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এ ঋতে ঋণ বিতরণ ৯৩.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৭২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ স্কাবনাময় খাত হওয়ার কারণে এসএমই ঋতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে জোলা ঋণ বিতরণের অংশ মাত্র ০.৫৮ শতাংশে দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার ১৩.৭ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৪৭৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ কৃষিখাতে আদায়ের পরিমাণ সন্তোষজনক হওয়ার কারণে কৃষি ঋণ বিতরণের বৃদ্ধি ঘটেছে।

খিন ব্যাংকিং : ২০১৩ সালে এ ঋতে কোন ঋণ বিতরণ না থাকলেও ২০১৪ সালে ১৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে।

সিএসআর : সিএসআর কার্যক্রমের আওতায় প্রতিষ্ঠানটি ২০১৩ সালে ১ মিলিয়ন টাকা ও ২০১৪ সালে ২ মিলিয়ন টাকা বিতরণ করেছে। প্রতিষ্ঠানটি সামাজিক দায়বদ্ধতা সংক্রান্ত কার্যক্রম গ্রহণের মাধ্যমে সমাজের দুঃস্থ, গরীব ও অসহায় মানুষের পাশে থেকে সাহায্য সহযোগিতা করেছে।

অটোমেশন : ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড বাংলাদেশ ব্যাংকের আইসিটি সিকিউরিটি নির্দেশিকা অনুযায়ী অভ্যন্তরীণ ও বাহ্যিক নিরাপত্তার বিষয়গুলো বিবেচনা করে একটি নিরাপদ আইসিটি অবকাঠামো তৈরী করেছে। প্রতিষ্ঠানটির ডাটা সেন্টার নেটওয়ার্কের মত সমস্ত আইসিটি উপকরণ পাসওয়ার্ড সুরক্ষিত। প্রতিষ্ঠানটি এর অফিস সার্বক্ষণিক ডিজিটাল নজরদারি এবং এ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম দ্বারা সুরক্ষিত। যেকোন দুর্ঘটনে দৈনন্দিন কার্যক্রম সম্বলিত রাখার জন্য প্রতিষ্ঠানটি এর আইসিটি অবকাঠামোতে একটি দুর্ঘটনা পুনরুদ্ধার সাইট কার্যকর আছে।

নারী উদ্যোক্তা : ২০১৩ সালে ০২ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৩৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়। কিন্তু ২০১৪ সালে কোনো নারী উদ্যোক্তাকেই ঋণ বিতরণ করা হয়নি।

তবিষয় উন্নয়ন পরিকল্পনা : প্রতিষ্ঠানটির তবিষয় কর্ম-পরিকল্পনা হল ফাইন্যান্স সেটরে বৃহৎ আকারে অর্থায়ন ও গ্রাহকদের সর্বোচ্চ সেবা নিশ্চিত করা এবং শাখা স্থাপনের মাধ্যমে তার ব্যবসায়িক কার্যক্রম আরো সম্প্রসারণসহ উন্নত সফটওয়্যার ব্যবহার করা।



এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড

www.fasbd.com/ffil

এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ১৯৯৭ সালের ৪ মার্চ একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি হিসেবে কার্যক্রম শুরু করে। ১৯৯৮ সালের ২২ জানুয়ারি প্রতিষ্ঠানটি পরিপূর্ণ মার্চেন্ট ব্যাংক হিসেবে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন থেকে লাইসেন্সপ্রাপ্ত হয়। এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড ২০০১ সালের ১৭ সেপ্টেম্বর অ-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ ব্যাংক থেকে ১৯৯৩ সালের আর্থিক প্রতিষ্ঠান আইনের আওতায় লাইসেন্সপ্রাপ্ত হয়। একই আইনের আওতায় ২০০১ সালের ৩০ আগস্ট কোম্পানিটি পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হয়। এফএএস ২০০৭ সালের ৩১ জুলাই বিএসইসি থেকে অ-ইপিও-র অনুমোদনক্রমে ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেয়ার আর্থিক প্রতিষ্ঠান বাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.২ শতাংশ ও ১.৬ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত ২০১৩ সালের তুলনায় ১৩৯.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৯৯৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৬৭.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫৮৪৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানতের ১৯৪.৯০ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৬ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তরলতা ২৭.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৯৯ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২১২২ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণ এর অংশ ৯.৫ শতাংশ। শিল্প ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৪৪.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২০১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ মাঠ পর্যায়ের বিপণন কার্যক্রম জোরদারের কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট শিল্প ঋণের মধ্যে এসএমই এর অবদান ২০.৭ শতাংশ। ২০১৩ সালের তুলনায় ২৬.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৯৮১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী মাঠ পর্যায়ের এ ঋণের উপর বিশেষ গুরুত্বারোপ করায় এসএমই খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে জোজা ঋণের অংশ মোট ঋণের ৮.৫ শতাংশে দাঁড়িয়েছে।


কৃষি ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির মোট ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার মাত্র ০.৪ শতাংশ। কৃষি ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১০০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭.৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ বাংলাদেশ ব্যাংকের নির্দেশনামুযায়ী কৃষি খাতকে অগ্রাধিকার প্রদানের ফলে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

হীন ব্যাংকিং : হীন ব্যাংকিং কার্যক্রমের আওতায় প্রতিষ্ঠানটির ২০১৩ সালে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ৫ মিলিয়ন টাকা। ২০১৪ সাল শেষে উক্ত খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৭ মিলিয়ন টাকা। ২০১৩ সালের তুলনায় এ খাতে বিতরণকৃত ঋণ বৃদ্ধি পায় ২ মিলিয়ন টাকা, যা গত বছরের তুলনায় ৪০ শতাংশ বেশী।

সিএসআর : ২০১৩ সালে প্রতিষ্ঠান কর্তৃক প্রধানমন্ত্রীর ত্রাণ ভান্ডারে রানা প্রাজায় ক্ষতিগ্রস্তদের জন্য ০.১ মিলিয়ন টাকা প্রদান করা হয়েছিল। ২০১৪ সালে শীতাত্তরদের মাঝে কম্বল বিতরণ বাবদ ০.৩ মিলিয়ন টাকা ব্যয় করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ০৩ জন নারী উদ্যোক্তাকে ১.১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ০৩ জন নারী উদ্যোক্তার বিপরীতে বিতরণকৃত ৪.২ মিলিয়ন টাকার তুলনায় ৭৪ শতাংশ কম।

অবিবাহিত্তিক পরিচরনা : এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড অবিবাহিত্তিক ব্যবসার প্রবৃদ্ধি ও স্থিতিশীলতা ধরে রাখার লক্ষ্যে নিজস্ব ব্যবসায়িক কৌশলে সর্বাধিক গুরুত্ব প্রদানযোগ্য খাতসমূহ হলঃ বাংলাদেশ ব্যাংক যোজিত উৎপাদনশীল শিল্প/এসএমই খাত, মধ্যবিত্ত জনগোষ্ঠীর উপযোগী আবাসন খাত, মহিলা উদ্যোক্তাদের গৃহীত প্রকল্প, সম্ভাবনাময় ও লাভজনক প্রকল্পে লিজ ফাইন্যান্সিং, মার্চেন্ট ব্যাংকের কার্যক্রম পরিচালনা এবং দেশের বিভাগীয় ও জেলা শহরে মার্চেন্ট ব্যাংকের কার্যক্রম গুরুত্ব সিদ্ধান্ত গ্রহণ। এছাড়াও কোম্পানি বিভিন্ন ধরনের আর্থিক কর্মকাণ্ড, যেমন- ডেনচার ক্যাপিটাল ফাইন্যান্সিং, লোন/লিজ সিডিকেশন, ওয়ার্ক অর্ডার ফাইন্যান্সিং, ক্যাটরিং সেবা ইত্যাদিতে অংশগ্রহণের পরিচরনা গ্রহণ করেছে।



প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড

www.premierleasing.com.bd

কোম্পানি আইন ১৯৯৪ এর আওতায় ও আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর অধীনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদনপ্রাপ্ত হয়ে ২০০২ সালের ৪ ফেব্রুয়ারি ৪০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন ও ৫১ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড (পিএলএফএল) প্রতিষ্ঠা লাভ করে। দেশের শিল্পোন্নয়ন ও উৎপাদনশীল খাতকে সহায়তা প্রদানের লক্ষ্যে ২০০২ সালের ২৫ মে প্রতিষ্ঠানটির প্রাথমিক কার্যক্রম শুরু হয়।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষের আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ২.৪ শতাংশ ও ২.০ শতাংশ। প্রতিষ্ঠানটির আমানত ২০১৩ সালের তুলনায় ১২.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫৯৩৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম এর পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৮.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭৪২৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানতের ১২৫.২ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ২ শতাংশ। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্য ৪৬ শতাংশ হ্রাস পেয়ে ৩৬৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ৩৩৯২ মিলিয়ন টাকার মধ্যে শিল্প ঋণের অংশ ৮০.১ শতাংশ। শিল্প ঋণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৯০.৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৭১৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলত ঃ প্রতিষ্ঠানের বর্তমান বিনিয়োগ প্রসার নীতিমালার কারণে শিল্প ঋণের বিতরণ বৃদ্ধি পেয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৪৪.৭ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৩৫০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১০.৩ শতাংশ। এছাড়াও সিমেন্ট শিল্প খাতে বিতরণকৃত ঋণ ৮৫০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২৫.১ শতাংশ এবং লৌহ এবং লৌহজাত শিল্প খাতে বিতরণকৃত ঋণ ১২৫০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৩৬.৯ শতাংশ।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ৬.২ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ ৪৬.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২১০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ এ খাতকে অগ্রাধিকার প্রদান করায় উক্ত খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।


ছিন ব্যাংকিং : ছিন ব্যাংকিং কার্যক্রমের আওতায় প্রতিষ্ঠানটির ২০১৪ সালে বিতরণকৃত ঋণের পরিমাণ ১০ মিলিয়ন টাকা।

সিএসআর : ২০১৩ সালে প্রতিষ্ঠানটি দুঃস্থ ও শীতাত্তর দরিদ্র মানুষের মাঝে ০.৩ লক্ষ টাকার শীতবস্ত্র (৭০০ কঞ্চল) এবং ২০১৪ সালে ৩.৪৪ লক্ষ টাকার শীতবস্ত্র (৮০০ কঞ্চল) বিতরণ করেছে। এছাড়া ২০১৩ সালে বানা গ্লাজার দুর্ঘটনার সহায়তার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর দ্রাণ তহবিলে ও ২০১৪ সালে মুক্তিবুদ্ধ বাদুঘর নির্মাণ তহবিলে দান করেছে মোট ১ মিলিয়ন টাকা।

অটোমেশন : প্রতিষ্ঠানটি এর হেড অফিস ও শাখা অফিসসমূহকে নিজ নিজ নেটওয়ার্কিং এর আওতায় এনেছে। এছাড়া হেড অফিসের সকল কম্পিউটারগুলোকে একটি সার্ভারের আওতায় এনে গ্রাহককে উন্নত ও দ্রুততার সাথে সেবা প্রদান করেছে। প্রতিষ্ঠানটি এর নিজস্ব ওয়েব সাইট ও মেল-সার্ভার তৈরী করেছে। প্রতিষ্ঠানটি এর টেলিকোন/পিএবিএক্স সিস্টেমকে কম্পিউটারাইজড করেছে যা কলকরণ/ গ্রহণের উপর নজরদারী করতে সাহায্য করেছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৯ জন নারী উদ্যোক্তাকে ১৭ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৫ জন নারী উদ্যোক্তার বিপরীতে ছিল ১০.১ মিলিয়ন টাকার তুলনায় ৬৮.৭ শতাংশ বেশী।

অবিদ্যায় পরিকল্পনা : সম্প্রতি প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড প্রযুক্তি পরিকল্পনার আওতায় "অকিস অটোমেশন প্রজেক্ট" নামে একটি কার্যক্রম ইতোমধ্যে শুরু করেছে। প্রতিষ্ঠানটির ২০১৫ সালের প্রাক্কলিত বিনিয়োগ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১০০০০ মিলিয়ন টাকা। যথাসম্ভব রুঁকিমুক্ত ঋণসমূহ চিহ্নিত করার মাধ্যমে সম্ভাবনাময় খাত এবং ব্যক্তি পর্যায়ে সম্ভাব্য গ্রাহক নির্বাচন বিশেষ করে বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত শিল্প বিনিয়োগ নীতিমালার আওতায় বিভিন্ন প্রতিষ্ঠিত ও সম্ভাবনাময় কোম্পানিকে বিএমআরই-এর জন্য বিনিয়োগ সহায়তা প্রদান এবং জাতীয় স্বার্থসংশ্লিষ্ট প্রকল্প এবং রপ্তানিমুখী ও আয়দানি বিকল্প শিল্পসমূহ ও প্রতিষ্ঠানকে ঋণ মঞ্জুরীতে অগ্রাধিকার প্রদান করার পরিকল্পনা প্রতিষ্ঠানটির রয়েছে।



ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড

www.nfl.com.bd

ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড (তদানীন্তন সেকফ এমপ্রুভমেন্ট ফাইন্যান্স লিমিটেড) ২০০১ সালের জুলাই মাসে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয় এবং ২০০২ সালের জুন মাসে "আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩" অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত হয়ে এপ্রিল ২০০৭ হতে আর্থিক প্রতিষ্ঠান হিসেবে এর আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে।

২০১৪ সালে প্রতিষ্ঠানটির আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির শেষের আর্থিক প্রতিষ্ঠান ঋণের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.৪ শতাংশ ও ১.৪ শতাংশ। ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড (এনএফএল)-এর আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ৭৫.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩৪৬১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫০.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৫১১২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১৪৭.৭ শতাংশ। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৪ শতাংশ। ২০১৪ সালে এনএফএল এর অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ৭৬.৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ৬০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৯২২ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৪৫.৯ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১৯.৬ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ১৩৪১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ শিল্পখাতে বিনিয়োগ চাহিদা বৃদ্ধির কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি ঘটেছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৩২.৫ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী শেবাক শিল্পে (নিট ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ১৫০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৫.১ শতাংশ। এছাড়াও ইস্পাত এবং পরিবহন খাতে বিতরণকৃত ঋণ যথাক্রমে ৪৫.৬ মিলিয়ন এবং ৩৬.৮ মিলিয়ন টাকা যা মোট বিতরণকৃত ঋণের যথাক্রমে ১৫.৬ শতাংশ এবং ১২.৭ শতাংশ।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই খাতের অবদান ২.৬ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ ৩৩.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২১৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং পরিচালনা পর্ষদের আগ্রহের কারণে এসএমই খাতে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে ভোক্তা ঋণ বিতরণের অংশ মোট বিতরণকৃত ঋণের ২.৮ শতাংশে দাঁড়িয়েছে।

সিএসআর : প্রতিষ্ঠানটি সামাজিক দায়বদ্ধতা পরিপালনের নিমিত্তে ২০১৩ সালে রানা প্রাজা দুর্ঘটনাকবলিত আহতদের সাহায্যার্থে প্রতিষ্ঠানটি প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে পাঁচ লক্ষ টাকা প্রদান করে। ২০১৪ সালে প্রতিষ্ঠানটি শীতাত্তর মানুষদের জন্য মোট ১০০০ কঞ্চল দান করেছে। এছাড়া প্রতিষ্ঠানটি অতিস্টিক শিশুদের কল্যাণ এবং বিনোদনের জন্য উপহার সামগ্রীসহ আর্থিক অনুদান ব্যবদ মোট ০.২ মিলিয়ন টাকা প্রদান করেছে।

অটোমেশন : ২০১৩ সালে প্রতিষ্ঠানটির ৮টি কম্পিউটার ও ১টি সার্ভার ছিল যা ২০১৪ সালে বেড়ে ২৫টি কম্পিউটার ও ৩টি সার্ভারে উন্নীত হয়। এছাড়া ২০১৪ সালে অটোমেশন কার্যক্রমের আওতায় ২টি এ্যাটেডেল মেশিন, ১টি ওয়াইফাই প্রজেক্টর এবং ২টি এলসেস পয়েন্ট সংযুক্ত করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৬ জন নারী উদ্যোক্তাকে ২৬ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : ২০১৪ ও এর পরবর্তী বছরগুলোতে শাখার সংখ্যা বৃদ্ধিসহ নতুন ধরনের কিম্ব অস্ত্রভুক্তির মাধ্যমে প্রতিষ্ঠানটির ব্যবসা সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে। তাছাড়া মুনাফভিত্তিক ব্যবসায় বিনিয়োগের পরিকল্পনা রয়েছে। অধিকতর প্রতিষ্ঠানটির সাধারণ ঋণের পাশাপাশি মীন কার্যক্রম এ অধিকতর গুরুত্ব আরোপ ও সেবার মান বৃদ্ধির পরিকল্পনা রয়েছে।



হজ্জ ফাইন্যান্স কোম্পানি লিমিটেড

www.hajjfinance.net

হজ্জ ফাইন্যান্স কোম্পানি লিমিটেড (এইচএফসিএল) একটি শরীয়াহভিত্তিক আর্থিক প্রতিষ্ঠান হিসেবে ২০০৬ সালের সেপ্টেম্বর মাসে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন নিয়ে যাত্রা শুরু করে। প্রতিষ্ঠানটি ঢাকা আহছানিয়া মিশন এবং মালয়েশিয়ার হৌথ মালিকানার প্রতিষ্ঠিত হয়, যার মূল উদ্দেশ্য হলো হজ্জপ্রত পালনে ইচ্ছুক ব্যক্তিদের সঞ্চিত অর্থ বিভিন্ন শরীয়াহভিত্তিক অর্থনৈতিক কর্মকাণ্ডে বিনিয়োগ করা এবং অর্জিত মুনাফার একটি অংশ মুঠ হজ্জ ব্যবস্থাপনা ও বাস্তবায়নে ব্যয় করা।

২০১৪ সালে আমানত স্থিতি এবং ঋণ ও অগ্রিম স্থিতির অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট আমানত এবং ঋণ ও অগ্রিম স্থিতির যথাক্রমে ১.২ শতাংশ ও ১ শতাংশ। আমানত স্থিতি ২০১৩ সালের তুলনায় ৭০.৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ২৯১২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৬৬.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৩৭৫২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট আমানত স্থিতির ১২৮.৯ শতাংশ। মূলতঃ আমানতের মুনাফার হার পরিবর্তনের কারণে আমানত স্থিতির বৃদ্ধি ঘটেছে এবং পরিবেশিত মূলধন প্রায় বিসপ হওয়ার একক বিনিয়োগ সীমাও ছিগণ হয়েছে, যার ফলে বিদ্যমান তাল বিনিয়োগ গ্রাহককে প্রদত্ত ঋণ সুবিধা বৃদ্ধির কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে আমানত এবং ঋণ ও অগ্রিমের গড় সুদহার ব্যবধান ৫ শতাংশ। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২২৫৬ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ৭৬ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ১২৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১৭১৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ একক বিনিয়োগে উৎসাহ বৃদ্ধি এবং নতুন গ্রাহক সৃষ্টির কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

বৃহৎ শিল্প : ২০১৪ সালে মোট বিতরণকৃত শিল্প ঋণের মধ্যে বৃহৎ শিল্পের অবদান ৬৯.৯ শতাংশ। বৃহৎ শিল্পের আওতায় তৈরী পোষাক শিল্পে (নিত ও ওভেনসহ) বিতরণকৃত ঋণ ৪৯৮ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ২২ শতাংশ। এছাড়াও ব্যবসা বাণিজ্য খাতে বিতরণকৃত ঋণ ১০৬ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ৪.৭ শতাংশ এবং ইলেকট্রনিক খাতে বিতরণকৃত ঋণ ৩০০ মিলিয়ন টাকা, যা মোট বিতরণকৃত ঋণের ১৩.৩ শতাংশ।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ৩.২ শতাংশ। ২০১৩ সালের তুলনায় এ খাতে ঋণ বিতরণ ৩০৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৭১.৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে ব্যাংকের মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেয়ার মাত্র ১.০ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৩৪.৩ শতাংশ হ্রাস পেয়ে ২০১৪ সালে ২৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ ঢাকার বাহিরে প্রতিষ্ঠানটির কোন শাখা না থাকায় কৃষি ঋণের বিতরণ হ্রাস পেয়েছে।

গ্রিন ব্যাংকিং : প্রতিষ্ঠানটির সরাসরি কোন গ্রিন ব্যাংকিং অর্থায়ন নাই, তবে শিল্প ঋণ বিতরণের ক্ষেত্রে পরিবেশগত ঝুঁকি বিবেচনা করে অর্থায়ন করায় ২০১৪ সালে এই খাতে অর্থায়ন করা হয়েছে মোট ১৩৫৪ মিলিয়ন টাকা।

মোবাইল ব্যাংকিং : ২০১৩ সালে অক্টোবর মাসে প্রতিষ্ঠানটি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আমানত গ্রহীতাদের নিকট হতে আমানত গ্রহণ করেছে এবং ২০১৪ সালে আমানত গ্রহণের পাশাপাশি মেয়াদপূর্তিতে আমানত কেবল কার্যক্রম চালু করেছে।

সিএসআর : ২০১৩ ও ২০১৪ সালে প্রতিষ্ঠানটির সিএসআর কার্যক্রমে ব্যয়ের পরিমাণ যথাক্রমে ১.১ এবং ২.৩ মিলিয়ন টাকা।

অটোমেশন : অটোমেশন কার্যক্রমের আওতায় ওয়েব বেজ ব্যাংকিং সফটওয়্যার, ই-মেইল, ওয়েব সাইটসহ অটোমেশন কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে লিনাক্স অপারেটিং সিস্টেম, ওরাকল ১১জি সফটওয়্যারের ডাটাবেজ ব্যবহৃত হচ্ছে। এই প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ কর্তৃক ব্যবহৃত প্রতিটি কম্পিউটার/ল্যাপটপ ল্যান-এর মাধ্যমে সংযুক্ত। প্রতিটি শাখা ডাটা কানেকটিভিটি-এর মাধ্যমে প্রধান কার্যালয়ের সাথে সংযুক্ত এবং ব্যাংকিং সফটওয়্যারটি কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : হজ্জ ফাইন্যান্স কোম্পানি লিঃ ভবিষ্যতে নিয়মিত সঞ্চয়ের মাধ্যমে সেবা মূলক হজ্জ ব্যবস্থাপনায় বাংলাদেশী মুসলিমদের পবিত্র হজ্জ পালনে সাহায্য ও শরীয়াহভিত্তিক উন্নততর আর্থিক পণ্য ও সেবা প্রদানের পরিকল্পনা গ্রহণ করেছে।



অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানি লিমিটেড

www.agranisme.org

অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানি লিমিটেড অগ্রণী ব্যাংক লিমিটেড-এর শতভাগ মালিকানাধীন ২০১০ সালের ২৭ অক্টোবর একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে জয়েন্ট স্টক কোম্পানিজ্ এন্ড কর্পোরেশন হতে নিবন্ধিত হয়। ২০১১ সালের ৩১ জানুয়ারি বাংলাদেশ ব্যাংক-এর নিকট থেকে আর্থিক প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম পরিচালনার নিমিত্তে লাইসেন্সপ্রাপ্ত হয়।

প্রতিষ্ঠানটি গ্রাহক অথবা অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে কোন প্রকার আয়ানত গ্রহণ করে না। ২০১৪ সালে প্রতিষ্ঠানের ঋণ ও অগ্রিম স্থিতির শেষের আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট অগ্রিম স্থিতির ০.১ শতাংশ। ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৮.৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ৪৭৫ মিলিয়ন টাকার দাঁড়িয়েছে। মূলতঃ শাখার সংখ্যা বৃদ্ধির কারণে ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অতিরিক্ত তারল্যের স্থিতি ২০১৩ সালের তুলনায় ১০০ শতাংশ হ্রাস পেয়ে ০.০৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রতিষ্ঠানটির ঋণ ও অগ্রিমের স্থিতির অর্থনৈতিক স্বাভাবিক অবদান চার্ট-এ দেখানো হলো।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্পঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির বিতরণকৃত মোট ঋণ ও অগ্রিম ২৪১ মিলিয়ন টাকার মধ্যে শিল্পঋণের অংশ ১৩.১ শতাংশ। শিল্প ঋণ বিতরণের পরিমাণ ২০১৪ সালে ৩২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ বিনিয়োগ উৎসাহ বৃদ্ধি এবং নতুন গ্রাহক সৃষ্টির কারণে শিল্প ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

এসএমই ঋণ : ২০১৪ সালে মোট বিতরণকৃত ঋণের মধ্যে এসএমই-এর অবদান ১৫.৮ শতাংশ। ২০১৪ সালে এ খাতে ঋণ বিতরণের পরিমাণ ৩৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ এ খাতে ঋণের চাহিদা বৃদ্ধির কারণে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

কৃষি ঋণ : ২০১৪ সালে প্রতিষ্ঠানটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিম এর মধ্যে কৃষি ঋণের শেষের ৪৪.৮ শতাংশ। কৃষি ঋণ বিতরণের পরিমাণ ২০১৩ সালের তুলনায় ৫.৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে ১০৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মূলতঃ এ খাতে গুরুত্বারোপের ফলে কৃষি ঋণের বিতরণ বৃদ্ধি পেয়েছে।

সিএসআর : ২০১৩ সালে প্রতিষ্ঠানটির কোন সিএসআর কার্যক্রম ছিল না তবে ২০১৪ সালে এ কার্যক্রমের আওতায় ১.৫ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।

অটোমেশন : প্রতিষ্ঠানটি Loan Monitoring সংক্রান্ত সকল রিপোর্ট এর কাজ কম্পিউটারাইজড ও অটোমেটেড করার জন্য প্রধান কার্যালয়সহ ৪৫টি শাখায় ২০১৩ সালে Integrated Loan Monitoring System Database Software (ILMSD) ব্যবহারের উদ্যোগ গ্রহণ করে এবং ২০১৪ সালে পরীক্ষামূলকভাবে সফটওয়্যারটির কার্যক্রম চালু করা হয়েছে।

নারী উদ্যোক্তা : ২০১৪ সালে ৪০১ জন নারী উদ্যোক্তাকে ২১.১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে, যা ২০১৩ সালে ৪২০ জন নারী উদ্যোক্তার বিপরীতে ৩৫.৩ মিলিয়ন টাকার তুলনায় ৪০.২ শতাংশ কম।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : প্রতিষ্ঠানটির নিজস্ব রিসার্চ সেল গঠন করার পরিকল্পনা রয়েছে যা এসএমই ইন্সটিটিউট সংক্রান্ত গবেষণা তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে Journal আকারে প্রকাশ করবে। বর্তমানে প্রধান কার্যালয় এবং দুইটি আঞ্চলিক কার্যালয় হতে Women Entrepreneur Development Unit এর কার্যক্রম সমন্বয় সাধন করা হয় এবং নির্ধারিত শাখার মাধ্যমে নারী উদ্যোক্তার জন্য বিশেষ পরামর্শ ও সেবা কেন্দ্র স্থাপনের পরিকল্পনা প্রতিষ্ঠানটির রয়েছে।



বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড

www.biffil.org.bd

বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড (বিআইএফএফএল) কোম্পানি আইন, ১৯৯৪-এর অধীনে অবকাঠামো প্রকল্পে দীর্ঘমেয়াদি বিনিয়োগের লক্ষ্যে নিবন্ধিত হয়। আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩-এর আওতায় ২০১১ সালের ২১ মার্চ নিবন্ধিত এ প্রতিষ্ঠানটি একটি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে অর্থায়ন ব্যবসা পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২০১১ সালের ১৬ অক্টোবর লাইসেন্সপ্রাপ্ত হয়। বিআইএফএফএল-এর মূল লক্ষ্য হচ্ছে বড় ও ঋণ সুবিধা এবং মূলধনী (ইকুইটি) অংশীদারিত্বের মাধ্যমে পিপিপি প্রকল্পের জন্য দীর্ঘমেয়াদি অর্থায়ন।

বিআইএফএফএল কোন রূপ আমানত গ্রহণ করে না। ২০১৪ সালে প্রতিষ্ঠানটির অগ্রিম স্থিতির অংশ আর্থিক প্রতিষ্ঠান খাতের মোট স্থিতির মাত্র ০.৩ শতাংশ। 'সিনহা এনার্জি পাওয়ার লিমিটেড'-কে ২০১৪ সালে ১০০০ মিলিয়ন টাকার ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে এর মূল কার্যক্রম শুরু হয়।

উল্লেখযোগ্য কার্যক্রম

শিল্প ঋণ : নতুন প্রতিষ্ঠান হিসেবে বিআইএফএফএল শুধুমাত্র অবকাঠামোর সাথে সম্পৃক্ত প্রকল্প সমূহে বিনিয়োগ ও ঋণ প্রদান করে থাকে। এটি অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে ২০১৪ সালে বিদ্যুৎ খাতে মোট ১০০০ মিলিয়ন টাকার প্রথম ঋণ অনুমোদন ও প্রদান করেছে।

শ্রেণীকৃত ঋণ : ২০১৪ সাল পর্যন্ত বিআইএফএফএল-এর কোন ঋণ শ্রেণীকৃত হয়নি।

সিএসআর : ১৮ সেপ্টেম্বর, ২০১৪ সালে প্রথম সিএসআর কার্যক্রম এর আওতায় বিআইএফএফএল মুক্তিযুদ্ধ জাদুঘর বিনির্মাণ প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে ৫ লক্ষ টাকা অনুদান প্রদান করেছে।

অটোমেশন : ২০১৪ সালে প্রতিষ্ঠানটি এর সকল কর্মকর্তাগণের ব্যবহৃত কম্পিউটারসমূহ একটি সমন্বিত নেটওয়ার্কের আওতায় এনেছে। কোম্পানির সামগ্রিক এ্যাকাউন্টিং কার্যক্রম পরিচালনার জন্য Tally Software চালু করা হয়েছে। এছাড়া প্রতিষ্ঠানটি বাংলাদেশ ব্যাংকের সাথে যাবতীয় Online Reporting কার্যক্রম পরিচালনা শুরু করেছে।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী গত ১৫ই এপ্রিল ২০১৪ তারিখে প্রতিষ্ঠানটিতে ৩ সদস্যবিশিষ্ট একটি নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। শুদ্ধাচার কৌশল ও এর প্রয়োজনীয়তার বিষয়ে প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রাথমিক ধারণা প্রদানসহ সচেতনতা বৃদ্ধি ও এ বিষয়ে উদ্যোগী হওয়ার জন্য নিয়মিতভাবে সভার আয়োজন করেছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা : বিআইএফএফএল কর্তৃক গৃহীত ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসমূহ হলঃ দীর্ঘমেয়াদী ঋণ প্রদানের মাধ্যমে দেশের অবকাঠামো (বিদ্যুৎ, অর্থনৈতিক অঞ্চল, রাস্তা, ফ্লাইওভার, বন্দর, পর্যটন) উন্নয়নে একটি সফল আর্থিক প্রতিষ্ঠান হিসাবে পরিচিতি লাভ করা, বিভিন্ন বিকল্প উৎস (দেশী, বিদেশী) হতে অর্থ সংগ্রহ করে দীর্ঘমেয়াদী ঋণ প্রকল্প বাস্তবায়ন, Core Banking Software স্থাপন ও চালুকরণ এবং সামাজিক দায়বদ্ধতা (CSR) বিষয়ক বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা।


ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)

www.icb.gov.bd

দেশের অর্থনৈতিক নীতিমালা পরিবর্তনের প্রেক্ষাপটে দেশের দ্রুত শিল্পায়ন এবং সুসংহত পুঁজিবাজার, বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নের লক্ষ্যে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১৯৭৬ সালের ১ অক্টোবর তারিখে “দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অধ্যাদেশ, ১৯৭৬” বলে প্রতিষ্ঠিত হয়। উক্ত অধ্যাদেশ রহিত করে বর্তমানে “ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪” অনুযায়ী কর্পোরেশন পরিচালিত হচ্ছে।

উল্লেখযোগ্য কার্যক্রম

পুঁজিবাজার উন্নয়ন ও স্থিতিশীলতার লক্ষ্যে মার্কেট মেকিং ভূমিকা হিসেবে লেনদেনে সক্রিয় অংশগ্রহণ, ক্ষতিগ্রস্ত বিনিয়োগকারীদের জন্য প্রপোনদা স্কিম প্রণয়ন, পুঁজিবাজারের বিভিন্ন কঠামোগত উন্নয়ন, নীতিমালা প্রণয়ন, অভিজ্ঞতা বিনিময়, পরামর্শ প্রদানসহ বিভিন্ন ইনস্ট্রুমেন্ট চালুর মাধ্যমে বাজারকে উজ্জীবিত রাখতে আইসিবির কার্যকর ভূমিকা পালন করছে। পুঁজিবাজারে স্বচ্ছতা ও জবাবদিহিতার স্বার্থে অমনিবাস হিসাবের পরিবর্তে স্বতন্ত্র বেনিফিচিয়ারি ওনার্স (বিও) হিসাব খোলা, ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তার লক্ষ্যে বিশেষ তহবিল গঠন ইত্যাদির মাধ্যমে আইসিবির বাজার সহায়ক ভূমিকা পালন করে থাকে। প্রেসমেন্ট ও ইকুইটি পার্টিসিপেশন, সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার ত্রয়,



স্টক মার্কেট অপারেশন, ব্যাংক গ্যারান্টি প্রদান, যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ, বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান, বিদ্যমান বিনিয়োগ হিসাব, ইউনিট ফান্ড ও মিউচুয়াল ফান্ডসমূহ ব্যবস্থাপনা, ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়ন, সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ, সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যক্রম (মার্কেট ব্যাংকিং, মিউচুয়াল ফান্ড অপারেশনস, রোকারেজসহ অন্যান্য কার্যক্রম) তত্ত্বাবধান, ট্রাস্টি ও হেফাজতকারীর দায়িত্ব পালন, উদ্যোক্তা হিসেবে নতুন নতুন মিউচুয়াল ফান্ড বাজারজাতকরণ, ইকুইটি অ্যান্ড এন্ট্রাপ্রেনারশিপ ফান্ড (ইইএফ) ব্যবস্থাপনা, বিভিন্ন বে-মেয়াদি মিউচুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান, বাজার চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে নতুন ব্যবসার উদ্ভাবন এবং পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম অর্থায়ন/পরিচালনা এ প্রতিষ্ঠানের প্রধান কাজ। আইসিবির ঋণ ও অগ্রিমের অর্থনৈতিক খাতভিত্তিক অবদান চার্ট- এ দেখানো হলো।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন: জাতীয় শুদ্ধাচার কৌশল পরিপালন তথা দুর্নীতিমুক্ত সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি এবং আইসিবিকে একটি দক্ষ অনুকরণীয় প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যা পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হচ্ছে।

তথ্যপ্রযুক্তিগত অগ্রগতি: আধুনিক তথ্য প্রযুক্তির সাথে সামঞ্জস্য রেখে কর্পোরেশনের কাজের দক্ষতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে দৈনন্দিন কার্যাবলীতে ডিজিটাল পদ্ধতি ব্যবহারের জন্য কর্পোরেশনের প্রায় সকল কার্যক্রম ও গ্রাহক সেবা ডিজিটাল পদ্ধতিতে সম্পাদন করা হচ্ছে।

সামাজিক দায়বদ্ধতা: কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি (সিএসআর) হিসেবে আইসিবির প্রতিবছর বিভিন্ন আর্থিক সহায়তা ও অনুদান প্রদানসহ নানা কর্মসূচী গ্রহণ করে থাকে যার মধ্যে লাখে লাখে সোনার বাংলা আয়োজনে আর্থিক সহায়তা অন্যতম।

গবেষণা ও সুনির্দিষ্ট ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা:

- পুঁজিবাজারের স্থিতিশীলতা রক্ষা ও উন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব প্রদান;
- ৫ বছর মেয়াদী আইসিবি পরিকল্পনার আওতায় তথ্যপ্রযুক্তির উন্নয়ন ও প্রসার এবং প্রতিকূল পরিস্থিতিতে সংগৃহীত তথ্যাদি অক্ষয় রাখা, নিরবিচ্ছিন্ন গ্রাহক সেবা প্রদান এবং হালনাগাদ তথ্যাদি সংরক্ষণের লক্ষ্যে যশোরে ডিসাস্টারএস (Disaster Recovery Site) স্থাপন কার্যক্রম গ্রহণ;
- ছোট ও মধ্যম আকারের কোম্পানির জন্য একটি বিকল্প বাজার গঠনের উদ্যোগ গ্রহণ;
- নন-পরফর্মিং অ্যাসেট/ওটিসিকে পুনর্গঠন/পুনর্বাসনের লক্ষ্যে অ্যাসেট রিকন্সট্রাকশন কোম্পানি এবং হুকিপূর্ণ কিন্তু সম্ভাবনাময় সহনশীল প্রকল্পে অর্থায়নের লক্ষ্যে ভেঞ্চার ক্যাপিটাল কোম্পানি গঠনের পরিকল্পনা;
- একটি আধুনিক গবেষণা/টেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠা;
- প্রবাসী বাংলাদেশীদের বিনিয়োগ ক্ষেত্র সম্প্রসারণ ও বিনিয়োগ উৎসাহিত করার লক্ষ্যে প্রবাসী বাংলাদেশী শিল্প ফান্ড গঠনের উদ্যোগ গ্রহণ;
- পুঁজিবাজার উন্নয়ন ও স্থিতিশীলতার জন্য বন্ধ বাজার উন্নয়ন ও বিনিয়োগ এবং মার্কেট মেকিং ফান্ড গঠন।

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন

www.bhbfc.gov.bd

গৃহায়ণ খাতে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ১৯৫২ সালে হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন প্রতিষ্ঠা লাভ করে। এরফলে দীর্ঘ মেয়াদী ঋণ প্রদানের মাধ্যমে আবাসিক বাড়ি নির্মাণের জন্য বিশেষায়িত প্রাতিষ্ঠানিক সুযোগ সৃষ্টি হয়। স্বাধীনতা লাভের পর ১৯৭৩ সালে, 'দি বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন অর্ডার, ১৯৭৩' বা 'রফি়পতির আদেশ নম্বর-৭' এর মাধ্যমে হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) পুনর্গঠিত হয়।

২০১২-২০১৩ অর্থবছরে কর্পোরেশনের ঋণ ও অগ্রিমের পরিমাণ ছিল ২৮০১৩ মিলিয়ন টাকা। উক্ত ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০১২-২০১৩ সালের তুলনায় ৬.২৪ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৩-২০১৪ সালে ২৯৭৬০ মিলিয়ন টাকায় দাড়িয়েছে।

উল্লেখযোগ্য কার্যক্রম

সিএনআর : সামাজিক দায়বদ্ধতার আওতায় Corporate Social Responsibility (CSR) কাজ গঠন করা হয়েছে। উক্ত খাত হতে ইতোমধ্যে সাক্ষরের রানা প্রাঞ্জল ট্রাস্টেডিতে ক্ষতিগ্রস্ত মানুষের সাহায্যের জন্য মাননীয় "প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল"-এ ২.৫০ মিলিয়ন টাকা প্রদান করা হয়েছে। ২০১৩-২০১৪ অর্থবছরে বিভিন্ন জেলা/উপজেলায় গরীব দুঃখী শীতাত্তরের ২,৫০০ (দুই হাজার পাঁচশত) কক্ষ বিতরণের জন্য ০.৫০ মিলিয়ন টাকা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, ২০১২-২০১৩ অর্থবছর হতে মার্চ ২০১৫ পর্যন্ত ৬.১০ মিলিয়ন টাকা এ খাতে বিতরণ করা হয়েছে।

আটোমেশন : বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন থেকে ঋণ নিতে আশ্রয়ীণ খাতে Online এ ঋণের জন্য আবেদন করতে পারেন সেজন্য Website-এ নতুন Module সংযোজন করা হয়েছে। কর্পোরেশনের Website-কে আধুনিকায়ন করা হয়েছে। Website-এ "সিটিজেন চার্টার"সহ বিগত ৫ বছরের তথ্যাবলী আপলোড করা হয়েছে এবং প্রতিনিয়ত আপডেট করা হচ্ছে।

কর্পোরেশনের সকল বিভাগ এবং আঞ্চলিক অফিসমূহকে ইন্টারনেট কানেক্টিভিটির আওতায় আনা হয়েছে। ফলে ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করা এবং তথ্য আদান প্রদান করা সম্ভব হচ্ছে।

ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা :

১) দেশের কৃষি জমি রক্ষার মাধ্যমে স্বাদ্য নিরাপত্তা ও গ্রামীণ মানুষের জীবনমান উন্নয়নে "বাংলাদেশের পল্লী আবাসনে আর্থিক ও কারিগরী সহায়তা" শীর্ষক ৩৭৩০ মিলিয়ন টাকার একটি প্রকল্প প্রস্তাব ২০১৪-২০১৫ অর্থবছরের এডিপি'তে বরাদ্দহীন অননুমোদিত নতুন প্রকল্প হিসেবে অন্তর্ভুক্ত হয়েছে। এর প্রেক্ষিতে একটি বিস্তারিত প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়, যা সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

২) এছাড়াও গ্রামীণ আবাসন খাতে ঋণ কার্যক্রম সম্প্রসারণের জন্য ৩০০০ মিলিয়ন টাকার পুনঃঅর্থায়নের একটি প্রস্তাব বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়েছে। প্রকল্প প্রস্তাবগুলো হতে পর্যাপ্ত তহবিল পাওয়া সাপেক্ষে বিনামূল্যে চাহিদার আলোকে কর্পোরেশন দেশব্যাপী ঋণ কার্যক্রম বৃদ্ধি করবে। বিশেষ করে গ্রামীণ এলাকার ক্রমবর্ধমান ঋণ প্রবাহ আরো জোরদার করা হবে। এক্ষেত্রে ভূমি সশ্রয়ী বহুল বাড়ি নির্মাণ উৎসাহিত করা হবে।

৩) কর্পোরেশনের জেনারেল হিসাব ব্যবস্থাপনাকে আধুনিকায়ন ও কম্পিউটারাইজড করা হবে। ঋণ হিসাবের কম্পিউটারাইজেশনের বিন্যাস ব্যবস্থা আরো গ্রাহক বান্ধব ও যুগোপযোগী করা হবে। সদর দফতরে পূর্ণাঙ্গ ডাটা-সেন্টার স্থাপন ও সকল ফিল্ড অফিসকে Wide Area Network এর আওতায় আনা হবে।

বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিগত পাঁচ বছরের অগ্রগতি

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

১. সরকারের রূপকল্প অনুযায়ী ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এর পঞ্চবার্ষিকী (২০১৪-২০১৮) ব্যবসায়িক পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে;
২. বিভিন্ন আইন ও বিধি প্রণয়ন/সংশোধন করা হয়েছে যার মধ্যে ক) ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ প্রণয়ন খ) ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-এর কর্মকর্তা/কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০১১ প্রণয়ন গ) ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৩ (তফসিল-১) সংশোধন ঘ) ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর কর্মকর্তা/কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০১১ সংশোধন এবং ঙ) আইসিবি সিকিউরিটি পলিসি অন্যতম;
৩. আইসিবি ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহ ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে ২০০৯-১০ হতে ২০১৩-১৪ অর্থবছর পর্যন্ত মোট ৬০১৭৩৬.১০ মিলিয়ন টাকা লেনদেন করেছে যা পূর্ববর্তী ৫ বছর (২০০৪-০৫ অর্থবছর হতে ২০০৮-০৯ অর্থবছর পর্যন্ত) মোট ১২৭৮৯৩.৫০ মিলিয়ন টাকা লেনদেনের তুলনায় ৪৭৩৮৪২.৬০ মিলিয়ন টাকা বা ৩৭০.৫০ শতাংশ বেশি। উল্লেখ্য ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-এপ্রিল পর্যন্ত মোট ৯২০৯৫.১০ মিলিয়ন টাকা (প্রতিশনাল) লেনদেন করেছে;
পিকেএসএফ কর্তৃক পৃথীত কার্যক্রমের ফলশ্রুতিতে বৃহত্তর রংপুর অঞ্চলে বিগত বছরসমূহে মঙ্গা দৃশ্যমানভাবে প্রশমিত হয়েছে। এ কার্যক্রমের ধারাবাহিকতায় পরবর্তীতে দেশের দক্ষিণাঞ্চলে SIDR ও আইলা দুর্গত এলাকায় সহায়-সম্বলহীন ক্ষতিগ্রস্ত অভিদরিদ্রদের জন্য কর্ম-সংস্থান সৃষ্টি এবং তাদের ঘর-বাড়ী, রাস্তা-ঘাট সংস্কার/মেরামত ও পুনঃনির্মাণের লক্ষ্যে পিকেএসএফ ‘সংযোগ’ কর্মসূচী সম্প্রসারণ করেছে। পিকেএসএফ নিজস্ব উদ্যোগে মঙ্গা-প্রবণ এলাকায় ভোক্তা-ঋণ, ‘দুর্যোগ ব্যবস্থাপনা ঋণ’ এর প্রচলন করেছে। মঙ্গা ও প্রাকৃতিক দুর্যোগ প্রবণ এলাকায় মানুষের তাৎক্ষনিক আয় অর্জনের লক্ষ্যে কাজের বিনিময়ে অর্থ, আয় বৃদ্ধিমূলক কর্মসূচিতে দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরী ও বৃত্তিমূলক প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা প্রদান, বিনা মূল্যে ঔষধ বিতরণ ও বিভিন্ন স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করা হয়েছে। পশু সম্পদের জন্য ভ্যাক্সিনেশন প্রদান করা হয়েছে। দুর্যোগে ক্ষতিগ্রস্ত এলাকায় বিকল্প কর্মসংস্থান সৃষ্টি করা হয়েছে, যার মাধ্যমে আঞ্চলিক অতিবাসন অনেকাংশে রোধ করা সম্ভব হয়েছে।

পিকেএসএফ উপকারভোগীদের উদ্ভাবনীমূলক কার্যক্রম (Innovative Activities) অর্থায়নের লক্ষ্যে Learning and Innovation Fund to Test New Ideas (LIFT) নামে একটি কর্মসূচী বাস্তবায়ন করেছে। এছাড়া এশিয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহযোগীতায় দরিদ্র জনগোষ্ঠীকে বীমা সুবিধা প্রদানের লক্ষ্যে “Developing Inclusive Insurance Sector Project” শিরোনামে একটি দিশারী প্রকল্প বাস্তবায়নের কাজ ২০১৪-১৫ অর্থ বছরে শেষ হয়েছে।

দেশে কৃষি খাতের উন্নয়ন ও কৃষিজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কুয়েত সরকারের আর্থিক সহায়তায় ২০১০-১১ অর্থ বছরে “Kuwait Goodwill Fund for Promotion of Food Securities of Islamic Countries” শিরোনামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে যার কার্যক্রম মার্চ পর্যায়ে বিদ্যমান রয়েছে। বৈশ্বিক জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলার জন্য BCCRF-এর অনুদান সহায়তায় “Community Climate

Change Project” শিরোনামে অপর একটি প্রকল্পের বাস্তবায়ন চলমান রয়েছে। সিসিসিপি প্রকল্পের আওতায় ৪১টি পিআইপি (Project Implementing Partner) এর মাধ্যমে মার্চ পর্যায়ের সর্বমোট ৪১টি উপ-প্রকল্প বাস্তবায়নের কাজ চলছে। বর্তমানে সংস্থাসমূহ মার্চ পর্যায়ের প্রধানত উপকারভোগীদের কারিগরী প্রশিক্ষণ (যেমন: গবাদি পশু পালন, গবাদি পশু-পাখির চিকিৎসা, কাঁকড়া পালন, প্রভৃতি), বসতভিটা উন্নয়ন, স্বাস্থ্যসেবা ও টেকসই টিউবওয়েল ও স্যাট্রিন স্থাপন, প্রদর্শনী খামার, চর এলাকায় মিষ্টি কুমড়া চাষ, উপকূলীয় অঞ্চলে বিপুল পানির জন্য পুকুর পুনঃখনন, খাল পুনঃখনন, বন্যা এলাকায় সংযোগ সড়ক উন্নয়ন/মেরামত, পরিবেশ বান্ধব উন্নত চুলা স্থাপন, আয় বর্ধনমূলক কর্মকান্ড যেমন উপকূলীয় অঞ্চলে কাঁকড়া মোটাজাকরণ, কেঁচো সার উৎপাদন, বসতবাড়িতে সবজি চাষ, অর্ধ-আবদ্ধ পদ্ধতিতে মুরগী পালন প্রভৃতি কর্মকান্ড বাস্তবায়ন করছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) নভেম্বর ২০১৩ সাল হতে “Food Security ২০১২ Bangladesh-Ujjibito” শীর্ষক প্রকল্পের Ultra Poor Programme (UPP)-Ujjibito কম্পোনেন্টটি ইউরোপীয়ান ইউনিয়নের অর্থায়নে বাস্তবায়ন করছে। এ প্রকল্পটি পিকেএসএফ যৌথভাবে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর সাথে বাস্তবায়ন করছে। এ প্রকল্পের মূল উদ্দেশ্য হল টেকসইভাবে বাংলাদেশে ক্ষুধা ও দারিদ্র্য হ্রাস করা। সুনির্দিষ্ট উদ্দেশ্য হল কর্মএলাকায় বসবাসরত প্রায় ৩,২৫,০০০টি নারী-প্রধান এবং অতিদরিদ্র অতিদরিদ্র খানাকে চরম দারিদ্র্য অবস্থা থেকে টেকসইভাবে প্রাথমিক করা। এ লক্ষ্য অর্জনে এ সকল খানার পুষ্টি নিরাপত্তা, খাদ্য-বহির্ভূত ক্রয় ক্ষমতা, সম্পদ তিষ্ঠি এবং সামাজিক মর্যাদা উন্নয়নে সহায়তা করা। ফাউন্ডেশনের ক্ষুদ্র উদ্যোগ ঋণ কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে IFAD-এর আর্থিক সহায়তায় Promoting Agricultural Commercialization and Enterprises (PACE) নামে একটি প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করা হয়েছে।

দরিদ্র জনগোষ্ঠীর সার্বিক দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ১টি ইউনিয়নে ১টি সহযোগী সংস্থার মাধ্যমে “দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)” শীর্ষক একটি কর্মসূচি পিকেএসএফ চালু করেছে। ‘সমৃদ্ধি’-র উদ্দেশ্য হচ্ছে দরিদ্রদের উৎপাদনশীল সম্পদ বৃদ্ধির লক্ষ্যে আর্থিক পরিষেবার পাশাপাশি জীবনমান উন্নয়নের জন্য স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা, চিকিৎসা, প্রশিক্ষণ এবং সম্পদে অভিগমন এবং জীবন ও জীবিকা সংশ্লিষ্ট অন্যান্য বিষয় নিয়ে ইউনিয়ন পর্যায়ে পরিবারভিত্তিক সমন্বিত উন্নয়ন সাধন করা। সমৃদ্ধি কর্মসূচির নির্বাচিত পরিবারসমূহে বন্ধু চুলা, সোলার হারিকেন, প্রভৃতি বিতরণ করা হচ্ছে এবং স্বাস্থ্যসেবা, শিক্ষা প্রদান; ঔষধি গাছের চাষাবাদ, যুব-কর্মসংস্থান, কমিউনিটিভিত্তিক উন্নয়ন কার্যক্রম, প্রভৃতি যথারীতি চলছে। ‘সমৃদ্ধি’ কর্মসূচির আওতায় অন্যান্য কার্যক্রম সমূহের মধ্যে রয়েছে বিশেষ সঞ্চয় কার্যক্রম, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, স্বাস্থ্য-ক্যাম্প পরিচালনা, যুব-মেলা আয়োজন, স্যানিটারী ল্যাট্রিন ও টিউবওয়েল স্থাপন, কৃষি উপকরণ বিতরণ, সামাজিক সমস্যা দূরীকরণে পদক্ষেপ গ্রহণ (যেমনঃ ভিক্ষুদের পূর্বাঙ্গন) ইত্যাদি। এ কর্মসূচিটি বর্তমানে ১৪৩টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে এবং এর মোট উপকারভোগীর সংখ্যা প্রায় ৪৩ লক্ষ জন।

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন

টেকসই গ্রামীণ প্রতিষ্ঠান গঠনের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে সহায়তা করার জন্যে সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) ২০০১ সালের ২৮ জুন প্রতিষ্ঠিত হয়। দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ার নিমিত্ত “সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি)” অর্জনে সরকারকে সহযোগিতা করাই এসডিএফ-এর প্রধান লক্ষ্য। সুবিধাবঞ্চিত দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠীর ক্ষমতায়ন, সক্ষমতা বৃদ্ধি এবং তাঁদের জীবন মান উন্নয়নের জন্য এসডিএফ কাজ করছে। গ্রাম পর্যায়ে সংগঠন গঠনের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে সরকারকে সহযোগিতা করাই এই প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য।

২.০ এসডিএফ কর্তৃক বাস্তবায়নাবধীন প্রকল্প :

সামাজিক বিনিয়োগ কর্মসূচি প্রকল্প (নতুন জীবন প্রকল্প “এসআইপিপি-২”) :

সমাজের সুবিধাবঞ্চিত ও অবহেলিত দরিদ্র, অতিদরিদ্র ও ঝুঁকিপূর্ণ পরিবারের জীবিকায়ন ও জীবনমান উন্নয়নের মাধ্যমে ক্ষমতায়ন এবং দুর্যোগ ও ঝুঁকি নিরসন এই প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রকল্পে মোট অর্থ বরাদ্দ ১১৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০১০-জুন ২০১৬। উল্লেখ্য যে প্রকল্পের কার্যক্রম জুলাই ২০১১ সালে শুরু হয় এবং সার্বিক অগ্রগতি সন্তোষজনক হওয়ায় প্রকল্পের কার্যক্রম জুন ২০১৫ এ শেষ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

উপকারভোগী : এসডিএফ-এর প্রত্যক্ষ উপকারভোগী খানার সংখ্যা প্রায় ৬ লক্ষ ৫২ হাজার এবং সর্বমোট প্রত্যক্ষ ও পরোক্ষ উপকারভোগী জনসংখ্যা প্রায় ৬০ লক্ষ।

৩.০ সামাজিক বিনিয়োগ কর্মসূচি (নতুন জীবন) প্রকল্পের বৈশিষ্ট্যসমূহ :

- দরিদ্র ও অতিদরিদ্র যুবদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান করা।
- ঝুঁকিপূর্ণদের এককালীন অনুদানের মাধ্যমে জীবনমান উন্নয়নে সহায়তা করা।
- দরিদ্র জনগোষ্ঠীর সিদ্ধান্ত অনুযায়ী নিয়মিত সঞ্চয় করে নিজেদের ব্যাংক হিসাবে জমা রাখা এবং প্রয়োজন অনুযায়ী নিজেদের মাঝে অভ্যন্তরীণ ঋণ কার্যক্রম পরিচালনা করা।
- প্রকল্প থেকে গৃহীত স্বাবলম্বী ঋণ ব্যবহারের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন করা এবং এই বাবদ প্রাপ্ত অনুদানের অর্থ নিজেদের মধ্যে আদান-প্রদানের মাধ্যমে ঘূর্ণায়মান তহবিল সৃষ্টি করা।
- গ্রামীণ সংগঠনকে স্থায়ী ও টেকসই করার জন্য দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠীর সমন্বয়ে ক্লাস্টার ও জেলা পর্যায়ে ফেডারেশন করা।
- গ্রামের অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীকে সংগঠিত করে সামাজিক সচেতনতা বৃদ্ধি করা।
- দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান ও আয় বৃদ্ধির সুযোগ সম্প্রসারণ করা।
- দরিদ্র জনগণের মানবিক বিকাশ নিশ্চিত করা।
- দরিদ্র জনগোষ্ঠীর জন্য সামাজিক নিরাপত্তা বেটনী সৃষ্টি করা যাতে করে তারা প্রতিকূল পরিস্থিতি মোকাবেলা করতে পারে।
- অংশগ্রহণভিত্তিক সূশাসনের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর ক্ষমতায়ন বৃদ্ধি এবং উন্নয়ন প্রক্রিয়ায় মহিলাদের সিদ্ধান্ত গ্রহণের সুযোগ সৃষ্টি করা।

৪.০ এসডিএফ কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাত্মক প্রকল্পসমূহের সংক্ষিপ্ত বিবরণ :

(মিলিয়ন মার্কিন ডলার)

প্রকল্পের নাম	মোট আর্থিক বরাদ্দ	প্রকৃত আর্থিক ব্যয়	% ব্যয়	মন্তব্য
সামাজিক বিনিয়োগ কর্মসূচি প্রকল্প (এসআইপিপি-১)	২৮.৭৫	২৭.৯৮	৯৭%	প্রকল্পটির কার্যক্রম ২০০৩ এ শুরু এবং জুন ২০১১ মাসে সম্পন্ন হয়।
পরীক্ষামূলক মজা নিরসন প্রোগ্রাম	০.৭০ (৫.০ কোটি টাকা)	০.৬৯ (প্রায় ৫.০ কোটি টাকা)	১০০%	প্রকল্পটির কার্যক্রম সরকারি আর্থিক সহায়তায় পরীক্ষামূলকভাবে আগস্ট ২০০৫ সালে শুরু ও ডিসেম্বর ২০০৫ সালে সম্পন্ন হয়।
২০০৭ সালের বন্যা পরবর্তী "বন্যা ও পুনর্বাসন প্রকল্প	২৫.৬৭	২৪.৯৪	৯৭%	প্রকল্প শুরু হয় ২০০৮ সালে ও সম্পন্ন হয় জুন ২০১১ সালে।
সিডর পুনর্বাসন প্রকল্প	১০.০০	৯.৩৮	৯৪%	কার্যক্রম শুরু হয় ২০০৮ সালে ও সম্পন্ন হয় জুন ২০১১ সালে।
জাপান সরকার কর্তৃক অনুদান যা "সিপ- ২" প্রকল্প প্রস্তুতকরণ ও বিভিন্ন জরিপ/ সমীক্ষা কাজ করার জন্য প্রদান করা হয়।	০.৪০	০.৪০	১০০%	প্রকল্প শুরু হয় ২০০৯ সালের মে মাসে এবং মেয়াদ শেষ হয় অক্টোবর ২০১০ সালে।
সামাজিক বিনিয়োগ কর্মসূচী প্রকল্প (নতুন জীবন প্রকল্প "সিপ-২")	১১৫.০	১১৪.৮০	১০০%	প্রকল্পের কার্যক্রম আনুষ্ঠানিকভাবে ৫ ডিসেম্বর ২০১০ সালে শুরু করার কথা থাকলেও বাস্তবে জুলাই ২০১১ থেকে শুরু হয় এবং জুন ২০১৬ সালে শেষ হবে।
সামাজিক বিনিয়োগ কর্মসূচী প্রকল্প (নতুন জীবন নাইভলিহুড ইমপ্রুভমেন্ট প্রকল্প "সিপ-৩"):	২২০.০	-	-	প্রকল্পের কার্যক্রম আনুষ্ঠানিকভাবে আগামী জুলাই ২০১৫ থেকে শুরু করার পরিকল্পনা রয়েছে।

৫.০ এসডিএফ কর্তৃক বাস্তবায়নধীন 'নতুন জীবন' প্রকল্পের কার্যক্রমের ক্রমপঞ্জীভূত অগ্রগতি :

কার্যক্রম	ক্রমপঞ্জীভূত অগ্রগতি				
	২০১১	২০১২	২০১৩	২০১৪	২০১৫ (এপ্রিল পর্যন্ত)
প্রকল্পের দিক-নির্দেশনা অনুযায়ী গ্রাম সংগঠনসমূহ সুসংগঠিত করা।	১,৪৩০টি গ্রামে	২,৩২৫টি গ্রামে	২,৮১৩টি গ্রামে	৩,২৬২টি গ্রামে	৩,২৬২টি গ্রামে
দরিদ্র, অতি-দরিদ্র ও ঝুঁকিপূর্ণ পরিবারসমূহের সামাজিক সচেতনতা বৃদ্ধি করা।	১,৮৮,৭৪৭ টি পরিবার	৩,১৭,৬৩৪ টি পরিবার	৪,৩৩,২২০ টি পরিবার	৫,৬২,৪৬০ টি পরিবার	৭১৭,০৯৪ টি পরিবার
হুঁকি নিরসন পরিকল্পনার আলোকে গ্রাম উন্নয়ন তহবিল গঠন ও জীবিকা উন্নয়নের জন্য বিনিয়োগ করা, বেকার যুবদের দক্ষতা উন্নয়ন, প্রশিক্ষণ ও কর্মসংস্থানের জন্য ঋণ প্রদান করা।	১,৫৪২ টি গ্রাম সমিতি	১,৭৩৪ টি গ্রাম সমিতি	২,৮১৩ টি গ্রাম সমিতি	৩,২৬২ টি গ্রাম সমিতি	৩,২৬২ টি গ্রাম সমিতি
দরিদ্র, অতিদরিদ্র ও ঝুঁকিপূর্ণ পরিবারসমূহকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করা।	২,২৬,৯২৮ টি পরিবার	৪,৮৯,৯৫২ টি পরিবার	৫,০৯,৭২০ টি পরিবার	৫,৩৮,৬৮২ টি পরিবার	৬১৮,২২৯ টি পরিবার
গ্রামের দরিদ্র, হতদরিদ্র ও ঝুঁকিপূর্ণ পরিবারকে সংগঠিত ও আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করা।	১,৭২,৪৬৪ জন নতুন জীবন সদস্য	২,১৫,০০০ জন নতুন জীবন সদস্য	২,৫৪,৪৮২ জন নতুন জীবন সদস্য	৩,৩৩,৩৭৪ জন নতুন জীবন সদস্য	৪৬০,৫৪০ জন নতুন জীবন সদস্য
দরিদ্র, অতিদরিদ্র ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সার্বিক অংশগ্রহণের ভিত্তিতে ভৌত ও অবকাঠামো উন্নয়নের জন্য বিভিন্ন উপ-প্রকল্প বাস্তবায়ন করা।	১,৩০৮ টি গ্রামে	১,৮৬১ টি গ্রামে	২,৭৭৬ টি গ্রামে	৩,২৩২ টি গ্রামে	৩,২৩২ টি গ্রামে সর্বমোট ৫৫০৫টি উপ-প্রকল্প
হুঁকি নিরসন পরিকল্পনার আলোকে স্বেচ্ছাশ্রমের মাধ্যমে রাস্তা-ঘাট, হাট-বাজার, কুল প্রভৃতি রক্ষণাবেক্ষণ করা।	১,১২৩ টি গ্রামে	১,৩৫২ টি গ্রামে	১,৬৮৮ টি গ্রামে	২,৬৮২ টি গ্রামে	২৮৩৬ টি গ্রামে
দুঃস্থ ও ঝুঁকিপূর্ণ পরিবারকে সংগঠিত করে আয়বর্ধক কর্মকাণ্ডের জন্য এককালীন অনুদান প্রদান করা (৫০০০/= পর্যন্ত) ও পরবর্তীতে আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।	১২,৪৬৪ জন জীবিকায়ন সদস্য	১৮,৩৩২ জন জীবিকায়ন সদস্য	২৫,৪৪৫ জন জীবিকায়ন সদস্য	৩৮,২০৫ জন জীবিকায়ন সদস্য	৪২,৫৩৮ জন জীবিকায়ন সদস্য
গ্রামের দরিদ্র ও অতিদরিদ্র পরিবারের বেকার যুবক-যুবতীদের সংগঠিত ও আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।	১০,৩৮৮ জন যুব সদস্য	১৯,৩৬০ জন যুব সদস্য	২৭,৫১৫ জন যুব সদস্য	৩৭,৩২২ জন যুব সদস্য	৪৭,৬৪০ জন যুব সদস্য

৬.০ প্রকল্পের পরিমাণত অগ্রগতির ফলাফল-২০১৪ -১৫ :

- এ বছরে ১৬টি জেলার ৫১টি উপজেলায় ৩২৬২টি গ্রামে মোট ১২,৮৩৩টি "নতুন জীবন" গ্রুপ গঠন করে ১৩৬,৭৩৫ জন সদস্যের (পরিবার) মাঝে স্বাবলম্বী ঋণ প্রদান ও তাদের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে।
- সুবিধাজোগীদের নিজস্ব সঞ্চয়ের মাধ্যমে গঠিত তহবিল থেকে মোট ১৫৩,০৫৫ জন সুবিধাজোগীকে (পরিবার) ১৯.০৮ কোটি টাকা অভ্যন্তরীণ ঋণ প্রদানের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে। এ পর্যন্ত মোট ২.৪৮ লক্ষ সুবিধাজোগীকে অভ্যন্তরীণ ঋণ প্রদান করে কর্মসংস্থান করা হয়েছে।

- মোট ৩.৭২ লক্ষ সুবিধাজোগী (পরিবার) সদস্যদের মধ্যে শতকরা ৯৪ জন নারী এবং শতকরা ৯২ জন নারী সদস্য বিভিন্ন সংগঠনের মূল পদে নিযুক্ত থেকে লিঙ্গান্তর গ্রহণ এবং বাস্তবায়ন করছে।
- অতিদরিদ্র ও দরিদ্র পরিবারে সঠিক ব্যবস্থাপনায় গ্রামীণ অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রায় ৪.৭৯ লক্ষ কর্ম দিবস সৃষ্টির মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে যার ফলে মোট ২.৫২ লক্ষ (ক্রমগুঞ্জিত কর্মসংস্থান প্রায় ৫৫.৫২ লক্ষ) দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠী সরাসরি উপকৃত হয়েছে।
- কমিউনিটি উপ-প্রকল্প (অবকাঠামো উন্নয়ন) বাস্তবায়ন কার্যক্রমের আওতায় এ বছর মোট ৫৩৪টি গ্রাম সমিতির অফিস ঘর নির্মাণ করা হয়েছে। এছাড়াও আরও ৪৫৫টি অফিস বিভিন্ন নির্মাণ প্রক্রিয়াধীন আছে। এইসব সমিতির অফিস বিভিন্নসমূহ বন্যা বা প্রাকৃতিক দুর্যোগের সময় আশ্রয়স্থল এবং বিভিন্ন ধরনের সামাজিক কার্যক্রম পরিচালনার জন্য ব্যবহৃত হয়। প্রতিবেদনকালে এ যাবতকাল প্রায় ২,৭৫০ কিলোমিটার কাঁচা রাস্তা, ৫,৫৭৪টি কালভার্ট, ৬,৬৭৯টি টিউবওয়েল, ৯১ টি স্কুল ঘর মেরামত ও ৩৪টি বাঁশের সাঁকো নির্মাণসহ মোট ৫,৬৩৫টি উপ-প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। মোট ব্যয়িত অর্থের পরিমাণ ২৪২.৩৬ কোটি টাকা। উল্লেখ্য, "নূতন জীবন" গ্রুপ সদস্যগণ তাদের শ্রম বিনিয়োগের মাধ্যমে ব্যয়িত অর্থের ৫ শতাংশ কমিউনিটি অনুদান হিসাবে প্রদান করে থাকেন। এ পর্যন্ত "নূতন জীবন" গ্রুপ সদস্যগণ গ্রামীণ উপ-প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে মোট ১৪.৭৬ কোটি টাকা কমিউনিটি অনুদান হিসাবে প্রদান করেছে।
- ৩২৬২টি গ্রামে নূতন জীবন দল, গ্রাম সমিতি ইত্যাদি গঠনের মাধ্যমে গ্রামীণ জনগণকে সংগঠিত করা হয়েছে।
- প্রতিবেদনকালে (২০১৪-১৫) মোট ১১৫টি গ্রামে সামাজিক বিনিয়োগ কর্মসূচির আওতায় প্রায় ১১৩.৫৩ কোটি টাকা (প্রাতিষ্ঠানিক উন্নয়ন, বেকার যুবদের দক্ষতা উন্নয়ন, ঝুঁকিপূর্ণদের কর্মসংস্থানের জন্য এককালীন অনুদান, কর্মসংস্থান সহায়তায় জীবিকা উন্নয়ন তহবিল ও অবকাঠামো উন্নয়ন কাজের জন্য) সরাসরি গ্রাম সমিতির ব্যাংকে অনুদান হিসাবে ছাড়করণের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন কাজ সম্পন্ন করা হচ্ছে। এ পর্যন্ত মোট ব্যয়িত অর্থের পরিমাণ ৯১০.১৮ কোটি টাকা। উল্লিখিত গ্রামসমূহে অংশগ্রহণমূলক চাহিদাভিত্তিক পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন আর্থসামাজিক উন্নয়ন কাজ সম্পন্ন করা হচ্ছে।
- আর্থসামাজিক উন্নয়ন কাজের অংশ হিসেবে এপর্যন্ত মোট ৪৬০,৫৪০টি দরিদ্র ও অতিদরিদ্র পরিবারের জীবনমান উন্নয়নের জন্য মোট ২৫৬.৮৩ কোটি টাকা গ্রাম সমিতি/জিসিও এর মাধ্যমে বিতরণ এবং দরিদ্র ও অতিদরিদ্র পরিবারের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে।
- প্রতিবেদনকালে মোট ৪২,৫৩৮ টি দুঃস্থ ও ঝুঁকিপূর্ণ পরিবারকে এককালীন অনুদান হিসেবে ১৩.২৪ কোটি টাকা প্রদান করা হয়েছে যার ফলে প্রায় ৩৮,৭১০ (৯১%) জন দুঃস্থ ও ঝুঁকিপূর্ণ পরিবার আয় বৃদ্ধিমূলক কাজ শুরু করেছে।
- ৪৯,৮৩৬ জন বেকার যুবদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তন্মধ্যে ৪৭,৬৪০ (৯৬%) জন বেকার যুব এর কর্মসংস্থান করা সম্ভব হয়েছে।
- গ্রামীণ অভ্যন্তরীণ সম্পদকে সঠিক ব্যবহারের উদ্যোগ হিসেবে প্রায় ৩,৮৪৪ জন দরিদ্র ও অতিদরিদ্র সদস্যকে বিভিন্ন বিষয়ে দক্ষ সহায়ক/প্রশিক্ষক হিসেবে (কমিউনিটি প্রফেশনাল) তৈরি এবং প্রকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

প্রকল্পের গুণগত প্রভাবসমূহ (প্রকল্পের মধ্যবর্তীকালীন মূল্যায়ণ প্রতিবেদন অনুযায়ী- বিআইডিএস ২০১৩) :

সর্বোপরি, প্রকল্প এলাকায় শতকরা ৩৬ ভাগ অতিদরিদ্র ও দরিদ্র পরিবারের আয় পূর্বের আয় থেকে শতকরা ৬১ ভাগ বৃদ্ধি পেয়েছে।

গ্রাম পর্যায়ে সামাজিক বিনিয়োগের ফলে নির্মিত অবকাঠামো উন্নয়নের ফলে এপর্যন্ত প্রায় ৯৭৫,৪০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে উপকৃত হয়েছে।

৭.০ প্রধান কর্মকর্তা নির্দেশক অনুযায়ী প্রকল্পের ক্রমপঞ্জিত অগ্রগতির ফলাফল :

ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	ক্রমপঞ্জিত অগ্রগতি				
			২০১১	২০১২	২০১৩	২০১৩-২০১৪	২০১৪-২০১৫ (সম্মিলিত ফলাফল)
১. প্রকল্পের দিক নির্দেশনা অনুযায়ী মোট গ্রামের ৭৫% গ্রাম সংগঠন সংগঠিত ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সহ কার্যকরী করা।	দরিদ্রদের সংগঠন তৈরি, উন্নয়ন, শক্তিশালী ও জবাবদিহিতা নিশ্চিত করা	%	১৪৩০ টি গ্রামে (৪৫%)	২৩২৫টি গ্রামে (৭১%)	২,৭০৭টি গ্রামে (৮৩%)	২,৮৭১টি গ্রামে (৮৮%)	২,৯৫৬টি গ্রামে (৯১%)
২. লক্ষ্যিত জনগোষ্ঠীর আয় প্রকল্প মেয়াদ শেষে বর্তমান অবস্থা থেকে কমপক্ষে ৫০% বৃদ্ধি করা (প্রকল্পের ৫০% লক্ষিত পরিবারের)।	বাস্তবায়নকারী সংস্থা এসডিএফ এবং এর অংশীদারী সংস্থাসমূহের বিভিন্ন পর্যায়ের সামর্থ্য বৃদ্ধি করা যাতে সঠিক সেবা প্রদান, বিভিন্ন সংস্থার সাথে সংযোগ স্থাপন এবং স্থানীয় সরকার ও অন্যান্য সরকারি-বেসরকারি সংস্থার সাথে একই ধরনের কর্মকাণ্ডে পারস্পরিক সহায়তা প্রদান করা যায়।	%	-	-	২৩%	৩৭%	৫৫%
৩. জনগোষ্ঠী কর্তৃক নির্মিত সামাজিক অবকাঠামো থেকে কমপক্ষে ৮০% লক্ষ্যিত জনগোষ্ঠী উপকার পাবে।	ঝুঁকি নিরসন পরিকল্পনার আলোকে গ্রামীণ সংগঠন, জীবিকা উন্নয়ন তহবিল কমিটিনিট অবকাঠামো খাতে বিনিয়োগ করা	সংখ্যা (%)	-	-	৫৬৬,৩২২ (৫৫%)	৮,৭৭,৫৬২ (৭৭%)	১০,৩৪,৬০০ (৯১%)

৮.০ ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনা :

সমাজে সুবিধাবঞ্চিত ও অবাহেলিত দরিদ্র ও ঝুঁকিপূর্ণ পরিবারের জীবিকায়ন ও জীবনমান উন্নয়নের মাধ্যমে ক্ষমতায়ন করা এবং দুর্ঘোষণা ও ঝুঁকি নিরসন করার উদ্দেশ্যে বাস্তবায়নধীন 'সিপ-২' -এর মাঠ পর্যায়ের অভিজ্ঞতার আলোকে পরবর্তী প্রকল্প 'সিপ-৩' -এর কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এসডিএফ ২০১৫-২০২১ পর্যন্ত তৃতীয় ধাপ 'নতুন জীবন লাইভলিহুড ইমপ্লিমেন্ট প্রজেক্ট (সিপ-৩)' দেশের ১৩টি জেলায় বাস্তবায়ন করবে। উক্ত প্রকল্পে বিশ্বব্যাংক ২০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা দিচ্ছে এবং এ ব্যাপারে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের মধ্যে গত ০৫ মে, ২০১৫ তে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এছাড়া বাংলাদেশ সরকার উক্ত প্রকল্পে ২০ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)

পরিকল্পিত নগর উন্নয়নে অর্থায়নের লক্ষ্যে ১৯৯৯ সালে বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) নামক কোম্পানি গঠিত হয়। মাঠ পর্যায়ে বিএমডিএফ-এর কার্যক্রম শুরু হয় ২০০৪ সালে। অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বিএমডিএফ-এর প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে দায়িত্ব পালন করে থাকে।

কার্যক্রমের বৈশিষ্ট্য

- ❖ যোগ্যতাসম্পন্ন সকল পৌরসভা এবং সিটি কর্পোরেশনের জন্য সমান সুযোগ নিশ্চিত করা;
- ❖ প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা;
- ❖ প্রকল্প বাস্তবায়ন, প্রবরণ এবং বাস্তবায়নে পৌরসভা এবং সিটি কর্পোরেশনের পূর্ণ স্বাধীনতা নিশ্চিত করা;
- ❖ প্রকল্প অর্থায়নে বাধ্যতামূলক অংশীদারিত্বের কারণে পৌরসভা এবং সিটি কর্পোরেশনের আর্থিক স্বাবলম্বিতা অর্জনের সুযোগ সৃষ্টি করা;
- ❖ নির্দিষ্ট সময়ে প্রকল্প বাস্তবায়ন, সম্পাদিত ভৌত কাজের গুণগত মান সমন্বিত রাখা এবং
- ❖ দক্ষ আর্থিক ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করা।

বিএমডিএফ-এর কর্মসূচি

বিএমডিএফ পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহের ১৩টি উন্নয়ন খাত যথা-সড়ক নির্মাণ, ড্রেনেজ নির্মাণ, অফিস ভবন, কমিউনিটি সেন্টার, বাস-ট্রাক টার্মিনাল, পাবলিক টয়লেট, কিচেন মার্কেট ও কসাইখানা নির্মাণসহ সড়ক বাতি স্থাপন ও বর্জ্য ব্যবস্থাপনার কাজ করে থাকে। ২০১৪ সালের ৩০ জুন পর্যন্ত বিএমডিএফ ১৫৪টি পৌরসভা এবং সিটি কর্পোরেশনে মোট ৫৯২টি উপ-প্রকল্প বাস্তবায়ন করেছে।

বিএমডিএফ-এর অর্জিত সাফল্য

বিএমডিএফ ২০১৪ সালের জুন পর্যন্ত ১৫৪টি পৌরসভা ও সিটি কর্পোরেশনে প্রায় ৮০০ কোটি টাকা ব্যয়ে ৫৯২টি উপ-প্রকল্প বাস্তবায়ন করেছে। এই পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহের প্রায় দুই কোটি নগরবাসী এই উন্নয়নের সুবিধা ভোগ করছে। এছাড়াও বিএমডিএফ পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহে আয়বর্ধক, হিসাব সংরক্ষণ, বাজেট প্রস্তুতকরণ, সম্পদ ব্যবস্থাপনা উন্নতকরণ, লোকবল নিয়োগ এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান ও অন্যান্য কর্মসূচি বাস্তবায়ন করেছে।

এক নজরে বিএমডিএফ-এর অর্থায়নে সম্পাদিত কাজের বিবরণ:

ক্রমিক নং	কাজের ধরণ	বাস্তবায়িত কাজের পরিমাণ	মন্তব্য
আয়বর্ধক নির্মাণ			
০১	পৌর কাঁচা বাজার	২১১ টি	৫৯ টি পৌরসভা
০২	বাস/ট্রাক টার্মিনাল	০৯ টি	৯ টি পৌরসভা
০৩	কমিউনিটি সেন্টার	১৩ টি	১৩ টি পৌরসভা
০৪	কসাইখানা	০৮ টি	৮ টি পৌরসভা
০৫	পৌর পাবলিক টয়লেট	৮৭ টি	৩৬ টি পৌরসভা
০৬	পানি সরবরাহ লাইন	১৭৩ টি	২৫ টি পৌরসভা
০৭	পল্লীর নলকূপ	৩৬ টি	১৬ টি পৌরসভা
০৮	ওয়ারটার ট্রিটমেন্ট প্ল্যান্ট	০২ টি	২ টি পৌরসভা
জনস্বার্থমূলক নির্মাণ			
০৯	রাস্তা/সড়ক উন্নয়ন	১,১২৮ কিমি	১৪১ টি পৌরসভা
১০	ড্রেন	২৬০ কিমি	১০৩টি পৌরসভা
১১	সড়ক বাতি	২৪,৯৬০ টি	২৪ টি পৌরসভা
১২	পৌর অফিস বিল্ডিং	০৮ টি	৮ টি পৌরসভা
১৩	বস্ত্র কাণ্ডভর্তি	৩২ টি	১৩ টি পৌরসভা
১৪	সৌর বিদ্যুৎচালিত এলইডি বাতি স্থাপন	১২২ সেট	ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

বিএমডিএফ-এর ঋণ আদায়ের অবস্থা

	আর্থিক বছর	মোট আদায়যোগ্য	মোট আদায়	আদায়ের হার
ক্রেডিট নং ৩১৭৭-বিডি এবং ৪৭৬১- বিডি	২০০৯-১০	৩০৮,৯২৩,৮০০.৪৯	১৪২,৩৪৯,৬৭৫.৪৯	৪৬%
	২০১০-১১	৩৮৯,৫০৫,৬৬২.২২	১৯৪,৭৯৮,৮৮৪.৪৯	৫০%
	২০১১-১২	৪৬৬,৬১১,৫১৭.২২	৩৬৭,৩০৫,৫৯৪.৪৯	৭৯%
	২০১২-১৩	৫৮৫,৪২৭,২৪০.৩৮	৪৬০,৬৮৪,৬৫৯.৪৯	৭৯%
	২০১৩-১৪	৭২৪,১৮৫,৮৮৫.০০	৬০৬,৪৮২,৭৯৩.০০	৮৪%



ভবিষ্যৎ কার্যক্রম :

- **এনডোমেন্ট ফান্ড :** বাংলাদেশ সরকার বিএমডিএফ-এর জন্য Endowment Fund হিসেবে ৬০ কোটি টাকা অনুমোদন করে ২০১৩ সালে এবং এর মধ্যে ২০১২-১৩ অর্থ বছরে প্রথম কিস্তি বাবদ প্রায় ১০.০০ কোটি টাকা ছাড় করে। Endowment Fund ব্যয়ের শর্তানুযায়ী একটি কর্ম-পরিকল্পনা প্রস্তুত এবং অর্থ বিভাগ থেকে অনুমোদন করা হয়েছে। ১০০% ঋণ সুবিধার আওতায় বিপণিকেন্দ্র, কমিউনিটি সেক্টর কাম অডিটোরিয়াম, পানি সরবরাহ ব্যবস্থা, শিশু পার্ক ইত্যাদি (সর্বোচ্চ আয়-বর্ধনমূলক) উপ-প্রকল্পে পৌরসভা/সিটি কর্পোরেশন পর্যায়ে বিনিয়োগ করা হবে। এ সকল উপ-প্রকল্প নির্বাচনের কাজ চলমান রয়েছে।
- **Municipal Governance and Services Project (MGSP):** ১০ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর মধ্যে ২৬৬.৬০ মিলিয়ন এসডিআর (SDR) সমপরিমাণ ৪১০.০০ মিলিয়ন মার্কিন ডলার-এর "MGSP" সংক্রান্ত একটি ঋণ-চুক্তি (IDA Cr. No. 5339-BD) স্বাক্ষরিত হয়। এই ঋণ সহায়তার মধ্যে ১০৫.৮০ মিলিয়ন এসডিআর (১৬২.৭৬ মিলিয়ন মার্কিন ডলার) বিএমডিএফ-এর জন্য বরাদ্দ করা হয়েছে। প্রকল্পের মেয়াদ ৬ বছর। এ প্রকল্পের মাধ্যমে বিএমডিএফ ১৬০-এর অধিক পৌরসভা/সিটি কর্পোরেশন-এর অবকাঠামো উন্নয়নে প্রায় ১,৩০০ কোটি টাকা অর্থায়ন করবে। ইতোমধ্যে ২৬টি পৌরসভায় প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করা হয়েছে, যা পর্যায়ক্রমে বাস্তবায়িত হবে।

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ)

ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সমৃদ্ধ বাংলাদেশ গঠন এবং আন্তর্জাতিকভাবে গৃহীত মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল অর্জন গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুখ্য উদ্দেশ্য। এ লক্ষ্য দেশের জাতীয় পর্যায়ে এবং প্রত্যন্ত অঞ্চলে আঞ্চলিক ও স্থানীয় পর্যায়ে কর্মরত বিপুল সংখ্যক এনজিওসমূহকে প্রয়োজনীয় তহবিল যোগান এবং কর্মকর্তা সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন প্রতিষ্ঠিত হয়েছে। বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন অলাভজনক (Not for Profit) প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম পরিচালনা করছে। ফাউন্ডেশন হতে অনুদান প্রাপ্ত এনজিওদেরকে সহযোগী সংস্থা হিসেবে গণ্য করে ফাউন্ডেশনের কার্যক্রম পরিচালিত হচ্ছে, ফলে তাদের স্বাধীনভাবে কাজ করার সুযোগ সৃষ্টি হয়েছে।

সরকারের রেগুলেশন অনুযায়ী বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন প্রতিষ্ঠালগ্ন হতে অনগ্রসর জনগোষ্ঠীর সামর্থ্য উন্নয়ন বিশেষ করে নারী, আদিবাসী জনগোষ্ঠীসহ বিভিন্ন পর্যায়ে প্রান্তিক ও অসহায় জনগোষ্ঠীকে সেবা সহায়তা কাঠামোর ভিত্তি সুদৃঢ় করে উন্নয়নের মূল শ্রোতে নিয়ে আসার জন্য বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। ফলে এ সকল ক্ষেত্রে ইতোমধ্যে দরিদ্র ও অবহেলিত মানুষের সচেতনতা ও উৎসাহ বৃদ্ধি পাওয়াসহ তাদের আর্থিক উপার্জনের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। তাছাড়াও প্রাকৃতিক দুর্যোগে আর্ত-মানবতার সেবায় ও প্রশিক্ষণ প্রদান সহ বিভিন্ন উদ্ভাবনীমূলক কাজেও ফাউন্ডেশন সম্পৃক্ত হয়েছে। এসব কার্যক্রমের আওতায় কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, স্যানিটেশন, সুপেয় পানি সরবরাহ, প্রতিবন্ধী উন্নয়ন ও পুনর্বাসন, নারীর ক্ষমতায়ন, বর্জ্য নিক্ষেপন ব্যবস্থাপনা, সৌরবিদ্যুৎ, জৈব সার উৎপাদন ও ব্যবহার, সেলাই ও হস্তশিল্প প্রশিক্ষণ ও উপজাতি সম্প্রদায়ের জীবনযাত্রার মান উন্নয়ন, মাদক, শিশু ও নারী পাচার প্রতিরোধ, জন্ম নিয়ন্ত্রণ, যৌতুক, বাল্য বিবাহ ও বহু বিবাহের কুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টি এবং আয় বৃদ্ধিমূলক কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এরূপ কার্যক্রমের আওতায় দরিদ্র ও হতদরিদ্র জনগোষ্ঠীকে গরু, ছাগল, হাঁস-মুরগী, মৎস্য, স্যানিটারী ল্যাট্রিন, টিউবওয়েল, সেলাইমেশিন, প্রতিবন্ধীদের সহায়ক উপকরণ, কম্পিউটার ও গাছের চারা ইত্যাদি আয়সৃজনীমূলক উপকরণাদি বিনামূল্যে বিতরণ করা হয়। বিএনএফ এবং এর সহযোগীদের সমন্বিত প্রচেষ্টায় দেশের দরিদ্র এবং অতি দরিদ্র জনগণের জীবনযাত্রার মানোন্নয়নে যথাযথ ভূমিকা রাখা সম্ভব হচ্ছে। পাশাপাশি সহযোগী এনজিওদের ২৪৫২ জন কর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ফাউন্ডেশনের আয়-বিধায়ক তহবিল ও তহবিল ব্যবস্থাপনা :

সরকারি অনুদানই বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের তহবিলের একমাত্র উৎস। সরকার ২০০৪-০৫ হতে ২০১৩-১৪ অর্থ বছর পর্যন্ত মোট ১৬২ কোটি টাকা প্রদান করেছে। তন্মধ্যে মোট ৮ ১৬০.৩০ কোটি টাকা ফাউন্ডেশনের আয়বিধায়ক তহবিল হিসেবে ব্যবহৃত হচ্ছে। অবশিষ্ট ৮ ১.৭০ কোটি টাকা ফাউন্ডেশনের প্রারম্ভিক ব্যয় হিসেবে ব্যবহৃত হয়েছে। সরকার কর্তৃক প্রদত্ত মূলধন পরিচালনা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে বিনিয়োগ করত প্রাপ্য মুনাফার ২৫% অর্থ আয় বিধায়ক তহবিলে (সরকার কর্তৃক প্রদত্ত অর্থ) জমা রাখা হয় এবং অবশিষ্ট ৭৫% অর্থের ৮০% সহযোগী এনজিওদের অনুদান প্রদান ও দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ এবং ২০% অর্থ ফাউন্ডেশনের প্রশাসনিক খাতে ব্যয় করা হয়। মার্চ ২০১৫ আয়বিধায়ক তহবিল ২১৭ কোটি টাকায় উন্নীত হয়েছে। তন্মধ্যে ফাউন্ডেশন ৫৬.৭২ কোটি টাকা অংশে যোগ করেছে।

অনুদান বিতরণ :


বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন কর্তৃক নভেম্বর ২০০৫ থেকে মার্চ ২০১৫ পর্যন্ত সর্বমোট ১০৭৫টি এনজিও এর মধ্যে দারিদ্র্য বিমোচনমূলক বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্য মোট ৮৯.৭০ কোটি টাকা অনুদান প্রদান করা হয়।



* মার্চ ২০১৫ পর্যন্ত।

মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল অর্জনে অগ্রগতি :

সহযোগী সংস্থাগুলোর কার্যক্রমের ফলে দেশের প্রায় ১৬.৩২ লক্ষ পরিবারের ২৮.৯৭ লক্ষ পুরুষ এবং ৫৩.১৮ লক্ষ মহিলা অর্থাৎ মোট ৮২.১৫ লক্ষ মানুষ প্রত্যক্ষভাবে উপকৃত হয়েছে। উপকারভোগীরা বিনামূল্যে গরু, ছাগল, হাঁস-মুরগী, সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন, কম্পিউটার, গাছের চারা, সবজি বীজ, চিকিৎসা, শিক্ষা উপকরণ, প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষা, স্যানিটারি ল্যাট্রিন, টিউবওয়েল, আর্সেনিকমুক্তকরণ ফিল্টার বিতরণ এবং এনজিও সমূহ প্রশিক্ষণ পেয়েছে ফলে তাদের জীবনযাত্রার মানদ্রোয়ন হয়েছে। এছাড়া সিডরে বিধিত ৭৩টি পরিবারের জন্য ৭৩টি পাকা ঘর নির্মাণ, ২২২টি পরিবারের মধ্যে গাভী, নৌকা ও মাছ ধরার জাল বিতরণ করায় ২৯৫টি পরিবারের জীবিকায়নের সুযোগ সৃষ্টি হয়েছে। ১১৮৬৮টি পরিবারের মধ্যে শীত বস্ত্র বিতরণ করায় তারা উপকৃত হয়েছে। এই ৮২.১৫ লক্ষ উপকারভোগীদের মধ্য থেকে প্রায় প্রায় ১.৩১ লক্ষ উপকারভোগী অতি দরিদ্র থেকে উত্তরণের সুযোগ সৃষ্টি হয়েছে। অবশিষ্ট পরিবারগুলোর জীবনযাত্রার মানে ব্যাপক পরিবর্তন সূচিত হয়েছে।



* ২৪ মার্চ ২০১৫ খ্রিঃ পর্যন্ত।

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অনুদানে ১০৪৭টি সহযোগী সংস্থা সমগ্র বাংলাদেশ ব্যাপী বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের ফলে দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে কিরূপ প্রভাব পড়ছে তা মূল্যায়নের জন্য বিসিএল এ্যাসোসিয়েটস লিঃ কে নিয়োগ করা হয়েছিল। বিসিএল এ্যাসোসিয়েটস লিঃ দেশের ৭টি বিভাগে গত ০১ আগস্ট ২০১১ হতে ৩০ নভেম্বর ২০১১ পর্যন্ত মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ সমাপ্ত করে প্রতিবেদনটি জমা দিয়েছে। বিসিএল এ্যাসোসিয়েটস লিঃ নামক সংস্থাকে সুপেয় পানি, স্যানিটেশন এবং আয়বর্জক কার্যক্রম বিষয়ে ইন্সপ্যাক্ট ইভালুয়েশন এর দায়িত্ব প্রদান করা হয়েছিল। প্রতিবেদন হতে প্রতীত হয যে, স্যানিটেশন ও সুপেয় পানি ব্যবস্থার মাধ্যমে ৯৭% উপকারভোগীদের জীবনযাত্রার মান উন্নত হয়েছে। তাছাড়া আয়বৃদ্ধিমূলক কাজের মাধ্যমেও উপকারভোগীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি ঘটেছে।

ফাউন্ডেশন কর্তৃক গৃহীত বিশেষ কার্যক্রমসমূহ

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন নিয়মিত কর্মসূচি ছাড়াও প্রাকৃতিক দুর্যোগ এবং বিভিন্ন সংকটে বিশেষ কার্যক্রম গ্রহণ করে থাকে। এ পর্যন্ত সিডরে বিধ্বস্ত ৭৩টি পরিবারের জন্য ৭৩টি পাকা ঘর নির্মাণ, ২২২টি পরিবারের মধ্যে গাভী, নৌকা ও মাহু ধরার জাল বিতরণ করায় ২৯৫টি পরিবারের জীবিকায়নের সুযোগ সৃষ্টি হয়েছে। ১১৮৬৮টি পরিবারের মধ্যে শীত বস্ত্র বিতরণ করার তারা উপকৃত হয়েছে। তাছাড়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহীত ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন দেশের প্রত্যন্ত অঞ্চলে মফস্বল শহরে ও উপজেলা পর্যায়ে ১৫টি গ্রামীণ তথ্য কেন্দ্র স্থাপন করা হয়েছে। স্ট্রবেরী চাষ কর্মসূচিতে ৫০০ জন কৃষককে প্রশিক্ষণ, চারা বিতরণ ও কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে। চরাঞ্চলে বন্যা পরবর্তী পুনর্বাসনের জন্য ওয়াটসান প্রকল্পে সহায়তা করা হয়েছে। বিএনএফ সংশ্লিষ্ট সহযোগী সংস্থার মাধ্যমে এসব কার্যক্রমে এ যাবৎ ২কোটি ৫ লক্ষ টাকা ব্যয় করেছে।

ଅଷ୍ଟମ ଅଧ୍ୟାୟ

ବିବିଧ

বাংলাদেশের আর্থ-সামাজিক নির্দেশকসমূহ

নির্দেশকসমূহ		৬	প্রমশক্তি (১৫+ বছর) ও কর্মসংস্থান (লেবর কোর্স সার্ভে, ২০১০)
১	ভৌগোলিক অবস্থান/বৈশিষ্ট্যাবলী		মোট প্রমশক্তি ৫.৪১ কোটি
	আয়তন (বর্গ কিলোমিটারে) প্রমণ সময়	১৪৭৫৭০ জিএমটি +৬ ঘণ্টা	পুরুষ ৩.৭৯ কোটি মহিলা ১.৬২ কোটি
২	জনমিত্তিক পরিসংখ্যান		মোট প্রমশক্তির শতকরা হার হিসাবে
	সাধারণ জনমিত্তিক পরিসংখ্যান		কৃষি ৪৭.৩০%
	জনসংখ্যা-২০১১ সালে (জমারী)	১৪.৯৭ কোটি	শিল্প ১৭.৬৪%
	জনসংখ্যা- জুলাই, ২০১৫ (প্রাক্কলিত)	১৫.৮৯ কোটি	সেবা ৩৫.০৬%
	জনসংখ্যা বৃদ্ধির হার, ২০১২	১.৩৬%	৭
	পুরুষ-মহিলা (১০০ জন)-এর অনুপাত, ২০১২	১০৪.৯ জন	খানা, আয় ও ব্যয় জরিপ-২০১০ অনুযায়ী CBN* পদ্ধতিতে দারিদ্র্যের হার দারিদ্র্যের উর্ধ্বসীমা (%)
	জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিলোমিটার), ২০১২	১০৩৫ জন	জাতীয় ৩১.৫০
	মৌলিক জনমিত্তিক পরিসংখ্যান		পল্লী ৩৫.২০
	স্থল জন্ম হার (প্রতি ১০০০ জনে), ২০১২	১৮.৯ জন	শহর ২১.৩০
	স্থল মৃত্যু হার (প্রতি ১০০০ জনে), ২০১২	৫.৩ জন	দারিদ্র্যের নিম্নসীমা (%)
শিশু মৃত্যু হার (প্রতি ১০০০ জীবিত জনে) (এক বছরের কম)	৩০ জন	জাতীয় ১৭.৬০	
মহিলা প্রতি উর্বরতা হার (১৫-৪৯ বছর), ২০১২	২.১২%	পল্লী ২১.১০	
গর্ভ নিরোধক ব্যবহারের হার, ২০১২	৬২.২০%	শহর ৭.৭০	
৩	প্রত্যাশিত গড় আয়ুষ্কাল (বছর), ২০১২		৮
	সাধারণ গড়	৬৯.৪ বছর	মোট দেশজ উৎপাদন (জিডিপি) ২০১৪-১৫ (ভিত্তি বছর ২০০৫-০৬) (সাময়িক হিসাব)
	পুরুষ	৬৮.২ বছর	চলতি মূল্যে জিডিপি (কোটি টাকায়) ১৫,১৩,৬০০
৪	প্রথম বিবাহে গড় বয়স, ২০১২		স্থির মূল্যে জিডিপি (কোটি টাকায়) ৮,২৪,৫৩২
	পুরুষ	২৫ বছর	স্থির মূল্যে জিডিপি প্রবৃদ্ধির হার (শতকরা) ৬.৫১
	মহিলা	১৯ বছর	চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয় (টাকায়) ১,০২,০২৬
			চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয় (মার্কিন ডলারে) ১,৩১৪
৫	স্বাস্থ্য ও সামাজিক সেবা		চলতি মূল্যে মাথাপিছু জিডিপি (মার্কিন ডলারে) ১,২৩৫
	সরকারি হাসপাতালের শয্যা প্রতি জনসংখ্যা, ২০১৩-১৪	১.৬৫২ জন	৯
	রেজিস্টার্ড ডাক্তার প্রতি জনসংখ্যা, ২০১৩-১৪	২.১৬৬ জন	সক্ষম ও বিনিয়োগ (জিডিপি'র %) ২০১৪-১৫ (ভিত্তি বছর ২০০৫-০৬) (সাময়িক হিসাব)
	সুপের পানি গ্রহণকারী, ২০১২	৯৮.৩০%	দেশজ সক্ষম ২২.৩০
	স্বাস্থ্যসম্মত পাঠ্যক্রম ব্যবহারকারী, ২০১২	৬৩.৮০%	জাতীয় সক্ষম ২৯.০১
	স্বাক্ষরতার হার (৭ বছর+), এইচআইইএস, ২০১০	৫৭.৯০%	
	পুরুষ	৬১.১০%	মোট বিনিয়োগ ২৮.৯৭
	মহিলা	৫৪.৮০%	- সরকারি ৬.৯০
			- বেসরকারি ২২.০৭

* CBN - Cost of Basic Needs

নির্দেশকসমূহ		১৪	বীমা (২০১৪)	মিলিয়ন টাকায়	
১০	সরকারি রাজস্ব আয়/ব্যয় ২০১৩-১৪ (মূল বাজেট জিটিক)	কোটি টাকায়	মোট প্রিমিয়াম আয় মোট লাইফ ফান্ড মোট সম্পদ	১,০২,৫৭২ ২,৭০,৩২০ ৩,৮৪,৮৯৩	
	মোট রাজস্ব	১,৮২,৯৫৪	১৫	এমআরএ আলিকাত্তুল মুদ্রা ঋণদানকারী প্রতিষ্ঠান (মার্চ-২০১৫)	৬৯৭
	মোট ব্যয়	২,৫০,৫০৬	১৬	পুঁজিবাজার	
	মোট রাজস্ব (জিডিপি'র %)	১২.০৯%		সার্বিক শেয়ার সূচ্যাসূচক (১৭ মে, ২০১৫)	
	মোট ব্যয় (জিডিপি'র %)	১৬.৫৫%		ডকা স্টক এক্সচেঞ্জ (সূচকের ভিত্তি ১০০)	
	বাজেট ঘাটতি (জিডিপি'র %) (বৈদেশিক অনুদান ব্যতীত)	৪.৪৬%		DSE X	৪,৩১৫
	বাজেট ঘাটতি (জিডিপি'র %) (বৈদেশিক অনুদানসহ)	৪.০৫%		DSE S	১,০৫১
			DSE 30	১,৬৩০	
			চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সূচকের ভিত্তি ১০০০)		
			CSE X	৮,১৬২	
			CASPI	১৩,৩৪৯	
			CSE 30	১০,৭৩৬	
			CSE 50	৯৭৩	
			CSI	৯৩০	
১১	মূল্যকীতি (%)		১৭	অর্থ সরবরাহ (মার্চ ২০১৫)	কোটি টাকায়
	২০১৩-১৪	৭.৩৫%		সংকীর্ণ অর্থ (M1)	১,৪৫,৫০৯.৭০
	২০১৪-১৫ (জুলাই ২০১৪- মার্চ ২০১৫)	৬.৪৬%		ব্যাপক অর্থ (M2)	৭,৫১,৩৮৬.৫০
১২	বাণিজ্যিক সেনসেনের ভারসাম্য (২০১৪-১৫)	মিলিয়ন মার্কিন ডলারে		ব্যাংক আমানতের স্থিতি (Bank Deposit)	৬,৬৯,২৬১.১০
	রফতানি আয় (জুলাই ২০১৪-মার্চ ২০১৫)	২২,৯০৫		ব্যাংক ঋণের স্থিতি (Bank Credit)	৫,৫২,৬৫০.৭০
	আমদানি ব্যয় (জুলাই ২০১৪- মার্চ-২০১৫)	৩৩,০৫৬		রিজার্ভ মানি'র স্থিতি (Reserve Money)	১,৩৮,৫৯৩.০০
	চলতি হিসাবের ভারসাম্য (জুলাই ২০১৪-মার্চ ২০১৫)	(-) ১,১৪৯			
	সার্বিক ভারসাম্য (জুলাই ২০১৪- মার্চ ২০১৫)	২,৮৮৭	১৮	কৃষি ঋণ ঋদান ও আদায় (সরকারি ও বেসরকারি ব্যাংকসমূহ)	কোটি টাকায়
	বৈদেশিক মুদ্রার মজুদ (Foreign Exchange Reserve) (৩ মে- ২০১৫)	২৪,১৪১		কৃষি ঋণ ঋদানের টার্গেট (জুলাই, ২০১৪- জুন, ২০১৫)	১৫,৫৫০.০০
	প্রবাসীদের প্রেরিত অর্থ (জুলাই ২০১৪-এপ্রিল- ২০১৫)	১২,৫৫২		কৃষি ঋণ ঋদান (জুলাই ২০১৪-মার্চ ২০১৫)	১১,১৬৬.১৯
	বৈদেশিক মুদ্রার গড় বিনিময় হার (১৪ মে ২০১৫)	৭৭.৮০ (টাকা/মার্কিন ডলার)		কৃষি ঋণ আদায় (জুলাই ২০১৪-মার্চ ২০১৫)	১১,৭৫৬.২৯
১৩	আর্থিক পরিসংখ্যান : ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান - মার্চ ২০১৫			কৃষি ঋণ আদায় হার (%) (জুলাই ২০১৪-মার্চ ২০১৫)	৫৮.৬১%
	মোট ব্যাংকের সংখ্যা	৫৬	১৯	পরিবহন (২০১৫)	কিলোমিটারে
	- দেশীয় ব্যাংক	৪৭		জাতীয় মহাসড়ক	৩,৫৪৪
	- বৈদেশিক ব্যাংক	৯		আঞ্চলিক মহাসড়ক	৪,২৭৮
	আর্থিক প্রতিষ্ঠান	৩৩		ফিডার/জেলা রোড	১৩,৬৫৯
	মোট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা	৮৯		মোট সড়ক পথ	২১,৪৫৪
				রেলপথ	২,৮৭৭

তথ্য উৎস : (১) বাংলাদেশ ব্যাংক (২) বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, অর্থবিভাগ (৩) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (৪) বিএসইসি
(৫) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

২০১৪-২০১৫ অর্থবছরের আর্থিক খাত সংক্রান্ত তথ্যাবলী

সামগ্রিক অর্থনৈতিক নির্দেশকসমূহ

- দেশজ উৎপাদন প্রবৃদ্ধি :** দেশের মুদ্রানীতি ও রাজস্বনীতির সমন্বয়ে অনুসৃত নীতিমালার ফলে বাংলাদেশ অর্থবছর ২০০৯ থেকে ২০১৪ পর্যন্ত গড়ে ৬.০ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করে। এ ধারাবাহিকতায় বাংলাদেশ ব্যাংক সামগ্রিক অর্থনীতির চলমান গতিধারায় অর্থবছর ১৪-এর জন্য মুদ্রানীতি প্রণয়ন করে। অভ্যন্তরীণ ও বৈশ্বিক পরিস্থিতির আলোকে সরকার কর্তৃক অর্থবছর ২০১৫ এর বাজেটে ৭.৩ শতাংশ দেশজ উৎপাদন প্রবৃদ্ধি প্রক্ষেপণ করা হয়েছে।
- মূল্যস্ফীতি :** সামগ্রিক মূল্যস্ফীতি (পয়েন্ট-টু-পয়েন্ট ভিত্তিতে) জুন ২০১৪-এর ৬.৯৭ শতাংশ হতে হ্রাস পেয়ে এপ্রিল ২০১৫-এ ৬.৩২ শতাংশে পৌঁছে (ভিত্তি বছর: ২০০৫-০৬)। মূল্যস্ফীতি হ্রাসের অনেকগুলো কারণের মধ্যে রয়েছে বিপত্ত বছরের বৈশ্বিক খাদ্য মূল্যস্ফীতির স্থিতিশীলতা ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত সংযত মুদ্রানীতি। এ সময় বার মাসের গড়ভিত্তিক মূল্যস্ফীতি হ্রাস পেয়ে ৬.৫৭ শতাংশে পৌঁছে। আর খাদ্য মূল্যস্ফীতি জুন ২০১৪-এর ৮.৫৭ শতাংশ থেকে হ্রাস পেয়ে এপ্রিল ২০১৫-এ ৭.০৪ শতাংশে পৌঁছে এবং খাদ্য বহির্ভূত মূল্যস্ফীতি জুন ২০১৪-এর ৫.৫৪ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৫.৮৪ শতাংশে দাঁড়িয়েছে।
- রেমিট্যান্স :** অর্থবছর ২০১৫ এর জুলাই-মার্চ সময়ে রেমিট্যান্সের পরিমাণ দাঁড়িয়েছে ১১২৫৮.৩১ মিলিয়ন মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে তুলনায় ৭.২৭ শতাংশ কম।
- আমদানি :** অর্থবছর ২০১৪-১৫ এর জুলাই-মার্চ সময়ে মোট আমদানির পরিমাণ ছিল ২৯৭৬০ মিলিয়ন মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে তুলনায় ১২.২১ শতাংশ বেশি।
- রপ্তানি :** অর্থবছর-২০১৫ এর জুলাই-মার্চ সময়ে মোট রপ্তানি আয়ের পরিমাণ দাঁড়িয়েছে ২২৫১২ মিলিয়ন মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে তুলনায় ২.৯৬ শতাংশ বেশি।
- মোট বৈদেশিক মুদ্রার মজুদ :** ১১ মে ২০১৫ তারিখে মোট বৈদেশিক মুদ্রার মজুদের পরিমাণ দাঁড়িয়েছে ২৩.২৮ বিলিয়ন মার্কিন ডলার।
- রাজস্ব আয় :** ২০১৪-১৫ অর্থবছরে সরকারের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ১৪৯৭.২ বিলিয়ন টাকা। জুলাই-ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত সরকারের মোট রাজস্ব (এনবিআর কব) আদায়ের পরিমাণ পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় শতকরা ১৩.৪২ ভাগ বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে মোট ৭৯৯.৭৯ বিলিয়ন টাকা যা লক্ষ্যমাত্রার ৫৩.৪২ শতাংশ।
- ব্যাংক ব্যবস্থা থেকে অর্ধায়ন :** ২০১৪-২০১৫ অর্থবছরে ব্যাংক ব্যবস্থা থেকে অর্ধায়নের লক্ষ্যমাত্রা ছিল ৩১২.২১ বিলিয়ন টাকা। ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত ব্যাংক ব্যবস্থা থেকে অর্ধায়নের তুলনায় নীট পরিশোধের পরিমাণ ৬০.৪৮ বিলিয়ন টাকা বেশি।
- ব্যাংক-বহির্ভূত অর্ধায়ন :** ২০১৪-২০১৫ অর্থবছরে ব্যাংক বহির্ভূত খাত থেকে অর্ধায়নের লক্ষ্যমাত্রা ছিল ১২০.৫৬ বিলিয়ন টাকা। কিন্তু, ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত ব্যাংক বহির্ভূত অর্ধায়নের পরিমাণ দাঁড়িয়েছে মাত্র ২১৩.৩৬ বিলিয়ন টাকা যা লক্ষ্যমাত্রার ১৭৬.৯৭ শতাংশ।
- মুদ্রা সরবরাহ (M_২) :** ফেব্রুয়ারি ২০১৫ শেষে বার্ষিক ভিত্তিতে মুদ্রা সরবরাহের প্রবৃদ্ধি দাঁড়ায় ১২.৮০ শতাংশ। পূর্ববর্তী বছরের একই সময়ে এ প্রবৃদ্ধির হার ছিল ১৫.৮৫ শতাংশ।
- জনগণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা (currency outside bank) :** ফেব্রুয়ারি ২০১৫ শেষে বার্ষিক ভিত্তিতে জনগণের হাতে থাকা মুদ্রার পরিমাণ ১৩.২০ শতাংশ বৃদ্ধি পায়, যা ফেব্রুয়ারি ২০১৪ পেয়ে ১১.২৪ শতাংশ বৃদ্ধি পেয়েছিল।
- তলবি ও মেয়াদি আমানত :** ফেব্রুয়ারি ২০১৫ শেষে বার্ষিক ভিত্তিতে তলবি আমানত ৬.০১ শতাংশ এবং মেয়াদি আমানত ১৩.৫০ শতাংশ বৃদ্ধি পায়।
- অভ্যন্তরীণ ঋণ :** ফেব্রুয়ারি ২০১৫ শেষে বার্ষিক ভিত্তিতে অভ্যন্তরীণ ঋণের প্রবৃদ্ধি দাঁড়ায় ১০.৬৪ শতাংশ।
- সরকারি ঋণে নীট ঋণ :** ফেব্রুয়ারি ২০১৫ শেষে বার্ষিক ভিত্তিতে সরকারি ঋণে নীট ঋণ ৪.৫৮ শতাংশ হ্রাস পায়।
- বেসরকারি ঋণে ঋণ :** ফেব্রুয়ারি ২০১৫ শেষে বার্ষিক ভিত্তিতে বেসরকারি ঋণে ঋণ ১৩.৬১ শতাংশ বৃদ্ধি পায়।

ব্যাংকিং খাতের নির্দেশকসমূহ

- মূলধন পর্যাপ্ততা :** বাংলাদেশে ব্যাংকিং খাতে মূলধন পর্যাপ্ততা সংক্রান্ত আন্তর্জাতিক রীতি অনুসরণে (ব্যাংকিং-২ নীতিমালা) ২০১৪ সালে ঋণিত্তিক সম্পদের ১০ শতাংশ হারে মূলধন সংরক্ষণের বাধ্যবাধকতা বাস্তবে ২০১৪ শেষে ব্যাংকগুলো-এর চেয়ে বেশি (১১.৩৫ শতাংশ) মূলধন সংরক্ষণে সক্ষম হয়েছে। উল্লেখ্য, ২০১৩ সালে মূলধন সংরক্ষণের হার ছিল ১১.৫২ শতাংশ।
- সম্পদের ওপর আয়হার (ROA) :** ব্যাংকিং খাতের উপার্জন এবং মুনাফা পরিমাপের পদ্ধতিগুলোর মধ্যে অন্যতম বহুল ব্যবহৃত সূচক (ROA) ২০১৩ সালের শতকরা ০.৮৮ ভাগ হতে হ্রাস পেয়ে ২০১৪ সালে দাঁড়িয়েছে শতকরা ০.৬৪ ভাগ।
- ইকুইটি ওপর আয়হার (ROE) :** ইকুইটির ওপর আয়হার অনুরূপভাবে ২০১৩ সালের শতকরা ১০.৮০ ভাগ থেকে হ্রাস পেয়ে ২০১৪ সালে দাঁড়িয়েছে শতকরা ৮.০৯ ভাগ।
- টাকা-মার্কিন ডলার বিনিময় হার :** চলতি অর্থবছরে আন্তঃব্যাংক বৈদেশিক মুদ্রাবাজারে ডলারের বিপরীতে টাকার গড় ভারিত বিনিময় হার দাঁড়িয়েছে ৭৭.৮০ টাকা।

খাতভিত্তিক ঋণ বিতরণ

- শিল্প ঋণ :** অর্থবছর ২০১৪-১৫ এর ডিসেম্বর মাস পর্যন্ত শিল্প ঋণ বিতরণের পরিমাণ ছিল ১০৮৬.৭১ বিলিয়ন টাকা এবং আদায়ের পরিমাণ ছিল ৮১৭.৩৭ বিলিয়ন টাকা।

- **কৃষি ঋণ :** চলতি অর্থ বছরের (২০১৩-১৪) কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৪৫.৯৫ বিলিয়ন টাকা এবং প্রথম নয় মাসে ব্যাংকগুলো ১১৪.৪৫ বিলিয়ন টাকা কৃষি ঋণ বিতরণ করেছে, যা মোট লক্ষ্যমাত্রার ৭৮.৪২ শতাংশ।
- **আমদানি বিকল্প ফসল খাতে ঋণ :** অর্থ বছর ২০১৩-১৪ এর জন্য আমদানি বিকল্প ফসল খাতে ঋণ বিতরণের সংশোধিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৯১.১৯ কোটি টাকা। সর্বশেষ তথ্য মোতাবেক ১৭ এপ্রিল ২০১৪ পর্যন্ত আমদানি বিকল্প ফসল খাতে ৪ শতাংশ রেয়াতী সুদ হারে ব্যাংকগুলো মোট ৬৭.৫৩ বিলিয়ন টাকা বিতরণ করেছে, যা লক্ষ্যমাত্রার ৭৪.০৫ শতাংশ।
- **বর্গাচাষী ঋণ :** বর্গাচাষীদের কৃষি ঋণ প্রাপ্তি নিশ্চিতকরণের জন্য ৫.০০ বিলিয়ন টাকার একটি পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় মার্চ ২০১৪ পর্যন্ত দেশের ৪৮টি জেলায় ২৫০টি উপজেলায় প্রায় ৮০১৫৮৭ জন বর্গাচাষীকে প্রায় ১১.৮৮ বিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া রপ্তি মালিকানাধীন ব্যাংকগুলোও বর্গাচাষীদের আলাদাভাবে কৃষি ঋণ বিতরণ করেছে।
- **এসএমই ঋণ :** ২০১৪-১৫ অর্থবছরের ডিসেম্বর পর্যন্ত এসএমই ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল ৯৬৮.০৮ বিলিয়ন টাকা। ডিসেম্বর শেষে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো ২৮০০৩১ জন এসএমই উদ্যোক্তাদের অনুকূলে মোট ৫৩৭.৪৯ বিলিয়ন টাকা এসএমই ঋণ বিতরণ করা হয়েছে, যা মোট লক্ষ্যমাত্রার ৫৫.৫২ শতাংশ। উল্লেখ্য, ২০১৪ অর্থবছরে মোট ৯০৬.৩৫ বিলিয়ন টাকা এসএমই ঋণ বিতরণ করা হয়েছিল।
- **নারী উদ্যোক্তা ঋণ :** ২০১৪-১৫ অর্থবছরের ডিসেম্বর পর্যন্ত ২৭৮৮১জন নারী উদ্যোক্তাকে প্রায় ২১.৪৬ বিলিয়ন টাকা এসএমই ঋণ বিতরণ করা হয়েছে। উল্লেখ্য, ২০১৪ অর্থবছরে নারী উদ্যোক্তাদেরকে মোট ৩৬.৫১ বিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছিল।
- **সৌরশক্তি, বায়োগ্যাস, বর্জ্য পরিশোধন প্রান্ট ও দূষণ ত্রাসকারী ইটভাটা** খাতে ঋণ : সৌরশক্তি, বায়োগ্যাস, বর্জ্য পরিশোধন প্রান্ট ও দূষণ ত্রাসকারী ইটভাটা খাতে ঋণ প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক ২.০০ বিলিয়ন টাকার একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করেছে। আর এই লক্ষ্যে ৩৪টি ব্যাংক ও ১৩টি আর্থিক প্রতিষ্ঠানের সাথে Participation Agreement করা হয়েছে। এ তহবিল হতে মার্চ ৩০, ২০১৪ পর্যন্ত ২০টি ব্যাংকের মাধ্যমে প্রায় ১৩৯.২৫ কোটি টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে।

অন্যান্য

- **দশ টাকার কৃষক হিসাব :** ডিসেম্বর ২০১৪ তারিখ পর্যন্ত ব্যাংকগুলোতে প্রায় ৯৭২৬৬৪৫ জন কৃষকের হিসাব খোলা হয়েছে। এসব হিসাবে কৃষকের জন্য সরকারের দেয়া ভর্তুকির অর্থ জমা হওয়ার পাশাপাশি কৃষকদের ঋণ বিতরণ, সঞ্চয় ও রেমিট্যান্স সুবিধা দেয়ার সুযোগ আছে।
- **কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা :** সরকারের দায়িত্ব নিরসন এবং কর্মসূত্রে সহায়ক কর্মসূত্রে পাশাপাশি একটি মানবিক ব্যাংক ব্যবস্থা গড়ে তুলতে ব্যাংকগুলো শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, খেলাধুলা, দুর্যোগ ব্যবস্থাপনা, নবায়নযোগ্য জ্বালানি, অবহেলিত ও অনগ্রসর এলাকার জনগণ, নারী উন্নয়ন, প্রতিবন্ধী শিশুদের উন্নয়ন, বিধবা নারীদের ভাতা প্রদান, মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের পরিবারের কল্যাণ ইত্যাদি খাতে সিএসআর কার্যক্রম চালিয়ে যাচ্ছে।
- **মুদ্রানীতি প্রণয়ন ও বাস্তবায়ন :** চলমান বিশ্ব ও জাতীয় অর্থনীতির প্রেক্ষাপটে বাংলাদেশ ব্যাংক মূল স্থিতিশীলতা রক্ষা, অন্তর্ভুক্তিমূলক বা সাম্য-সহায়ক প্রবৃদ্ধি অর্জন ও সামগ্রিকভাবে আর্থিক স্থিতিশীলতা রক্ষায় অধিকতর বাস্তবধর্মী মুদ্রানীতি প্রণয়নের লক্ষ্যে অংশীদারিত্বমূলক প্রক্রিয়ায় মাসুলিক ভিত্তিতে 'মনিটরিং পিসি স্টেটমেন্ট' তৈরী করে। বৈশ্বিক ও অভ্যন্তরীণ সাময়িক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনাপূর্বক ২০১৪-১৫ অর্থবছরের দ্বিতীয়ার্ধের জন্য ঘোষিত সতর্ক, বিনিয়োগ ও প্রবৃদ্ধিবান্ধব মুদ্রানীতিতে মূল্যস্ফীতি পরিমিত মাত্রায় রেখে উৎপাদনশীল খাতে পর্যাপ্ত বিনিয়োগের মাধ্যমে কাঙ্ক্ষিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের পাশাপাশি ম্যাক্রো-ইকোনমিক স্থিতিশীলতা রক্ষা এবং অন্তর্ভুক্তিমূলক আর্থিক সেবা প্রদানের বিষয়গুলো গুরুত্ব পেয়েছে।
- **স্ক্রুদ ঋণ:** মাইক্রোক্রেডিট রেগুলেটরি (এমআরএ) কর্তৃক ২০১৪ সালের জুন পর্যন্ত ৬৯৭টি স্ক্রুদ ঋণ প্রদানকারী (এমএফআই)/প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান করা হয়েছে। এমএফআই সমূহের জুন ২০১৪ শেষে ঋণ স্থিতি ছিল প্রায় ২৮২.২০ বিলিয়ন টাকা এবং সঞ্চয় স্থিতির পরিমাণ ১০৬.০০ বিলিয়ন টাকা।

দেশের কতিপয় আর্থিক সূচকের গতিধারা

মুদ্রা সরবরাহের গতিধারা

(বিলিয়ন টাকায়)

মাস শেষে	সংকীর্ণ মুদ্রা	ব্যাপক মুদ্রা
জুলাই ২০১৪	১৫১১.৪৩	৭১৪৭.৮৫
আগস্ট ২০১৪	১৪০৫.৫৮	৭১৩০.৮৬
সেপ্টেম্বর ২০১৪	১৪৯৭.৬৪	৭২৫০.০৩
অক্টোবর ২০১৪	১৪২২.৫৬	৭২০৯.৬৫
নভেম্বর ২০১৪	১৪২৪.২৯	৭২৫০.৬৫
ডিসেম্বর ২০১৪	১৪৮০.৩৩	৭৪১২.৪৮
জানুয়ারি ২০১৫	১৪৪৬.২০	৭৩৮৫.২৭
ফেব্রুয়ারি ২০১৫	১৪৪৫.১০	৭৪৭০.৪৭


চার্ট-১: মুদ্রা সরবরাহের গতিধারা



অভ্যন্তরীণ ঋণের গতিধারা

মাস শেষে	বিলিয়ন টাকা
জুলাই ২০১৪	৬৪৫৭.৮৯
আগস্ট ২০১৪	৬৪৭২.২৫
সেপ্টেম্বর ২০১৪	৬৫৮২.১৯
অক্টোবর ২০১৪	৬৫৭৩.৩৯
নভেম্বর ২০১৪	৬৬২০.৩৯
ডিসেম্বর ২০১৪	৬৭৩৭.৩৫
জানুয়ারি ২০১৫	৬৭০৯.৯১
ফেব্রুয়ারি ২০১৫	৬৭৩৫.৭৬

চার্ট-২: অভ্যন্তরীণ ঋণের গতিধারা




ব্যাংক ঋণ ও আমানতের গতিধারা

(বিলিয়ন টাকায়)


মাস শেষে	ব্যাংক ঋণ	ব্যাংক আমানত
জুলাই ২০১৪	৫০৫৬.২৩	৬৬৩০.৩৯
আগস্ট ২০১৪	৫১১৬.৭৯	৬৭১৭.১৯
সেপ্টেম্বর ২০১৪	৫২০৭.০৯	৬৭৬০.০৮
অক্টোবর ২০১৪	৫২৩৭.৪৮	৬৭৭৭.৮৮
নভেম্বর ২০১৪	৫৩০৬.৬৭	৬৮৮৩.৯২
ডিসেম্বর ২০১৪	৫৪৫১.৫০	৭০৪৫.৬৩
জানুয়ারি ২০১৫	৫৪২৭.২৬	৬৯৯৭.২৪
ফেব্রুয়ারি ২০১৫	৫৪৫৬.২৪	৭০৮২.৮৫

চার্ট-৩: ব্যাংক ঋণ ও আমানতের গতিধারা



দেশের কতিপয় আর্থিক সূচকের গতিধারা

মূল্যসূচীতি (১২-মাসের গড় ভিত্তিক) (ভিত্তি বছরঃ ২০০৫-০৬=১০০)		
মাস শেষে	অর্থবছর ২০১৪-১৫	অর্থবছর ২০১৩-১৪
জুলাই	৭.২৮	৬.৯৯
আগস্ট	৭.২৪	৭.১৯
সেপ্টেম্বর	৭.২২	৭.৩৭
অক্টোবর	৭.১৮	৭.৪৭
নভেম্বর	৭.১০	৭.৫১
ডিসেম্বর	৬.৯৯	৭.৫৩
জানুয়ারি	৬.৮৭	৭.৬
ফেব্রুয়ারি	৬.৭৬	৭.৫৭
মার্চ	৬.৬৬	৭.৫৪



মাসিক রপ্তানি আয় পরিস্থিতি (বিলিয়ন মার্কিন ডলার)		
মাস শেষে	অর্থবছর ২০১৪-১৫	অর্থবছর ২০১৩-১৪
জুলাই	২.৯৮	৩.০২
আগস্ট	২.১৬	২.০১
সেপ্টেম্বর	২.৫৫	২.৫৯
অক্টোবর	১.৯৬	২.১২
নভেম্বর	২.৪২	২.২১
ডিসেম্বর	২.৮৪	২.৭৩
জানুয়ারি	২.৮৯	২.৭৫
ফেব্রুয়ারি	২.৫১	২.৩৯
মার্চ	২.৫৯	২.৪১



মাসিক আমদানি ব্যয় পরিস্থিতি (বিলিয়ন মার্কিন ডলার)		
মাস শেষে	অর্থবছর ২০১৪-১৫	অর্থবছর ২০১৩-১৪
জুলাই	২.৯৮	৩.৪৫
আগস্ট	২.১৬	২.৮৬
সেপ্টেম্বর	২.৫৫	৩.৪৫
অক্টোবর	১.৯৬	৩.০৯
নভেম্বর	২.৪২	৩.২৭
ডিসেম্বর	২.৮৪	৩.৩৪
জানুয়ারি	২.৮৬	৩.৬৪
ফেব্রুয়ারি	২.৫১	৩.৪৮



দেশের কতিপয় আর্থিক সূচকের গতিধারা

মাস শেষে	অর্থবছর ২০১৪-১৫	অর্থবছর ২০১৩-১৪
জুলাই	১.৪৯	১.২৪
আগস্ট	১.১৭	১.০১
সেপ্টেম্বর	১.৩৪	১.০৩
অক্টোবর	১.০২	১.২৩
নভেম্বর	১.১৮	১.০৬
ডিসেম্বর	১.২৮	১.২১
জানুয়ারি	১.২৪	১.২৬
ফেব্রুয়ারি	১.১৯	১.১৮



মাস শেষে	বিলিয়ন মার্কিন ডলার
জুলাই ২০১৪	২১.৩৮
আগস্ট ২০১৪	২২.০৭
সেপ্টেম্বর ২০১৪	২১.৮৪
অক্টোবর ২০১৪	২২.৩১
নভেম্বর ২০১৪	২১.৫৯
ডিসেম্বর ২০১৪	২২.৩১
জানুয়ারি ২০১৫	২২.০৪
ফেব্রুয়ারি ২০১৫	২৩.০৩
মার্চ ২০১৪	২৩.০৫



মাস শেষে	অর্থবছর ২০১৪-১৫	অর্থবছর ২০১৩-১৪
জুলাই	৭৭.৫২	৭৭.৭৫
আগস্ট	৭৭.৪০	৭৭.৭৫
সেপ্টেম্বর	৭৭.৪০	৭৭.৭৫
অক্টোবর	৭৭.৪০	৭৭.৭৫
নভেম্বর	৭৭.৭০	৭৭.৭৫
ডিসেম্বর	৭৭.৯৫	৭৭.৭৫
জানুয়ারি	৭৭.৮০	৭৭.৭৫
ফেব্রুয়ারি	৭৭.৮০	৭৭.৭৫
মার্চ	৭৭.৮০	৭৭.৬৭



Abbreviations

ADB	Asian Development Bank
ADR	Advance Deposit Ratio
ATM	Automated Teller Machine
BACH	Bangladesh Automated Clearing House
BEFTN	Bangladesh Electronic Fund Transfer Network
BFID	Bank and Financial Institutions Division
BICM	Bangladesh Institute of Capital Market
BMDF	Bangladesh Municipal Development Fund
BNF	Bangladesh NGO Foundation
BSEC	Bangladesh Securities and Exchange Commission
CAR	Capital Adequacy Ratio
CCTV	Closed-Circuit Television Camera
CIB	Credit Information Bureau
CRG	Credit Risk Grading
CRMD	Credit Risk Management Department
DRS	Disaster Recovery Site
DSEX	Dhaka Stock Exchange Index
ECA	External Credit Rating Agency
EDW	Enterprise Data Warehouse
FATF	Financial Action Task Force
FCB	Foreign Commercial Bank
GO-AML	GO-Anti Money Laundering
ICRG	International Cooperation Review Group
IDRA	Insurance Development & Regulatory Authority
KPI	Key Performance Indicator
MOF	Ministry of Finance
MRA	Microcredit Regulatory Authority
NBFI	Non-Bank Financial Institution
NPL	Non-Performing Loan
NPSB	National Payment Switch Board
PCB	Private Commercial Bank
PKSF	Palli Karma Sahayak Foundation
PL	Performing Loan
POS	Point of Sale
PPTA	Project Preparatory Technical
ROA	Return on Asset
SCB	Specialized Commercial Bank
SDF	Social Development Foundation
SME	Small and Medium Enterprise
SOCB	State Owned Commercial Bank
SOE	State Owned Enterprise
SWIFT	Society for Worldwide Interbank Financial Telecommunication
TPP	Technical Project Proforma
UNODC	United Nations Office on Drugs and Crime



ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম
২০১৪ - ২০১৫